
সভ্যতার

ইতিহাস







ডক্টর অতুল চন্দ্র রায়

4470/89
29.

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ কর্তৃক সপ্তম শ্রেণীর জন্য অনুমোদিত
(প্রঃ. টি. বি. নং VII/H/81/5 তাং 8. 1. 81 দ্রষ্টব্য)

সভ্যতার ইতিহাস

(দ্বিতীয় ভাগ)

[মধ্য যুগ]

[সপ্তম শ্রেণীর পাঠ্য]

অতুল চন্দ্র রায়, এম. এ., পি-এইচ ডি. (লণ্ডন)
স্যার আশুতোষ গোল্ড মেডালিস্ট
অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়

• ষষ্ঠ সংস্করণ : নভেম্বর, ১৯৮৪ •

প্রান্তিক | ৭৩, মহাত্মা গান্ধী রোড কলিকাতা-৯

প্রথম প্রকাশ ঃ এপ্রিল ১৯৮০
পরিমার্জিত দ্বিতীয় সংস্করণ ঃ
জানুয়ারী ১৯৮১

★

প্রকাশনায় ঃ
প্রান্তিক
৭৩ মহাত্মা গান্ধী রোড
কলকাতা-৭০০০০৯

★

দাম ঃ নয় টাকা মাত্র



ভূমিকা


পশ্চিমবংগ মধ্যশিক্ষা-পর্ষদ্ কর্তৃক রচিত সপ্তম শ্রেণীর পাঠ্যসূচী অনুযায়ী বর্তমান পাঠ্যপুস্তকখানি সভ্যতার ইতিহাস (দ্বিতীয় ভাগ), মধ্য যুগ—রচিত হইয়াছে। পাঠ্যসূচীতে উল্লিখিত প্রতিটি বিষয়বস্তু সতর্কতার সহিত আলোচনা করা হইয়াছে। প্রতিটি অধ্যায় ও পরিচ্ছেদের পৃষ্ঠার নির্দেশ যথাসম্ভব পালন করা হইয়াছে।

আশা করি, পাঠ্যপুস্তকখানি ছাত্র-ছাত্রীদের উপকারে আসিবে। ইতি—

কলিকাতা বিশ্ববিদ্যালয়

১৭ এপ্রিল, ১৯৮০

অতুল চন্দ্র রায়



বিখ্যাত সেন্টসোফিয়া গির্জা—বাইজেন্টাইন স্থাপত্যের উজ্জ্বল নিদর্শন।

পাঠ্যসূচী

HISTORY OF MEDIEVAL CIVILISATIONS :

Pages : *Lessons* :

1. Meaning of the term "Medieval" 3 3

(a) From overthrow of the last Roman Emperor in 476 A.D. to the rise of new society, new State, new learning, new economic patterns.

(b) In India—from the end of the Gupta Era (although 'Feudal' relations had started from the 5th century).

(c) The time period in both casses—roughly 5th century to 15th century A.D.

(d) Periodisation is arbitrary because of gradual transition, in some respect the old merging into the middle ages.

(e) Middle ages—not the same period everywhere.

(f) No single pattern. Unequal developments.

2. The Middle ages in the West : 5 3


(a) Advent, pressure of the Huns upon Germanic Tribes—their migration into the Western part of the Roman Empire—fall of the Empire (476 A.D.) Survival of Roman Law and Roman Idea of imperial unity.

(b) A short reference to Alaric, Atilla, Genseric.

(c) Social, political and religious life of the migrants, (a brief account only of) their settlements in the imperial territories—mix-up with Roman population. Christian influence upon the settlers.

3. The myth of "dark age" in Europe : 3 3

4th to 7th Century—not 'dark' ; learning was kept alive in monasteries—ecclesiastical concept of right and wrong functioned as a civilising influence :



Pages : *Lessons* :

4. **The Byzantine Civilisation :** 7 5

(a) Constantine founds Constantinople and makes Christianity the official religion of Byzantium.

(b) Justinian's efforts to establish unified empire (without details about wars). Justinian's Law Code, its importance; patronage of architecture and painting.

(c) Importance of Byzantium as a centre of trade and commerce, preserver of Culture (Literature, Philosophy, Science).

5. **Islam and its impact :** 7 5

(a) The Arabs—land and people, The prophet and his teachings ; Factors which facilitated the spread of Islam ; The Caliphs, the Arab Empire ; Cordova ; How Europe reacted to the achievements of Islam ; Arab contributions to culture, arts and sciences, scholarship. Some scholars.

6. **Western Europe in Medieval Period (800-1200 A. D. approx.) :** 10 8

(a) Charlemagne—revival of the Holy Roman Empire (800 A.D.). Importance of coronation—relation between state and Church,—Court and its patronage of art and literature.

(b) Monasteries—monks and nuns—life centring round monasteries (Benedictive vows) the role of monasteries in the preservation and dissemination of learning—Cluny (Freeing the Church from corruption, secularisation and feudalisation).

(c) Investiture issue (Reference only).

(d) 11th and 12th centuries : from monastic and cathedral schools—Universities – some famous scholars, students and teacher relationship. The growth of studies in Law, Medicine, Theology, as well as logic, liberal arts, literature.



Pages : Lessons :

7. **Feudalism in Medieval Europe :** 16 10

(a) Feudalism : Land—the bond between man and man ; The Feudal hierarchy ; private assumption of public authority, the role of the Feudal Castle and manned horesemen in saving Europe ; Feudalism—a way of life ; Institution of Chivalry—Troubadours.

(b) Manorial System : Manorialism—economic aspects of Feudalism ; Manor—the local unit of Feudal Govt, Manorial Court. Economic conditions : Cultivation by labour of village community ; peasants' heavy toil and heavy rent—conditions of peasants' life. Heavy dues to Lord and church in cash or kind. Manorial life in Castles--Three distinct classes—clergy, nobility and the rest—nobility and peasants at opposite poles. Serf—a chattel of the Lord—obligatory service, hereditary serfdom ; Means of escape—joining a holy order, running away to town for shelter, getting employed in business and industry, Revolt.

8. **The Crusades : (1st, 3rd, 4th)** 6 3

Motives—Impact upon society and culture—new towns and trade-centres (Italy in particular), cottage industries separated from agriculture (11th & 12th centuries).

9. Growth of Towns—Role of the Crusades—Guilds in towns—their activities—a short account of life in towns. Town autonomy by royal charter ; origin of the term "Bourgecis".

10. **The Far East in the Middle Ages :** 10 8

(i) China in Medieval Period (from early 7th century to 14th Century).

(a) The T'ang period (618—907 A.D.) Re-unification of China and recasting the laws : Education, learning, literature (poetry) : Tea, printing, arts.

Promotion of trade, commerce and agriculture,



Pages : *Lessons* :

Buddhism in China. Chinese civilisation spread to Japan, Korea, Annam. China—a model for emulation. Hiuen Tsang's visit to India and his return—impact

(b) The Sung period (960-1280)—Important experiments—State control of Commerce, State loan to farmers, property Tax,—Education and Culture.

(c) The Yuan period (1280-1368) : The Mongols : Kublai Khan (Tibetan Buddhism), and the account of Marcopolo.

(ii) Japan in Medieval period : **6** **5**

(a) Society and Feudal economy in early medieval times. Supremacy of Mikado : Close links with China. Resistance of "Great Families".

Mikado combined the office of Shinto High priest and absolute sovereign. Yet the growing power of hereditary clan-families and enrichment of Buddhist Orders weakened the central authority. The Shogunate. The Samurai, Japanese Chivalry (Bushido).

11. India in the Middle Ages : **16** **12**

(a) After the Guptas (5th—7th century). Hun incursions from 458 (occupation of Persia, Kabul, North Western India) :

(historical importance of the Huns.)

Break up of the Gupta Empire ; Age of Harshavardhan Shrinking of the ideal of imperial unity to only Uttarapathanath ; Hiuen Tsang's travels—his account ; Nalanda—main features of the University.

(b) **Post-Harshavardhan period (8th to 12th century)**

After Harshavardhan—rise of smaller States The 'Rajputs' : The Feudal Clannish principalities of Rajputana ; Pala, Pratihara, Rastrakuta contest (reference only)—Inability to establish a united empire ; smaller kingdoms and vassals.

(c) Bengal : Sasanka, Life and Society under the Palas and Senas—Religion and learning (Vikramsila and Uddandapur).



Pages : *Lessons* :

(d) South India—The Chalukyas of Badami and Pallavas of Kanchi,—their contributions to Art and Architecture—Maritime
activities of the Cholas.

12. India's foreign contacts : By land-Mahayana Buddhism 7 4
in Central Asia, thence to China (Khotan ruins, Hiuen Tsang's evidence) ;
Tibet,—(Atisa Dipankar).
by Sea-Settlements and cultural influence in South East Asia—Subarnabhumi-Yashodharpur and Angkorvat, Angkorthom—Malay, Java,—Barobudur.

13. The Sultans of Delhi (1206 to 1526 A. D.) 6 3
Coming of Turko—Afghans to India (only a brief reference to the motive and manner of their coming) ;

Main features of political, Social and economic life ; Mutual influence of Hinduism and Islam ; liberal developments in Arts and Culture, translation of classics, Bhakti Cult (the medieval Saints)—Sri Chaitanya, Nanak and Kabir. Bengal—Social, cultural and economic conditions in Ilias Shah and Hussain Shah's periods.

Short account of the general administrative system.

14. Towards the end of the Medieval era (14th & 15th centuries)

Fall of Constantinople : its impact on the Renaissance which had already started in the West.

* Features of the Renaissance era—Spirit of enquiry and reasoning, widening of frontiers of knowledge, scientific discoveries based on "obsecured facts", geographical discoveries—its outcome.

* National States—France, England, Portugal, Spain, Struggle for National Freedom (Dutch).

* Expansion of Europe.

* Old Order Vs. New Order—The English revolt

Topics with asterisks should only be used as reference,



as a conclusion to the old era and introduction of a new era.

While dealing with events and developments in one region, the text book writer and the teacher should refer to contemporary and particularly similar events in other regions. A comprehensive outlook should be aimed at.

The presentation should be simple, lucid in language (preferably colloquial) and attractive in style.

The story "form" should be incorporated as much as possible. Books should be well illustrated and provided with detailed exercises.

A book should be limited to 110 pages of content matter and 34 pages of illustrations and exercises : Total 144 pages. The volume should be covered in less than 80 lesson units.

Type—Pica type & Size—Double Demy (1/16)

The following maps and illustrations are to be included in the Text book for Class VII :—

MAPS—1. Routes of Germanic migrations and areas of settlement.
2. Division of the Roman Empire—highlighting Rome and Constantinople.
3. Charlemagne's Empire
4. Hiuen Tsang's Route to India and back
5. Kublai Khan's Empire and Marcopolo's Route.
6. Empire of the Delhi Sultans.
7. India's foreign settlements.
8. Spread of Islam to North Africa, Spain etc.
9. Medieval towns.

Other illustrations :

Harshavardhan, Nalanda, Justinian, Charlemagne, A monk, A Knight, A monestery, A Castle, South Indian temples, Barobuder, Alauddin, Md. Tughluq, Kabir, Nanak, Chaitanya, Diagram of a manor house, Hiuen Tsang, Kublai Khan etc.



সূচীপত্র



৪৭৬—১৪৫৩ খ্রীষ্টাব্দ—মধ্যযুগ

৩১৩ খ্রীষ্টাব্দ—কনস্টাণ্টাইনের সিংহাসনারোহণ

৪৭৬ খ্রীষ্টাব্দ—রোম সাম্রাজ্যের পতন

৫২৭—৬৫ খ্রীষ্টাব্দ—জাস্টিনিয়ানের রাজত্বকাল

৫৭০—৬৩২ খ্রীষ্টাব্দ—হজরত মহম্মদের জীবনকাল

৭৫০ খ্রীষ্টাব্দ—আব্বাসীয়গণ কর্তৃক খিলাফৎ দখল

৭৬৮—৮১৪ খ্রীষ্টাব্দ—শার্লামেনের রাজত্বকাল

৯১০ খ্রীষ্টাব্দ—ব্রাগান্ডি নগরে ক্লুনি মঠের প্রতিষ্ঠা

১১২২ খ্রীষ্টাব্দ—চতুর্থ হেনরী ও পোপ তৃতীয় ক্লিমেণ্টের মধ্যে ওয়ার্মস-এর শান্তিচুক্তি

১৩৮১ খ্রীষ্টাব্দ—ইংল্যাণ্ডে কৃষক বিদ্রোহ

১০৯৫—১০৯৯ খ্রীষ্টাব্দ—প্রথম ধর্মযুদ্ধ

১১৮৯–৯২ খ্রীষ্টাব্দ—তৃতীয় ধর্মযুদ্ধ

১২০২—৪ খ্রীষ্টাব্দ—চতুর্থ ধর্মযুদ্ধ

১৪৫৩ খ্রীষ্টাব্দ—তুর্কীদের কাছে কনস্টান্টিনোপলের পতন

৬১৮—৯০৭ খ্রীষ্টাব্দ—চীনের তাং যুগ

৬৩০—৪৪ খ্রীষ্টাব্দ—ভারতে হিউয়েন সাং-এর পরিভ্রমণ

১২৮০—১৩৬৮ খ্রীষ্টাব্দ—চীনের ইউয়ান যুগ

১২২৭ খ্রীষ্টাব্দ—চিঙ্গিজ খাঁর মৃত্যু

১২৬১ খ্রীষ্টাব্দ—কুবলাই খাঁর সিংহাসনারোহণ

৬০৬—৪৭ খ্রীষ্টাব্দ—হর্ষবর্ধনের রাজত্বকাল

৭৭০—৮০০ খ্রীষ্টাব্দ—ধর্মপালের রাজত্বকাল

১২০৬—১৫২৬ খ্রীষ্টাব্দ—দিল্লীর সুলতানি রাজত্বকাল

১১৯২ খ্রীষ্টাব্দ—তরাইনের যুদ্ধ

১৪৯২ খ্রীষ্টাব্দ—কলম্বাসের আমেরিকা আবিষ্কার

১৩৩৭—১৪৫৩ খ্রীষ্টাব্দ—ইংল্যাণ্ড ও ফ্রান্সের মধ্যে শতবর্ষ ব্যাপী যুদ্ধ



রোমসাম্রাজ্যের পতন—শক্তিশালী রোম সাম্রাজ্যের যে কোন দিন পত
হতে পারে এ ছিল ধারণার অতীত। তাও তার পতন হ'ল। আনুমানি
৪১০ খৃষ্টাব্দে ভিসিগথদের সঙ্গে যুদ্ধে রোমানরা দারুন ভা
পরাজিত হয়। রোম সাম্রাজ্য ক্রমশঃ ধ্বংশের পথে এগিয়ে যেতে থাকল।


রাজা
ডিউক
ব্যারণ
নাইট
কৃষক
সামন্ততান্ত্রিক সমাজের স্তরবিন্যাস

১ মধ্যযুগের সূচনা

পৃথিবীর মানব সভ্যতার গতি ও প্রকৃতি সম্বন্ধে জানবার জন্যই ইতিহাস পাঠের প্রয়োজন। সেই সভ্যতার বিবর্তনকে ধারা অনুযায়ী জানবার জন্য ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়েছে—যেমন প্রাচীন যুগ, মধ্যযুগ ও আধুনিক যুগ।

আমরা এই গ্রন্থে ৪৭৬ খ্রীষ্টাব্দ থেকে পঞ্চদশ শতকের মধ্যবর্তীকালে ইওরোপ ও এশিয়ায় সভ্যতা ও সংস্কৃতির কি রকম বিকাশ হয়েছিল তার আলোচনা করব।

মধ্যযুগের কাল নির্ণয়

অনেকে ৪৭৬ খ্রীষ্টাব্দে পশ্চিম রোম সাম্রাজ্যের পতনের সময়কে প্রাচীন যুগের সমাপ্তিকাল বলে মনে করেন। এই সময় থেকে প্রায় হাজার বছর পরে তুর্কীদের কাছে পূর্ব রোম সাম্রাজ্যের পতনের সময় (১৪৫৩ খ্রীঃ) পর্যন্ত এই সময়কে সাধারণভাবে মধ্যযুগ বলা হয়। ১৪৫৩ খ্রীষ্টাব্দের পর থেকে ইওরোপে সাংস্কৃতিক জাগরণ ও প্রগতিমূলক এক নূতন যুগের সূচনা হয় —যা আধুনিক যুগ বলে পরিচিত। সুতরাং প্রাচীন ও আধুনিক যুগের মধ্যবর্তী সময়কে বলা হয় মধ্যযুগ। অবশ্য একথাও মনে রাখতে হবে যে পৃথিবীর সব জায়গায় ঠিক একই সময়ে মধ্যযুগের সূচনা হয়নি— কোথাও আগে, কোথাও বা পরে হয়েছে। যেমন ভারতে দ্বাদশ শতকে ইসলামধর্মী তুর্কীদের আসার সময় থেকে প্রাচীন যুগের শেষ ও মধ্যযুগের শুরু বলে ধরা হয়। কারণ সে সময় থেকে ভারতে রাজনৈতিক, সামাজিক ও সংস্কৃতির ক্ষেত্রে এক বিরাট পরিবর্তন আসে। চীনদেশে তাং রাজবংশের প্রতিষ্ঠা হলে সেখানে প্রাচীন যুগের শেষ ও মধ্যযুগের শুরু হয়।

ইওরোপে আধুনিক যুগের শুরু হয় ১৪৫৩ খ্রীষ্টাব্দের পর থেকে, কিন্তু ভারতে ১৭৫৭ খ্রীষ্টাব্দের পর থেকে আধুনিক যুগের শুরু বলে মনে করা হয়।



৪৭৬ খ্রীষ্টাব্দে পশ্চিম রোমসাম্রাজ্যের শেষ সম্রাট রোমুলাস অগাস্টিউলাস সিংহাসনচ্যুত হন। সেই সঙ্গে এই সাম্রাজ্যের পতন ঘটে। রোমের কেন্দ্রীয় শাসন, আইন-কানুন ও সংস্কৃতির অবসান হয়। পশ্চিম ইওরোপের সর্বত্র আইন শৃংখলার অবনতি হতে থাকে। তার ফলে নৈরাজ্যের উদ্ভব হয়। শিক্ষাকেন্দ্রগুলি ধ্বংস হয়ে যায়। পশ্চিম ইওরোপে এই অবস্থা চলে কয়েকশত বছর। তবে সুখের বিষয়, এরই মধ্যে ধীরে ধীরে নূতন সাম্রাজ্য, নূতন সমাজ, নূতন অর্থনৈতিক বুনিয়াদ ও নূতন শিক্ষার আদর্শ গড়ে উঠতে থাকে। এই গঠনমূলক কাজ চলে আরও কয়েকশত বছর—১৪৫৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত।

ইওরোপে ও ভারতে মধ্যযুগের বৈশিষ্ট্য

অষ্টম শতকের শেষের দিকে ফ্রাংক জাতির রাজা শার্লামেন পশ্চিম ইওরোপের ছোট ছোট রাজ্যগুলিকে একত্র করে এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। তিনি সার্বভৌম ক্ষমতার দাবী করেন। কিন্তু তাঁর মৃত্যুর পর ফ্রাংক সাম্রাজ্য ভেংগে যায় এবং কেন্দ্রীয় শাসনেরও অবসান ঘটে। পূর্বরোম সাম্রাজ্য ছাড়া ইওরোপের আর কোথাও শক্তিশালী রাষ্ট্রীয় সংগঠন না থাকায় এক নূতন ধরনের সমাজ ও সরকার গড়ে উঠে—যা সামন্তপ্রথা নামে পরিচিত। সামন্তপ্রথার ভিত্তির উপর গড়ে উঠতে থাকে ইওরোপের অর্থনৈতিক জীবন। রাজ্যে রাজ্যে তখন রাজা ছিলেন বটে কিন্তু রাষ্ট্রের প্রকৃত ক্ষমতা সামন্ত বা জমিদারদের হাতে চলে যায়। সুতরাং কেন্দ্রীভূত শাসনের পরিবর্তে বিকেন্দ্রিক শাসন-ব্যবস্থা ইওরোপের মধ্যযুগের অন্যতম বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায়।

ভারতে গুপ্তসম্রাটরা এক বিশাল সাম্রাজ্য ও কেন্দ্রীয় শাসন গড়ে তুলেছিলেন। কিন্তু গুপ্তযুগের শেষের দিকে সামন্ত প্রথার উদ্ভব হয়। ভারতে সামন্তদের শ্রেণীবিন্যাস এযুগেই শুরু হয়। বড় বড় সামন্তদের বলা হ'ত মহাসামন্ত, মহামণ্ডলেশ্বর ইত্যাদি। ছোট ছোট সামন্তদের বলা হ'ত রাজা, সামন্ত, ঠাকুর ইত্যাদি। ইওরোপের মত ভারতেও সামন্তরা সম্রাট বা রাজাকে বাৎসরিক কর ও সৈন্য দিয়ে সাহায্য করতে বাধ্য থাকতেন। ভারতীয় সামন্তদের অনেকে ছিলেন রাজকর্মচারী ও কিছু ভূস্বামী। দক্ষিণ ভারতের কিছু রাজারাজারা গুপ্ত সম্রাটদের বশ্যতা স্বীকার করে সম্রাটদের সামন্তরাজে পরিণত হন।

ভারতে সপ্তম শতক থেকে রাজকর্মচারীদের নগদে বেতন দেওয়ার




পরিবর্তে জমি জায়গীর দেওয়ার রীতির প্রচলন অধিকভাবে হয়। ফলে সামন্তপ্রথার আরও প্রসার ঘটে। অনেক সময় সামন্তরা রাজার বিনা অনুমতিতেই অন্যদের মধ্যে জমি বিলি করে দিতেন। এঁদের বলা হ'ত উপ-সামন্ত। সামন্ত ও উপ-সামন্তরা যে জমি ভোগ করতেন তা ক্রমে বংশগত হয়ে যায়। রাজার সঙ্গে সামন্তদের সম্পর্ক নির্ভর করত রাজার শক্তির উপর। রাজা দুর্বল হলে সামন্তরা খুবই শক্তিশালী হয়ে উঠতেন। হিন্দু রাজাদের মত দিল্লীর তুর্কী-সুলতানরাও রাজকর্মচারীদের নগদে বেতন না দিয়ে জায়গীর দেওয়ার প্রথা চালু রাখেন। আবার অনেক হিন্দুরাজা সুলতানদের কাছে পরাস্ত হয়ে সামন্ত-রাজে পরিণত হন।

ইওরোপে মধ্যযুগে সামন্তপ্রথার উপর ভিত্তি করে সামাজিক শ্রেণী-বিন্যাস ঘটে—যেমন রাজা, সামন্ত, উপ-সামন্ত, স্বাধীন প্রজা ও ভূমিদাস। এদের প্রত্যেকের সঙ্গে প্রত্যেকের সম্পর্ক সুনির্দিষ্ট ছিল। সে যুগে ভারতের সমাজও কয়েকটি বর্ণে বিভক্ত ছিল—যেমন ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। এই বর্ণভেদ ছিল বৃত্তিমূলক। বৃত্তি অনুসারেই সমাজে সকলের স্থান নির্দিষ্ট করা ছিল।

ইওরোপে মধ্যযুগের প্রথম দিকে সামন্ততন্ত্রের উপর ভিত্তি করেই অর্থনৈতিক জীবন গড়ে উঠেছিল। কিন্তু পরে, বিশেষ করে ধর্মযুদ্ধের পর ইওরোপে বহু নূতন নগরের প্রতিষ্ঠা হয় এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটে। ব্যবসা-বাণিজ্যেরও উন্নতি হয়। ফলে অর্থনৈতিক জীবনের রূপান্তর ঘটে। অগণিত কৃষক ও ভূমিদাসরা সামন্তদের জমিদারি থেকে পালিয়ে গিয়ে এই সব নূতন শহরে আসে, নূতন নূতন কলকারখানায় শ্রমিকের কাজে নিযুক্ত হয়। আবার অনেকে ব্যবসা-বাণিজ্যের দিকেও মনোযোগী হয়ে উঠে। এভাবেই সমাজে বণিক শ্রেণীর উদ্ভব হয়। মধ্যযুগে ভারতেও অনেক নদী ও সামুদ্রিক বন্দরের প্রতিষ্ঠা হয়। ফলে ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটে ও নূতন বণিক শ্রেণীর উদভব হয়।

পশ্চিম রোম সাম্রাজ্যের পতনের পর রোমান ও গ্রীক সংস্কৃতি ও শিক্ষার খুবই ক্ষতি হয়েছিল। কিন্তু কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে পূর্ব রোম সাম্রাজ্যে গ্রীক শিক্ষা ও সংস্কৃতি প্রায় হাজার বছর চালু থাকে। খ্রীষ্টান মঠ ও গির্জা নূতন ধর্মমূলক শিক্ষার কেন্দ্ররূপে প্রতিষ্ঠা লাভ করে।



ভারতে গুপ্ত সাম্রাজ্যের পতনের পর হর্ষবর্ধন উত্তর ভারতে এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। তাঁর মৃত্যুর পর অনেক ছোট ছোট রাজ্যের উদ্ভব হয়। ভারতে রাষ্ট্রীয় ঐক্য বলতে কিছুই ছিল না। দ্বাদশ শতকে তুর্কীরা ভারতে এসে সুলতানী সাম্রাজ্যের প্রতিষ্ঠা করে। এই সাম্রাজ্য পঞ্চদশ শতকের কিছু বেশী সময় পর্যন্ত স্থায়ী থাকে।

মানব সভ্যতার ইতিহাসের গতিকে যুগ অনুসারে ভাগ করাকে অনেকে খামখেয়ালী বলে মনে করেন। কারণ ইতিহাসের গতি নিরবচ্ছিন্ন।

ইতিহাসের ধারার যুগভিত্তিক ভাগ

কোনও একটি বিশেষ সাল বা তারিখ দিয়ে একটা যুগের অবসান ও অপর এক যুগের সূচনা বলে ঠিক ধরা যায় না। একটা বিশেষ যুগের বা সময়ের যখন পরিবর্তন আসে তখন সেই পরিবর্তনের উপর আগের যুগের কিছু ছাপ থেকে যায়। সে-সময়ের লোকেরা এই পরিবর্তন ঠিকভাবে গ্রহণ করতে পারে না। তার ফলে আগের যুগের অনেক ধ্যান-ধারণা পরবর্তী যুগে নূতন রূপ নিতে থাকে। প্রাচীন যুগের রাজনৈতিক, সামাজিক, অর্থ-নৈতিক ও সাংস্কৃতিক ধ্যান-ধারণার অনেক কিছুই মধ্যযুগে নূতন রূপ পরিগ্রহ করে।

প্রাচীন যুগের সাম্রাজ্যবাদী রাষ্ট্রের আদর্শ মধ্যযুগেও ছিল। প্রাচীন যুগের ও মধ্যযুগের রাজতন্ত্রের আদর্শের মধ্যে কিছু পার্থক্য অবশ্যই ছিল। পশ্চিম রোম সম্রাটদের রাষ্ট্রীয় আদর্শ ও রোমের আইন-কানুন ফ্রাঙ্ক সাম্রাজ্যে ও পূর্ব রোম সাম্রাজ্যে কিছু সংশোধন করে চালু থাকে।

প্রাচীন যুগে কোথাও সামাজিক শ্রেণীভেদের কঠোরতা তেমন ছিল না। কিন্তু মধ্যযুগে সামাজিক শ্রেণীভেদ ছিল এবং তা ছিল কিছু কঠোর। ভারতে বর্ণভেদ প্রথা আগেও ছিল। কিন্তু মধ্যযুগে এই প্রথার কঠোরতা কিছুটা দেখা যায়। প্রাচীন যুগের অর্থনৈতিক জীবনের ধারা মধ্যযুগেও সামান্য পরিবর্তিত অবস্থায় প্রচলিত থাকে। প্রাচীন যুগে ব্যবসা-বাণিজ্য ও কৃষির মেরুদণ্ড ছিল দাস শ্রেণীর মানুষরা। মধ্যযুগে ব্যবসা-বাণিজ্য ও কৃষি সবই ছিল, কিন্তু তা দাস-শ্রমের উপর নির্ভরশীল ছিল না। মধ্যযুগে ব্যবসা-বাণিজ্যের নব-রূপায়ণ ঘটে। সামন্তপ্রথার প্রবর্তনের ফলে কৃষি জীবনে পরিবর্তন আসে মাত্র।



মধ্যযুগে রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক—প্রায় সকল ক্ষেত্রেই পরিবর্তন আসে। কিন্তু এই পরিবর্তন সব জায়গায় সমান ভাবে আসে নি। ইওরোপে সামন্তপ্রথা যেমন ব্যাপক ও কঠোর ছিল, ভারতে তা ছিল না। ইওরোপের সাধারণ প্রজা ও ভূমিদাসদের তুলনায় ভারতের সাধারণ প্রজা বা কৃষকদের অবস্থা অনেক ভাল ছিল। মধ্যযুগে ইওরোপে শ্রেণী-সংগ্রাম ছিল তীব্র, কিন্তু ভারতে তার কিছুই ছিল না। ইওরোপে খ্রীষ্টান গির্জা ও পোপ রাষ্ট্র এবং ধর্মীয় জীবনের উপর সার্বভৌম ক্ষমতার দাবি করতেন। কিন্তু ভারত তথা এশিয়া ভূখণ্ডের কোথাও তা ঘটে নি। ভারতে হিন্দু ও ইসলামী সংস্কৃতির সমন্বয়ে এক নূতন সংস্কৃতির সৃষ্টি হয়। মধ্যযুগে ইওরোপে ইসলাম ও খ্রীষ্টানদের মধ্যে ধর্মযুদ্ধের উদ্ভব হয়। ভারতে কখনও তা ঘটে নি। বরং ভারতে বিভিন্ন ধর্মের মধ্যে সমন্বয়ের একটা প্রচেষ্টা ছিল।

মধ্যযুগের প্রকৃতি সর্বত্র সমান নয়

অনুশীলনী

১। পৃথিবীর ইতিহাসের কোন্ সময়কে মধ্যযুগ বলা হয় ?

২। মধ্যযুগ বলতে কি বোঝায় ?

৩। ইতিহাসের ধারাকে যুগ-ভিত্তিক ভাগ করা যায় না কেন ?

৪। মধ্যযুগের প্রকৃতি সর্বত্র সমান নয় কেন ? কয়েকটি উদাহরণ দাও।

২ পশ্চিম ইওরোপে মধ্যযুগের সূচনা

রোম সাম্রাজ্যের অন্তিম দশা ঃ প্রাচীন যুগে ইতালীর রোম নগরীকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল এক বিশাল রোম সাম্রাজ্য। এই সাম্রাজ্যকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল প্রাচীন ইওরোপের সভ্যতা ও সংস্কৃতি। কাল-ক্রমে ইওরোপ, এশিয়া ও আফ্রিকা মহাদেশে এই সাম্রাজ্যের বিস্তৃতি ঘটে। সুতরাং সহজেই বুঝা যায়, কি বিশাল ছিল এই সাম্রাজ্য। রোমের শাসনাধীনে সাম্রাজ্যের সর্বত্র শান্তি ও শৃংখলা অনেক শতক ধরে বজায় ছিল। রোমের ছায়াতলে বিকশিত হয়েছিল অপূর্ব স্থাপত্য ও ভাস্কর্য শিল্পকলা, সুমধুর ল্যাটিন সাহিত্য, সুষ্ঠু সামাজিক আইন-শাস্ত্র ও আনন্দময় নাগরিক জীবন। কিন্তু ইতিহাসের নিয়ম এমনই অমোঘ যে কোন সাম্রাজ্য গৌরবের চূড়ায় উঠবার সঙ্গে সঙ্গে তার পতন শুরু হয়। রোম সাম্রাজ্যের ক্ষেত্রেও এই নিয়মের ব্যতিক্রম হয়নি।

খ্রীষ্টীয় দ্বিতীয় শতক থেকে রোম সাম্রাজ্যের ভাঙ্গন শুরু হয়। অবিরাম যুদ্ধ বিগ্রহের ফলে রোমের সামরিক শক্তি দুর্বল হয়ে পড়ে।

রোমের অভ্যন্ত-রীণ দুরবস্থা

বেশীর ভাগ রোমান সম্রাটদের অযোগ্যতা ও নৃশংসতা, শাসকগোষ্ঠীর দুর্নীতি, কৃষকদের ঘোর অসন্তোষ—ইত্যাদি কারণে সাম্রাজ্যে এক ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়। সিংহাসন দখলের জন্য রোমান সেনাপতিদের মধ্যে শুরু হয় অন্তর্দ্বন্দ্ব। সর্বত্র রাষ্ট্রীয় শক্তির অধঃপতন ও অর্থনৈতিক সংকট তীব্র হয়ে উঠে।


রোম সাম্রাজ্যের যখন এই দুরবস্থা তখন মধ্য ও উত্তর দিক থেকে দলে দলে আসে বিদেশী হানাদার। এই হানাদাররা ছিল জাতিতে টিউটন বা জার্মান। জার্মান হানাদারদের কথা জানা যায় সীজারের 'কমেণ্টারিস' ও

বিদেশী হানাদারদের অভিযান

ট্যাসিটাসের 'জার্মানিয়া' নামে বিবরণী থেকে। রোমানরা এদের বলত বর্বর। খ্রীষ্টীয় তৃতীয় শতক থেকে রোম সাম্রাজ্যের উপর বিভিন্ন জার্মান উপজাতিদের অভিযান শুরু হয়। এই উপজাতিরা নানা নামে পরিচিত ছিল—যথা, গথ, ভিসিগথ, ভ্যাণ্ডাল, ফ্রাংক—ইত্যাদি। গথরা দু'টি শাখায় বিভক্ত ছিল—যথা অস্ট্রোগথ (বা পূর্বীয় গথ) ও ভিসিগথ (বা পশ্চিমীয় গথ)।



ভিসিগথরাই সকলের আগে রোম সাম্রাজ্যে হানা দেয়। রোমের ধনসম্পদে



আকৃষ্ট হয়েই জার্মান উপজাতিরা দলে দলে রোম সাম্রাজ্যের দিকে আসতে থাকে। স্ত্রী, সন্তান-সন্ততি, গৃহস্থালীর জিনিসপত্র, এমনকি



গরু-বাছুর সঙ্গে নিয়ে ঘোড়ার গাড়িতে মালপত্র চাপিয়ে তারা দলে দলে স্রোতের মত দক্ষিণে অর্থাৎ রোম সাম্রাজ্যের ভিতর ঢুকে পড়ে।

প্রথম দিকে রোমানরা এই সব হানাদারদের বাধা দেয়। কিন্তু তা সফল হয় না। শেষ পর্যন্ত কয়েকটি জার্মান উপজাতিকে সাম্রাজ্যের সীমান্ত অঞ্চলে বসবাসের অনুমতি দেওয়া হয়। কিন্তু খ্রীষ্টীয় চতুর্থ শতকের শেষের দিকে রোম সাম্রাজ্যের সামনে এক নূতন বিপদ দেখা দেয়।

মধ্য এশিয়ার যে দুর্ধর্ষ বর্বরজাতি জার্মান উপজাতিদের উপর চড়াও হয়ে তাদের রোম সাম্রাজ্যের দিকে পালিয়ে যেতে বাধ্য করেছিল—তাদের নাম হূণ। হূণরা ছিল মঙ্গোলীয় বংশোদ্ভূত এক যাযাবর জাতি। এরা তাঁবুতে বা ঘরে বাস করত না, ঘোড়ার পিঠে চড়ে দেশ-দেশান্তরে ঘুরে বেড়াত। মধ্য এশিয়ার দুর্ধর্ষ যাযাবর জাতি মোঙ্গলদের প্রকৃতিও ছিল এইরূপ। পশুচারণই ছিল হূণদের প্রধান জীবিকা। কৃষিকাজ তাদের জানা ছিল না। মোঙ্গলদের মত হূণেরা ছিল খর্বকায় ও বলিষ্ঠ। মোঙ্গলদের মতই ছিল তাদের কোটরগত চোখ। হূণদের প্রধান যুদ্ধাস্ত্র ছিল তীর ও ধনুক। যুদ্ধ ও লুঠপাট ছিল তাদের নেশা, পেশা ও আমোদ।

৩৭৫ খ্রীষ্টাব্দে হূণরা প্রথমে দক্ষিণ-পশ্চিমে অগ্রসর হয়ে কৃষ্ণসাগরের উত্তরে বসবাসকারী অস্ট্রোগথদের উপর চড়াও হয় এবং তাদের বিতাড়িত করে। তাদের অত্যাচারে একে একে রাইন ও দানিয়ুব নদীর তীরবর্তী অন্যান্য জার্মান উপজাতিরা রোম সাম্রাজ্যের দিকে পালিয়ে যেতে বাধ্য হয়। নিরুপায় হয়ে ভিসিগথরা রোম সম্রাটের নিকট তাদের দুরবস্থার কথা জ্ঞাপন করে। রোমসম্রাট তখন তাঁর সাম্রাজ্যের সীমান্তে ভিসিগথদের বসতি স্থাপন করার অনুমতি দেন। কিন্তু বসতি স্থাপন করার কিছু-দিনের মধ্যে ভিসিগথরা রোমের বিরুদ্ধে বিদ্রোহী হয়ে উঠে ও এ্যালারিক নামে এক ভিসিগথ-নেতাকে নিজেদের রাজা বলে ঘোষণা করে।

এ্যালারিক ছিলেন এক দুঃসাহসী বীর যোদ্ধা। তাঁর নেতৃত্বে ভিসিগথরা সমস্ত গ্রীস দেশ বিধ্বস্ত করে। বহু স্থান লুঠপাট করার পর ৪০৮ খ্রীষ্টাব্দে এ্যালারিক রোম নগরীর দিকে অগ্রসর হন। তাঁর উদ্দেশ্য ছিল ধ্বংসের পরিবর্তে রোমের সম্পদ লুঠ করা। এ্যালারিক রোম নগরী অবরোধ করেন ও চারদিকে গথ সৈন্য মোতায়েন করেন। অনেক দিন ধরে অবরুদ্ধ থাকার ফলে নগরীতে দারুণ খাদ্যাভাব দেখা দেয় ও বহু লোক প্রাণ হারায়। শেষে এ্যালারিক সদয় হয়ে মুক্তিমূল্য নিয়ে রোম



ছেড়ে যেতে রাজী হন। তিনি পাঁচ হাজার পাউণ্ড ওজনের সোনা, ত্রিশ হাজার পাউণ্ড ওজনের রূপা, চার হাজার ভাল রেশমের পোশাক ও অন্যান্য অনেক মূল্যবান জিনিসপত্র দাবী করেন। রোমের নাগরিকরা অনেক চেষ্টা করে এ্যালারিকের দাবী পূরণ করে। সে যাত্রা রোমনগরী রক্ষা পায়। কিন্তু দু'বছর পরে আবার এ্যালারিক রোমনগরী আক্রমণ করেন (৪১০ খ্রীঃ)। ছয় দিন ধরে নগরীতে ভিসিগথদের ধ্বংসলীলা চলে। এরপর তিনি সিসিলি জয় করার জন্য অগ্রসর হন। কিন্তু পথে তাঁর মৃত্যু হয়। ভিসিগথরা দক্ষিণ গল দেশ পার হয়ে স্পেনে প্রবেশ করে এবং সেখানে এক রাজ্যের প্রতিষ্ঠা করে।

এ্যালারিক

এই ঘটনার কয়েকবছর পরে রোম সাম্রাজ্যের উপর হূণদের প্রবল আক্রমণ শুরু হয়। সে সময় হূণদের রাজা ছিলেন এটিলা। এটিলা ছিলেন এক বিরাটাকার পুরুষ। তাঁর ছিল প্রকাণ্ড মাথা, ছোট ছোট চোখ, থ্যাবড়া নাক ও দাড়ির জায়গায় কয়েকগাছি মাত্র চুল। এটিলার সৈন্য সংখ্যা ছিল অগণিত। দুর্ধর্ষ ও হিংস্র এই বিশাল সৈন্য নিয়ে তিনি যেদিকেই যেতেন সেদিকেই নগর ও গ্রাম মানুষের রক্তে ভেসে যেত। এটিলার নাম শুনলেই লোকে প্রাণের ভয়ে দিশেহারা হয়ে বনে জঙ্গলে পালিয়ে যেত। এটিলা নিজেকে বলতেন "বিধাতার রোষানল"। ৪৩০ থেকে ৪৪০ খ্রীষ্টাব্দের মধ্যে এটিলা দানিয়ুব অঞ্চল ও বল্কান উপদ্বীপ ছারখার করেন। তিনি পূর্ব রোম সাম্রাজ্যের সম্রাট দ্বিতীয় থিওডোসিয়াসকে বাৎসরিক কর দানে বাধ্য করেন। এরপর এটিলা অগ্রসর হন পশ্চিম রোম সাম্রাজ্যের দিকে। এই বিপদের সময় রোমান ও ভিসিগথরা একসঙ্গে হূণদের বাধা দেয়। চলোন-এর যুদ্ধে হূণরা পরাস্ত হয়। এরপর এটিলা ইটালী আক্রমণ করেন। রোমের পোপ মহান লিও এটিলাকে ইটালী থেকে চলে যাওয়ার জন্য আবেদন করেন। এটিলা তাতে সাড়া দিয়ে ইটালী ছেড়ে চলে যান। ৪৫৩ খ্রীষ্টাব্দে এটিলার মৃত্যু হলে হূণ-সাম্রাজ্যের পতন হয়।

রোম সাম্রাজ্যের উপর হূণদের আক্রমণ ঃ এটিলা

শুধু হূণ ও ভিসিগথরাই যে রোমানদের শত্রু ছিল তা নয়। রোম সাম্রাজ্যের দ্রুত পতন লক্ষ্য করে ভ্যাণ্ডাল নামে অন্য এক জার্মান উপজাতি চারদিক থেকে রোম সাম্রাজ্য আক্রমণ করে। সে সময় ভ্যাণ্ডালদের রাজা ছিলেন জেনসেরিক বা জেইসেরিক। তাঁর নেতৃত্বে ভ্যাণ্ডালরা



গল দেশে প্রবেশ করে। ৪৫৫ খ্রীষ্টাব্দে জেনসেরিক এক বিরাট নৌ-বহর নিয়ে রোম আক্রমণ করে তা' দখল করেন। দুই সপ্তাহ ধরে তাঁর সৈন্যরা রোমের ধনসম্পদ লুঠ করতে থাকে। তারপর জেনসেরিক রোম ত্যাগ করে চলে যান। রোমনগরী যেন শ্মশানে পরিণত হয়।

ভ্যান্ডালদের আক্রমণ ঃ জেনসেরিক

হুণ ও জার্মান উপজাতিদের বার বার আক্রমণের ফলে পশ্চিম রোম সাম্রাজ্য ছিন্ন ভিন্ন হয়ে যায়। তখনও রোমে সম্রাটরা ছিলেন। কিন্তু তাঁরা ছিলেন নিতান্তই দুর্বল ও জার্মান সেনানায়কদের হাতের পুতুল। এই সেনানায়কেরা নিজেদের 'প্যাট্রিশিয়ান' বলত। ৪৭৪ খ্রীষ্টাব্দে প্যাট্রিশিয়ান সেনানায়ক অরেস্টস নিজের ছেলে রোমুলাস অগাস্টউলাসকে রোমের সিংহাসনে বসান। এর মধ্যে ওডোয়েসার নামে এক নেতার নেতৃত্বে ভিসিগথরা ইটালীতে প্রবেশ করে। ৪৭৬ খ্রীষ্টাব্দে ওডোয়েসার রোমুলাস অগাস্টউলাসকে সিংহাসনচ্যুত করলে প্রকৃতপক্ষে পশ্চিম রোম সাম্রাজ্যের সমাপ্তি ঘটে। ওডোয়েসার পশ্চিম রোম সাম্রাজ্যের সম্রাট হন। অবশ্য পূর্ব রোম সাম্রাজ্য আরও এক হাজার বছর টিকে থাকে। জার্মান উপজাতিরা পশ্চিম রোম সাম্রাজ্যের ধ্বংসস্তূপের উপর যে সব রাজ্যের প্রতিষ্ঠা করেছিল, সেগুলি ছিল এই—ফ্রাংক (ফ্রান্স দেশ), ভিসিগথ (স্পেন), অস্ট্রোগথ (ইটালী), ভ্যান্ডাল (আফ্রিকার উত্তরাংশ) ইত্যাদি।

রোমের পতন

পশ্চিম রোম সাম্রাজ্যের পতন ঘটলেও রোমের আইন-কানুন ও রোম সাম্রাজ্যের ঐক্যের আদর্শ টিকে থাকে। পূর্ব রোম সাম্রাজ্যে রোমের আইন-কানুন আরও হাজার বছর টিকে ছিল। সম্রাট জাস্টিনিয়ান রোমের আইন-কানুনগুলি সযত্নে সংকলন করেন। রোম সাম্রাজ্যের বিধ্বস্তকারী জার্মান উপজাতিদের নিজেদের আইন-কানুন ছিল—কিন্তু সেগুলি ছিল নিম্নমানের। তারা খ্রীষ্টান ধর্ম যেমন গ্রহণ করেছিল, তেমনি রোমের আইন-কানুন এবং আচার-আচরণও গ্রহণ করেছিল। স্পেনের ভিসিগথ রাজারা রোমের অনুকরণেই আইন-কানুন প্রচলন করেছিলেন।

রোমের আইন ও রাষ্ট্রীয় ঐক্যের আদর্শ

রোম সাম্রাজ্যের রাষ্ট্রীয় ঐক্যের আদর্শও ছিল অক্ষুণ্ন। ভিসিগথদের নেতা ওডোসার পূর্ব রোম সাম্রাজ্যের সঙ্গে আপোষ-মীমাংসা করে সাম্রাজ্যের ঐক্য অক্ষুণ্ন রাখতে প্রয়াসী হয়েছিলেন। রোম সাম্রাজ্যের ঐতিহ্যের প্রতি



শ্রদ্ধা অন্যান্য জার্মান উপজাতিদেরও ছিল। এরা প্রত্যেকেই নিজেদের নূতন রাজ্যাধিকারের স্বীকৃতি পূর্ব রোম সম্রাটদের কাছ থেকে লাভ করেছিল। এরা সম্রাটকে রাষ্ট্রীয় ঐক্যের প্রতীক বলে মনে করত। বার্গান্ডিয়ান রাজারা পূর্ব রোম সম্রাটের দ্বারা 'ম্যাজিস্টার মিলিটাম' উপাধিতে ভূষিত হয়েছিলেন। পূর্ব-রোম সম্রাট ফ্রাংকদের রাজা ক্লভিসকে 'প্রো-কনসাল' উপাধিতে ভূষিত করেছিলেন। জার্মান রাজারা রোম সাম্রাজ্যের অনুকরণে পবিত্র রোম সাম্রাজ্য নামে এক নূতন সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। ইটালীর অস্ট্রোগথ রাজা থিওডোরিক নিজের মুদ্রায় পূর্ব রোম সম্রাটের নাম বহাল রেখেছিলেন। তিনি অবশ্য কোন সময়েই পূর্ব-রোম সম্রাটের অধীনে ছিলেন না। সুতরাং এ থেকে প্রমাণ হয় যে পশ্চিম-রোম সাম্রাজ্যের অবসান হলেও রোমের আইন-কানুন ও রাষ্ট্রীয় ঐক্যের আদর্শ অক্ষুণ্ণ ছিল।

অনুপ্রবেশকারীদের সামাজিক, রাজনৈতিক ও ধর্মজীবন

রোম সাম্রাজ্যে অনুপ্রবেশকারী জার্মান উপজাতিদের কিছু পরিচয় এখন দেওয়া যাক। রোমানরা অনুপ্রবেশকারীদের 'বর্বর' বলত। কিন্তু তারা আদৌ বর্বর বা অসভ্য ছিল না। তারা ছিল আর্য জাতির এক শাখা। আর্যভাষায় তারা কথা বলত। তারা ছিল দীর্ঘকায়, গৌর বর্ণ ও বলিষ্ঠ। তারা নগরবাসী ছিল না—বিস্তীর্ণ প্রান্তরে গ্রামে বাস করত। শিকার, মাছধরা ও পশুপালন ছিল এদের জীবিকা। চাষ-আবাদও তারা কিছু কিছু করত। ঘোড়ার রথ-দৌড় ছিল তাদের জাতীয় খেলাধুলা। নারীরাও ছিল খুব সাহসী। নারীদের মর্যাদাবোধ ও সততা ছিল প্রশংসনীয়।

জার্মান উপজাতিদের শাসন-প্রণালী ছিল গণতন্ত্র সম্পন্ন। তাদের রাজনৈতিক সংগঠনও ছিল। সেই সংগঠন তিন ভাগে বিভক্ত ছিল—যথা গোষ্ঠী বা জাতি, কাউণ্টি ও গ্রাম। কাউণ্টিকে বলা হত 'হাণ্ড্রেড'। প্রতিটি উপজাতির একটি করে সভা বা সমিতি ছিল যাকে 'ফোকমুট' বলা হত। সেই সভায় জাতির সকল বিষয়ের আলোচনা হত। উপজাতিদের প্রতিটি গোষ্ঠীর সকলের উপরে থাকতেন রাজা বা সর্দার। রাজা বা সর্দার ছাড়া এদের সমাজ তিনটি শ্রেণীতে বিভক্ত ছিল—যথা সম্ভ্রান্ত বা প্রধানগণ, স্বাধীন নাগরিক ও দাস।

জার্মান উপজাতিরা প্রকৃতির উপাসক ছিল। তারা ওডেন বা



আকাশ-দেবতা, থর বা বজ্রদেবতার পূজা করত। এরা স্বর্গকে বলত 'ওয়ালহালা'। প্রতিটি পরিবারের কর্তা পুরোহিতের কাজ করতেন।

খ্রীষ্টীয় তৃতীয় শতক থেকে জার্মান উপজাতিরা রোম সাম্রাজ্যের নানা অঞ্চলে বসবাস শুরু করে। অনেকে রোমের সেনাবাহিনীতে ও অসামরিক বিভাগে নিযুক্ত হয়। ফলে রোমানদের সঙ্গে এদের মেলামেশা শুরু হয়। ক্রমে রোমানদের সঙ্গে এদের বৈবাহিক ও অন্যান্য সামাজিক সম্পর্ক গড়ে উঠে। জার্মান এবং রোমান সভ্যতা ও সংস্কৃতির দুই ধারা মিশে এক নূতন সভ্যতা ও সংস্কৃতি গড়ে উঠে। ক্রমে খ্রীষ্টান ধর্মের প্রভাবও জার্মান উপজাতিদের উপর এসে পড়ে। রোম সাম্রাজ্যের যে সব জায়গায় এরা বসতি স্থাপন করেছিল—সেখানে রোমান গির্জা ছিল, খ্রীষ্টান পাদরী ও খ্রীষ্টান মঠ ছিল। খ্রীষ্টান মঠের সংগঠন, শৃংখলা ও ধর্মযাজকদের আদর্শপূত জীবন এদের উপর প্রভাব বিস্তার করে। ইটালীর মিলান গির্জায় রোমসম্রাট থিওডোসিয়াসের সর্বসমক্ষে প্রায়শ্চিত্তকরণ, পোপ মহান লিও-র অনুরোধে রোমের দরজা থেকে হূণ-নেতা এটিলার প্রস্থান—প্রভৃতি নানা ঘটনায় জার্মান উপজাতিদের মনে খ্রীষ্টান গির্জা ও ধর্মযাজকদের সম্বন্ধে শ্রদ্ধা জেগে উঠে। এদের নিজেদের কোন নির্দিষ্ট ধর্ম ছিল না। সুতরাং তারা খ্রীষ্টান ধর্ম ও রোমের সংস্কৃতি গ্রহণ করে। তাদের রাষ্ট্রীয় ও সামাজিক ধ্যান-ধারণার উপর খ্রীষ্টান ধর্মের প্রভাব গভীর ভাবে পড়েছিল। খ্রীষ্টান ধর্ম গ্রহণের ফলে তাদের আচার-আচরণের পরিবর্তন হয় ও ধ্বংসের হাত থেকে প্রাচীন সভ্যতা রক্ষা পায়।

রোমানদের সঙ্গে সংমিশ্রণ ও খ্রীষ্টান ধর্মের প্রভাব

অনুশীলনী

১। জার্মান উপজাতিদের উপর হূণদের আক্রমণের সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। রোম সাম্রাজ্যের পতন কি ভাবে ঘটেছিল?

৩। রোম সাম্রাজ্যে অনুপ্রবেশকারীদের সামাজিক, অর্থনৈতিক ও ধর্মজীবন সম্বন্ধে কি জান?

৪। জার্মান উপজাতিদের উপর খ্রীষ্টান ধর্মের কিরূপ প্রভাব পড়েছিল?

৩ ইওরোপে কাল্পনিক অন্ধকার যুগ

খ্রীষ্টীয় চতুর্থ শতক থেকে বিশাল রোম সাম্রাজ্যের দ্রুত পতন শুরু হয়। মধ্য ও উত্তর দিক থেকে জার্মান হানাদারদের ও মধ্য এশিয়া থেকে হূণদের ক্রমাগত আক্রমণ—প্রভৃতি কারণে রোম সাম্রাজ্য ক্রমেই ভেঙে পড়ে।


ভূমিকা

৪৭৬ খ্রীষ্টাব্দে জার্মান উপজাতিরা রোমের শেষ সম্রাটকে সিংহাসনচ্যুত করলে সাম্রাজ্যের অবসান ঘটে। রোমের গৌরবময় ঐতিহ্য ও সংস্কৃতি লুপ্ত হয়। মধ্য ও পশ্চিম ইওরোপের নানা জায়গায় জার্মান-উপজাতিরা ছোট ছোট রাজ্যের প্রতিষ্ঠা করে। এই সব রাজ্যের মধ্যে যুদ্ধ-বিগ্রহ প্রায় লেগেই থাকত। ফলে মধ্য ও পশ্চিম ইওরোপে শান্তি ও শৃংখলার অবনতি ঘটে। ব্যবসা-বাণিজ্য ও শিল্প স্তব্ধ হয়ে যায়। প্রাচীন শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে স্বাভাবিক ভাবে অন্ধকার নেমে আসে। এই অবস্থা চলে সপ্তম শতক পর্যন্ত। প্রাচীন রোম-সাম্রাজ্যের গৌরবময় অতীত ও অষ্টম শতক থেকে শিক্ষা, সংস্কৃতি ও রাষ্ট্রীয় ঐক্যের আদর্শের পুনরভ্যুদয়—এই দুই-এর মধ্যবর্তীকালকে অনেকে ইওরোপের ইতিহাসের 'অন্ধকার যুগ' বলে অভিহিত করেছেন।

কিন্তু যথার্থই কি চতুর্থ থেকে সপ্তম শতকের মধ্যবর্তী কালকে 'অন্ধকার যুগ' বলা যায়? একথা সত্য যে রোমের শাসনাধীনে ইওরোপ ছিল এক রাষ্ট্র। জার্মান ও হূণদের আক্রমণে রোম সাম্রাজ্য ভেঙে যায়। জার্মান হানাদাররা পশ্চিম রোম সাম্রাজ্য নিজেদের মধ্যে ভাগ করে নেয়।

চতুর্থ থেকে সপ্তম শতক কি অন্ধকার যুগ ?

গ্রীক ও রোমান শিল্প, স্থাপত্য ও শিক্ষা কিছুদিন স্তব্ধ হয়ে যায়। তাই বলে এই যুগকে 'অন্ধকার যুগ' বলা যায় না। কারণ এই যুগেই (অর্থাৎ চতুর্থ থেকে সপ্তম-অষ্টম শতক পর্যন্ত) প্রাচীন রোম সাম্রাজ্যের গৌরবময় ঐতিহ্য পুনরুজ্জীবিত করার চেষ্টা হয়। সেই সময়ের মধ্যে পূর্ব-রোম সাম্রাজ্য গৌরবের চরম শিখরে আরোহণ করে ও সেখানে গ্রীক সভ্যতা ও সংস্কৃতির চরম বিকাশ ঘটে। পশ্চিম ইওরোপে বসবাসকারী জার্মান জাতিরাও রাষ্ট্রীয় ও সামাজিক পুনর্গঠনে প্রয়াসী হয়। অপরের সদ্গুণ গ্রহণ করে নূতন সভ্যতা গড়ে তোলার



ক্ষমতা জার্মানদের ছিল। তাদের নিজেদেরও কিছু সদ্গুণ ছিল—যথা সভ্যতা সৃষ্টি করার ক্ষমতা, ব্যক্তিগত স্বাধীনতায় বিশ্বাস, কর্তব্য-নিষ্ঠা ও নারীজাতির প্রতি সম্মান। তারা খ্রীষ্টান ধর্ম গ্রহণ করে—রোমের আইন, শাসন-প্রণালী, স্থাপত্য বিদ্যা—সব কিছুই শিখে ফেলে। জার্মান ও রোম সভ্যতার এই দুই ধারা মিশে এক নূতন সভ্যতা ও সংস্কৃতির বুনিয়াদ এই সময়ের মধ্যেই রচিত হয়। জার্মান উপজাতিরা রোম সাম্রাজ্যের দুর্বল সমাজব্যবস্থা ও দুর্নীতিগ্রস্ত রাষ্ট্রীয় ব্যবস্থা ভেঙে-চুরে এক নূতন পথের সন্ধান দেয় যা ভবিষ্যৎ সমাজ ও রাষ্ট্রীয় আদর্শের উপর প্রভাব বিস্তার করে।

মধ্যযুগের প্রথম দিকে জার্মান উপজাতিদের আক্রমণের ফলে রোম সাম্রাজ্যের বহু নগর, শিক্ষায়তন ও পাঠাগার ধ্বংস হয়ে যায়। চারদিকের অরাজকতার মধ্যে একমাত্র খ্রীষ্টান গির্জা ও মঠে কোন রকমে শান্তি ও শৃঙ্খলা বজায় ছিল। সে সময়ের রাজনৈতিক ও সামাজিক ভাঙ্গা-গড়ার মধ্যে খ্রীষ্টান মঠ ও ধর্মযাজকরাই কোন প্রকারে জ্ঞানের আলো জ্বালিয়ে রাখেন ও শিক্ষা-ব্যবস্থা চালু রাখেন। যদিও প্রয়োজনের তুলনায় তা ছিল নিতান্তই সামান্য। সমাজে তখন লেখাপড়া জানা লোক বলতে ছিলেন খ্রীষ্টান পাদরীরা। শিক্ষার বিষয় ছিল ব্যাকরণ, তর্কশাস্ত্র ও ধর্মশাস্ত্র। শিক্ষার মাধ্যম ছিল ল্যাটিন ভাষা। পাদরীরাই ছিলেন শিক্ষক এবং মঠের নিরাপদ আশ্রয়ে তাঁরা শিক্ষায়তন স্থাপন করেন। মধ্যযুগের প্রথম দিকে এই শিক্ষায়তনগুলোই ছিল শিক্ষার একমাত্র কেন্দ্র। পরবর্তীকালে বিশ্ববিদ্যালয়গুলো সমাজে যে স্থান অধিকার করেছিল, মধ্যযুগের প্রথম দিকে মঠের শিক্ষায়তনগুলো সমাজে সেই স্থান অধিকার করে।

শিক্ষার ক্ষেত্রে গির্জা ও মঠের অবদান

শিক্ষার ব্যবস্থা করা ছাড়াও, খ্রীষ্টান পাদরীরা ধর্মের কথা, পাপ-পুণ্যের কথা, ন্যায়-অন্যায়ের কথাও প্রচার করতে থাকেন। আগের যুগে শিক্ষিত গ্রীক ও রোমানরা ইহলোকের সুখভোগের কথাই বেশী প্রচার করত। পারলৌকিক জীবন সম্বন্ধে তাদের কোন মাথাব্যথা ছিল না। কিন্তু খ্রীষ্টান পাদরীরা এই কথা প্রচার করেন যে পার্থিব জীবন সামান্য কয়েক দিনের ও পারলৌকিক জীবনের তুলনায় নিতান্তই গুরুত্বহীন। তাঁরা মানুষকে এই বলে বোঝাবার চেষ্টা করেন যে মৃত্যুর পর মানুষের সামনে দুটো পথ খোলা—

পাদরীদের প্রচার



এক স্বর্গে শাশ্বত শান্তি এবং দুই নরকে অন্তহীন দুঃখ ভোগ। সুতরাং খ্রীষ্টান ধর্ম গ্রহণ করলেই মানুষ স্বর্গীয় সুখের অধিকারী হয়। কিন্তু সেই সঙ্গে তাঁরা একথাও প্রচার করেন যে খ্রীষ্টান ধর্ম গ্রহণ করলে ইহজীবনের পাপের ও অন্যায়ের অবসান হয়। তবে ভবিষ্যৎ পাপ ও অন্যায়ের সম্ভাবনা থেকে যায়। সুতরাং ভবিষ্যতের অন্যায় ও অনাচার থেকে মুক্তি পেতে হলে গির্জার সঙ্গে নিরবচ্ছিন্ন সম্পর্ক বজায় রাখা প্রয়োজন। যাজকদের শ্রদ্ধা করা, সাধ্যমত গরীব-দুঃখীদের দান করা, দীনভাবে নিরাসক্ত জীবন যাপন করা এবং ধর্মের জন্য জীবন উৎসর্গ করা একান্ত কর্তব্য। পাদরীরা মানুষে-মানুষে হানাহানি, দুর্বলের উপর সবলের অত্যাচার, আর্থিক সুখভোগের জন্য মানুষের উন্মাদনা, সমাজে ছোট-বড়র ভেদাভেদ—ইত্যাদি সামাজিক অন্যায়ের কঠোর নিন্দা করেন। তাঁরা মানুষে মানুষে সমতা ও ভ্রাতৃত্বের আদর্শের প্রচার করেন।

আগের যুগে ইওরোপের সমাজে নারীদের কোন সম্মান ছিল না এবং এই কারণে পারিবারিক জীবনে পবিত্রতা ও শান্তির অভাব ছিল। পাদরীরা নারীদের লাঞ্ছনা ও হীনঅবস্থার বিরুদ্ধে জোর প্রচার কার্য চালান। এই প্রচারে অনেক সুফল দেখা দেয়। নারীর সম্মান জার্মানদের জাতীয় বৈশিষ্ট্য হয়ে দাঁড়ায়। জার্মানরা পাদরীদের এই প্রচারে বিশেষভাবে প্রভাবিত হয় এবং তাদের 'বীরধর্মে' নারীর সম্মান, দুঃস্থ ও নিপীড়িতদের রক্ষা ও অনাথদের সেবা বিশেষ ভাবে স্থান পায়। পাদরীদের উপদেশ ও ন্যায়-অন্যায়ের ব্যাখ্যা মানুষের মনে সাড়া জাগায় এবং এর ফলে দাসপ্রথা ও অন্যান্য সামাজিক দোষত্রুটি ক্রমে লুপ্ত হয়। চারদিকে ধ্বংস ও হানাহানির মধ্যে খ্রীষ্টান সন্ন্যাসীদের সরল ও আদর্শপূত জীবন ও তাঁদের শিক্ষা ইওরোপের মানুষকে নূতন পথের সন্ধান দেয়।

অনুশীলনী


১। চতুর্থ থেকে সপ্তম শতক পর্যন্ত এই সময়কে অনেকে ইওরোপের 'অন্ধকার যুগ' কেন বলেন?

২। চতুর্থ থেকে সপ্তম শতক পর্যন্ত এই সময়কে 'অন্ধকার যুগ' ইওরোপের বলা চলে কি? উদাহরণ দিয়ে বোঝাও।

৩। খ্রীষ্টান পাদরীরা কি শিক্ষা ও উপদেশ দিয়েছিলেন? ইওরোপের সভ্যতার উপর তার প্রভাব কি রকম হয়েছিল?

৪ বাইজেন্টাইন সভ্যতা

রোম সম্রাট কনস্টান্টাইন-এর সময় থেকে বাইজেন্টাইন সভ্যতার সূচনা



হয়। কনস্টান্টাইন ৩১৩ খ্রীষ্টাব্দে রোমের সিংহাসনে আরোহণ করেন।



তাঁর মা হেলেনা ছিলেন খ্রীষ্টান। সিংহাসনে আরোহণ করার পর তিনিও খ্রীষ্টধর্মে দীক্ষিত হন। এ সম্বন্ধে একটি গল্প আছে। 'মুলভিয়ান-সেতু'-র যুদ্ধের ঠিক আগে তিনি একদিন আকাশে ক্রুশ দণ্ড কাঠের ছায়া দেখতে পান। ঐ দণ্ডকাঠে লেখা ছিল —"তুমি এই প্রতীক গ্রহণ কর, জয়লাভ করবে।" সেই নৈসর্গিক দৃশ্য দেখে কনস্টাণ্টাইন অভিভূত হয়ে পড়েন। এর পরেই 'মুলভিয়ান-সেতু'র যুদ্ধে প্রবল শক্তিশালী ম্যাক্সি-মিনাসকে শোচনীয়ভাবে পরাজিত করে জয়ী হন। এতে যীশুখ্রীষ্টের প্রতি তাঁর অন্তরে গভীর শ্রদ্ধা জন্মায় এবং তিনি খ্রীষ্টান ধর্ম গ্রহণ করেন। খ্রীষ্টান ধর্মের মর্যাদা বৃদ্ধির জন্য কনস্টাণ্টাইন 'মিলান-আদেশ' জারি করে খ্রীষ্টান ধর্মকে অন্যান্য ধর্মের সমতুল্য বলে ঘোষণা করেন।

বাইজেণ্টাইন সভ্যতার সূচনা

খ্রীষ্টান ধর্মের প্রতি সম্রাটের স্বীকৃতি দান

রোমের প্রাচীন পুরোহিতরা কিন্তু এ ব্যাপারে অত্যন্ত ক্ষুব্ধ হয়ে ওঠেন। তাঁরা কনস্টাণ্টাইনকে স্বধর্ম-ত্যাগী বলে নিন্দা করেন। এই কারণে কনস্টাণ্টাইন রাজধানী সরিয়ে নিয়ে যান বাইজেন্টাইনে। খ্রীষ্টান ধর্মকে রাষ্ট্রীয় ধর্ম বলে ঘোষণা করেন। এই ধর্মের প্রসারের জন্য তিনি খ্রীষ্টান গীর্জা ও মঠকে প্রচুর জমি-জায়গা ও অর্থ দান করেন। ইতিমধ্যে খ্রীষ্টানদের মধ্যে নানা সম্প্রদায়ের উদ্ভব হয় এবং নানা মতেরও সৃষ্টি হয়। ৩২৫ খ্রীষ্টাব্দে কনস্টাণ্টাইন এক ধর্মসভা আহ্বান করে তাদের মধ্যে সংহতি আনয়ন করার চেষ্টা করেন।

প্রাচীন গ্রীকনগরী বাইজেণ্টিয়াম বা বাইজেন্টাইনই হয়ে উঠে সম্রাট কনস্টাণ্টাইনের মূল কর্মকেন্দ্র ও স্থায়ী রাজধানী। কৃষ্ণসাগর ও মার্মোরা সমুদ্রের সংগমে বসফোরাস প্রণালীর উপর ছিল এই নগরটি অবস্থিত।

বাইজেণ্টাইনে রাজধানী স্থাপন করার কয়েকটি কারণ ছিল। প্রথমতঃ, রোম সাম্রাজ্যের উপর জার্মান হানাদারদের ক্রমাগত আক্রমণে রোমনগরীর নিরাপত্তা বিপন্ন হয়ে উঠেছিল। দ্বিতীয়তঃ, ঐ স্থান থেকে গ্রীক, মিশর, এশিয়া মাইনর ও সিরিয়া-প্যালেস্টাইন অঞ্চলে শাসন পরিচালনা করা ছিল সহজ। জলপথে সব দিকেই যাতায়াতের খুব সুবিধা ছিল। তৃতীয়তঃ, এশিয়া মহাদেশে রোম সাম্রাজ্যের বিস্তৃতির ফলে সাম্রাজ্যের সম্পদ, জনসংখ্যা ও ব্যবসা-বাণিজ্য পূর্বাঞ্চলেই কেন্দ্রীভূত হয়ে পড়েছিল। চতুর্থ কারণ, রোমের প্রাচীনপন্থী পুরোহিতদের বিক্ষোভ। এইসব কারণে



কনস্টাণ্টাইন রোম থেকে দূরে যাবার সিদ্ধান্ত নেন ও বাইজেণ্টাইনে রাজধানী সরিয়ে নিয়ে যান। গ্রীস ও এশিয়ার শিল্পরীতির অনুকরণে তিনি নূতন রাজধানীকে সুসজ্জিত করেন। তাঁর নামানুসারেই বাইজেণ্টাইনের নূতন নাম হয় কনস্টাণ্টিনোপল। এই নগরটি বর্তমানে তুরুস্ক সাম্রাজ্যের রাজধানী ইস্তাম্বুল। রোমের পতনের পর বাইজেণ্টাইন সাম্রাজ্য নানা বিপর্যয়ের মধ্যে আরও প্রায় হাজার বছর টিকে ছিল।

কনস্টাণ্টাইনের মৃত্যুর পর রোম-সাম্রাজ্যে আবার অরাজকতা ও বিশৃঙ্খলা দেখা দেয়। সাম্রাজ্যটি দু'ভাগে ভাগ হয়ে যায়। ৩৯৪ খ্রীষ্টাব্দে সম্রাট থিওডোসিয়াস সাম্রাজ্যের পশ্চিম ও পূর্বভাগকে সংযুক্ত করেন। থিয়োডোসিয়াসের মৃত্যুর পর রোম সাম্রাজ্য আবার পাকাপাকিভাবে আলাদা হয়ে যায়। গড়ে উঠে পশ্চিম রোম সাম্রাজ্য ও পূর্ব রোম সাম্রাজ্য। জার্মান হানাদারদের প্রচণ্ড আক্রমণে ৪৭৬ খ্রীষ্টাব্দে পশ্চিম রোম সাম্রাজ্য লুপ্ত হওয়ার পর রোমের ঐতিহ্যপূর্ণ গৌরব ও মহিমার উত্তরাধিকারী হয় পূর্ব রোমসাম্রাজ্য।

পূর্ব রোম সাম্রাজ্যের শ্রেষ্ঠ সম্রাট ছিলেন জাস্টিনিয়ান। তিনি ৫২৭ থেকে ৫৬৫ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। রোমের লুপ্ত গৌরব ফিরিয়ে আনাই তাঁর জীবনের স্বপ্ন ছিল। তিনি ছিলেন শিক্ষিত ও কঠোর পরিশ্রমী। রাত্রে তিনি খুবই কম ঘুমাতেন এবং আহার ও পোশাক-পরিচ্ছদেও তাঁর কোন বিলাসিতা ছিল না। তাঁর চরিত্রের একমাত্র ত্রুটি ছিল, বিপদের সময় তিনি তাড়াতাড়ি কোন সিদ্ধান্ত নিতে পারতেন না। তবে তাঁর এই অভাব পূরণ করেন রাজমহিষী থিওডোরা। থিওডোরা পরোক্ষভাবে জাস্টিনিয়ানকে নানাভাবে সাহায্য করতেন।

সম্রাট জাস্টিনিয়ান



সম্রাজ্ঞী থিওডোরা

সিংহাসনে বসার পরেই সম্রাট জাস্টিনিয়ান রোম সাম্রাজ্যের দুই অংশকে



সংযুক্ত করার কাজে ব্রতী হন। সে সময় পশ্চিম রোম সাম্রাজ্যের অনেক অঞ্চল জার্মান উপজাতিদের দখলে ছিল। তিনি সেসব অঞ্চল পুনরুদ্ধার করার সংকল্প করেন। এই ব্যাপারে তাঁর উপযুক্ত সেনাপতি ছিলেন বেলিসেরিয়াস।

ঐক্যবন্ধ সাম্রাজ্য গঠনের প্রয়াস

বেলিসেরিয়াস প্রথমে সম্রাটের দেহরক্ষী ছিলেন। পরে সেনাপতি হন। তাঁর বীরত্ব ও রণকৌশল ছিল অতুলনীয়।

এই সময় উত্তর আফ্রিকায় ভ্যান্ডাল রাজ্যের সিংহাসন নিয়ে দুই জার্মান উপজাতির মধ্যে বিরোধ বাধে। জাস্টিনিয়ান এই বিরোধের সুযোগ নেন। ৫৩৩ খ্রীষ্টাব্দে তিনি বেলিসেরিয়াসকে এক বিরাট সেনাবাহিনী নিয়ে ভ্যাণ্ডালদের বিরুদ্ধে পাঠান। এক বছরের মধ্যে বেলিসেরিয়াস ভ্যান্ডালদের পরাস্ত করে সেই রাজ্য অধিকার করেন।

সেই সময়ে ভিসিগথদের ইটালী রাজ্য অস্ট্রোগথরা দখল করে। অস্ট্রোগথদের রাজা ছিলেন থিওডোরিক। তিনি ছিলেন শিক্ষিত ও সভ্য। তাঁর সুশাসনে ইটালীর লোকেরা সুখেই ছিল। তাঁর মৃত্যুর পর ৫৩৫ খ্রীষ্টাব্দে ইটালী দখল করার জন্য জাস্টিনিয়ান বেলিসেরিয়াসকে সেখানে পাঠান। পাঁচ বছর যুদ্ধ চলার পর অস্ট্রোগথরা পরাজিত হয় ও ইটালী থেকে বিতাড়িত হয়। এরপর জাস্টিনিয়ান অভিযান চালিয়ে স্পেন পুনরুদ্ধার করেন। এভাবে উত্তর আফ্রিকা, ইটালী ও স্পেন জাস্টিনিয়ানের দখলে আসে এবং পশ্চিম ও পূর্ব সাম্রাজ্যের দুই অংশ একত্রিত হয়।


সম্রাট জাস্টিনিয়ান

জাস্টিনিয়ানের প্রধান খ্যাতি কিন্তু তাঁর রাজ্য জয়ের জন্য নয়। নূতন আইন প্রণয়ন ও পুরণো আইনকানুন সংগ্রহ ও সংকলনের জন্য তিনি ইতিহাসে এক বিশেষ স্থান অধিকার করে আছেন। সমাজে শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য বহুরকমের আইন রোমের এক বিশিষ্ট অবদান। রোমের পতনের পর সে-সব আইন অচল হয়ে যায়। জাস্টিনিয়ান সেগুলি সংগ্রহ ও সংকলন করে নিজের সাম্রাজ্যে আবার প্রচলন করেন। এই আইন 'জাস্টিনিয়ান



কোড' বা জাস্টিনিয়ানের আইন বিধি বলে পরিচিত। এই আইন বিধি পরের যুগে ইওরোপের আইন রচয়িতাদের আদর্শ হয়ে উঠে। ইওরোপীয় দেশগুলির আইনকানুনের বেশীর ভাগই জাস্টিনিয়ানের আইন-বিধি থেকে নেওয়া হয়েছে। এখনও পৃথিবীর অনেক দেশ তাঁর আইনের মূল নীতি অনুসরণ করে থাকে। এই কারণে জাস্টিনিয়ানকে "সভ্যতার আইন-প্রণেতা" (**Lawgiver of Civilization**) বলা হয়।

জাস্টিনিয়ানের আইন সংকলন ও তার গুরুত্ব

পূর্বরোম সাম্রাজ্যের প্রাণকেন্দ্র ছিল রাজধানী কনস্টাণ্টিনোপল। বসফোরাস প্রণালীর উপর অবস্থিত দুর্গ ও প্রাকারে সুরক্ষিত এই নগরী ছিল সে যুগের শ্রেষ্ঠ নগরী। কনস্টাণ্টিনোপল যখন ঐশ্বর্যময়ী ও সমৃদ্ধ নগরীর মর্যাদা লাভ করে, সে সময় লণ্ডন ও প্যারিস ছিল নিতান্তই নগণ্য গ্রাম। জাস্টিনিয়ানের অনেক আগেই সম্রাট কনস্টাণ্টাইন বাইজেণ্টাইন নগরীর স্থাপত্য সৌন্দর্যের জন্য নানা চেষ্টা করেছিলেন। জাস্টিনিয়ানও ছিলেন শিল্প-কলার পরম পৃষ্ঠপোষক। তাঁর আমলে স্থাপত্য শিল্পের চরম বিকাশ ঘটে। তিনি সেযুগের শ্রেষ্ঠ স্থপতি ও ভাস্করদের নগর, প্রাসাদ, মূর্তি, স্তম্ভ প্রভৃতি নির্মাণের কাজে নিযুক্ত করেছিলেন।

স্থাপত্য ও চারুকলার অগ্রগতি

নগরীর মাঝখানে একটি প্রকাণ্ড সভামণ্ডপ নির্মিত হয়। তার মাঝখানে নির্মিত হয়েছিল একটি বিশাল স্তম্ভ। সেই স্তম্ভের চূড়ায় অ্যাপোলো বা সূর্যদেবের একটা বিরাট ব্রোঞ্জ মূর্তি স্থাপন করা হয়েছিল। একটি মুক্ত রঙ্গালয়, স্নানাগার, পাথরের তৈরী বিশাল জলাধার, রাজপ্রাসাদ ও বিশাল অট্টালিকা এই নগরীর শোভাবর্ধন করত। তা ছাড়া ছিল ভাস্কর্যের বহু বিস্ময়কর নিদর্শন। সেণ্ট সোফিয়ার গির্জাও স্থাপত্য শিল্পের এক অপূর্ব কীর্তি। জাস্টিনিয়ান প্রচুর অর্থব্যয় করে এই অদ্বিতীয় গির্জাটি তৈরী করেছিলেন। তাঁর আমলে বাইজেণ্টাইনের চিত্রকলাও খুব উন্নত ছিল। চিত্রকলার মধ্যে রঙ্গীন মিনা করা ছবি ছিল অতুলনীয়। নানা রঙ্গীন কাচ, পাথর বা ধাতুর পাত জোড়া দিয়ে আঁকা ছবি ছিল বাইজেণ্টাইন চিত্রকলার প্রধান বৈশিষ্ট্য। এ ছাড়া সোনা ও রূপার পাত্রে নানা রংএর ছবি আঁকতেও চিত্রশিল্পীরা দক্ষতা লাভ করেছিল।

বসফোরাস প্রণালীর উপর বাইজেণ্টাইন অবস্থিত থাকায় ব্যবসা-বাণিজ্যের পক্ষে স্থানটি ছিল খুবই অনুকূল। কাজেই কনস্টাণ্টিনোপল নগরীর প্রতিষ্ঠার সময় থেকে পূর্ব রোম সাম্রাজ্যে ব্যবসা-বাণিজ্যের উন্নতি শুরু হয়। বাইজেণ্টাইনের বণিকেরা মিশর ও লোহিত সাগরের ভিতর দিয়ে



ভারতে আসত। রাশিয়ার সঙ্গেও তাদের ব্যবসা-বাণিজ্য চলত।

ব্যবসা-বাণিজ্য

কৃষ্ণসাগরের উপকূল থেকে বণিকরা দাস সংগ্রহ করত, শস্য ও চামড়া ক্রয় করত, আবেসিনিয়া থেকে আমদানি করত হাতির দাঁত, সোনা ও মূল্যবান পাথর। চীন দেশ থেকে আমদানি করত রেশম-কাপড়। ভারত ও সিংহলে (বর্তমানে শ্রীলংকা) তারা রপ্তানি করত কাচের ও এনামেল-এর জিনিসপত্র। ব্যবসা-বাণিজ্যের সহজ চলাচলের জন্য রোমান রাজপথ ও সেতুগুলির সংস্কার করা হয়েছিল। বহির্বাণিজ্যের জন্য ছিল শত শত বাণিজ্য-পোত। পঞ্চম থেকে পঞ্চদশ শতক পর্যন্ত কনস্টাণ্টিনোপল ছিল বিশ্বের শ্রেষ্ঠ বাজার ও বাণিজ্য-পোতের কেন্দ্র। জাস্টিনিয়ান কৃষ্ণসাগরের উপকূলে কয়েকটি বন্দর তৈরী করে ব্যবসা-বাণিজ্যে প্রসারতা এনে দিয়েছিলেন।

পশ্চিম রোম সাম্রাজ্যের পতনের পর পশ্চিম ইওরোপে যখন শিক্ষা-দীক্ষা ও সংস্কৃতি প্রায় লুপ্ত, সে সময় কনস্টাণ্টিনোপল ছিল গ্রীক ও রোমান শিক্ষা ও সংস্কৃতির পীঠস্থান। বিদ্যাচর্চার জন্য এই নগরী তথা পূর্ব রোম সাম্রাজ্য সে যুগে খ্যাতি লাভ করেছিল।

শিক্ষা ও সংস্কৃতি

ইওরোপের বহু পণ্ডিত এখানে গ্রীক ভাষা, সাহিত্য, দর্শন ও ধর্মগ্রন্থের অধ্যয়ন ও অধ্যাপনা করতেন। তাঁরা সাহিত্য ও দর্শনের সঙ্গে বিজ্ঞানেরও যথেষ্ট চর্চা করতেন। সম্রাট জাস্টিনিয়ানের ব্যক্তিগত চিকিৎসক আইটাস চিকিৎসা ও ভেষজ-সংক্রান্ত একখানি বিশ্বকোষ রচনা করেন। চোখ, নাক ও দাঁতের চিকিৎসা ও নিরাময়ের ব্যবস্থা ঐ গ্রন্থে পাওয়া যায়। জাস্টিনিয়ানের আমলের কিছু আগে পশু চিকিৎসা সম্বন্ধে ফ্ল্যাভিয়াস ভ্যাগেটিয়াস নামে এক বৈজ্ঞানিক একখানি তথ্যপূর্ণ বিজ্ঞান-গ্রন্থ রচনা করেন।

রসায়ন ও জ্যোতির্বিদ্যার প্রধান কেন্দ্র ছিল আলেকজান্দ্রিয়া নগর। জ্যোতির্বিদ্যায় এ যুগের মানুষদের খুব বিশ্বাস ছিল। তারা বিশ্বাস করত যে গ্রহ-নক্ষত্রাদি মানুষের জীবনের উপর প্রভাব বিস্তার করে। এ যুগের শ্রেষ্ঠ গণিতবিদ ও দার্শনিক ছিলেন হাইপাশিয়া নামে এক বিদুষী মহিলা। তিনি প্রাচীন গ্রীক ও রোমান জ্যোতিশাস্ত্রের উপর কতকগুলো টীকা রচনা করেন। পরে তিনি দর্শনশাস্ত্রের চর্চায় ব্রতী হন। প্লেটো ও প্লটিনাসের দার্শনিক তত্ত্বের উপর ভিত্তি করে তিনি কয়েকখানা দার্শনিক গ্রন্থ রচনা করেন। বাইজেণ্টাইনের অপর খ্যাতনামা দার্শনিক ছিলেন প্রোক্লাস। তিনি গ্রীক দর্শনের আদর্শ সংকলন করে দর্শন শাস্ত্রকে বিজ্ঞান-সম্মত করে তোলেন।



জাস্টিনিয়ানের রাজত্বের আগেই কনস্টাণ্টিনোপলে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়েছিল। এখানে দর্শন, আইন, ব্যাকরণ, গ্রীক ও ল্যাটিন সাহিত্য প্রভৃতি বিষয়ে পঠন-পাঠন চলত। গ্রীক সাহিত্য চর্চার জন্য এই বিশ্ববিদ্যালয়ে একত্রিশজন অধ্যাপক ছিলেন।

প্রাচীন সংস্কৃতির সংরক্ষণ

এভাবে পশ্চিম রোম সাম্রাজ্যের পতনের পর প্রায় হাজার বছর প্রাচীন রোমান ও গ্রীক শিক্ষা, সভ্যতা ও সংস্কৃতি বাইজেণ্টাইন সাম্রাজ্য সযত্নে সংরক্ষণ করেছিল। বাইজেণ্টাইন থেকেই রোমান ও গ্রীক সাহিত্য, রোমের আইন-কানুন এবং স্থাপত্য ও চারুশিল্পের ধারা পশ্চিম ইওরোপে নূতন করে প্রবাহিত হয়েছিল। এই কারণে বাইজেণ্টাইন সাম্রাজ্য বিশ্বের ইতিহাসে এক বিশেষ স্থান অধিকার করে আছে।

অনুশীলনী

১। কনস্টাণ্টিনোপল নগরীর প্রতিষ্ঠা কে করেছিলেন? কেন এবং কিভাবে প্রতিষ্ঠিত হয়েছিল?

২। জাস্টিনিয়ান কে ছিলেন? কি জন্য তিনি ইতিহাসে এক বিশেষ স্থান অধিকার করে আছেন?

৩। জাস্টিনিয়ান ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের জন্য কি করেছিলেন?

৪। বাইজেণ্টাইন সাম্রাজ্যের ব্যবসা-বাণিজ্যের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৫। বাইজেণ্টাইন সাম্রাজ্য প্রাচীন সভ্যতা ও সংস্কৃতি কিভাবে সংরক্ষণ করেছিল?

৫ ইসলাম ও তার প্রভাব


যীশুখ্রীষ্টের জন্মের প্রায় ছয় শ' বছর পরে আরবদেশে এক নূতন ধর্মের আবির্ভাব হয়। আরব দেশের প্যালেস্টাইন অঞ্চলে এর আগে দু'টি ধর্মের আবির্ভাব হয়েছিল—একটি ইহুদী ধর্ম ও অপরটি খ্রীষ্টান ধর্ম। ইহুদী ও খ্রীষ্টান ধর্মের মিলিত প্রভাব নিয়ে আসে এক নূতন ধর্ম। তার নাম ইসলাম। এই ধর্মের প্রবর্তক ছিলেন আরবের ধর্মনায়ক হজরত মহম্মদ।

এশিয়া মহাদেশের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত আরব এক মরুভূমির দেশ। দিগন্ত বিস্তৃত মরুভূমির মাঝে মাঝে খেজুর গাছের ঝোপে ঘেরা মরুদ্যান। সমুদ্রের কাছাকাছি অঞ্চল কিছুটা উর্বর। এই অঞ্চলে সে যুগে কয়েকটি গ্রাম ও শহর গড়ে উঠেছিল। প্রধান শহর ছিল মক্কা, মদিনা ও জেদ্দা। আরবদেশের কাছেই অতি প্রাচীনকালে কয়েকটি সমৃদ্ধিশালী সাম্রাজ্য ও সভ্যতা গড়ে উঠেছিল। ইউফ্রেটিস ও টাইগ্রীস নদীর অববাহিকা অঞ্চলে সুমেরীয়, আসিরীয় ও ব্যাবিলোনীয় সাম্রাজ্য ও সভ্যতার উদয় হয়েছিল। আরবদেশের উত্তর-পশ্চিমে ছিল-প্রাচীন ফিনিশীয় সাম্রাজ্য।

আরব দেশের পরিচিতি

ইহুদী ও আসিরীয়দের মত আরবরাও ছিল এক সেমিটিক অর্থাৎ মিশ্রিত জাতি। হজরত মহম্মদের জন্মের আগে বহু ছোট ছোট উপজাতি আরবদেশে বাস করত। এদের একদল শহরে স্থায়ীভাবে বাস করত ও অপর দল ছিল যাযাবর। যাযাবরদের বলা হত বেদুইন। বেদুইনদের কোন নির্দিষ্ট ঘরবাড়ি ছিল না। এদের প্রধান জীবিকা ছিল পশুপালন। এরা ঘোড়া ও উটের পিঠে মালপত্র চাপিয়ে ব্যবসা-বাণিজ্য করত। আবার প্রয়োজনে লুঠতরাজও করত। শহরবাসী আরবরা দেশবিদেশে ব্যবসা করত। তারা দল বেঁধে ঘোড়া ও উটের পিঠে চড়ে মরুভূমি পার হয়ে বিভিন্ন দেশে যাতায়াত করত। আবার কেউ কেউ সমুদ্র পাড়ি দিয়ে ভারতে ও রোমেও ব্যবসা চালাত।

আরবদের পরিচিতি



আরবদের মধ্যে ছিল অনেক উপজাতি। এদের মধ্যে বিবাদ-বিসম্বাদ ও মারামারি প্রায় লেগেই থাকত। এদের সমাজজীবন ছিল কুসংস্কারে আচ্ছন্ন। পুরুষরা বহু বিবাহ করত। এরা বহু দেবদেবীতে বিশ্বাসী ছিল। প্রত্যেকটি উপজাতির একটি করে উপাস্য দেবতা বা দেবী ছিল। এদের মধ্যে অসংখ্য মূর্তি পূজার প্রচলন ছিল। বিভিন্ন দেবদেবীর প্রাধান্য নিয়ে এদের মধ্যে মারামারি প্রায়ই লেগে থাকত। মক্কার কাবাশরিফ ছিল প্রধান ধর্মমন্দির। এই মন্দিরে ৩৬০টি দেবদেবীর মূর্তি ছিল। এই মন্দিরে একটি কৃষ্ণশিলা আছে। আরবরা এই পাথরখানিকে আল্লাহ্-র প্রতীক বলে মনে করে। আরববাসী ও মুসলিম জগতের কাছে এই পাথরখানি অতি পবিত্র বস্তু। এই পাথরখানি দর্শন করার জন্য ও তার চারদিকে প্রদক্ষিণ করার জন্য অগণিত ধর্মপ্রাণ মুসলিম তীর্থযাত্রী প্রতিবছর মক্কায় আসেন। একে বলা হয় 'হজ'। 'হজ' হল ইসলামধর্মের এক মহান ও পবিত্র ধর্মীয় কর্তব্য।

হজরত মহম্মদের আবির্ভাবের আগে আরবদের কোন কেন্দ্রীয় সংগঠন বা প্রশাসন বলতে কিছুই ছিল না। প্রত্যেক উপজাতির একজন সর্দার থাকতেন যাকে বলা হত 'শেখ'। শেখরা স্বেচ্ছাচারী হতেন না। আরবরা ব্যক্তিগত স্বাধীনতায় ও গণতন্ত্রে বিশ্বাস করত। আরবদের আরও কয়েকটি বিশেষ গুণ ছিল। তারা ছিল অতিথিপরায়ণ, তা ছাড়া তাদের মধ্যে বিদ্যাচর্চারও কিছু প্রচলন ছিল। হজরত মহম্মদের তথা ইসলামের আবির্ভাবের আগে এই ছিল আরবদের সাধারণ অবস্থা।

হজরত মহম্মদ

আনুমানিক ৫৭০ খ্রীষ্টাব্দে কোরেস বংশে ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদের জন্ম হয়। মহম্মদের পিতা ছিলেন মক্কার নিবাসী আবদুল্লাহ, মাতা ছিলেন মদিনা নিবাসিনী আমিনা। মহম্মদের জন্মের কয়েকদিন আগেই পিতার মৃত্যু হয় এবং তাঁর জন্মের ছয় বৎসর পরে মাতাও মৃত্যুমুখে পতিত হন। ফলে শিশুকাল হতেই পিতামহ ও পিতৃব্যের কাছে মহম্মদ লালিত পালিত হতে থাকেন। তাঁর পিতৃব্যের নাম ছিল আবুতালিব।

বাল্যকালে হজরত পিতৃব্যের সঙ্গে উটে চড়ে বেড়াতেন। কিশোর বয়সে তিনি সেই পিতৃব্যের সঙ্গে ব্যবসা-বাণিজ্যের ব্যাপারে যেতেন দূর দূর দেশে। ছেলেবেলা থেকেই হজরত ছিলেন ধর্মপরায়ণ ও দয়ালু। আরবদের দুঃখকষ্ট তাকে অত্যন্ত ব্যথিত করত। একটু বড় হয়েই



ভাবতেন কি ভাবে এই দুঃখ কষ্ট দূর করা যায়। এরপর তিনি নানাভাবে ইহুদী ও খ্রীষ্টানদের সংস্পর্শে আসেন। তাদের ধর্মের রীতিনীতি বিচার করে আরবদের মধ্যে যে সব কুসংস্কার ছিল তা দূর করার জন্য তিনি ব্যস্ত হয়ে পড়েন।

পঁচিশ বছর বয়সে হজরত মহম্মদ খাদিজা নামে এক পুণ্যবতী ও ধনশালিনী মহিলাকে বিয়ে করেন। খাদিজার ব্যবসা-বাণিজ্যের তদারক করেই তাঁর বেশ কিছুদিন কেটে যায়। কিন্তু পারিবারিক সুখ ও ঐশ্বর্য তাঁকে অন্তরের শান্তি দিতে পারে না। তিনি প্রায়ই নির্জন মরুভূমিতে আল্লাহ্-র ধ্যানে মগ্ন থাকতেন। মক্কার অদূরে হেরা নামক পাহাড়ের নির্জন গুহায় তিনি প্রায় পনের বছর গভীর তপস্যায় নিমগ্ন ছিলেন। কথিত আছে, স্বর্গের দূত গ্যাব্রিয়েল মহম্মদের কাছে আল্লাহ্-র বাণী নিয়ে আসেন এবং তা প্রচারের জন্য তাঁকে নির্দেশ দেন। সেই সময় থেকে মহম্মদ পয়গম্বর নামে পরিচিত হন।

হজরতের সাধনা

এই ভাবে ইসলাম ধর্মের উৎপত্তি হয়। ইসলাম শব্দের অর্থ হল আল্লাহ্-র কাছে পূর্ণ আত্মসমর্পণ। এই আত্মসমর্পণের দ্বারাই মানুষ প্রকৃত শান্তি লাভ করে। যারা এই ধর্মে বিশ্বাসী তাদের বলা হয় মুসলিম বা মুসলমান। ইসলামে কোন পুরোহিত নেই, যেমন হিন্দু ও খ্রীষ্টান ধর্মে আছে। প্রত্যেক মুসলমানই ইসলামের ধর্মপ্রচারক।

ইসলাম শব্দের অর্থ

হজরত মহম্মদ প্রথমে নিজের আত্মীয়-স্বজনদের মধ্যে তাঁর ধর্মমত প্রচার করেন। তিনি আল্লাহ্-র বাণী সর্বপ্রথম প্রকাশ করেন খাদিজার কাছে। খাদিজা স্বামীর শিষ্যত্ব গ্রহণ করেন। প্রথম দিকে মহম্মদের শিষ্যের সংখ্যা ছিল চল্লিশ। পরে বাড়তে থাকে। তাঁর ধর্মমতের মূলমন্ত্র হল আল্লাহ্ এক ও অদ্বিতীয়। মহম্মদ নিজেকে আল্লাহ্-র প্রেরিত পুরুষ বা 'রসুল' বলে প্রচার করেন। তিনি মূর্তি পূজার নিন্দা করতেন বলে মক্কাবাসী অত্যন্ত ক্রুদ্ধ হয় এবং তারা মহম্মদকে হত্যা করার চেষ্টা করে। এই অবস্থায় মহম্মদ কয়েকজন শিষ্যকে নিয়ে মদিনায় চলে যান। ইতিহাসে এই ঘটনাকে বলা হয় 'হিজরত'।

মহম্মদের ধর্মপ্রচার

মহম্মদ মক্কা ত্যাগ করেন ৬২২ খ্রীষ্টাব্দে। সেই সাল থেকে মুসলমানদের মধ্যে হিজরী সন শুরু হয়। মদিনাবাসীরা মহম্মদকে আশ্রয়



দেওয়ায় মক্কাবাসীরা ক্ষেপে গিয়ে মদিনা আক্রমণ করে। কিন্তু মহম্মদ অবিচলিত থেকে তাঁর ধর্মমত প্রচার করে যান। মহম্মদের নৈতিক পবিত্রতা, সততা ও ঈশ্বরভক্তি তাঁকে জনপ্রিয় করে তোলে। দলে দলে মানুষ তাঁর ধর্ম গ্রহণ করে। এরপর তিনি অনেক লোকজন সংগ্রহ করে মক্কার বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। মক্কাবাসীরা পরাজিত হয়ে মহম্মদের কাছে আত্মসমর্পণ করে। পরম দয়ালু মহম্মদ মক্কাবাসীদের ক্ষমা করেন ও তাদের ইসলাম ধর্মে দীক্ষিত হবার জন্য উপদেশ দেন। মক্কাবাসীরা তখন দলে দলে ইসলাম ধর্ম গ্রহণ করে। কাবাশরিফের পবিত্র পাথরখানি ছাড়া আর সব দেবদেবীর মূর্তি ভেঙে ফেলা হয়। এরপর থেকে আরবদেশে ইসলাম ধর্মের দ্রুত প্রসার ঘটে। হজরত মহম্মদ পারস্য, মিশর, কনস্টাণ্টিনোপল ও আবিসিনিয়ার সম্রাটদের কাছে দূত পাঠিয়ে তাঁদের ইসলাম ধর্ম গ্রহণের আহ্বান জানান।

প্রায় ষাট বছর বয়সে ৬৩২ খ্রীষ্টাব্দে হজরত মহম্মদ দেহত্যাগ করেন।

মহম্মদের উপদেশ

হজরত মহম্মদের উপদেশের মূলমন্ত্র ছিল ঈশ্বর বা আল্লাহ্‌ এক ও অদ্বিতীয়। তিনিই একমাত্র সৃষ্টিকর্তা ও মোক্ষদাতা। তিনি প্রচার করেন যে তাঁর উপদেশ সর্বশক্তিমান ঈশ্বর বা আল্লাহ্‌-রই উপদেশ। তিনি শিষ্যদের নিয়মিত ভাবে আল্লাহ্‌-র উপাসনা করতে নির্দেশ দেন। 'কোরাণ-শরিফ' মুসলমানদের অতি পবিত্র ধর্মগ্রন্থ। মুসলমানদের বিশ্বাস যে কোরাণের উপদেশগুলি আল্লাহ্‌-র বাণী। মহম্মদ ইসলামধর্মীদের কয়েকটি অবশ্য পালনীয় কর্তব্যের নির্দেশ দিয়ে গেছেন—যথা প্রতিদিন পাঁচবার আল্লাহ্‌-র উপাসনা, উপবাস, দান, তীর্থযাত্রা (হজ) ও অতিথি-সেবা। তিনি তাঁর অনুগামীদের অন্যধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকার কথাও বলে গেছেন। মহম্মদের আর একটি প্রধান উপদেশ ছিল, সকল মুসলমানই সমান ও এক আল্লাহ্‌-র সন্তান।

ইসলাম ধর্মের দ্রুত প্রসারের কারণ

ইসলাম ধর্মের দ্রুত প্রসারের কয়েকটি কারণ ছিল। সহজ ও অনাড়ম্বর ধর্মের কথা সাধারণ অশিক্ষিত লোকেরাও বুঝতে পারে। ইসলাম ধর্মে কোন জাতি বা বর্ণভেদ নেই। আল্লাহ্‌-র উপর বিশ্বাসী মুসলমানরা সকলেই সমান। ধর্মের দৃষ্টিতে ধনী, দরিদ্র, আমীর, ফকির, রাজা, প্রজা সকলেই এক। সমতার আদর্শ, অনাড়ম্বর ধর্মীয় অনুষ্ঠান এবং সহজ ও



সরল ধর্মীয় অনুশাসন—ইসলাম ধর্মের জনপ্রিয়তা ও তার প্রসারের অন্যতম কারণ। ইসলামের ধর্মীয়, সামাজিক ও অর্থনৈতিক সমতার আদর্শে অনুপ্রাণিত হয়ে অগণিত মানুষ স্বেচ্ছায় এই ধর্ম গ্রহণ করে। অনেক জায়গায় বিশেষ করে দক্ষিণ ভারতে ও সিন্ধু দেশে আরবদের সংস্পর্শে এসে বহু ভারতীয় এই ধর্ম গ্রহণ করেছিল। অবশ্য পৃথিবীর কোন কোন দেশে রাজ্যবিস্তার করে ইসলামধর্মীরা অনেক সময় জোর করে অনেককে ধর্মান্তরিত করেছিল এমনও দৃষ্টান্ত আছে।

খলিফা ও আরব সাম্রাজ্য

ইসলামের দিগ্‌বিজয়ে নেতৃত্ব করেছিলেন খলিফারা। তাঁরা ছিলেন একাধারে ধর্মগুরু ও রাষ্ট্রনায়ক। হজরত মহম্মদের কোন ছেলে ছিল না। সুতরাং তাঁর দেহত্যাগের পর আরবরাজ্যের শাসনভার ও ধর্মের পরিচালনার ভার কাকে দেওয়া হবে—এই প্রশ্ন দেখা দেয়। অবশেষে আরবদের নেতৃস্থানীয় লোকেরা হজরত মহম্মদের প্রধান শিষ্য আবুবকরকে খলিফার পদে নির্বাচিত করেন। আবুবকরের পরে খলিফা হন যথাক্রমে ওমর, উসমান ও আলি। এই চারজনকে 'পুণ্যবান খলিফা' বলা হত—কারণ তাঁরা সরল ও পবিত্র জীবন যাপন করতেন।


হজরত মহম্মদের দেহত্যাগের প্রায় একশ' বছরের মধ্যে আরবরা পৃথিবীর অনেক দেশ জয় করে ইসলাম ধর্ম প্রচার করে। পূর্বদিকে ভারতের সিন্ধুদেশ থেকে পশ্চিমে স্পেন পর্যন্ত এক বিশাল আরব সাম্রাজ্য গড়ে উঠে। এই সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল সমগ্র আরব দেশ, মিশর, সিরিয়া, প্যালেস্টাইন, আফ্রিকার উত্তরাঞ্চল, পারস্য, আফগানিস্থান, ভারতের সিন্ধুদেশ, মধ্য এশিয়ার খোরাসান, তুর্কীস্থান ও স্পেন।

খলিফা আবুবকর তিন বছর শাসনকার্য পরিচালনা করেন। সেই সময়ে আরবের বেদুইনরা ইসলামধর্ম ত্যাগ করে বিদ্রোহী হয়। ধর্মরক্ষার জন্য আবুবকর বেদুইনদের সঙ্গে যুদ্ধ করেন। বেদুইনরা পরাস্ত হয়।

আবুবকরের পর খলিফা হন ওমর। তিনি পূর্ব-রোম সম্রাট হেরাক্লিসকে পরাস্ত করে দামাস্কাস, সিরিয়া ও প্যালেস্টাইন দখল করেন। ওমরের সেনাবাহিনী মিশরের দিকে যাত্রা করে আলেকজান্দ্রিয়া দখল করে।



ওমরের পর খলিফা হন উসমান। তিনি বার বছর ক্ষমতায় অধিষ্ঠিত



থাকেন। কিন্তু প্রকৃত ক্ষমতা ছিল মোয়াবিয়া নামে তাঁর এক আত্মীয়ের হাতে। মোয়াবিয়া ছিলেন উমাইয়াদ বংশীয়।



উসমানের পর খলিফা হন আলি। আলি হজরত মহম্মদের কন্যা ফাতিমাকে বিয়ে করেছিলেন। সে সময়ে মুসলিম জগতে আলি ছিলেন সর্বাধিক পুণ্যবান ও তেজস্বী। কিন্তু কিছুদিনের মধ্যেই তিনি শত্রুদের চক্রান্তে প্রাণ হারাণ।


আলির পর মোয়াবিয়া খলিফার আসনে বসেন। তাঁর সময় থেকে খলিফা পদ বংশগত হয়ে দাঁড়ায়। খিলাফৎ সাম্রাজ্যে উমাইয়াদ বংশ ৬৬১ থেকে ৭৫০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করে। মোয়াবিয়া বাইজেণ্টাইন সাম্রাজ্য আক্রমণ করেন, উত্তর আফ্রিকায় কার্থেজ নগরটি ধ্বংস করে সমগ্র উত্তর-আফ্রিকা জয় করেন।

৭৫০ খ্রীষ্টাব্দে উমাইয়াদদের সরিয়ে দিয়ে আব্বাসীয় বংশ খিলাফৎ দখল করে। আব্বাস ছিলেন হজরত মহম্মদের কাকা। আব্বাসীয়রা প্রায় পাঁচশ' বছর রাজত্ব করে। তাদের সময়ে রাজধানী ছিল বাগদাদ্। আব্বাসীয় বংশের শ্রেষ্ঠ খলিফা ছিলেন হারুণ-অল্-রসিদ। তাঁর আমলে খিলাফৎ সাম্রাজ্যের সমৃদ্ধি চরম শিখরে উঠে। টাইগ্রিস নদীর তীরে বাগদাদ্ নগরটি ছিল ঐশ্বর্যে ও শিল্প-সম্পদে সমৃদ্ধ। হারুণ-অল্-রসিদ যেমন প্রজাদরদী ছিলেন, তেমনি ছিলেন বীর যোদ্ধা। তিনি এশিয়া মাইনর জয় করেন ও কনস্টাণ্টিনোপলের সম্রাটের কাছ থেকে কর আদায় করেন।

আরবরা স্পেন দেশেও এক শক্তিশালী রাজ্য স্থাপন করে। উমাইয়াদ খলিফাদের আমলে ৭১১ খ্রীষ্টাব্দে এক বিশাল আরববাহিনী স্পেন আক্রমণ করে। তারা ভিসিগথদের পরাজিত করে স্পেন দখল করে নেয়। এই ঘটনার পর আরব, সিরিয়া ও উত্তর আফ্রিকা থেকে দলে দলে লোক স্পেনে এসে বসবাস শুরু করে। ৭৫৬ খ্রীষ্টাব্দে উমাইয়াদ বংশের আবদুর রহমান নামে এক যুবক স্পেনে এসে মুসলমান রাজ্যের অধীশ্বর হন। এই রাজ্যের রাজধানী ছিল কর্ডোভা। পশ্চিম ইওরোপের লোকেরা এদের নাম দেয় 'মুর'। পরধর্মের প্রতি স্পেনের মুরেরা ছিল খুবই উদার। এই উদারতা ছিল সে যুগের পক্ষে বিস্ময়কর।

স্পেনবিজয়
কর্ডোভা

সেই সময়ে কর্ডোভা সমৃদ্ধি ও সভ্যতায় কনস্টান্টিনোপল ও বাগদাদের পরেই স্থান পেয়েছিল। স্থাপত্য শিল্পে মুসলিম স্পেন ছিল ইওরোপের পুরোভাগে। কর্ডোভা নগরী সুরম্য প্রাসাদ, রাজপথ, স্নানাগার ও



মসজিদে সুসজ্জিত ছিল। জ্ঞান-বিজ্ঞান ও দর্শন চর্চায় মুসলিম-স্পেন ছিল ইওরোপের শিক্ষাগুরু। কর্ডোভার বিশ্ববিদ্যালয় ছিল সেযুগের এক বিখ্যাত শিক্ষাকেন্দ্র। বহু দেশী-বিদেশী পণ্ডিত সেখানে অধ্যাপনার কাজে নিযুক্ত ছিলেন।

শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে আরবদের অবদান

হজরত মহম্মদের দেহত্যাগের পর পাঁচশ' বছরের মধ্যে আরবরা যে সভ্যতা ও সংস্কৃতি গড়ে তুলেছিল তা সে সময়ের ইওরোপীয় সভ্যতা ও সংস্কৃতির তুলনায় ছিল অনেক উন্নত। ইওরোপ যখন অজ্ঞানতার অন্ধকারে নিমজ্জিত, সে সময় বাগদাদ, কায়রো, কর্ডোভা প্রভৃতি নগর থেকে জ্ঞানের আলো ইওরোপে ছড়িয়ে পড়ে। অংকশাস্ত্র, চিকিৎসা বিদ্যা, রসায়ন, ইতিহাস, ভুগোল প্রভৃতি নানা বিষয়ে আরবদের যথেষ্ট জ্ঞান ছিল। তারা সংখ্যা-লিখন পদ্ধতি, বীজগণিত, জ্যোতির্বিদ্যা, আয়ুর্বেদ ইত্যাদি গ্রীক ও ভারতীয়দের কাছ থেকে শিখে তা ইওরোপে প্রচার করে। ইওরোপের চিকিৎসা শাস্ত্র আরবদের কাছে খুবই ঋণী। আরবদের কাছ থেকেই ইওরোপের লোকেরা ঘরের দেওয়ালের কারুকার্য শেখে। একে আরাবেস্ক নাম দেওয়া হয়েছে। লিউট, গীটার ইত্যাদি আরবদের কয়েকটি সংগীত-যন্ত্র ইওরোপে জনপ্রিয় হয়ে উঠেছিল। অনেক আরবী-গ্রন্থ তখন ল্যাটিন ভাষায় অনূদিত হয়। মাইকেল স্কট, গার্বার্ট, এডেলার্ড প্রভৃতি অনেক ইওরোপীয় পণ্ডিত মুসলিম-স্পেনে গিয়ে বহু বিষয়ে শিক্ষালাভ করেন। প্রকৃতপক্ষে আরবরা ইওরোপকে অন্ধবিশ্বাস, কুসংস্কার ও অজ্ঞানতা থেকে মুক্তির পথ দেখায়। কাব্য, সাহিত্য, ইতিহাস ও জীবন-চরিত রচনায় আরবরা মৌলিক প্রতিভার পরিচয় দিয়েছিল। শিল্প ও স্থাপত্য বিদ্যায় আরবরা খুবই উন্নতি লাভ করেছিল।

সে যুগে জ্ঞান চর্চা ও জ্ঞান বিস্তারে অনেক আরব-মণীষী খ্যাতি অর্জন করেছিলেন। আবুসিনা ছিলেন সে যুগের শ্রেষ্ঠ চিকিৎসা-বিজ্ঞানী। চিকিৎসা শাস্ত্র ছাড়াও তিনি দর্শন, জ্যামিতি, জ্যোতিষ ও শিল্প সম্বন্ধে ৪৩ খানা গ্রন্থ রচনা করেন। ইবন রসিদ ছিলেন দর্শন শাস্ত্রে সুপণ্ডিত। তাঁর জন্ম স্পেনে। একটি বিরাট চিকিৎসা গ্রন্থে তিনি বসন্ত রোগ ও চোখের ভিতরের যন্ত্র সম্বন্ধে অনেক মূল্যবান কথা বলে গিয়েছেন। বিখ্যাত ঐতিহাসিক ছিলেন ইবন-খালদুন। তিনি



আরব, পারসিক ও বর্বর জাতির ইতিহাস রচনা করেন। অল-বারুণী ছিলেন গজনীর সুলতান মামুদের সভাসদ। তিনি জ্যোতিষশাস্ত্র, জ্যামিতি, গণিত প্রভৃতি বিষয়ে মূল্যবান গ্রন্থ রচনা করেন। তিনি ভারতে এসে সংস্কৃত ভাষা শিখেছিলেন ও হিন্দু দর্শন অধ্যয়ন করেছিলেন। ভারত সম্পর্কে তাঁর লেখা একখানি মূল্যবান গ্রন্থ আছে। ইবন বতুতা ছিলেন মরক্কো নিবাসী। তিনি নানা দেশ ঘুরে ১৩৩৩ খ্রীষ্টাব্দে ভারতে আসেন। তাঁর পাণ্ডিত্যে মুগ্ধ হয়ে দিল্লীর সুলতান মহম্মদ বিন তুঘলক তাঁকে দিল্লীর কাজীর পদে নিযুক্ত করেন। পরে তিনি সুলতানের দূত হয়ে চীন দেশে যান। তাঁর ভ্রমণ কাহিনী 'রেহালা' নামক গ্রন্থ থেকে ভারতীয় সভ্যতা ও সমাজ সম্বন্ধে অনেক কথা জানা যায়।

আরব মণীষী

অনুশীলনী

১। হজরত মহম্মদের জন্মের আগে আরবদেশের সংক্ষিপ্ত বিবরণ দাও।
২। ইসলাম ধর্মের প্রবর্তক কে? তিনি কি ভাবে ইসলাম ধর্ম প্রচার করেন?
৩। ইসলাম ধর্মের দ্রুত প্রসারের কারণ কি ছিল?
৪। ইওরোপের শিক্ষা, সংস্কৃতি ও সভ্যতায় আরবদের অবদানের বিবরণ দাও।
৫। আরব-মণীষীদের সম্বন্ধে যা জান লেখ।

৬ মধ্যযুগে পশ্চিম ইওরোপ

(৮০০—১২০০ খ্রীষ্টাব্দ)

শার্লামেন

রোম সাম্রাজ্য ধ্বংস হয়ে যাবার পর পঞ্চম শতকে জার্মান উপজাতিরা সেই ধ্বংসাবশেষের উপর গড়ে তোলে কয়েকটি রাজ্য। এদের মধ্যে একটি হল ফ্রাংকদের দ্বারা গঠিত ফ্রাংক রাজ্য—পরবর্তীকালে তা ফ্রান্স নামে পরিচিত হয়। বর্তমান ফ্রান্স ও জার্মানীর কিছু অংশ নিয়ে ফ্রাংক রাজ্যের প্রতিষ্ঠা হয়েছিল। ফ্রাংকরা রোমানদের কাছ থেকে খ্রীষ্টান ধর্ম গ্রহণ করে এবং সেই ধর্মের পরম পৃষ্ঠপোষক হয়ে দাঁড়ায়।



রাজা শার্লামেন


ফ্রাংক রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন শার্লামেন বা মহান চার্লস। তিনি ৭৬৮ থেকে ৮১৪ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। শার্লামেনের জীবনী লেখক আইনহার্ড তাঁর চেহারার ও স্বভাবের এক সুন্দর বর্ণনা দিয়েছেন। শার্লামেন ছিলেন অতিশয় দীর্ঘকায় ও অসাধারণ বলশালী। তাঁর দেহ ছিল সুগঠিত, বড় বড় উজ্জ্বল চোখ, উন্নত নাক ও হাসিভরা মুখ। তিনি ছিলেন কর্তব্যপরায়ণ ও কঠোর পরিশ্রমী। তিনি সম্ভ্রান্ত লোক ও রাজকর্মচারীদের সংগে অবাধে মেলা-মেশা করতেন বলে সকলের প্রিয় ছিলেন।

আকৃতি ও চরিত্র



শার্লামেন ছিলেন মধ্যযুগের সর্বশ্রেষ্ঠ দিগ্বিজয়ী বীর। তিনি ফ্রাংক রাজ্যকে এক বিশাল সাম্রাজ্যে পরিণত করেছিলেন। এজন্য ছেচল্লিশ বছরের রাজত্বকালে তাঁকে বাহান্নবার যুদ্ধযাত্রা করতে হয়েছিল। তিনি প্রথমে জার্মানীর অর্ধ-সভ্য স্যাক্সনদের বিরুদ্ধে অভিযান শুরু করেন। হাজার হাজার স্যাক্সন নিহত হয়। অবশেষে স্যাক্সনরা শার্লামেনের বশ্যতা স্বীকার করে খ্রীষ্টান ধর্ম গ্রহণ করে। এরপর শার্লামেন দক্ষিণে পিরিনীজ ও আল্পস্ পাহাড় অতিক্রম করে নানা রাজ্য দখল করে নিজের সাম্রাজ্য বিস্তার করেন।

রাজ্য বিস্তার



স্পেনের মুরদের সঙ্গে শার্লামেনের অনেক যুদ্ধ হয়। তিনি মুরদের পরাজিত করে পিরিনীজের উত্তর-পূর্বাঞ্চল দখল করেন। তিনি যখন পিরিনীজের পথে ফ্রান্সে ফিরে আসছিলেন সে সময় গ্যাস্কন নামে এক পার্বত্য জাতি অতর্কিতে তাঁকে ঘিরে ফেলে। সেই খবর পেয়ে শার্লামেনের ভাগিনেয় রোল্যাণ্ড একদল সৈন্যসহ সম্রাটের পেছন দিক আগলিয়ে গ্যাস্কনদের প্রতিরোধ করেন। রোল্যাণ্ড বীরত্বের সঙ্গে যুদ্ধ



করে প্রাণ হারান। কিন্তু শার্লামেন নিরাপদে নিজের রাজ্যে ফিরে আসেন। শার্লামেন ও রোল্যাণ্ডের এই বীরত্বের কাহিনী 'রোল্যাণ্ড-গীতি' নামে ফ্রান্সের লোকগাথায় অমর হয়ে আছে।

শার্লামেন উত্তর ইতালীতে লোম্বার্ডদের পরাজিত করেন এবং ব্যাভেরিয়া, বোহেমিয়া প্রভৃতি রাজ্য দখল করেন। এভাবে অনেক রাজ্য জয় করে শার্লামেন এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। বর্তমান কালের ফ্রান্স, হল্যাণ্ড, বেলজিয়াম, সুইজারল্যাণ্ড, জার্মানী, ইটালীর কিছু অংশ ও উত্তর স্পেন প্রভৃতি দেশ তাঁর সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হয়।

সে যুগে খ্রীষ্টান ধর্মের কেন্দ্র ছিল রোম। সেখানে বাস করতেন খ্রীষ্টানদের ধর্মগুরু পোপ। আবার পূর্ব-রোম-সাম্রাজ্যেও ছিল এক স্বতন্ত্র গির্জা ও খ্রীষ্টান সম্প্রদায়। শার্লামেন ছিলেন খ্রীষ্টান ধর্মে গভীর বিশ্বাসী। পোপের সম্মান ও তাঁর সম্পত্তি রক্ষা করার ব্যাপারে তিনি খুবই সচেষ্ট থাকতেন।

শার্লামেনের রাজ্যাভিষেক

সে সময় রোমের পোপ ছিলেন তৃতীয় লিও। রোমের লোকদের হাতে লাঞ্ছিত হয়ে তৃতীয় লিও রোম থেকে বিতাড়িত হন। পোপ শার্লামেনের শরণাপন্ন হন এবং সম্রাটের প্রতি আনুগত্যের নিদর্শন হিসাবে তাঁর কাছে রোম নগরীর পতাকা পাঠিয়ে দেন। শার্লামেন পোপের বিরোধীদের শাস্তি দিয়ে পোপকে স্বপদে প্রতিষ্ঠিত করেন। ৮০০ খ্রীষ্টাব্দে খ্রীষ্ট-মাসের দিন শার্লামেন পোপের আমন্ত্রণে রোমে আসেন। সে সময় সেণ্ট-পিটার গির্জায় পবিত্র খ্রীষ্টমাসের উৎসব চলছিল। শার্লামেন নতজানু হয়ে উপাসনায় বসেছিলেন। এমন সময় পোপ লিও শার্লামেনের মাথায় পরিয়ে দেন সোনার মুকুট। রোম সম্রাটরা যে রকম লালগাউন বা পোশাক পরতেন, সে রকম পোশাক পোপ শার্লামেনের গায়ে জড়িয়ে দেন। পোপ শার্লামেনকে রোমসম্রাট অগস্টাস বলে সংবর্ধনা করেন। শার্লামেনের সাম্রাজ্যকে আখ্যা দেওয়া হল 'পবিত্র রোম সাম্রাজ্য'। কিন্তু আসলে শার্লামেনের ও ফ্রাঙ্ক রাজ্যের নূতন নামকরণ হল মাত্র, তার বেশী কিছু নয়।

পোপের দ্বারা শার্লামেনের রাজ্যাভিষেক ইওরোপের ইতিহাসে স্মরণীয় হয়ে আছে। পোপ লিওর ইচ্ছা ছিল সাম্রাজ্যের রাজসভা কনস্টাণ্টিনোপল হতে রোমে ফিরিয়ে আনা। কিন্তু শার্লামেনের চিন্তা হয় যে পোপের দেওয়া এই সম্মান বাইজেণ্টাইন অর্থাৎ পূর্ব রোম সম্রাটের সঙ্গে তার সম্পর্কের অবনতি ঘটাতে পারে। সুতরাং শেষ পর্যন্ত



শার্লামেন বাইজেণ্টাইন সম্রাটের সংগে আপোষ করেন। বাইজেণ্টাইন সম্রাট শার্লামেনকে পশ্চিমের সম্রাট বলে স্বীকার করেন। প্রকৃতপক্ষে এই সময় থেকে আরও কয়েকশতক ইওরোপে দুই সম্রাট থাকেন—একজন পূর্বে ও অপরজন পশ্চিমে। রোমানদের সময় পশ্চিমে ও পূর্বে দুজন রোমসম্রাট থাকা সত্ত্বেও ইওরোপীয় জগৎ ছিল ঐক্যবদ্ধ। কিন্তু শার্লামেনের ফ্রাংক রাজ্যকে রোম সাম্রাজ্যের মর্যাদা দেওয়া হলে ইওরোপীয় জগৎ দুই ভাগে ভাগ হয়ে যায়। ১৪৫৩ খ্রীষ্টাব্দে পূর্ব রোম সাম্রাজ্যের পতনের সময় পর্যন্ত এই অবস্থা চলে।

শার্লামেনের রাজ্যাভিষেকের গুরুত্ব

পূর্ব ও পশ্চিম রোম সাম্রাজ্যের মধ্যে বিচ্ছিন্নতা ঘটায় গ্রীক ও ল্যাটিন খ্রীষ্টান ধর্মের মধ্যেও বিভেদ দেখা দেয়। শার্লামেনের রাজ্যাভিষেকের অপর গুরুত্ব হল, পোপ একজন সম্রাটের মাথায় রাজমুকুট পরিয়ে দিয়ে রাজতন্ত্রের উপর পোপতন্ত্রের প্রাধান্য সকলকে বুঝিয়ে দেবার সুযোগ পান। পোপের কাছ থেকে শার্লামেনের উত্তরাধিকারীদের রাজমুকুট গ্রহণ করার রীতি এই সময় থেকে চালু হয়। ফলে রাষ্ট্রের ব্যাপারে পোপ অনেক ক্ষমতা লাভ করেন। আবার পোপের সমর্থন পেয়ে শার্লামেন ঈশ্বরের প্রতিভূ হিসাবে রাজার রাজত্ব করার অধিকারের কথা প্রচার করেন। দশম শতক থেকে ইওরোপে পোপতন্ত্র ও রাজতন্ত্রের মধ্যে যে বিবাদ শুরু হয়, তার মূলে ছিল পোপের কাছে শার্লামেনের অভিষিক্ত হওয়া।

রাষ্ট্র ও গির্জার মধ্যে সম্পর্ক

সেণ্ট অগাস্টাইনের রচিত 'ঈশ্বরের নগর' নামে গ্রন্থখানি শার্লামেনের খুব প্রিয় ছিল। এই গ্রন্থখানি পড়ে ঈশ্বর-সমর্থিত রাষ্ট্রের ধারণা তাঁর মনে উদয় হয়—যে রাষ্ট্রে ঈশ্বরের ইচ্ছাই হবে আইন। রোমের পোপ তাঁকে সম্রাটপদে অভিষিক্ত করলেও, শার্লামেন রাষ্ট্রের ব্যাপারে পোপ তথা গির্জার প্রাধান্য স্বীকার করেন নি। তিনি গির্জার পরিষদে সভাপতিত্ব করতেন, ধর্মের ব্যাপারে যাজকদের উপদেশ দিতেন। তিনি যাজকদের রাষ্ট্রীয় প্রশাসনে মর্যাদার আসন দিয়েছিলেন। তবু তিনি যাজকদের তাঁর অধীনে ঈশ্বরের লোক বলে মনে করতেন। শার্লামেন নিজেকেও মনে করতেন ঈশ্বরের ইচ্ছার অভিব্যক্তি। তিনি গির্জা তথা যাজকদের প্রতি ছিলেন খুবই দয়ালু —কিন্তু তাদের উপর প্রভুত্ব করার দাবি কখনও ছাড়েন নি। মোটামুটি ভাবে তিনি রাষ্ট্র ও গির্জার মধ্যে সহযোগিতা বজায় রেখেছিলেন।



শার্লামেনের রাজধানী ছিল রাইন নদীর তীরে আকেন নগরী। তিনি সেই নগরের নাম দেন 'নূতন রোম'। শার্লামেন জাতিতে জার্মান হলেও,

রাজসভা ঃ শিল্প ও সাহিত্যের পৃষ্ঠপোষকতা

রোমের অতীত কীর্তি ও গৌরব ফিরিয়ে আনার জন্য তাঁর চেষ্টার বিরাম ছিল না। ইটালীর রেভেনা নগর থেকে মূল্যবান রঙীন পাথর এনে তিনি আকেনে অনেক বিশাল ও সুন্দর প্রাসাদ তৈরী করেন। রোম থেকে পুরনো স্তম্ভ, মূর্তি ও অন্যান্য মনোহর জিনিস এনে আকেন নগরীকে মনোরম করে তোলেন। রঙীন পাথর ও কাঁচ দিয়ে গির্জা সাজান হয়। সেকালে আকেন নগরীতে শার্লামেনের প্রাসাদ ইওরোপের এক অন্যতম দর্শনীয় বস্তু ছিল। লোকে জানত, আকেন সত্যি নূতন রোম।

শার্লামেন স্থাপত্য শিল্পেরও পৃষ্ঠপোষক ছিলেন। আকেনের বিশাল গির্জাটির (আয়লা-শ্যাপল) পরিকল্পনা তিনি নিজেই করেন। রেভেনার সানভাইটাল গির্জাটি বাইজেণ্টাইনের স্থাপত্য শিল্পের অনুকরণে তৈরী করা হয়। রাইন নদীর উপর বিশাল সেতুটি তাঁর আমলেই তৈরী হয়।

শার্লামেন নিজে ছিলেন নিরক্ষর। কিন্তু তিনি ছিলেন বিদ্যোৎসাহী। কিছু স্বদেশী ও বিদেশী পণ্ডিত তাঁর সভায় বিরাজ করতেন। তাঁদের

শিক্ষা বিস্তার


সাহায্যে শার্লামেন শিক্ষা বিস্তারে ব্রতী হন। এঁদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন ইংরাজ পণ্ডিত এলকুইন। ইংল্যাণ্ডে ডেনদের আক্রমণের সময় এলকুইন গৃহহারা হয়ে পথে বেরিয়ে পড়েন। শার্লামেন তাঁকে রাজসভায় আশ্রয় দেন। শার্লামেন রাজপ্রাসাদের ভিতরে যে বিদ্যালয় স্থাপন করেছিলেন, এলকুইন ছিলেন তার অধ্যক্ষ। প্রাসাদ-বিদ্যালয় ছাড়াও তিনি আরও অনেক বিদ্যালয় স্থাপন করেছিলেন। ক্লিমেণ্ট নামে আয়ারল্যাণ্ডের এক পণ্ডিতকে তিনি গলে (ফ্রান্সে) এক বিদ্যালয় পরিচালনার ভার দেন। শার্লামেন সম্ভ্রান্ত, মধ্যবিত্ত শ্রেণীর এমনকি চাষীদের ছেলেদের ক্লিমেণ্টের কাছে লেখাপড়ার জন্য পাঠাতেন। এদের সব খরচ সম্রাট নিজেই বহন করতেন। তাঁর চেষ্টায় ফ্রান্স ও পশ্চিম জার্মানীতে অনেক মঠ-বিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়। পরের যুগে এই সব বিদ্যালয় থেকেই বিশ্ববিদ্যালয়ের উৎপত্তি হয়।

ইওরোপের সেই অজ্ঞানতার যুগে শার্লামেন জ্ঞানের আলো জ্বালিয়ে রেখেছিলেন। নূতন রোম সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা ও মধ্যযুগের শ্রেষ্ঠ রাজা শার্লামেন ইতিহাসে স্মরণীয় হয়ে আছেন।



গির্জা ও মঠ

গির্জা ও মঠ—খ্রীষ্টান চার্চ বা গির্জার সংগঠনের সঙ্গে খ্রীষ্টান মঠ ছিল ঘনিষ্ঠভাবে জড়িত। যাঁরা মঠে বাস করতেন তাদের মংক বা সন্ন্যাসী বলা হত। সন্ন্যাস-জীবনই ছিল মঠ জীবনের প্রধান বৈশিষ্ট্য। ধর্ম ও শিক্ষা প্রচারে খ্রীষ্টান গির্জা ও মঠ একসময় বিশেষ ভূমিকা গ্রহণ করেছিল—যেমন করেছিল ভারতের বৌদ্ধ মঠগুলি। মধ্যযুগে ইওরোপে খ্রীষ্টান গির্জার নেতারা তপস্যা ও সন্ন্যাস-জীবনের আদর্শের কথা প্রচার করেন।



খ্রীষ্টান মঠ

খ্রীষ্টীয় তৃতীয় শতকে খ্রীষ্টানদের মধ্যে সন্ন্যাসব্রত গ্রহণের এক ঢেউ আসে। সেণ্ট এ্যাণ্টনী নামে মিশরের এক খ্রীষ্টান সন্ন্যাসীর আদর্শপূত জীবন ও তাঁর তপস্যা খ্রীষ্টানদের মধ্যে দারুণ উৎসাহের সঞ্চার করে। এ্যাণ্টনীকে ইওরোপে সন্ন্যাস-ব্রতের জনক বলা হয়। চতুর্থ শতকের মধ্যে আশ্রমবাসী খ্রীষ্টান সন্ন্যাসীদের খ্যাতি চারদিকে ছড়িয়ে পড়ে এবং বহু খ্রীষ্টান তাঁদের শিষ্য হন। এই শিষ্যরা গুরুর বাসস্থানের চারপাশে ছোট ছোট কুঁড়েঘর তৈরী করে বসবাস শুরু করে। সেই কুঁড়েঘরগুলিকে বলা হত 'লোরা'। এই লোরাগুলিই পরে মঠের ভিত্তি রচনা করে। পশ্চিম ইওরোপে জার্মান উপজাতি ও হূণদের ক্রমাগত আক্রমণের ফলে রোমসাম্রাজ্যের প্রায় সর্বত্র অরাজকতা ও বিশৃংখলার উদ্ভব হয়। এই অবস্থায় অনেক খ্রীষ্টান সংসার জীবন ত্যাগ করে মঠে আশ্রয় নেয় ও সন্ন্যাসী হয়। পুরুষদের সঙ্গে অনেক নারীও মঠে আশ্রয় নিতে আসে। তখন সন্ন্যাসিনীদের জন্যও পৃথক মঠের প্রতিষ্ঠা হয়।

খ্রীষ্টান সন্ন্যাসী ও মঠের উৎপত্তি

মঠগুলি ছিল খুবই সাদাসিধে ধরনের। প্রত্যেকটি মঠের চারদিকে




থাকত ফল ও ফুলের বাগান ও পুকুর। মঠে একখানা প্রার্থনা ঘর (চ্যাপেল), শোবার ঘর (ডর্মিটরি), রান্নাঘর ও ভাঁড়ার ঘর থাকত। হাসপাতাল ও অতিথিশালাও থাকত। প্রত্যেকটি মঠের নিজস্ব মজুর, চাষী, মালি, ছুতার ও অন্যান্য কারিগরও থাকত।

মঠের জীবন-যাত্রা

সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের নানা কাজ করতে হত। তারা মঠের বাগানে ও জমিতে কাজ করতেন, হাসপাতাল ও স্কুল চালাতেন, অতিথি সংকার ও দরিদ্রের সেবা করতেন।

মিশরের খ্রীষ্টান সন্ন্যাসী প্যাসোমিয়াস সর্বপ্রথম মঠের নিয়মকানুন রচনা করেন। তবে মঠের নিয়ম-কানুন প্রবর্তনের ব্যাপারে সেণ্ট বেনেডিকট-এর নাম সর্বাধিক উল্লেখযোগ্য। সেণ্ট বেনেডিকট (৪৮০—৫৪৩ খ্রীঃ) ছিলেন ইটালীর সুপ্রসিদ্ধ মণ্টিক্যাসিনো মঠের প্রতিষ্ঠাতা। মঠের সংগঠন ছাড়াও, সেণ্ট বেনেডিকট সন্ন্যাসী ও সন্ন্যাসিনীদের অবশ্য-পালনীয় কতকগুলি আচরণ নির্দিষ্ট করেন—যেমন প্রত্যেক সন্ন্যাসী ও সন্ন্যাসিনীকে পবিত্র জ্ঞানে প্রতিদিন দৈহিক কাজ করতে হবে, প্রতিদিন নির্দিষ্ট সময়ে প্রার্থনা ও ধর্মশাস্ত্র পাঠ করতে হবে, বিবাহ করা ও ধন-সম্পত্তি গ্রহণ করা থেকে তাদের নিবৃত্ত থাকতে হবে। এবং ধর্ম ও মঠের প্রতি অনুগত থাকতে হবে। এসব আচরণ-বিধিকে সাধারণভাবে 'বেনেডিকটের শপথ' বলা হয়।



খ্রীষ্টান সন্ন্যাসী

ইওরোপে যখন দারুণ অশান্তি ও অরাজকতা চলছিল তখন মঠের শান্ত পরিবেশ ছিল পঠন-পাঠনের খুবই উপযোগী। মঠের পরিচালনায় অনেক বিদ্যালয়ের প্রতিষ্ঠা হয়। সন্ন্যাসীদের অনেকেই ছিলেন শিক্ষক। ইওরোপে শিক্ষা প্রসারে মঠের বিদ্যালয়গুলি বিশেষ ভূমিকা গ্রহণ করে।



শিক্ষা বিস্তারে মঠের অবদান


সন্ন্যাসীদের অনেকে কঠোর পরিশ্রম করে বহু প্রাচীন পাণ্ডুলিপি ও পুঁথি সংগ্রহ করেন ও সেগুলি নকল করেন। এভাবে সন্ন্যাসীরা পরের যুগের জ্ঞান-প্রসারের ক্ষেত্র রচনা করে যান। তাঁরা এ কাজে ব্রতী না হলে প্রাচীন জ্ঞান-বিজ্ঞানের অনেক কিছুই নষ্ট হয়ে যেত। গ্রীক ও ল্যাটিন সাহিত্যের যেটুকু পাওয়া গেছে তার বেশীর ভাগই সন্ন্যাসীদের মাধ্যমে।

রোম সাম্রাজ্যের আমলে গির্জাকে ভূ-সম্পত্তি দান করার রীতি চালু হয়েছিল। অনেকে গির্জা ও মঠকে ভূ-সম্পত্তি দান করা পুণ্য কাজ বলে মনে করত। ক্রমে বিশাল ভূ-সম্পত্তি গির্জা ও মঠের দখলে এলে ধর্ম-জগতেও সামন্তপ্রথার উদ্ভব হয়—যেমন হয়েছিল রাষ্ট্রে ও সমাজে। গির্জার পক্ষে বিশাল ভূ-সম্পত্তির তত্ত্বাবধান করা সম্ভব ছিল না। এই কারণে গির্জা অর্থের বিনিময়ে এই সব সম্পত্তি অন্যদের মধ্যে ইজারা দিয়ে দেয়। অর্থের সমাগম হতেই গির্জার সন্ন্যাসীদের পক্ষে সাদাসিধে ও অনাড়ম্বর জীবনযাত্রা বজায় রাখা কঠিন হয়ে উঠে। তাঁরা বিলাসপ্রিয় ও অলস হয়ে পড়েন। ফলে তাঁদের মধ্যে নানা ধরনের দুর্নীতি দেখা দেয়। গির্জা ও মঠের নিয়মশৃংখলা ভেংগে পড়ে।

ক্লুনি আন্দোলন

সেই সময়ে গির্জা ও সন্ন্যাসীদের অধঃপতন রোধ করার উদ্দেশ্যে কিছু আদর্শবাদী ধর্মীয় নেতার আবির্ভাব ঘটে। তাঁরা গির্জার সংস্কার সাধনে ব্রতী হন। ৯১০ খ্রীষ্টাব্দে বার্গাণ্ডি প্রদেশে বিখ্যাত ক্লুনি (Cluny) মঠের প্রতিষ্ঠা হয়। এই মঠের পরিচলনায় গির্জা ও মঠ সংস্কার আন্দোলন জোরদার হয়। ক্লুনিমঠের সন্ন্যাসীরা পশ্চিম ইওরোপে ঘুরে ঘুরে খ্রীষ্টান ধর্মের বাণী প্রচার করেন ও ধর্মযাজকদের নৈতিক চরিত্র উন্নত করার জন্য উপদেশ দেন। ক্লুনি আন্দোলনের মূল উদ্দেশ্য ছিল গির্জাকে বিশুদ্ধ করা।

একাদশ শতক পর্যন্ত খ্রীষ্টান জগতে রোমের পোপকে ধর্মের প্রধান হিসাবে মনে করা হত, যদিও গির্জার সব ব্যাপারে সাধারণ লোকের কর্তৃত্ব ছিল। ক্লুনি-আন্দোলনের সময় পবিত্র রোম সাম্রাজ্যের সম্রাটরা এই আন্দোলনকে সুনজরে দেখেন ও ধর্মের ব্যাপারে পোপের প্রাধান্য স্বীকার করেন। কিন্তু কিছুদিনের মধ্যেই পোপের সংগে সম্রাটদের বিবাদ শুরু



হয়। পোপ সপ্তম গ্রেগরী দাবি করেন যে, পৃথিবীতে পোপই হলেন ঈশ্বরের একমাত্র প্রতিনিধি। তিনি আরও দাবি করেন যে রাজারা পোপের কাছ থেকেই রাষ্ট্রীয় ক্ষমতা লাভ করেন, সুতরাং খ্রীষ্টান জগতের সব রাজাকেই পোপের কাছে আনুগত্যের শপথ নিতে হবে। পোপ অভিষিক্ত না করলে রাজার রাজমুকুট গ্রহণ করা ও রাজ্যশাসন করা অবৈধ। পোপ ও পবিত্র রোম সাম্রাজ্যের সম্রাটদের মধ্যে অভিষিক্ত-করণ প্রশ্নে বেশ কিছুদিন বিবাদ চলে। শেষ পর্যন্ত ১১২২ খ্রীষ্টাব্দে সম্রাট চতুর্থ হেনরী ও পোপ তৃতীয় ক্লিমেণ্টের মধ্যে 'ওয়ার্মস'-এর শান্তিচুক্তি সম্পন্ন হলে এই বিবাদের অবসান হয়। এই চুক্তির দ্বারা স্থির হয়, গির্জার কর্মচারীদের পোপ নিয়োগ করবেন কিন্তু তাদের নির্বাচন জার্মানীতে সম্রাটের সামনে করতে হবে। অনুষ্ঠানের পর সম্রাট অথবা সম্রাটের প্রতিনিধি নির্বাচিত কর্মচারীদের রাজদণ্ড দিয়ে স্পর্শ করে তাদের নিয়োগ সিদ্ধ করবেন। এভাবে অভিষিক্ত-করণ প্রশ্নের মীমাংসা হয়।

অভিষিক্ত করণ সমস্যা

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা : শিক্ষার প্রসার

মধ্যযুগের প্রথম দিকে গির্জা ও মঠে যে শিক্ষার ব্যবস্থা ছিল তা আগেই উল্লেখ করা হয়েছে। গির্জা ও মঠের স্কুলগুলিতে ধর্মের কথা ছাড়াও কিছু সাহিত্য ও ব্যাকরণ শেখান হত। শিক্ষার মাধ্যম ছিল ল্যাটিন ভাষা যা শুধু পাদরী বা সন্ন্যাসীরাই জানতেন।

একাদশ শতকের শেষে ও দ্বাদশ শতকের শুরু থেকে ইওরোপে এক নূতন শিক্ষা আন্দোলনের সূচনা হয়। এই আন্দোলনের মূলে ছিল কয়েকটি কারণ—যথা নগর-জীবনের প্রসারতা, গির্জা ও রাষ্ট্রে নূতন নূতন বৃত্তিমূলক চাকরির সম্প্রসারণ এবং গ্রীক ও ইসলামী শিক্ষা ও সংস্কৃতির প্রভাব। ক্রমে ক্রমে দর্শন, আইন, চিকিৎসা, গণিত, রাজকাজ প্রভৃতি নানা বিষয়ে শিক্ষার চাহিদা বেড়ে যায়। ধর্মীয় শিক্ষার পরিবর্তে লৌকিক শিক্ষার প্রয়োজন দেখা দেয়। এই সব চাহিদা মেটায় বিশ্ববিদ্যালয়।

সে যুগে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ব্যাপারে ছাত্র ও শিক্ষকরাই অগ্রণী হন। ছাত্ররা নিজেরাই কিংবা শিক্ষকদের সংগে জোট বেঁধে শিক্ষা-সংঘ গড়ে তোলে। তারপর ধীরে ধীরে তৈরী হয় ঘর-বাড়ি। ছাত্ররা যে সব সংঘ গড়ে তুলেছিল তাকে বলা হত 'নেশন'। ছাত্ররা নিজেরাই



শিক্ষক নিয়োগ করত, পাঠ্যক্রম স্থির করত ও ডিগ্রী দিত। এভাবে গির্জা ও মঠের প্রভাব থেকে মুক্ত হয়ে ছাত্র-সংঘগুলি বিশ্ববিদ্যালয় রূপে স্বাধীন ভাবে গড়ে উঠে। বিশ্ববিদ্যালয়গুলি রাজা ও সামন্তপ্রভুদের কাছ থেকে স্বায়ত্ত শাসনের অধিকার আদায় করে। প্রথম দিকের বিশ্ববিদ্যালয়গুলি ছিল স্বয়ংশাসিত 'শিক্ষা-বিষয়ক প্রজাতন্ত্র।'

বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকদের মধ্যে মধুর সম্পর্ক গড়ে উঠে। দেশ-বিদেশ থেকে তারা নামকরা শিক্ষক বা আচার্যদের সন্ধান করে তাঁদের সসম্মানে নিজেদের বিশ্ববিদ্যালয়ে নিয়ে আসত। তখনকার দিনে বইপত্র বিশেষ পাওয়া যেত না। ছাত্ররা শিক্ষকদের বক্তৃতা শুনত আর তা লিখে নিত। ছাত্রদের দেওয়া বেতনই ছিল শিক্ষকদের পারিশ্রমিক।

ইওরোপের সর্বাধিক প্রাচীন বিশ্ববিদ্যালয় সালার্ণো (ইটালী) ছিল চিকিৎসা বিজ্ঞানের জন্য বিখ্যাত। ইটালীর অপর বিশ্ববিদ্যালয় বোলোনো বিখ্যাত ছিল আইন শিক্ষার জন্য। প্যারিস বিশ্ববিদ্যালয় ছিল ধর্মশাস্ত্রের জন্য প্রসিদ্ধ।

এই সব বিশ্ববিদ্যালয়ে চিকিৎসা শাস্ত্র, আইন ও ধর্মশাস্ত্র ছাড়াও জ্যোতিঃশাস্ত্র শিল্প ও সাহিত্যেরও চর্চা হত। গ্রীক দার্শনিক এ্যারিস্টটল-এর তর্কশাস্ত্রের পঠন-পাঠন খুবই জনপ্রিয়তা অর্জন করে। এই যুগে নূতন সাহিত্যেরও বিকাশ ঘটে। বহুদিন ধরে রোমের শাসনাধীনে স্পেন, গল প্রভৃতি দেশের লোকেরা নিজেদের মাতৃভাষা প্রায় ভুলেই গিয়েছিল। তারা তখন অপভ্রংশ ল্যাটিন ভাষা গ্রহণ করেছিল। কিন্তু মধ্যযুগের শেষের দিকে ইওরোপের নানা দেশে আঞ্চলিক সাহিত্যের বিকাশ ঘটে। স্পেনে আদর্শ নাইট বা বীর যোদ্ধাদের শৌর্য-বীর্যের কাহিনী অবলম্বনে 'সিড' নামে এক মহাকাব্য রচিত হয়। স্পেনীয় সাহিত্যের জন্ম হয় এই মহাকাব্য থেকেই। দক্ষিণ ফ্রান্সে 'ত্রুবাদুর' নামে পরিচিত চারণ-কবিদের রচিত বীর যোদ্ধাদের শৌর্য-বীর্যের গাথা ও প্রেমসংগীত ফরাসী সাহিত্যের ভিত্তি রচনা করে। ইটালীতে দাঁত-এর বিখ্যাত গ্রন্থ 'ডিভাইন-কমেডি' ইটালীর সাহিত্যের ভিত্তি রচনা করে। ইংল্যাণ্ডের খ্যাতনামা কবি চসার-এর 'ক্যাণ্টারবেরীটেলস' নামে গ্রন্থখানি ইংরাজী সাহিত্যের ভিত্তি। হাল্কা সংগীত, গাথা ও ভাব-প্রবণ কাহিনী এসব নিয়েই সেযুগে সাহিত্যের সৃষ্টি হয়েছিল।



মধ্যযুগের প্রথম দিকে খ্যাতনামা শিক্ষাবিদ ছিলেন পিটার এবিলার্ড। প্যারিস বিশ্ববিদ্যালয়ে এবিলার্ড-এর বক্তৃতা শোনার জন্য এক এক সময় প্রায় কয়েক হাজার ছাত্রের সমাবেশ হত। গ্রীক দার্শনিক সক্রেটিসের মত তিনি ছিলেন যুক্তিবাদী। ছাত্রদের মধ্যে যুক্তিবাদের প্রসারের জন্য তিনি 'সিক্-এট-নন্' নামে একখানি গ্রন্থ রচনা করেন।

খ্যাতনামা মনীষিগণ

অপর খ্যাতনামা শিক্ষাবিদ ছিলেন ইটালীর থোমাস একুইনাস। তিনি ধর্মশাস্ত্র ও নীতিশাস্ত্র সম্বন্ধে বহু গ্রন্থ লিখে গেছেন। এঁর রচনা 'সুমাথিওলজিয়া' একখানি মূল্যবান গ্রন্থ। অক্সফোর্ড ও প্যারিস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রোজার বেকন ছিলেন খ্যাতনামা বিজ্ঞানী। তিনি জড়-বিজ্ঞান সম্বন্ধে বহু রকম পরীক্ষা-নিরীক্ষা করেন। তিনি মোটা কাঁচ (যার ভেতর দিয়ে ছোট জিনিস বড় দেখায়) নিয়ে পরীক্ষা করতেন। এই পরীক্ষার ফলেই পরে দূরবীক্ষণ যন্ত্রের আবিস্কার হয়। সে যুগের সর্বশ্রেষ্ঠ পণ্ডিত বলে পরিচিত আলবের্টাস ম্যাগনাস ছিলেন কোলোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তিনি গণিত, জ্যামিতি, জ্যোতির্বিদ্যা প্রভৃতি বিষয়ে অনেক গ্রন্থ রচনা করেন।

মধ্যযুগে সাহিত্য, বিজ্ঞান প্রভৃতি বিষয়ের উৎকর্ষের সঙ্গে সঙ্গে স্থাপত্য শিল্পের যথেষ্ট উন্নতি হয়। ইওরোপ নানা আকৃতির গির্জায় ভরে উঠে। প্রথম গির্জা নির্মিত হয় রোমের স্থাপত্য শিল্পের অনুকরণে। এর অন্যতম নিদর্শন হল পিসার গির্জা। গোলাকার খিলান ও চূড়া এই স্থাপত্যের বৈশিষ্ট্য। এ যুগে যে প্রণালীতে গির্জা তৈরী করা হত তাকে বলা হয় 'গথিক প্রণালী'। ফ্রান্সের রিমস্ নগরের বিখ্যাত গির্জা গথিক প্রণালীতে নির্মিত।

শিল্প


অনুশীলনী

১। শার্লামেন কি ভাবে রোমান সম্রাট হয়েছিলেন ?
২। শার্লামেনের রাজ্যাভিষেকের গুরুত্ব কি ?
৩। শার্লামেনের সঙ্গে গির্জার সম্পর্ক কিরূপ ছিল ?
৪। শার্লামেনের বিদ্যোৎসাহিতার বিষয় কি জান ?
৫। ইওরোপে মঠের উৎপত্তি কি ভাবে হয় ? মঠের গঠন ও মঠবাসীদের আচার-আচরণ কেমন ছিল ?
৬। 'বেনেডিক্ট-এর শপথ' বলতে কি বোঝায় ?
৭। শিক্ষার ক্ষেত্রে মঠের অবদান কি ?
৮। ইওরোপে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা কি ভাবে হয় ? মধ্যযুগের কয়েক-জন খ্যাতনামা মনীষীর নাম কর। তাঁদের রচনারও উল্লেখ কর।

৭ মধ্যযুগে ইওরোপের সামন্ত প্রথা

ভূমিকা ঃ জার্মান উপজাতিদের ক্রমাগত আক্রমণের ফলে রোম সাম্রাজ্য ভেঙে পড়ে। জার্মান উপজাতিরা রাজ্য স্থাপন করে রোম সাম্রাজ্যের বিভিন্ন অঞ্চলে। কিন্তু রাজ্য শাসনের কাঠামো কিংবা শক্তিশালী কেন্দ্রীয় সরকার বলতে কিছু ছিল না। ফলে চারিদিকে দেখা দেয় অরাজকতা, দুর্বলের উপর সবলের অত্যাচার। এর উপর ছিল বাইরের উৎপাত। ইওরোপে উত্তর দিক থেকে নরম্যানদের, পূর্বদিক থেকে হাঙ্গেরিয়ানদের ও দক্ষিণ দিক থেকে আরবদের আক্রমণ শুরু হয়। সেই সময় চারদিকের এই অরাজকতা ও অশান্তির মধ্যে কিছু শান্তি ও শৃংখলা আনে সামন্ত প্রথা।

সামন্ত প্রথা ঃ ইওরোপে সামন্ত প্রথার উৎপত্তি একদিনে হয় নি। শত শত বছরের অরাজকতার চাপে এক এক দেশে এই প্রথা এক এক রূপ নিয়ে গড়ে ওঠে। মধ্যযুগে ইওরোপে জমির রায়তী স্বত্বের মাধ্যমে যে বিশেষ ধরনের সামাজিক ও রাজনৈতিক নিয়মতন্ত্রের সৃষ্টি হয় তাকে বলা হয় সামন্ত প্রথা। ভারতের বর্ণভেদ প্রথার মূল ভিত্তির সঙ্গে ইওরোপের সামন্তপ্রথার কিছুটা মিল দেখা যায়। আর্যরা ভারতে এসে বিভিন্ন দলে নিজেদের ভাগ করে নেয় যা পরে বর্ণভেদে রূপান্তরিত হয়। বৃত্তি হিসাবেই এই শ্রেণীভেদ করা হয়েছিল। এর উদ্দেশ্য ছিল যুদ্ধ ও প্রতিরক্ষার জন্য সৈন্য সংগ্রহ করা ও বিজিত অঞ্চলে স্থায়ীভাবে বসবাসের ব্যবস্থা করা। সে ভাবেই ইওরোপে অবিরত যুদ্ধবিগ্রহের চাপে এক স্থায়ী নিয়মতন্ত্র প্রতিষ্ঠার প্রয়োজনেই সামন্ত প্রথার উৎপত্তি। রাষ্ট্রের বিকল্প হিসাবেই সামন্ত প্রথার উৎপত্তি। প্রথমে রোম সাম্রাজ্য ও পরে শার্লামেনের সাম্রাজ্যের পতন হলে সমাজে দুর্বল ও গরীবদের আশ্রয়ের প্রয়োজন হয়। এই আশ্রয় একমাত্র ধনীরা দিতে পারত—যারা দুর্ভেদ্য দুর্গ তৈরী করতে এবং অশ্বারোহী ও বর্মাবৃত সৈন্য সংগ্রহ করতে সক্ষম ছিল। আবার যুদ্ধবিগ্রহ করার জন্য, জমি চাষ-আবাদ করার জন্য লোকের প্রয়োজন হয়। অর্থাৎ সকলের নিরাপত্তা ও সুখ-সুবিধার জন্য সমাজের ছোট-বড় এবং দুর্বল ও সবলের মধ্যে যে বন্দোবস্ত হয় তাই হল সামন্ত প্রথার ভিত্তি।



শার্লামেনের মৃত্যুর (৮১৪ খ্রীঃ) পর কয়েক শতক ধরে ইওরোপে যে অরাজকতা ও অশান্তি চলেছিল তা থেকেই সামন্ত প্রথা এক নির্দিষ্ট রূপ নিয়ে গড়ে উঠে। এই সাম্রাজ্য ভেঙে গেলে অনেক ছোট ছোট রাজ্যের উৎপত্তি হয়। কিন্তু কোন রাজ্যেই শান্তি-শৃঙ্খলা বলে কিছুই ছিল না। এই সব রাজ্যের রাজারাও ছিলেন অত্যন্ত দুর্বল এবং প্রজা, রাজকর্মচারী ও জমিদারদের আনুগত্য লাভে অক্ষম। প্রকৃত ক্ষমতা রাষ্ট্রের আমলা ও জমিদারদের হাতে চলে যায়। এরা নিজেরাই দুর্গ তৈরী করে বাইরের শত্রুদের আক্রমণ থেকে নিজেদের নিরাপত্তার ব্যবস্থা করে। এই অরাজকতার যুগে অগণিত স্বাধীন চাষী তাদের জমি-জায়গা হারিয়ে জমিদারদের সামন্তে পরিণত হয়। সাধারণ লোকেরাও নিজেদের রক্ষার জন্য জমি-জায়গা স্বেচ্ছায় জমিদারদের হাতে সমর্পণ করে তাদের রক্ষণাধীনে আবার জমি গ্রহণ করে জমিদারদের সামন্তে পরিণত হয়। তাদের ধারণা ছিল যে রাজা তাদের রক্ষা করতে পারবেন না।

সেই সময়ে রাজাদেরও নিরাপত্তার অভাব ছিল, কারণ তাঁদের কোন স্থায়ী সেনাবাহিনী ছিল না। কাজেই রাজাদেরও এমন একদল লোকের দরকার হল যারা বিপদ-আপদের সময় তাঁদের সৈন্য দিয়ে সাহায্য করবে এবং স্থানীয় শাসনকার্য চালিয়ে যাবে। সুতরাং পরস্পরের প্রয়োজনেই রাজা ও জমিদারদের মধ্যে একটা চুক্তি হল, যার মূল ভিত্তি হল জমির রায়তী স্বত্ত্ব। আইনতঃ রাজাই ছিলেন রাজ্যের সব জমির মালিক। কিন্তু সেই অরাজকতার যুগে রাজাদের পক্ষে প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করা ও জমিদারদের নিয়ন্ত্রণে রাখা একেবারেই সম্ভব ছিল না। এই কারণে রাজা রাজ্যের এক বিরাট অংশ ধনী ও শক্তিশালী সম্ভ্রান্ত লোক বা জমিদারদের মধ্যে বিলি করেন। শর্ত হয় যে তারা প্রয়োজনের সময় রাজাকে সৈন্য ও যুদ্ধের অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য করবে ও রাজার কাছে আনুগত্যের শপথ নেবে। যারা রাজার কাছ থেকে সরাসরি জমির রায়তীস্বত্ত্ব পেল তাদের বলা হত রাজন্য বা সামন্ত। তারা আবার জমির কিছু অংশ কতকগুলি শর্তে অন্যদের মধ্যে বিলি করে দেয়। তাদের বলা হত উপ-সামন্ত। আবার উপসামন্তরা কিছু সুখ-সুবিধার বিনিময়ে জমির কিছু অংশ অন্য লোকদের মধ্যে বিলি করে দেয়। এ ভাবেই সামন্ত প্রথার প্রচলন হয়। মানুষে-মানুষে সম্পর্কের ভিত্তি হয় জমি। সামন্ত তার উর্ধ্বতন প্রভুকে শাসনকার্যে সাহায্য করতে, প্রজাদের



রক্ষা করতে ও প্রভুর আদালতে উপস্থিত হয়ে বিচারকার্যে সাহায্য করতে বাধ্য থাকত। এছাড়া সামন্তকে প্রভুর সঙ্গে যুদ্ধে যেতে ও প্রভুকে সেনা দিয়ে সাহায্যও করতে হত। একে অন্যের সামন্ত হলেও, সামন্তদের সামাজিক মর্যাদা ক্ষুণ্ণ হত না-কারণ ঊর্ধ্বতন প্রভুও অধস্তন সামন্ত সবাই ছিল জমি-ভোগী এক বিশেষ শ্রেণী। ঊর্ধ্বতন প্রভুর কাছে অধস্তন সামন্তের যেমন কতকগুলি বাধ্যবাধকতা থাকত, তেমনি ঊর্ধ্বতন প্রভুরও অধস্তন সামন্তের প্রতি কতকগুলি বিশেষ কর্তব্য পালন করতে হত। সামন্ত প্রথার ভিত্তির উপর সে যুগে গড়ে উঠে সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন। পরস্পরের প্রয়োজন মিটাবার জন্য সমাজের বিভিন্ন শ্রেণীর মধ্যে এক চুক্তি হয়। ছোট, বড় সকলেই ঊর্ধ্বতন প্রভুর শরণ নেয় ও তার অনুগত হয়। বিনিময়ে প্রভু অনুগতকে সব ব্যাপারে রক্ষা করার ভার নেয়। এই প্রথা একাদশ, দ্বাদশ ও ত্রয়োদশ শতকে পরিপূর্ণতা লাভ করে।

পশ্চিম ইওরোপে সামন্ত-প্রথা-ভিত্তিক সমাজ দ্রুতগতিতে স্তর ভিত্তিতে রূপান্তরিত হয় এবং সমাজে প্রতিটি মানুষের স্থান নির্দিষ্ট করা হয়। সমাজে সকলের উপরে ছিলেন রাজা। তিনি কয়েকজন সম্ভ্রান্ত লোককে জমি দান করেন। তারা 'ডিউক' ও 'আর্ল' নামে পরিচিত হয়।

সামন্ততান্ত্রিক সমাজের স্তরবিন্যাস

ডিউক ও আর্লরা নিজেদের জমিদারির কিছু অংশ সামরিক সাহায্যের বিনিময়ে অধস্তন সম্ভ্রান্ত লোকদের মধ্যে বিলি করে দেয়। তারা 'ব্যারণ' নামে পরিচিত হয়। ডিউক ও আর্লরা হয় রাজার সামন্ত—অর্থাৎ তারা সরাসরি রাজার কাছেই একমাত্র অনুগত থাকত। ব্যারণরা হল ডিউক ও আর্লদের সামন্ত এবং তাদের কাছেই অনুগত। সকলের নীচের সামন্তকে বলা হত 'নাইট'। সাধারণ ভাবে নাইটরা ছিল ব্যারণদের সামন্ত এবং ব্যারণদের তারা সামরিক সাহায্য দিত। নাইটদের কোন অধস্তন সামন্ত থাকত না। কোনও সামন্তের ব্যক্তিগত ভু-সম্পত্তি বলে কিছু ছিল না—সে শুধু তার ঊর্ধ্বতন সামন্তের জমি ভোগ করত। প্রতিটি সামন্ত নিজের প্রভুকে ছাড়া আর কাউকেই স্বীকার করত না। যুদ্ধের সময় রাজা একমাত্র ডিউক ও আর্লদের কাছেই সামরিক সাহায্য দাবি করতে পারতেন। আবার ডিউক ও আর্লরা একমাত্র ব্যারণদের কাছ থেকে এবং ব্যারণরা নাইটদের কাছ থেকেই সেই সাহায্য দাবি করতে পারতেন। সামন্তদের মধ্যে শ্রেণীভেদ এতই কঠোর ছিল যে রাজা কোন ব্যারণ বা নাইটের কাছে সরাসরি সাহায্যের দাবি করতে পারতেন না।



সামন্তরা নিজেরা জমি চাষ-আবাদ করত না। এ কাজ করত তাদের নিয়োজিত কৃষকরা। কৃষক বা চাষীরা ছিল সামন্ত ভিত্তিক সমাজের সকলের নীচের স্তরের মানুষ। এদের মধ্যেও শ্রেণীভেদ ছিল—যথা স্বাধীন চাষী ও ভূমিদাস।

আপন আপন জমিদারিতে সামন্তরা ছিল সর্বশক্তিমান। রাজ্যে রাজা ছিলেন বটে কিন্তু রাজার সার্বভৌম ক্ষমতা ছিল না। রাজা নিজে শাসনকার্য পরিচালনা করতে ও প্রজাদের নিয়ন্ত্রণ করতে পারতেন না। এই কারণে রাজা রাজ্যের কর্মচারী ও সম্ভ্রান্তদের ব্যক্তিগত ভাবে রাজ্য শাসনের দায়িত্ব দেন। এছাড়া বিদেশী হানাদারদের আক্রমণের বিরুদ্ধে স্থানীয় লোকদের নিরাপত্তার জন্য স্থানীয় জমিদার বা সম্ভ্রান্তদের সাহায্যের প্রয়োজন হয়। এই কারণেও রাজা স্থানীয় জমিদার বা সম্ভ্রান্তদের আঞ্চলিক শাসনের দায়িত্ব দেন। এইভাবে রাজ্যের শাসনভার জমিদারদের হাতে চলে যায়। সামন্তরা স্বাধীনভাবেই তাদের এলাকায় শাসন চালাত। প্রতিটি সামন্তের নিজের দুর্গ ছিল, সৈন্য ছিল ও প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করত।

সর্বশক্তিমান সামন্ত

প্রত্যেকটি জমিদারিতে জমিদার বা সামন্তের নিজের আদালত ছিল। জমিদারিতে বসবাসকারী সকলকেই এই আদালতে উপস্থিত হতে হত। সেখানেই সকলের মামলা-মোকদ্দমার নিষ্পত্তি হত। এই আদালত বসত গ্রামের গির্জায়, খামার বাড়ীর হল ঘরে ও কখন গাছের তলায়। জমিদার ছিলেন আদালতের প্রধান বিচারক। আদালতে জমিদারের ও গ্রামের লোকেদের বিষয় সম্পত্তির অধিকার বলবৎ করা হত। এছাড়া গ্রামবাসীদের মামলা-মোকদ্দমার বিচার হত ও দোষীকে দন্ড দেওয়া হত। জরিমানা থেকে যা আদায় হত, তার সবই জমিদারের হাতে যেত। জরিমানা ছিল জমিদারের অপর এক আয়ের পথ। একমাত্র প্রধান সামন্তদের বিচার হত রাজার আদালতে। সামন্ত যুগে কোথাও কেন্দ্রীয় শক্তি না গড়ে উঠায় সামন্তরা রাষ্ট্রের সব ক্ষমতা দখল করে ও পরাক্রান্ত হয়ে ওঠে। সামন্ততান্ত্রিক দেশগুলিতে কোন রাষ্ট্রীয় ঐক্য ছিল না। অনেক সময় সামন্তরা এত বেশী পরাক্রান্ত হয়ে উঠত যে তারা রাজাকেও অমান্য করত।


সামন্তদের বাড়ীগুলি ছিল রাজরাজড়াদের বাড়ীর মতই সুন্দর। যেখানে বিপদ আপদের ভয় বেশী ও বাইরের শত্রুর আক্রমণের আশংকা



থাকত সেখানে বাড়িগুলি তৈরি হত দুর্গের আকারে। দুর্গগুলির বেশীর ভাগই ছিল পাথরের তৈরী ও ছোট ছোট শিলাময় পাহাড়ের উপর অবস্থিত।

সামন্তদের দুর্গ ও বর্মাবৃত অশ্বসেনা

বাড়ীর চারদিক পুরু ও উচুঁ পাথরের প্রাচীর দিয়ে ঘেরা থাকত ও প্রাচীরের গায়ে থাকত মাঝে মাঝে সরু লম্বা করে কাটা ছিদ্র। প্রাচীরের চারদিকে থাকত পরিখা বা খাল এবং দুর্গ তোরণ যা যন্ত্রের সাহায্যে পেতে দিলে পুলের কাজ করত ও টেনে তুলে দিলে দুর্গের ফটক বন্ধ হয়ে যেত। দুর্গের মধ্যে কয়েকতল-বিশিষ্ট দুর্গ-চূড়াও থাকত। সেই চূড়ায় উঠলে দুর্গের বাইরের সব কিছু দেখা যেত। দুর্গের মধ্যে থাকত সামন্তের পরিবারের ঘর, চাকরদের ঘর, গির্জা ও আস্তাবল। দুর্গ ছিল সামন্তদের জমিদারির প্রধান কার্যালয়। বহু কর্মচারী দুর্গে বিভিন্ন কাজে নিযুক্ত থাকত। দুর্গের মধ্যে গৃহস্থালির সব কাজকর্মের তদারক করত সামন্তের স্ত্রী। সেখানে কেউ অসুস্থ হয়ে পড়লে তার সেবা-শুশ্রূষা করত সামন্তের স্ত্রী। ফ্রান্স, জার্মানী, ইটালী, ইংল্যান্ড, স্পেন প্রভৃতি দেশে—যেখানে সামন্ত প্রথা খুব উন্নত ছিল, সেখানে সামন্তদের অনেক দুর্গও ছিল। অরাজকতা ও বিদেশী হানাদারদের দৌরাত্ম্যের যুগে সামন্তদের সুরক্ষিত দুর্গই ছিল একমাত্র নিরাপদ স্থান। সামন্তদের প্রজারা দুর্গের কাছাকাছি ঘর বেঁধে বাস করত, কারণ বিপদের সময় তারা সহজেই দুর্গে আশ্রয় পেত।



সামন্তদের দুর্গ

পরের যুগে সামন্তদের এই সব দুর্গকে কেন্দ্র করেই নূতন নূতন শহরের প্রতিষ্ঠা হয়। প্রতিটি সামন্তকে তার প্রতিবেশী সামন্তের ও ডেন, ইসলাম, হাঙ্গেরীয়ান ইত্যাদি বিদেশী হানাদারদের আক্রমণের বিরুদ্ধে সদা-সর্বদা সাবধান থাকতে হত। এজন্য সামন্তরা নিজেদের দুর্গে



বর্মাবৃত অশ্বসেনাও মোতায়েন রাখত। সামন্ত প্রথার অনেক ত্রুটি ছিল সত্য, কিন্তু ইওরোপের সভ্যতার ক্ষেত্রে এই প্রথার বিশেষ অবদানও ছিল। শার্লামেনের মৃত্যুর পর কয়েক শতক ধরে ইওরোপে যে অশান্তি ও অরাজকতা চলেছিল, সে সময় সামন্তদের সুরক্ষিত দুর্গ ও তাদের বর্মাবৃত অশ্বসেনা বিদেশী হানাদারদের আক্রমণ থেকে এবং ইওরোপকে ধ্বংসের হাত থেকে রক্ষা করেছিল। মধ্যযুগে শান্তি-শৃংখলা বজায় রাখা, গির্জা ও মঠকে রক্ষা করা এবং সামাজিক ও অর্থনৈতিক জীবনধারা স্বাভাবিক রাখার ব্যাপারে সামন্তপ্রথার কৃতিত্ব কম নয়।

বীরধর্ম ঃ সামন্ত প্রথার সংগে ঘনিষ্ঠভাবে জড়িত আর একটি প্রথা বা সংস্থা মধ্যযুগে ইওরোপে খুব জনপ্রিয় হয়ে উঠেছিল। তাকে বলা হয় 'বীরধর্ম' (chivalry) সংস্থা। বীরধর্মকে 'সামন্ত্রতন্ত্রের ফুল' (Flower of Feudalism) বলা হয়ে থাকে।

'বীরধর্মের'উৎপত্তি

বীরধর্ম ছিল নাইট বা মধ্যযুগের সামরিক সম্প্রদায়ের ধর্ম বা আচরণ বিধি। 'নাইট'। দুর্বল ও নির্যাতিত লোকদের এবং গির্জা তথা খ্রীষ্টান ধর্মকে রক্ষা করার শপথ নাইটদের নিতে হত।

ফরাসী শব্দ 'শেভাল' থেকে 'শিভালরী' বা বীরধর্মের উৎপত্তি। অষ্টম শতকের মাঝামাঝি ফ্রাংকরাজ চার্লস মার্টেল আরবদের আক্রমণ প্রতিহত করার জন্য একদল অশ্বারোহী সেনা গঠন করেন। আরবদের সংগে যুদ্ধে ফ্রাংকরা আরব অশ্বারোহী সেনাদের রণনৈপুণ্য দেখে এই কায়দাকানুন শিখে নেয়। এরপর দক্ষিণ-ফ্রান্স থেকে লোহার বর্মে সজ্জিত ঘোড়ার পিঠে চড়ে যুদ্ধ করার এই রীতি ইওরোপের অন্যান্য দেশেও প্রচলিত হয় (নাইট-প্রথা)।

সামন্ত প্রথা শুরু হবার প্রায় সংগে সংগেই ইওরোপে সুসজ্জিত অশ্বারোহী যোদ্ধার প্রচলন হয়। সে সংগে এই নিয়মও চালু হয় যে প্রত্যেক সামন্তকে সুসজ্জিত ঘোড়া নিয়ে তার প্রভুর সাহায্যে আসতে হবে। কিন্তু কিছুদিন পর এই নিয়মের পরিবর্তন হয়। ভুসম্পত্তি না থাকলেও উপযুক্ত সামরিক যোগ্যতা থাকলে যে কোনও লোক নাইট হতে পারত। পরে ধর্মের প্রভাবও এই সম্প্রদায়ের উপর এসে পড়ে। খ্রীষ্টান পুরোহিত সম্প্রদায়ের মত নাইট সম্প্রদায় খ্রীষ্টান ভ্রাতৃ-সংঘে রূপান্তরিত হয়। অর্থাৎ কতকগুলি বিশেষ সামরিক ও নৈতিক গুণ থাকলেই যে কেউ নাইট-সম্প্রদায়ভুক্ত হতে পারত।




সে যুগে লেখাপড়া অপেক্ষা যোদ্ধা হওয়াই খুব সম্মানজনক বলে



বর্ম পরিহিত নাইট

মনে করা হত। যাদের জমি-জায়গা কিছু থাকত না, তারা প্রভুর বাড়িতে বাস করত ও তার সেবা করত। চৌদ্দ বছর বয়সে তারা প্রভুর স্কোয়ার বা অনুচর হত। সে সময় থেকে তারা ঘোড়ায় চড়া ও অস্ত্রশস্ত্রের ব্যবহার শিখত। প্রভুর ঢাল নিয়ে তারা প্রভুর সঙ্গে যুদ্ধে যেত। সেই সঙ্গে তারা শিখত কতকগুলি বীরোচিত আদব-কায়দা। ঘোড়ায় চড়া, অস্ত্র-চালনা ইত্যাদি বীরোচিত বিষয়ে শিক্ষালাভ করার পর একুশ বছর বয়সে 'স্কোয়ের' হত 'নাইট'। এই উপলক্ষে এক অনুষ্ঠান হত। সারাদিন উপবাস ও রাত জাগার পর সে প্রভুর কাছে নতজানু হয়ে নাইটের বীরধর্ম সম্বন্ধে কিছু উপদেশ

নাইটের প্রশিক্ষণ



শুনত। শপথ নিত যে সে আমরণ খ্রীষ্টান ধর্মে বিশ্বাস রেখে সত্যি কথা বলবে, খ্রীষ্টান ধর্মের ও নারীদের সম্মান রক্ষা করবে, বিপন্নকে উদ্ধার করবে, সাথী নাইটদের কাছে ও প্রভুর কাছে বিশ্বস্ত থাকবে—ইত্যাদি। তখন প্রভু তাকে অস্ত্রশস্ত্রে সজ্জিত করে এই বলে আশীর্বাদ করতেন – "ঈশ্বরের নামে, সেণ্ট মাইকেল ও সেণ্ট জর্জের নামে আমি তোমাকে নাইট করলাম। তুমি সাহসী হও ও অনুগত হও।" তখন থেকে সে নাইটের পদবী ও মর্যাদা লাভ করত। কখন কখন রাজাও উপযুক্ত তরুণকে নাইট সম্মানে ভূষিত করতেন।

নাইটরা যে সব কর্তব্য পালন ও আচরণ করতে বাধ্য থাকত, তাকে এক কথায় বলা হত 'বীরধর্ম'। এই ধর্মের প্রধান কথাই ছিল সাহসিকতা, মৃত্যুকে তুচ্ছজ্ঞান করা, দুষ্টের দমন করা, গুরুজন ও মাননীয়দের সম্মান করা এবং ভদ্র ও মার্জিত আচরণ করা। আজীবন নাইটকে এই বীরধর্ম পালন করতে হত। নাইটকে সর্বদা বর্ম পরিধান করে অস্ত্রশস্ত্রে তৈরী থাকতে হত। যদি কোন নাইট বিশ্বাসঘাতকতা, ভীরুতা, অসৎ-আচরণ প্রভৃতি দোষে দোষী সাব্যস্ত হত, তা হলে তার হত কঠিন শাস্তি। এই উপলক্ষে একটা অনুষ্ঠান হত ও সেখানে তার অস্ত্রশস্ত্র, পোশাক-পরিচ্ছদ সব কেড়ে নেওয়া হত ও তার ঘোড়ার লেজ কেটে দেওয়া হত।

'বীরধর্ম' বলতে কি বোঝায়

যখন যুদ্ধ-বিগ্রহ থাকত না তখন নাইটরা ক্রীড়ামঞ্চে নিজেদের মধ্যে দ্বন্দ্বযুদ্ধের ব্যবস্থা করত। এটা ছিল তাদের প্রধান আমোদ-প্রমোদ। এই ক্রীড়া কৌতুক ছিল অনেকটা গ্রীসের পবিত্র খেলাধুলা ও রোমের এ্যাম্ফিথিয়েটারে অনুষ্ঠিত মল্লযুদ্ধের মত। সামন্তদের বাড়িতেই এই ক্রীড়া-প্রতিযোগিতার ব্যবস্থা করা হত। কাছের ও দূরের নাইটরা নিজেদের শৌর্য-বীর্য দেখাবার জন্য অনুষ্ঠানে যোগ দিত। ভোঁতা তলোয়ার ও ভোঁতা বর্শা নিয়ে তারা পরস্পরের সঙ্গে কৃত্রিম যুদ্ধে অবতীর্ণ হত দর্শকদের সামনে। জয়ের পুরস্কার ছিল ফুলের গোছা, অস্ত্র অথবা সজ্জিত ঘোড়া। তাদের অন্য আমোদ-প্রমোদ ছিল শিকার।

নাইটদের আমোদ-প্রমোদ

সে যুগে বীরধর্মের গৌরবের কথা ও আদর্শবান নাইটদের শৌর্য-বীর্যের গল্প খুবই জনপ্রিয় ছিল। দেশ-বিদেশের চারণ-কবিরা বীরত্বপূর্ণ উপকথা অবলম্বন করে গান রচনা করত ও তা গেয়ে বেড়াত। এদের



বলা হত 'ত্রুবাদুর'। কেউ কেউ মনে করেন 'ট্রোবার' শব্দ থেকে 'ত্রুবাদুর' শব্দের উৎপত্তি। এর অর্থ কিছু দেখা বা আবিষ্কার করা। আবার কেউ কেউ মনে করেন আরবী শব্দ 'তারাবা' থেকে ত্রুবাদুর শব্দের উৎপত্তি। 'তারাবা' শব্দের অর্থ হল গান। ত্রুবাদুরদের গান, কাব্য, বলার ভঙ্গী প্রভৃতি বিষয়ে বেশ কিছুদিন প্রশিক্ষণ নিতে হত। তারা জমকালো পোশাক পরত। 'ত্রুবাদুর' নামে ফ্রান্সের চারণ-কবিরা রাজা আর্থার ও তাঁর বীর নাইটদের বীরত্বের কথা, শার্লামেন ও রোল্যাণ্ডের কথা, আলেকজান্ডারের দিগ্বিজয়ের কথা গান করে সকলকে শোনাত। ফ্রান্সের মত জার্মানীতে চারণ-কবি ছিল। এদের বলা হত 'মিনেসিঙ্গার'। এরা গাইত প্রেমের কবিতা।।


ত্রুবাদুর

ম্যানর প্রথা : সামন্ত প্রথার সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত ছিল সে যুগের সামাজিক ও অর্থনৈতিক জীবন। এই সামাজিক ও অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল সামন্তদের খামার ('ম্যানর') ও তাদের খামার বাড়ী ('ম্যানর হাউস')। সামন্তের জমিদারি বলতে খামার বোঝাত। কোথাও একটি ও কোথাও কয়েকটি গ্রাম নিয়ে গড়ে উঠত ম্যানর বা খামার। কোন কোন জমিদারের একের বেশী খামার থাকত। শত শত একর জমির উপর ছিল সামন্তদের খামার। খামারের মাঝখানে থাকত জমিদারের বাড়ী। জমিদারের খামার-বাড়ীতে থাকত অনেকগুলি শোবার ঘর, খাওয়া-দাওয়ার জন্য প্রকাণ্ড হলঘর ও পাশে কয়েকটি ছোট ছোট শোবার কুঠুরি। এ ছাড়া থাকত ভৃত্যদের ঘর, ভাঁড়ার ঘর, উপাসনা ঘর ও ঘোড়ার আস্তাবল। এ ছাড়া থাকত ফসল রাখার জন্য গোলাঘর। কোন কোন জমিদার-বাড়ী দুর্গের আকারে তৈরী হত। পাথর দিয়ে তৈরী হত প্রাসাদের মত বাড়ী. চারদিকে উঁচু ও পুরু দেওয়াল ও তার চারদিকে থাকত পরিখা বা খাল ও দুর্গতোরণ। যুদ্ধের উপযোগী করেই প্রাসাদ-দুর্গ তৈরী করা হত। বাড়ীর ভেতরে বেশী আলো-বাতাস যেত না। মোমবাতি ও মশাল জ্বালিয়ে ঘরের অন্ধকার দূর করা হত। বড় বড় সামন্ত বা জমিদারদের অনেকে দুর্গে বাস করার থেকে খামার বাড়ীতেই বাস করা বেশী পছন্দ করতেন। ছোট জমিদাররা অবশ্য খামার বাড়ীতেই থাকতেন। খামার বাড়ী ছিল খামার প্রশাসনের স্থানীয় কেন্দ্র। খামার বাড়ীর জীবনধারা ছিল মধ্যযুগীয় দুর্গের জীবনধারার মতন। খামার বাড়ী ছিল জমিদারদের

খামার বাড়ী



বিলাসব্যসন ও ঐশ্বর্যের প্রতীক। খামার বাড়ীতে আসবাবপত্র খুব সামান্যই থাকত। কাঁচের জানালা খুব কম খামার বাড়ীতেই থাকত। খাওয়া-দাওয়ার জন্য থাকত সাধারণ কাঠের টেবিল ও সাধারণ বাসনপত্র। জমিদার ও তার পরিবারের পরিচর্যার জন্য থাকত কর্মচারী ও ভৃত্য।


ম্যানর বাড়ী

খামার বাড়ীর কাছেই থাকত গ্রাম যেখানে চাষী ও ভুমিদাসদের কুঁড়েঘর থাকত। গ্রামেই বাস করত জমিদারের ছুতার, কামার, জাঁতাকল-চালক, ঘোড়ার জিন তৈরী করার কারিগর ইত্যাদি। জমিদারের জমিতে বাস করার জন্য এদের সকলকেই জমিদারের কাজ করতে হত। তা ছাড়া সেই অঞ্চলেই থাকত গ্রাম্য-গির্জা ও পাদরীদের ঘর-বাড়ী।

ম্যানর বা খামারের লোকেরা তিনটি শ্রেণীতে বিভক্ত ছিল—যথা সামন্ত বা জমিদার, খ্রীষ্টান পাদরী ও সাধারণ প্রজা। প্রধান সামন্তদের অধীনে থাকত কয়েকজন উপ-সামন্ত। জমিদারির কিছু অংশ উপসামন্তদের দেওয়া হত। এরা প্রভুদের খাজনা দিত ও প্রয়োজনে সৈন্য দিয়ে সাহায্য করত। জমিদার খ্রীষ্টান পাদরী নিযুক্ত করতেন আয়-ব্যয়ের হিসাব রাখার জন্য। এরা জমিদারির মধ্যে বিয়ে, জন্ম ও মৃত্যুর হিসাব রাখতেন। গির্জার পাদরীরা ধর্মচর্চা করা ছাড়াও লোকদের কাছ থেকে ধর্মকর (টাইথ) আদায় করতেন। এই দুই শ্রেণী ছাড়া, বাকিরা ছিল সাধারণ প্রজা।

জমিদারির সব শ্রেণীর লোকের মধ্যে সামাজিক সম্পর্ক নির্দিষ্ট করা ছিল ও তারা সকলেই একই ভাবে প্রভুর কাছে অনুগত থাকত।

জমিদাররা চাষ-আবাদ নিজেরা করতেন না। তাদের অধীনে চাষীরাই একাজ করত। সামন্ততান্ত্রিক সমাজে চাষীরা ছিল সর্বনিম্নশ্রেণী যদিও তারাই ছিল সংখ্যাগরিষ্ঠ। গ্রামের বাইরে থাকত চাষের জমি ও সাধারণের গো-চারণ ভুমি। চাষীদের যার যার জোত ছিল আলাদা, কিন্তু জোতগুলি আল অথবা বেড়া দিয়ে ভাগ করা হত না। এক একটা গ্রামের সব



চাষের জমি সবাইকে একসঙ্গে চাষ করতে হত ও বীজ বুনতে হত ও জমিদারের কর্মীরা তার তদারক করত। চাষের জমিকে কয়েকটি ফালিতে ভাগ করা হত। কৃষকদের মধ্যে এই ফালি করা জমি বিলি করা হত। একজন ছোট কৃষক দুই কিংবা তিন ফালি জমি পেত, বড় কৃষকরা পেত পনের কিংবা কুড়ি ফালি জমি। প্রত্যেক বছর আবাদী জমির এক-তৃতীয়াংশ পতিত রাখা হত—যাতে জমির উর্বরতা নষ্ট না হয়। গ্রামের পুরুষ, নারী ও শিশুদের সবাইকে মিলে ফসল কাটতে হত। ফসল তোলার পর তা জমিদারদের জাঁতা-কলে নিয়ে এসে ভাঙ্গা হত। ফসলের বেশীর ভাগই চলে যেত জমিদারের গোলাবাড়িতে।


চাষ-আবাদ

প্রত্যেকটি ম্যানরে বা জমিদারিতে চাষী বা কৃষকেরা দুই শ্রেণীতে বিভক্ত ছিল—যথা স্বাধীন কৃষক ও ভূমিদাস বা সার্ফ। জার্মানী, ইংল্যান্ড ও ফ্রান্সে স্বাধীন কৃষকদের সংখ্যা নেহাৎ কম ছিল না। স্বাধীন কৃষকরা জমিদারের কাছ থেকে জমি ইজারা নিয়ে স্বাধীনভাবেই চাষ-আবাদ করত। এরা নিজেরা জমিদারের খাস-জমি চাষ করত না, তবে লোক দিয়ে তা করিয়ে দিত। এরা খাজনা দিত সরাসরি জমিদারকে। এরা ইচ্ছামত জমি বিক্রি বা দান করতে পারত। অবশ্য জমিদারের উপস্থিতিতে আদালতের মারফত তা করা হত।

চাষীদের শ্রেণী বিভাগ

ভূমিদাস বা সার্ফরা ছিল অর্ধ-স্বাধীন চাষী। এরা ঠিক ক্রীতদাস নয়। এরা জমিদারের কাছ থেকে কিছু জমি পেত যা তারা নিজেরা চাষ করত ও জমিদারকে খাজনা দিত। এদের উপর করের বোঝা ছিল প্রচণ্ড এবং বাধ্যতামূলক কর্তব্যও ছিল অনেক। সার্ফরা জমিদারদের জমি চাষ করতে বাধ্য থাকত। সপ্তাহের কয়েকটি দিন জমিদারের নানা কাজে এদের বেগার খাটতে হত—যেমন রাস্তাঘাট তৈরী করা, নালা-নর্দমা, জলাভূমি ও জঙ্গল পরিষ্কার করা, খাল কাটা, জমিদারের জাঁতা-কলে কাজ করা ইত্যাদি। এসব কাজকে বলা হত 'কোর্ভি'। কোন কোন জমিদার সপ্তাহে তিন দিন ভূমিদাসকে তার জমি চাষ করতে বাধ্য করত। এ কাজের জন্য ভূমিদাসকে 'খোরাকি' দেওয়া হত মাত্র। জমিদারির মধ্যে মাছ ধরা, শিকার করা ও গো-চারণের জন্য জমিদারকে খাজনা বা পারিশ্রমিক দিতে হত। জমিদারির মধ্যে যে গির্জা থাকত, তার ব্যয় নির্বাহের জন্য ভূমিদাসকে দিতে হত ধর্মকর—যাকে

ভূমিদাসদের অবস্থা



বলা হত 'টিথে'। বছরে তিনবার নগদে খাজনা দিতে হত—যেমন সামন্তদের মাধ্যমে সরকারী খাজনা, 'টেইল' নামে এক খামখেয়ালী খাজনা যা জমিদার প্রতি বছর ধার্য করতেন এবং ফসল ও গৃহপালিত পশুর এক-দশমাংশ খাজনা। তা ছাড়া জমিদারের ছেলেমেয়ের বিয়েতে ভূমিদাসকে অতিরিক্ত খাজনা দিতে হত। প্রভুর বিনা অনুমতিতে ভূমিদাস জমি ছেড়ে কোথাও যেতে পারত না। এককথায় এরা ছিল প্রভুর ব্যক্তিগত সম্পত্তি। একমাত্র জমি হস্তান্তর হলেই এদের মালিকের পরিবর্তন হত। জমি ছেড়ে পালিয়ে যাওয়ার সময় ধরা পড়লে ভূমিদাসকে কঠোর শাস্তি ভোগ করতে হত। অবশ্য ঠিকভাবে খাজনা দিয়ে গেলে জমি থেকে তাকে উচ্ছেদ করার অধিকার মালিকের ছিল না। তবে মালিকের বিরুদ্ধে রাজার আদালতে নালিশ করার অধিকার ভূমিদাসদের ছিল না।

ইওরোপের অনেক দেশে ভূমিদাসদের দায়-দায়িত্ব ক্রমে বংশগত হয়ে পড়ে। অর্থাৎ ভূমিদাসদের বংশধরেরাও সেই দায়-দায়িত্ব পালনে বাধ্য থাকত। বলতে গেলে, ভূমিদাসদের অবস্থা পশুর চাইতেও হীন ছিল। মধ্যযুগের শেষের দিকে ইওরোপে জনসংখ্যার বৃদ্ধি, যোগাযোগ ব্যবস্থার উন্নতি, ব্যবসা-বাণিজ্য ও কলকারখানার প্রসার প্রভৃতি কারণে নূতন নূতন শহরের প্রতিষ্ঠা হয়। ভূমিদাসরা সেই সুযোগে জমিদারদের খেত-খামার থেকে পালিয়ে শহরে আসত। সেখানে তারা মজুর ও কারিগরে পরিণত হয়। আবার অনেক ভূমিদাস স্বাধীন ভাবে ব্যবসা-বাণিজ্য করে বণিকে পরিণত হয়। কেউ কেউ গির্জায় ও মঠে যোগ দিয়ে ধর্মের সেবায় নিযুক্ত হয়। অনেক ভূমিদাস ধর্মযুদ্ধের সময় তাতে যোগ দিয়ে দাসত্ব থেকে মুক্তি লাভ করে। ১১০৬ খ্রীষ্টাব্দে ইটালীর ফ্লোরেন্স শহরের লোকেরা চারপাশের গ্রামের ভূমিদাসদের তাদের শহরে চলে আসার আমন্ত্রণ জানায় ও তাদের দাসত্বের অবসানের আশ্বাস দেয়। ইটালীর অপর শহর বোলোনার লোকেরা সামন্তদের কিছু অর্থ দিয়ে ভূমিদাসদের নিজেদের শহরে নিয়ে আসে। এইভাবে অনেক ভূমিদাস দাসত্বের শৃংখল থেকে মুক্তি পায়।

মধ্যযুগে ইওরোপীয় সমাজের প্রধান বৈশিষ্ট্য ছিল সামন্তপ্রথা ও ম্যানর বা সামন্তদের খামার। সামন্তপ্রথা ছিল রাজনৈতিক এবং ম্যানর ছিল সামাজিক ও অর্থনৈতিক নিয়মতন্ত্র বা সংস্থা। সমাজের সকলের খাওয়া-পরা ও জীবন ধারণের উৎস ছিল ম্যানর। সামন্ত এবং তার কর্মচারী



ও পাদরীরা ছাড়া ম্যানরের আর সবাই ছিল কৃষক বা চাষী। প্রত্যেকটি খামার ছিল স্বয়ংসম্পূর্ণ এক অর্থনৈতিক জগৎ।

সামন্তপ্রথার অর্থনৈতিক দিক

খামার থেকেই সকলের দৈনন্দিন জীবনের চাহিদা মিটত। ফসল ছাড়াও শাক-সব্জী প্রচুর পরিমাণেই ফলত এবং তাই ছিল সাধারণ লোকের প্রধান খাদ্য। অবশ্য জমিদার নিজের জন্য প্রচুর পরিমাণে মাছ, মাংস ও মদের যোগান পেতেন। সাধারণের ভাগ্যে জুটত মোটা রুটি, নিকৃষ্ট মদ, চামড়া, মোটা পশম ও শনের সাদাসিধে কাপড়। খামারের সকলের প্রয়োজনে সুতো তৈরী ও কাপড় বুনতেই ভূমিদাসদের মেয়েদের অনেক সময় কেটে যেত।


সেই সময়ে মুদ্রার খুব একটা প্রচলন ছিল না। জমিদারির মধ্যে প্রয়োজনীয় জিনিসের বিনিময়ে জিনিসপত্র পাওয়া যেত। চাষীরাও ফসল বা অন্যান্য জিনিস দিত খাজনার বদলে।

রাজনৈতিক ও অর্থনৈতিক দিক থেকে ম্যানর প্রথা ছিল সামন্ত প্রথার পরিপূরক। কিন্তু সামাজিক দিক থেকে এই দুই প্রথার মধ্যে যথেষ্ট পার্থক্য ছিল। সামন্ত প্রথা ছিল বিভিন্ন শ্রেণীর স্বাধীন ও বংশগত সম্ভ্রান্তদের এক বিশেষ ধরনের জীবনধারা। এরা ছিল বিশেষ সুযোগ-সুবিধা ও মর্যাদার অধিকারী। ম্যানর প্রথা ছিল পরাধীন, নির্যাতিত ও বংশগত চাষীদের জীবনধারা। যদিও এই দুই শ্রেণীর লোকেরা একই ম্যানরে বা খামারে বাস করত, তবুও তাদের সামাজিক জীবনধারা ছিল ভিন্ন ধরনের।

সামন্ত প্রথা ও ম্যানর প্রথা

মধ্যযুগে সাধারণ কৃষকদের জীবন-যাত্রার মান ছিল খুবই সাধারণ। তারা ছোট ছোট কুটীরে বাস করত। কুটীরগুলি প্রায়ই ছিল কাঠের, কোন কোনটি পাথরের। দরজা থাকত না। কুটীরে ছাদ বলতে ছিল খড়ের ছাউনি ও মেঝে ছিল মাটির। রান্না, শোওয়া সবই একই ঘরে করতে হত। ঘরে চিমনী বলে কিছু থাকত না—চালা ফুটো করে ঘরের ধোঁয়া বের করা হত। আবার এই ফুটো দিয়েই বৃষ্টির জল ও বরফ ঘরের মেঝে সব সময়ই সেঁতসেঁতে করে রাখত। চাষীর ঘরে কোন আলোর ব্যবস্থা ছিল না এবং মোমবাতি ছিল তাদের কাছে বিলাসিতা। সূর্যাস্তের আগেই তারা খাওয়া-দাওয়া সেরে ঘুমিয়ে পড়ত। প্রতিটি চাষীর কুটীরের সংলগ্ন থাকত শাক-সবজীর বাগান যা ছিল তাদের প্রধান আহার। ঘরের আসবাবপত্র ছিল মামুলি ধরনের। অবস্থা ভাল হলে

কৃষকদের জীবনধারা



থাকত রান্নার জন্য একটা কড়াই। কৃষকদের অস্থাবর সম্পত্তি বলতে ছিল কয়েকটি শূকর, দু'একটি দুগ্ধবতী গরু ও দু'তিনটি ষাঁড়। যারা একটু ধনী তাদের একটা ঘোড়াও থাকত। শীতকালে ছিল খাওয়া-দাওয়ার খুব অভাব। সে সময় তারা লবণ দিয়ে মাংস জমিয়ে রাখত ও তাই খেত। শিক্ষার কোন ব্যবস্থা ছিল না। জীবনযাত্রা ছিল একঘেয়ে ও গতানুগতিক।

মধ্যযুগে ইওরোপের প্রায় সব দেশেই সাধারণ কৃষক ও ভূমিদাসদের অবস্থা ছিল দুর্বিষহ। তাই সুযোগ পেলেই তারা জমিদারের খেত-খামার ছেড়ে পালিয়ে যেত। তা ছাড়া তখনকার দিনে সামন্তদের মধ্যে যুদ্ধ-বিগ্রহ প্রায় লেগেই থাকত। সেজন্য কৃষকদের চাষ-আবাদের ক্ষতিও হত খুব। তারা চাষ-আবাদ ছেড়ে দিয়ে অলসভাবে দিন কাটাত। নানা কারণে তাদের মন হয়ে উঠত জমিদারদের উপর বিদ্রোহী। ভূমিদাসরাও ক্রমেই বিদ্রোহী হয়ে উঠতে থাকে। তারা অস্ত্রশস্ত্র সংগ্রহ করে, নিজেরা দলবদ্ধ হয় এবং দলবদ্ধভাবে জমিদারের খাজনা দিতে অস্বীকার করে। অনেক জায়গায় তারা জমিদারদের খামার বাড়ী পুড়িয়ে ফেলে ও নিজেদের ইচ্ছামত চলাফেরার দাবি তোলে। ফ্লাণ্ডার্স থেকে স্পেনের মধ্যে অনেক জায়গায় ভূমিদাসরা বিদ্রোহী হয়। ১২৫১ খ্রীষ্টাব্দে ফ্রান্স ও ফ্লাণ্ডার্স-এর নির্যাতিত কৃষকরা বিদ্রোহী হয়ে ও দলবদ্ধ হয়ে ফ্লাণ্ডার্স থেকে প্যারিসের দিকে অগ্রসর হয়। পথে বহু কৃষক তাদের দলে যোগ দেয়। তারা ছিল নানা অস্ত্রশস্ত্রে সজ্জিত। তারা সরকারের দুর্নীতি, ধনীদের অত্যাচার ও পাদরীদের ভণ্ডামির তীব্র নিন্দা করে।

কৃষক ও সার্ফ বিদ্রোহ

কিন্তু শেষ পর্যন্ত সরকারের সেনাবাহিনী এদের দমন করে, বহু কৃষক নেতাদের বন্দী করে ও অনেককে হত্যা করে। বিদ্রোহী কৃষকদের অনেকে ইংল্যাণ্ডে পালিয়ে গিয়ে সেখানেও ছোটখাটো বিদ্রোহের সূচনা করে। চতুর্দশ শতকে ফ্রান্স, জার্মানী ও ইংল্যাণ্ডে আবার নূতন করে কৃষকরা বিদ্রোহী হয়। ১৩৮১ খ্রীষ্টাব্দে ইংল্যাণ্ডে এক ব্যাপক কৃষক বিদ্রোহ ঘটে। বিদ্রোহীদের নেতা ছিলেন ওয়াট টেইলার। বিদ্রোহী কৃষকরা বহু জমিদারকে হত্যা করে, তাদের ক্ষেত-খামার ও বাড়ী-ঘর পুড়িয়ে দেয়। এমন কি বিদ্রোহী কৃষকরা কয়েকদিন ধরে লণ্ডননগরী অবরোধ করে রাখে। শেষ পর্যন্ত ইংল্যাণ্ডের রাজা দ্বিতীয় রিচার্ড বিদ্রোহীদের সামনে আসেন



ও তাদের অভাব-অভিযোগ প্রতিকার করার প্রতিশ্রুতি দেন। তখন বিদ্রোহের অবসান ঘটে।

মধ্যযুগের শেষের দিকে ইওরোপের নানা দেশে কৃষক ও ভূমিদাসদের বিদ্রোহের প্রসার ও নূতন নূতন শহরের প্রতিষ্ঠা প্রভৃতি কারণে সামন্ত-প্রথা ও ম্যানর প্রথা ক্রমেই অচল হয়ে পড়ে ও ইওরোপে নূতন সভ্যতা ও সংস্কৃতির বিকাশ হয়।

অনুশীলনী

১। সামন্তপ্রথা বলতে কি বোঝায়? এই প্রথার উদ্ভব কেন ও কিভাবে হয়?

২। সামন্তদের শ্রেণীবিন্যাস কেমন ছিল? বিভিন্ন শ্রেণীর মধ্যে সম্পর্ক ছিল কিরূপ?

৩। ইওরোপকে রক্ষা করার ব্যাপারে সামন্তদের দুর্গ ও বর্মাবৃত অশ্বসেনা কি রকম ভূমিকা নিয়েছিল?

৪। 'বীরধর্ম' বলতে কি বোঝায়? নাইট হবার যোগ্যতার মাপকাঠি কি ছিল? নাইটদের আমোদ-প্রমোদ সম্বন্ধে কি জান? নাইটরা কি শপথ নিত?

৫। 'ম্যানর প্রথা' বলতে কি বোঝায়?

৬। স্বাধীন কৃষক ও ভূমিদাস কাদের বলা হত? ভূমিদাসদের অবস্থা সংক্ষেপে বর্ণনা কর।


৭। মধ্যযুগে কৃষকদের জীবনধারা সম্বন্ধে যা জান লেখ।

৮। মধ্যযুগে কৃষকবিদ্রোহের কারণ কি? কৃষক বিদ্রোহের কয়েকটি দৃষ্টান্ত দাও।

৮ ধর্মযুদ্ধ (ক্রুসেড)

ভূমিকা ঃ একাদশ শতকের মাঝামাঝি বিশ্বের ইতিহাসে দুটি বিশেষ ঘটনা ঘটে যা পাশ্চাত্য ও প্রাচ্যের পারস্পরিক সম্পর্কের উপর প্রভাব বিস্তার করে। একটি হল ক্লুনি-সংস্কার আন্দোলনের ফলে খ্রীষ্টান ধর্মের জনপ্রিয়তা এবং পোপের ক্ষমতা ও মর্যাদা বৃদ্ধি। ইওরোপের লোকেরা আগের তুলনায় খুব বেশী ধর্মপ্রবণ হয়ে উঠে ও পবিত্র তীর্থভূমি দেখার জন্য তাদের মধ্যে আগ্রহ ক্রমেই বাড়তে থাকে। তাতে উৎসাহিত হয়ে পোপ এশিয়ায় খ্রীষ্টধর্ম প্রচারে ব্রতী হন। পোপের আরও একটি উদ্দেশ্য ছিল ইওরোপে ইসলামের অগ্রগতি রোধ করা। দ্বিতীয় ঘটনা হল এশিয়ায় সলজুক নামে এক তাতার জাতির উত্থান—যারা খ্রীষ্টানদের পবিত্র তীর্থস্থান জেরুসালেম দখল করে বাইজেন্টাইন সাম্রাজ্যের দিকে ক্রমেই এগিয়ে যাচ্ছিল। কাজেই খ্রীষ্টানধর্মী ও ইসলামধর্মীদের মধ্যে সংঘাত হয়ে উঠেছিল অনিবার্য।

ধর্মযুদ্ধের উদ্দেশ্য ঃ ইসলাম ধর্মীদের পবিত্র তীর্থস্থান যেমন মক্কা, তেমনি খ্রীষ্টানদের তীর্থস্থান প্যালেস্টাইনের অন্তর্গত জেরুসালেম। এই দেশেই যীশুখ্রীষ্টের জন্ম ও মৃত্যু হয়েছিল। প্রতিবছর অগণিত ধর্মপ্রাণ মুসলমান যেমন মক্কায় যায়, তেমনি খ্রীষ্টানরাও জেরুসালেমে তীর্থযাত্রা করত। তখন পর্যন্ত প্যালেস্টাইনের খ্রীষ্টধর্ম বা তীর্থস্থানগুলি খ্রীষ্টানদের হাতেই ছিল। সপ্তম শতকে খ্রীষ্টানদের এই পবিত্রভূমি আরবদের হাতে চলে যায়। একাদশ শতকে সলজুক তুর্কীরা আরবদের এশিয়া সাম্রাজ্য দখল করে নেয়, সেই সঙ্গে জেরুসালেমও দখল করে। সলজুক তুর্কীরা খ্রীষ্টান তীর্থযাত্রীদের সঙ্গে অসদ্-ব্যবহার শুরু করলে খ্রীষ্টানদের ধর্মভাবে আঘাত লাগে। এরই মধ্যে সলজুকরা সমগ্র পশ্চিম এশিয়া দখল করে বাইজেন্টাইনের দিকে এগিয়ে যেতে থাকে। এই অবস্থায় বাইজেন্টাইনের সম্রাট আলেক্সিয়াস পশ্চিম খ্রীষ্টান জগতের প্রধান পোপ দ্বিতীয় আরবানের কাছে সাহায্যের প্রার্থনা করেন। পোপ দ্বিতীয় আরবান জেরুসালেমে সলজুকদের হাতে খ্রীষ্টান তীর্থযাত্রীদের লাঞ্ছনা ও দুঃখের কথা শুনেছিলেন। সুতরাং তিনি সম্রাট আলেক্সিয়াসের আবেদনে সাড়া দেন এবং



সর্বত্র ঘোষণা করেন যে বিধর্মী মুসলমানদের হাত থেকে পবিত্র প্যালেস্টাইন ও জেরুসালেম উদ্ধার করতে হবে। ধর্মরক্ষা করা ছাড়াও পোপের আরও কয়েকটি উদ্দেশ্য ছিল। এই ধরনের এক ব্যাপক সংগ্রামের সূত্রপাত করে তিনি সামন্তদের ব্যক্তিগত যুদ্ধ-বিগ্রহের অবসান করতে চেয়েছিলেন। এ ছাড়া, তিনি চেয়েছিলেন পূর্বরোম সাম্রাজ্যের ও গ্রীক গির্জার ক্ষমতা ক্ষুণ্ণ করে সেখানে ল্যাটিন বা ক্যাথলিক গির্জা ও পোপের ক্ষমতা প্রতিষ্ঠা করা। অপরদিকে, সলজুক তুর্কীদের আক্রমণের ফলে আরব জগতে যে অরাজকতা ও অনিশ্চয়তার সৃষ্টি হয়, বাইজেন্টাইনের শাসকরা তার সুযোগ নিয়ে আরব ভূখণ্ডের কিছু অঞ্চল দখল করার জন্য উদগ্রীব হয়ে উঠেন।

ধর্মভাবে উদ্বুদ্ধ হয়ে 'ঈশ্বরের ইচ্ছা' পূর্ণ করার উদ্দেশ্য যেমন অনেকের ছিল, আবার অনেকের উদ্দেশ্য ছিল পবিত্র তীর্থভূমিতে গিয়ে ধনসম্পদ লাভ করা। এছাড়া অগণিত ভূমিদাস, ভবঘুরে ও দণ্ডিত অপরাধীরা নিজেদের দুঃসহ জীবন থেকে মুক্ত হওয়ার আশায় ধর্মযুদ্ধে যোগ দেয়। আবার ভেনিস, জেনোয়া প্রভৃতি ইটালীর বন্দরের বণিকরা ও সিসিলির নরম্যান বণিকরা প্রাচ্যদেশে নিজেদের লাভজনক ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ করার উদ্দেশ্য নিয়ে ধর্মযুদ্ধে যোগ দেয়। ইসলামের বিরুদ্ধে ধর্মযুদ্ধে ইওরোপের এক এক শ্রেণীর লোকের এক এক ধরনের উদ্দেশ্য ছিল। কিন্তু ধর্মস্থান বিধর্মীর হাত থেকে উদ্ধার করার সংকল্প সেযুগের খ্রীষ্টানদের ধর্মপ্রবণতাকে যে উদ্বুদ্ধ করেছিল, তাতে কোন সন্দেহ নেই।

ধর্মযুদ্ধ বলতে কি বুঝায় ?

মুসলমানদের হাত থেকে প্যালেস্টাইনের পবিত্র তীর্থস্থান উদ্ধার করার জন্য ১০৯৫ থেকে ১২৯১ খ্রীষ্টাব্দের মধ্যে ইসলামধর্মী ও খ্রীষ্টানদের মধ্যে যে সংগ্রাম হয় তাকে ধর্মযুদ্ধ বা 'ক্রুজেড' বলা হয়। খ্রীষ্টান ধর্মের পবিত্র প্রতীক 'ক্রুশ' থেকেই 'ক্রুজেড' নামের উৎপত্তি। খ্রীষ্টান ধর্মযোদ্ধাদের সবাইকে ক্রুশ-আঁকা পোশাক পরে যুদ্ধে যেতে হত। অর্থাৎ এতে প্রমাণ হত তারা যীশুখ্রীষ্টের সৈনিক। আটবার এই ধর্মযুদ্ধ হয় এর মধ্যে প্রথম, তৃতীয় ও চতুর্থ যুদ্ধ বিশেষ উল্লেখযোগ্য।

প্রথম ধর্মযুদ্ধ (১০৯৫—১০৯৯) : পোপ দ্বিতীয় আরবান প্রথম ধর্মযুদ্ধের আহ্বান জানালে খ্রীষ্টান জগতে বিপুলভাবে সাড়া জাগে। হাজার হাজার মানুষ ক্রুশ হাতে এগিয়ে আসে। ইওরোপের বহু রাজা,



সম্ভ্রান্ত ব্যক্তি, নাইট, কৃষক, শিল্পী ও এমন কি মেয়েদের নিয়ে এক বিশাল সেনাবাহিনী গঠন করা হয়। ধর্মযোদ্ধাদের প্রধান দলটি ফ্রান্স, নরম্যাণ্ডি ও জার্মানীতে গঠন করা হয়েছিল। এই দলটি এক বছর পরে এশিয়া মাইনরে পেঁছায়। প্রথমেই তারা নিসিয়া নামে জায়গাটি আক্রমণ করে দখল করে নেয়। এরপর তারা সিরিয়ার প্রধান শহর এণ্টিয়োক দখল করে। এক দিনেই এই শহরের প্রায় দশ হাজার মানুষকে নির্মমভাবে হত্যা করা হয়। ইতিমধ্যে দুর্ভিক্ষ ও মহামারীর কবলে পড়ে বহু ধর্মযোদ্ধার মৃত্যু ঘটে। তা সত্ত্বেও ধর্মের উন্মাদনায় তারা এগিয়ে চলে জেরুসালেমের দিকে। ১০৯৯ খ্রীষ্টাব্দে এক ভয়ংকর যুদ্ধে হাজার হাজার মুসলমানকে হত্যা করে ধর্মযোদ্ধারা জেরুসালেম দখল করে। অগণিত ধর্মযোদ্ধাও এই যুদ্ধে প্রাণ হারায়।

জেরুসালেম ও তার সংলগ্ন অঞ্চল হাতে আসার পর ধর্মযোদ্ধারা সেখানে এক নূতন ধর্মরাজ্য গঠন করল। এই রাজ্যের নাম হল জেরুসালেমের ক্যাথলিক রাজ্য। চারটি অঞ্চলে রাজ্যটিকে ভাগ করা হল। জেরুসালেমের সামন্ত গড্ফ্রে-কে করা হল চারটি অঞ্চলের সামন্তদের প্রধান। কিন্তু কিছুদিনের মধ্যেই এই খ্রীষ্টান সামন্তরা পরস্পরের মধ্যে ঝগড়া-বিবাদে লিপ্ত হল। পরস্পরের বিরুদ্ধে কাজে লাগাবার জন্য তারা মুসলমানদের সংগে মিত্রতাও স্থাপন করল। উন্নত আরব সভ্যতার সংস্পর্শে আসার ফলে প্যালেস্টাইনের খ্রীষ্টান ধর্মযোদ্ধাদের ধর্মের উন্মাদনা অনেক কমে যায়। অনেকে আবার ইসলাম ধর্মও গ্রহণ করে।

তৃতীয় ধর্মযুদ্ধ (১১৮৯-৯২): খ্রীষ্টান ও মুসলমানদের মধ্যে কিছুটা শান্তি ও কিছুটা অশান্তি চলার সময় সালাদিন নামে মিশরের পরাক্রমশালী মুসলমান রাজা খ্রীষ্টানদের সংগে যুদ্ধ বিরতির এক চুক্তি করেন। কিন্তু ধর্মযোদ্ধারা বারবার এই চুক্তি ভংগ করলে সালাদিন খ্রীষ্টানদের উপর আক্রমণ চালিয়ে ১১৮৭ খ্রীষ্টাব্দে জেরুসালেম দখল করে নেন। এর ফলে জেরুসালেম পুনরুদ্ধার করার জন্য তৃতীয় ধর্মযুদ্ধের সূচনা হয়। ইওরোপের অনেক বড় বড় রাজারা যেমন জার্মানীর সম্রাট ফ্রেডারিক বারবারোসা, ফ্রান্সের দ্বিতীয় ফিলিপ, ইংল্যাণ্ডের প্রথম রিচার্ড প্রভৃতি এই যুদ্ধে যোগ দেন। পথে ফ্রেডারিক বারবারোসার মৃত্যু হয়। কিন্তু দ্বিতীয় ফিলিপ ও প্রথম রিচার্ড জলপথে প্যালেস্টাইনের দিকে এগিয়ে যান ও পথে সাইপ্রাস দ্বীপটি দখল করেন। কিন্তু রিচার্ডের উদ্ধত




ব্যবহারে বিরক্ত হয়ে ফিলিপ ফরাসী ধর্মযোদ্ধাদের নিয়ে যুদ্ধক্ষেত্র ত্যাগ করে স্বদেশে ফিরে যান। রিচার্ড যুদ্ধ করে প্যালেস্টাইনের কিছু অংশ উদ্ধার করলেন বটে, কিন্তু জেরুসালেম মুসলমানদের হাতেই রয়ে গেল। তিনি সালাদিনের সঙ্গে সন্ধি করে দেশে ফিরে গেলেন। রিচার্ডের বীরত্বের জন্য ইওরোপের লোকেরা তাঁকে 'সিংহ বিক্রম রিচার্ড' বলত। রিচার্ডের সঙ্গে সন্ধির শর্ত অনুসারে সালাদিন খ্রীষ্টানদের বিনাবাধায় জেরুসালেমে তীর্থ করার প্রতিশ্রুতি দেন। কিন্তু তৃতীয় ধর্মযুদ্ধকে কেন্দ্র করেই ইংল্যান্ড, জার্মানী ও ফ্রান্সের মধ্যে জাতীয় প্রতিদ্বন্দ্বিতা তীব্র হয়ে উঠে।

চতুর্থ ধর্মযুদ্ধ (১২০২—১২০৪): তৃতীয় ধর্মযুদ্ধের পর পবিত্রভূমি উদ্ধারের ব্যাপারে ইওরোপের রাজাদের ধর্মপ্রবণতায় ভাঁটা পড়ে। এ ব্যাপারে আবার অগ্রণী হন পোপ তৃতীয় ইনোসেন্ট। তাঁর অবশ্য প্রধান উদ্দেশ্য ছিল ক্যাথলিক গির্জার প্রভাব প্রতিপত্তি বৃদ্ধি করা। তিনি মিশরের মুসলিম শাসকদের বিরুদ্ধে চতুর্থ ধর্মযুদ্ধের আহ্বান জানান। কিন্তু ফ্রান্সের সামন্তরা ছাড়া কেউ তাতে বিশেষ সাড়া দেয় নি। ভেনিসের বণিকরা মিশরের মুসলিম শাসকদের সঙ্গে ঝগড়া-বিবাদের পক্ষপাতী ছিল না, কারণ তাতে তাদের ব্যবসা-বাণিজ্যের ক্ষতি হওয়ার খুবই সম্ভাবনা ছিল। বরং তারা কনস্টাণ্টিনোপলের বিরুদ্ধে যুদ্ধ করার পক্ষপাতী ছিল, কারণ বাইজেণ্টাইনের শাসকরা ভেনিসের বণিকদের বাণিজ্যের সুযোগসুবিধা দিতে মোটেই রাজী ছিলেন না।

সুতরাং চতুর্থ ধর্মযুদ্ধের লক্ষ্য হয়ে দাঁড়ায় বাইজেণ্টাইন। পোপ তৃতীয় ইনোসেণ্টের আপত্তি সত্ত্বেও ভেনিসের বণিকরা ও তাদের সহ-ধর্মযোদ্ধারা ১২০৪ খ্রীষ্টাব্দে কনস্টাণ্টিনোপল দখল করে নেয়। পূর্বরোম বা বাইজেণ্টাইন সাম্রাজ্যের সাময়িক পতন ঘটে ও কনস্টাণ্টিনোপলের ক্যাথলিক সাম্রাজ্যের প্রতিষ্ঠা হয়। ভেনেসীয় বণিকরা গ্রীসের সমস্ত উপকূলে বাণিজ্যিক প্রতিপত্তি লাভ করে। কনস্টাণ্টিনোপলের ক্যাথলিক সাম্রাজ্য অল্পদিনের মধ্যেই নষ্ট হয়ে যায়। ১২৬১ খ্রীষ্টাব্দে সেখানে এক নূতন গ্রীকরাজবংশের উদ্ভব ঘটে। কিন্তু গ্রীক-সম্রাটরা কনস্টাণ্টিনোপলের বিগত গৌরব ও ক্ষমতা পুনরুদ্ধার করতে ব্যর্থ হন এবং এই অঞ্চলে তুর্কীদের প্রতিপত্তি অনেক বেড়ে যায়।

চতুর্থ ধর্মযুদ্ধের পর আরও কয়েকবার তুর্কীদের হাত থেকে জেরুসালেম উদ্ধার করার চেষ্টা হয়। কিন্তু সব চেষ্টাই শেষ পর্যন্ত ব্যর্থ হয়।



ধর্মযুদ্ধের প্রভাব ঃ ধর্মযুদ্ধের উদ্দেশ্য ছিল তুর্কীদের হাত থেকে জেরুসালেমের পবিত্রভূমি উদ্ধার। কিন্তু তা ব্যর্থ হয়। তবু ইওরোপের সমাজ ও সংস্কৃতির উপর এর প্রভাব যথেষ্ট পড়েছিল। ইওরোপের বহু সামন্ত ধর্মযুদ্ধে যোগ দিয়ে সর্বস্বান্ত হয়ে পড়েন, ফলে সামন্ত প্রথার বিলোপ ঘটে। সামন্তদের প্রভাব থেকে মুক্ত হয়ে ইংল্যান্ড ও ফ্রান্সের রাজারা অত্যন্ত ক্ষমতাশালী হয়ে উঠেন। ইওরোপে জাতীয় রাষ্ট্রের সূচনা হয়।

প্রথম দিকে পোপের নেতৃত্বে ধর্মযুদ্ধ পরিচালিত হয়। তাঁর আবেদনে সাড়া দিয়ে ইওরোপের বিভিন্ন দেশের মানুষ ধর্মযুদ্ধে যোগ দেয়। তাদের ধন-সম্পদ, যুদ্ধাস্ত্র ও সৈন্য তুলে দেয় পোপের হাতে। ফলে পোপের ক্ষমতা, প্রতিপত্তি ও অর্থসম্পদ খুব বেড়ে যায়। ধর্মযুদ্ধ চলার সময় অনেকে অর্থের জন্য তাদের সম্পত্তি খুব সস্তায় মঠগুলির কাছে বিক্রী করে দেয়। আবার অনেকে এই মহান পুণ্যকাজে মঠের সন্ন্যাসীদের আশীর্বাদ লাভের জন্য তাদের সম্পত্তি মঠকে দান করে। বিশাল অর্থ-সম্পদ পোঁপ ও মঠের সন্ন্যাসীদের হাতে আসার ফলে তাদের নৈতিক অধঃপতন ঘটে। ধর্মযুদ্ধের সুযোগে পোপ নানা অবৈধ ভাবে অর্থ-সম্পদ সংগ্রহ করায় তাঁর বিরুদ্ধে রাজা থেকে প্রজা সকলেই বিক্ষুব্ধ হয়ে উঠে। পোপের বিরুদ্ধে ধর্মীয় আন্দোলনের সূচনা হয়।

ধর্মযুদ্ধ ইওরোপের সমাজ-জীবনে নানা পরিবর্তন আনে। আরব ও তুর্কীদের সংস্পর্শে এসে খ্রীষ্টানরা আরও সভ্য হয়ে উঠে। প্রথমদিকে তীর্থযাত্রীরা ছিল যোদ্ধা। শেষের দিকে যোদ্ধারা হয়ে উঠে শিক্ষার্থী। ইওরোপীয়রা নূতন আদব-কায়দা শিখল, জ্ঞান-বিজ্ঞানের সন্ধান পেল। আরবদের কাছেই ইওরোপের লোকেরা প্রাচীন গ্রীক দর্শন ও বিজ্ঞান সম্বন্ধে জ্ঞান লাভ করল। ধর্মযুদ্ধের প্রথমদিকে মুসলমানদের সম্পর্কে ইওরোপীয়দের ছিল অত্যন্ত ঘৃণা ও অসহিষ্ণুতা। কিন্তু তাদের সংস্পর্শে এসে ইওরোপীয়দের মনোভাবের পরিবর্তন হয়—মুসলমানদের উন্নত শিক্ষা ও সংস্কৃতির প্রতি তাদের শ্রদ্ধা জাগে।

ধর্মযুদ্ধের সময় অনেক অজানা দেশ, রাস্তাঘাট ইওরোপীয়দের নজরে আসে। ভৌগোলিক জ্ঞানের প্রসার ও প্রাচ্যের জ্ঞান-বিজ্ঞান পরবর্তীকালে ইওরোপে নবজাগরণের সহায়ক হয়। আরব ও তুর্কীদের কাছ থেকে ইওরোপীয়রা শেখে নূতন নূতন খাবার, ওষুধপত্র, স্থাপত্যকলা ও কাগজ তৈরী ও ছাপার কৌশল। এ ছাড়া শিখল বারুদ তৈরী করার কৌশল ও অনেক কিছু। অনেক আরবী শব্দ ইওরোপীয়রা তাদের ভাষায় ব্যবহার



করা শুরু করে—যেমন সিরাপ, সুগার, লেমন, সোফা, মসলিন, সাটিন ইত্যাদি।

ধর্মযুদ্ধের ফলে নূতন নূতন শহর ও বাণিজ্য কেন্দ্রের প্রতিষ্ঠা হয়। ইটালীর জেনোয়া, ভেনিস, পিসা, ফ্লোরেন্স, মিলান প্রভৃতি শহর ও বাণিজ্য কেন্দ্রগুলি ধর্মযুদ্ধের ফলে সমৃদ্ধ ও জনবহুল হয়ে উঠে। ভেনিস ও জেনোয়া ছিল বাণিজ্য-বন্দর। ফ্লোরেন্স, পিসা ও মিলান শহরগুলি ছিল বাণিজ্যপথের উপর অবস্থিত। ধর্মযুদ্ধের সময় এই সব শহর ও বন্দর থেকে ধর্মযোদ্ধাদের প্রয়োজনীয় সব কিছু যোগান দেওয়া হত ও জাহাজে করে তাদের জেরুসালেমের দিকে নিয়ে যাওয়া হত। ফলে সমাজে বণিকরা ও শিল্পীরা প্রভাব প্রতিপত্তি লাভ করে। কারণ এদের হাতেই ছিল কাঁচা পয়সা যা তারা ধর্মযুদ্ধের সময় রাজন্য ও সামন্তদের যোগান দিয়েছিল।

ত্রয়োদশ শতক পর্যন্ত ইওরোপের অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল কৃষি। কিন্তু ধর্মযুদ্ধ আরম্ভ হলে সামন্ত-প্রথা ও সামন্তরা দুর্বল হয়ে পড়ে। ধর্মযুদ্ধের সুযোগে বহু শিল্পী, কারিগর ও ভূমিদাসরা শহরে এসে ব্যবসা-বাণিজ্য ও শিল্পে যোগ দেয়। ব্যবসা-বাণিজ্যের প্রসারের সঙ্গে সঙ্গে কুটীর শিল্পেরও প্রসার ঘটে। প্রাচ্য দেশ থেকে জ্ঞান লাভ করে ইওরোপীয়রা নানা ধরনের কুটীর শিল্পের প্রতিষ্ঠা করে। যদিও কৃষি তখন পর্যন্ত মানুষের প্রধান জীবিকা ছিল, তবু এই যুগে কৃষিভিত্তিক অর্থনৈতিক জীবনের পরিবর্তে শিল্প-ভিত্তিক অর্থনৈতিক জীবনের সূচনা হয়। কুটীর শিল্পগুলি শিল্পী ও কারিগরদের হাতেই ছিল। রুটিওয়ালা, লৌহকার, ছুতার, তাঁতি প্রভৃতি শিল্পী ও কারিগররা নিজেদের বাড়িতে বসে ও নিজেদের সাধারণ যন্ত্রপাতি দিয়েই জিনিসপত্র তৈরী করত ও বাজারে বিক্রী করে আসত। আবার অনেক সময় শিল্পপতি ও পুঁজিপতিরা বিদেশ থেকে নানা রকমের শিল্পের জন্য কাঁচামাল নিয়ে আসত ও সেগুলি ব্যক্তিগতভাবে কারিগরদের বা তাদের পরিবারের হাতে তুলে দিত। এরা সে সব কাঁচামাল দিয়ে নানা জিনিসপত্র ঘরে বসেই তৈরী করত ও বণিকদের কাছে বিক্রী করত। এভাবে ইটালী ও ফ্রান্সের বহু মানুষ শিল্পের সঙ্গে জড়িত হয়ে পড়ে। কৃষির পাশাপাশি স্বতন্ত্রভাবেই কুটীরশিল্পের প্রসার ঘটে।

কুটীর শিল্পের প্রসার

অনুশীলনী

১। ধর্মযুদ্ধ কি ? ধর্মযুদ্ধ কেন ঘটেছিল ?

২। প্রথম ধর্মযুদ্ধের বিবরণ দাও।

৩। ইওরোপের সমাজ ও সংস্কৃতির উপর ধর্মযুদ্ধের প্রভাব সংক্ষেপে লেখ।

৯ মধ্যযুগে শহরের প্রসার

বিদেশী হানাদারদের আক্রমণ ও রোমান শহর : রোমানরা শহরে থাকতেই বেশী পছন্দ করত। তাই রোম সাম্রাজ্যের যুগে ইওরোপে বড় বড় শহর গড়ে উঠেছিল। শহরকে কেন্দ্র করেই গড়ে উঠেছিল রোমের সভ্যতা। কিন্তু জার্মান, হূণ প্রভৃতি বিভিন্ন হানাদারদের বার বার আক্রমণের ফলে রোমের শহরগুলি প্রায় ধ্বংস হয়ে যায়। শোনা যায়, বিদেশী হানাদারদের আক্রমণের ফলে এক সময় রোম নগরীও জনশূন্য হয়ে পড়েছিল। রোমানরা ব্রিটেনেও কতকগুলি শহর তৈরী করে ছিল। জার্মানীর এ্যাংলো-সাক্সন হানাদারদের হাতে বেশীর ভাগ শহরই ধ্বংস হয়ে যায়।



মধ্যযুগের বিভিন্ন শহর

একমাত্র দক্ষিণ ফ্রান্স, ইটালী ও স্পেনের শহরগুলি কোনমতে টিকে থাকে। ইওরোপের রোমান শহরগুলির ধ্বংসের কিন্তু একমাত্র কারণ বিদেশী




হানাদার নয়। এর অন্য কারণও ছিল। বিদেশী হানাদাররা শহরের চেয়ে গ্রামে বাস করাই বেশী পছন্দ করত। ফলে ইওরোপে বেশ কিছুদিন নগর জীবনের পরিবর্তে গ্রামীণ জীবন গড়ে উঠে। এই যুগেই ইওরোপে সামন্ত প্রথার উদ্ভব হয়। সামন্ততান্ত্রিক সমাজ ও অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল গ্রাম।

পুরোনো শহরের সংস্কার ও নূতন শহরের প্রতিষ্ঠা

বিদেশী হানাদারদের আক্রমণের ঢেউ বন্ধ হলে এবং তারা স্থায়ীভাবে বসবাস শুরু করলে ইওরোপে শান্তি-শৃংখলা ফিরে আসে। রোমান শহরগুলির সমৃদ্ধি ফিরে আসে এবং সেই সঙ্গে নূতন নূতন শহর গড়ে উঠে। ব্যবসা-বাণিজ্যেরও প্রসার ঘটে এবং নূতন নূতন বাণিজ্য পথের সৃষ্টি হয়। নূতন শহরগুলির বেশীর ভাগই গড়ে উঠেছিল যেখানে ব্যবসা-বাণিজ্যের সুবিধা ছিল বেশী—যেমন সমুদ্র ও নদীর উপকূলে, বাণিজ্য পথের ধারে ও পাহাড়ের উপর। আবার কোন কোন জায়গায়, যেমন জার্মানীতে, দুর্গ ও সামরিক ঘাঁটির চারদিকে নূতন শহর গড়ে উঠে।

রাজকীয় সনদ দ্বারা শহরের স্ব-শাসনের স্বীকৃতি

ইওরোপে সামন্তপ্রথা চালু হলে শহরগুলিও এই প্রথার আওতায় এসে পড়ে। রাজা ও সামন্ত প্রভুরা নিজেদের এলাকায় অবস্থিত শহরগুলির উপর তাদের কর্তৃত্ব চাপায় ও শহরবাসীদের কাছ থেকে নানা ধরনের সামন্ত-কর আদায় করতে থাকে। শহরের নাগরিকরা তাদের সামন্ত প্রভুদের কাছে অনুগত থাকতে, সামন্ত কর দিতে ও প্রয়োজনে সৈন্য দিয়ে সাহায্য করতে বাধ্য থাকত। ব্যবসা-বাণিজ্য ও শিল্পে শহরগুলি সমৃদ্ধ হয়ে উঠেছিল। সুতরাং সামন্ত-প্রভুরা যখন তখন শহর থেকে অর্থ আদায় করত এবং তা না পেলে সেখানে ব্যবসা-বাণিজ্যে নানারকম বাধা সৃষ্টি করতেও কুণ্ঠিত হত না। একাদশ শতক থেকে শহরগুলি ক্রমেই বিদ্রোহী হয়ে উঠতে থাকে। শহরের বণিক, শিল্পী ও অন্যান্য নাগরিকরা শহরের চারিদিকে উঁচু করে দেওয়াল দেয় ও নানারকম প্রতিরক্ষার ব্যবস্থা নেয়। রাজা বা সামন্ত-প্রভুদের তহশীলদার শহরে আসার সময় শহরের ফটক বন্ধ করে দেওয়া হত। অনেক সময় মারধোর করে তহশীলদার ও সামন্ত প্রভুদের কর্মচারীদের তাড়িয়ে দেওয়া হত। ক্রমে শহরবাসীরা হয়ে উঠল সংঘবদ্ধ, বিত্তশালী ও সেনাবলে বলীয়ান। তখন তারা আর সামন্ত-প্রভুর অধীনে থাকতে চাইল না। কোথাও টাকা দিয়ে, কোথাও




বা জোর করে তারা পৌর শাসনের অধিকার ও অন্যান্য সুযোগ-সুবিধা আদায় করল। অনেক জায়গার সামন্ত-প্রভুরা স্বেচ্ছায় শহরবাসীদের সনদ লিখে দিয়ে অনেক সুযোগ-সুবিধা মঞ্জুর করল এই আশায় যে শহরের সমৃদ্ধি বাড়লে তাদেরও আর্থিক লাভ বেশী হবে। অনেক জায়গায় রাজারা সামন্তদের প্রভাব-প্রতিপত্তি খর্ব করার জন্য শহরগুলিকে সনদ লিখে দিয়ে স্বায়ত্তশাসনের অধিকার মঞ্জুর করেন।

এই সব সনদের বলে শহরগুলি একে একে স্বাধীনভাবে আইন করার, কর্মচারী নিয়োগ করার, মুদ্রা প্রচলন করার ও সেনাবাহিনী গঠন করার ক্ষমতা লাভ করল। ধর্মযুদ্ধের সময় এই ধরনের স্বয়ং শাসিত শহরের সংখ্যা অনেক বেড়ে যায়। ধর্মযুদ্ধ পরিচালনা করার জন্য রাজাদের ও সামন্তদের অর্থের খুব প্রয়োজন হয়ে পড়ে। এই অর্থের যোগান তখন একমাত্র সমৃদ্ধ শহরগুলিই দিতে পারত। সুতরাং অর্থের তাগিদে রাজারা এবং সামন্তরা তাঁদের এলাকার শহরগুলিকে সনদ লিখে দেন। এই সব সনদের বলে বলীয়ান হয়ে শহরগুলি ক্রমেই খুব সমৃদ্ধ, জনবহুল ও শক্তিশালী হয়ে উঠে ও তারা সামন্ত-প্রভুদের অগ্রাহ্য করে ক্রমেই স্বাধীন হয়ে উঠে। এমনিভাবে ইটালীর ফ্লোরেন্স, জেনোয়া, মিলান; জার্মানীর লুবেক, হামবুর্গ প্রভৃতি শহরগুলি প্রায় স্বাধীন নগররাষ্ট্রে পরিণত হয়। কিছুদিনের মধ্যে এক একটি বর্ধিষ্ণু ও সমৃদ্ধ পরিবার এক এক নগর-রাষ্ট্রে রাজতন্ত্র প্রতিষ্ঠা করে।

শহরের প্রসারে ধর্মযুদ্ধের অবদান

সে যুগে শহরগুলির বেশীর ভাগই ছিল উঁচু প্রাচীর দিয়ে ঘেরা, যাতে বাইরের কেউ সহজে শহরে ঢুকতে না পারে। এই প্রাচীর দিয়ে ঘেরা শহর-গুলিকে বলা হত 'বার্গ' বা 'বুর্গ' অর্থাৎ সুরক্ষিত স্থান। এর ভেতরের বাসিন্দাদের বলা হত বার্গার। বার্গ বা বুর্গ থেকে বুর্জোয়া শব্দের উদ্ভব। 'বুর্জুয়া' শব্দের অর্থ হল মধ্য বা মধ্যবিত্ত শ্রেণী। প্রথম দিকে শহরের বণিক, ব্যবসায়ী, স্থপতি ও রুটি-প্রস্তুতকারকরা এই শ্রেণীভুক্ত ছিল। সমাজে এরা সম্ভ্রান্ত ও খ্রীস্টান পাদরীদের গুরুত্ব খর্ব করে। রাজা ও কৃষকদের মধ্যে এরাই হল মধ্যশ্রেণী। ক্রমে এই শ্রেণীর লোকরা সামাজিক, অর্থনৈতিক এমনকি রাজনৈতিক জীবনে খুবই প্রভাব বিস্তার করে। ফ্রান্সে মধ্যবিত্ত শ্রেণীকে বলা হত তৃতীয় শ্রেণী।

মধ্যবিত্ত বা বুর্জোয়া শব্দের উদ্ভব




কতকগুলি বড় শহর ছাড়া, মধ্যযুগের শহরগুলি ছিল আয়তনে ছোট ও ঘিঞ্জী। বাড়িগুলি ছিল কাঠের তৈরী ও খড়-পাতার ছাউনি। রাস্তাগুলি ছিল অত্যন্ত সরু ও আঁকাবাঁকা, কোথাও কাঁচা, কোথাও উঁচু-নীচু পাথর দিয়ে বাঁধানো। দু'দিকে চার পাঁচতলা বাড়ি, কাজেই রাস্তায় আলো বাতাস প্রবেশের উপায় ছিল না।

শহর-জীবন

রাস্তাগুলি ছিল যেমন অন্ধকার, তেমন দুর্গন্ধ ও হট্টগোলে ভরা। সেই রাস্তা দিয়েই চলাচল করত ঘোড়সওয়ার, গাড়িওয়ালা, ফেরিওয়ালা ও পথিক। বাড়িগুলিও ছিল ঘুপসি ও অস্বাস্থ্যকর। দিনের বেলায় কাঁচের জানালা দিয়ে সামান্য আলো আসত, রাত্রে মোমবাতি বা ছোট ছোট মশাল জ্বালিয়ে অন্ধকার দূর করা হত ও ঘর গরম করা হত। শহরবাসীর স্বাস্থ্যরক্ষার কোন ব্যবস্থাই ছিল না। তখন পর্যন্ত শহরে পৌর-সংস্থা বলে কিছুই গড়ে উঠে নি। রাস্তায় আলো দেওয়ার কোন ব্যবস্থা ছিল না, তবে পান্থনিবাস বা সরাইখানার সামনে লণ্ঠন জ্বালিয়ে রাখা হত। কোন কারণে পানীয় জল দূষিত হলে শহরে মড়ক লেগে যেত ও বহু লোক প্রাণ হারাত। চতুর্দশ শতকের মাঝামাঝি ইংলণ্ডে 'ব্ল্যাক ডেথ' বা কাল মহামারী নামে এক ভয়াবহ মহামারীর কবলে পড়ে দেশের এক-তৃতীয়াংশ লোকের মৃত্যু হয়। সন্ধ্যার পর শহরের ফটক বন্ধ করে দেওয়া হত ও সভ্য নাগরিকরা নিরাপত্তার জন্য বাড়িতেই থাকত। বেচাকেনা দিনের আলোতেই করা হত। কারণ অনেক নাগরিকই রাত্রে বাড়ির বাইরে যেতে সাহস করত না। পথে চোর, ডাকাত, গুণ্ডা প্রভৃতি দুর্বৃত্তের উৎপাত ছিল।

অনেক অসুবিধা থাকা সত্ত্বেও তখনকার শহরে কিছু আকর্ষণও ছিল। মাঝে মাঝে শহরে মেলা বসত। বিভিন্ন দেশের বণিকরা তাদের নানা রকমারি জিনিসপত্র নিয়ে মেলায় আসত ও সেগুলি সকলের সামনে সাজিয়ে রাখত। শহরের বণিকরাও আসত নানারকম সৌখিন জিনিসপত্র নিয়ে। কেনা-বেচার ধুম পড়ে যেত। ভেলকিবাজ ও ভাঁড়েরা শহরে রাস্তায় রাস্তায় তাদের খেলা দেখিয়ে দর্শকদের আনন্দ দিত এবং পয়সা রোজগার করত। কুকুরের লড়াই ও মুরগীর লড়াই ছিল শহরবাসীর আর এক ধরনের আমোদ। শহরে কিছু বড় বড় দোকান ছিল। সেখানে দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় জিনিসপত্র ছাড়াও বিলাসের সামগ্রী পাওয়া যেত। শহরের প্রধান যানবাহন বলতে ছিল ঘোড়া, ঘোড়ার গাড়ী ও গরুর গাড়ী।




সেখানকার বাজারে ভিড় সব সময় লেগে থাকত। বাজারগুলিতে দোকানে দোকানে থাকত রকমারি পোশাক ও নানা জিনিসপত্র। ফেরিওয়ালা মাথায় নানা রকম পসরা নিয়ে রাস্তায় রাস্তায় হেঁকে বেড়াত। এই ছিল তখনকার শহরের সাধারণ জীবনধারা।

প্রাচীন রোমে বণিক, শিল্পী ও ঠিকাদারদের নিজেদের সংগঠন ছিল, সেগুলিকে বলা হত 'কলেজিয়া', 'স্কোলা', 'আরটিস' ইত্যাদি। জার্মান হানাদারদের আক্রমণের ফলে ঐ সব সংগঠনগুলি ধ্বংস হয়ে গিয়েছিল।

বণিক ও শিল্পীসংঘ

মধ্যযুগে ব্যবসা-বাণিজ্যের প্রসার ও বিশেষ ধরনের শিল্পের উৎপত্তি হলে বণিক ও শিল্পীরা নিজেদের স্বার্থরক্ষার জন্য জোটবদ্ধ বা সংঘবদ্ধ হওয়ার প্রয়োজন অনুভব করে। এছাড়া সামন্ত-প্রভুদের জুলুম ও চোর-ডাকাতের দৌরাত্ম্য থেকে আত্মরক্ষার জন্যও তাদের সংঘবদ্ধ হওয়া প্রয়োজন হয়ে পড়ে। ম্যানরের জীবনধারা থেকে শহরের জীবনধারা ছিল সম্পূর্ণ অন্য ধরনের। শহরের বেশীর ভাগ লোক কোন-না-কোন ব্যবসায় নিযুক্ত ছিল। সুতরাং বণিক ও শিল্পীরা নিজেদের সংঘ বা 'গিল্ড' গড়ে তোলে। সেই সংঘগুলি ছিল অনেকটা আধুনিককালের বণিক সংঘের মত। তবে পার্থক্য হল এই যে তখনকার সংঘের সভ্যরা নিজেরাই ছিল একই সঙ্গে পুঁজিপতি, দোকানের মালিক ও শ্রমিক। পুঁজিপতি ও শ্রমিকদের মধ্যে কোন সুনির্দিষ্ট ভেদ ছিল না। তখনকার বণিক ও শিল্প সংঘগুলির উদ্দেশ্য ছিল ব্যবসা-বাণিজ্যের নিয়মকানুন ঠিক করা, শুল্কের হার নিয়ে সামন্ত-প্রভুদের সাথে দর কষাকষি করা, শিল্পের জন্য কাঁচামাল যোগাড় করা, মালপত্র চলাচলের জন্য রাস্তাঘাট তৈরী করা, বাজারের তত্ত্বাবধান করা, শ্রমিকদের মজুরীর হার ও শ্রমের সময় স্থির করা ইত্যাদি। এছাড়া এই সংঘগুলির অন্য উদ্দেশ্য ছিল, সংঘের সভ্যদের মধ্যে কেউ দারিদ্র্যের কবলে পড়লে তাকে রক্ষা করা, কেউ গ্রেপ্তার হলে তাকে উদ্ধার করা এবং কেউ মারা গেলে তার পরিবারবর্গকে অর্থ দিয়ে সাহায্য করা। এই সংঘগুলির প্রধান লক্ষ্য ছিল ব্যবসা-বাণিজ্যে একচেটিয়া অধিকার লাভ করা এবং লক্ষ্য রাখা যাতে বিদেশী বণিকরা সংঘের অনুমতি না নিয়ে শহরে বেচা-কেনা না করতে পারে। এই সংঘগুলি সংঘের সদস্যদের আচার-আচরণের জন্য নিয়মকানুন ঠিক করত ও নিম্নমানের জিনিসপত্র বিক্রির জন্য দোষী সওদাগরকে শাস্তি দিত।



প্রথমে বণিক সংগঠন গড়ে উঠে, পরে আলাদাভাবে গড়ে উঠে শিল্পী ও কারিগরদের সংগঠন। এ ভাবে তাঁতি, স্বর্ণকার, কুমার, কামার, মুচি, রুটিওয়ালা, মাংসওয়ালা প্রভৃতি ভিন্ন ভিন্ন বৃত্তির লোকদের নিয়ে সংগঠন গড়ে উঠতে থাকে। ওস্তাদের অধীনে থেকে এরা কারিগরি বিদ্যা শিখত। দ্বাদশ শতকে ইংল্যাণ্ডে ও ইওরোপের অন্যান্য দেশে এই ধরনের শিল্পী ও কারিগর সংগঠন গড়ে উঠে। কোন কোন শহরে পঞ্চাশটিরও বেশী সংগঠন ছিল।

অনুশীলনী

১। মধ্যযুগে শহরের উৎপত্তি কি ভাবে হয়েছিল? কয়েকটি শহরের নাম কর।
২। মধ্যযুগের শহরগুলি কি ভাবে স্বায়ত্ত-শাসনের অধিকারী হয়েছিল?
৩। মধ্যযুগে শহরের প্রসারে ধর্মযুদ্ধের অবদান কি?
৪। মধ্যযুগে শহর-জীবনের সংক্ষিপ্ত বিবরণ দাও।
৫। মধ্যযুগে বণিক ও শিল্পীসংঘ এবং এই ধরনের সংঘ সম্বন্ধে কি জান লেখ।

10 মধ্যযুগে সুদূর প্রাচ্য

প্রথম পরিচ্ছেদ

মধ্যযুগে চীন

প্রাচীন কালে চীন সভ্যতার যে ভিত্তি রচিত হয়েছিল, তারই সূত্র ধরে গড়ে উঠেছিল চীনের মধ্যযুগীয় সভ্যতা। হান সাম্রাজ্যের পতনের পর পঞ্চম ও ষষ্ঠ শতক ধরে চীনে এক দারুণ নৈরাজ্য ও অরাজকতা চলে। সুই বংশের (৫৮৯-৬১৮) প্রতিষ্ঠা হলে চীনে আবার শান্তি-শৃংখলা ও রাষ্ট্রীয় ঐক্য ফিরে আসে। সুই বংশের পর তাং বংশের প্রতিষ্ঠা হয়।

তাং যুগ (৬১৮—৯০৭ খ্রীঃ)

তাং বংশের প্রতিষ্ঠা হলে ধর্ম, সাহিত্য, সংস্কৃতি, সামরিক অগ্রগতি প্রভৃতি সব ক্ষেত্রেই চীনে এক নূতন যুগের সূচনা হয়। রাষ্ট্রীয় ঐক্য, শান্তি ও সভ্যতা বিকাশের জন্য তাং যুগকে চীনের স্বর্ণ যুগ বলা হয়ে থাকে। ৬১৮ থেকে ৯০৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত প্রায় তিনশ' বছর এই বংশের রাজত্ব চলে।

তাং বংশের প্রথম সম্রাট ছিলেন লি-ইউয়ান, যদিও এই বংশের যথার্থ প্রতিষ্ঠাতা ছিলেন তাঁর ছেলে লি-শি-মিন্। লি-ইউয়ান ছিলেন দয়ালু। তাঁর আমলে চীনের বৌদ্ধ মঠগুলিতে ভিক্ষু ও ভিক্ষুণী ছাড়াও বহু দীন-দরিদ্র ও অলস লোকেরা বাস করত। সম্রাট লি-ইউয়ান এদের সবাইকে অসামরিক ও অ-যাজকীয় জীবনে ফিরে আসার আদেশ দেন। তিনি ছেলের পরামর্শ মত দেশের পুনর্গঠনে ব্রতী হন ও শিক্ষার প্রসারের জন্য চেষ্টা করেন।

লি-ইউয়ানের মৃত্যুর পর লি-শি-মিন্ 'তাং-তাই-সুং' উপাধি ধারণ করে সিংহাসনে বসেন। তাই-সুং ৬২৭ থেকে ৬৫০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তাঁকে চীনের সর্বশ্রেষ্ঠ সম্রাট বলা যায়। তিনি শিক্ষিত ছিলেন, তাঁর হাতের লেখাও ছিল খুব সুন্দর। তাঁর হাতের লেখার নমুনা আজও চীনের ছাত্রদের কাছে খুবই জনপ্রিয় এবং তা আদর্শ স্মৃতি-চিহ্ন হিসাবে বিক্রি হয়। ঘোড়ায় চড়া এবং শিকারেও তিনি খুব দক্ষ ছিলেন।



সিংহাসনে বসার কিছুদিনের মধ্যেই তাই-সুং বহু যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হন। এর আগে চীন সাম্রাজ্য তিন ভাগে বিভক্ত হয়ে গিয়েছিল। তার উপর ছিল তাতার ও বিদেশী বর্বর জাতিদের উৎপাত। তিনি একাধিক অভিযান চালিয়ে বিদেশী বর্বর শত্রুদের দেশ থেকে তাড়িয়ে দেন ও প্রবল প্রতিদ্বন্দ্বীদের দমন করেন। এরপর চীনে রাষ্ট্রীয় ঐক্য ফিরে আসে। এরপর তিনি দেশের পুনর্গঠনে মনোযোগী হয়ে বহু কল্যাণমূলক সংস্কার সাধনে ব্রতী হন। তিনি প্রজাহিতৈষী সম্রাট হিসাবে চীনবাসীর কাছে জনপ্রিয় হয়ে উঠেন। চীনে এক দীর্ঘমেয়াদী শান্তি ও গৌরবময় যুগের সূচনা হয়।

রাষ্ট্রীয় ঐক্য পুনঃ স্থাপন

চীনের রাষ্ট্রীয় ঐক্য পুনঃস্থাপিত হওয়ার পর তাই-সুং-এর সেনাবাহিনী বিদেশে অভিযান শুরু করে। কিছুদিনের মধ্যেই কোরিয়া, পারস্য, তিব্বত, আনাম, ব্রহ্মদেশ প্রভৃতি দেশ তাদের করায়ত্ত হয়। পূর্ব এশিয়ার 'কালমাক' ও মধ্য এশিয়ার 'মাঞ্চু' নামে বর্বর জাতিগুলি চীনের সভ্যতা ও সংস্কৃতি গ্রহণ করে। প্রকৃতপক্ষে বিশ্বে তখন তাং সাম্রাজ্যই ছিল সব চেয়ে বৃহৎ ও শক্তিশালী। চীনের সভ্যতা ও সংস্কৃতি সম্বন্ধে তথ্য সংগ্রহের জন্য কোরিয়া ও জাপান থেকে দূত চীনে আসেন। চীনের সভ্যতার অনুকরণে এই দুই দেশে সভ্যতা ও সংস্কৃতি গড়ে ওঠে। চীনের রাজধানী চ্যাং-আন্-এর অনুকরণে গড়ে উঠে জাপানের রাজধানী নারা নগর। জাপানীরা চীনের লিপি গ্রহণ করে, যদিও জাপানী ও চীনা ভাষার মধ্যে অনেক পার্থক্য আছে। প্রথম দিকে জাপানী ভাষার উপর চীন ভাষার প্রভাব ছিল। অনেক জাপানী লেখক **চীনা** ভাষায় বই লেখেন। চীন থেকে বৌদ্ধ ধর্ম কোরিয়া হয়ে জাপানে আসে।

চীনের সভ্যতা ও সংস্কৃতির প্রসার

তাং আমলে চীনে নানা দেশের নানা ধর্মের লোকের যাতায়াত ছিল। পরধর্মের প্রতি তাং সম্রাটরা ছিলেন খুবই উদার। মুসলিম, খ্রীষ্টান ও জরথুস্ত্রীয়রা চীনে এসে অবাধে ধর্ম প্রচার করত। ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মহম্মদ সম্রাট তাই-সুং-এর কাছে ধর্মদূত পাঠান। তাই-সুং ক্যাণ্টন শহরে মসজিদ তৈরী করার অনুমতি দেন। বিশ্বের সব চেয়ে পুরনো মসজিদের মধ্যে ক্যাণ্টনের মসজিদ একটি। খ্রীষ্টানরাও তাই-সুং-এর রাজসভায় আসে। সম্রাট চীনা ভাষায় বাইবেল অনুবাদ করিয়ে



তা পাঠ করেন। তিনি খ্রীষ্টানদের গীর্জা ও মঠ তৈরী করারও অনুমতি দেন।

চীনে ভারতীয়দের আনাগোনা ছিল সব চেয়ে বেশী। ভারত থেকে অনেক বৌদ্ধ ভিক্ষু চীনে গিয়ে বৌদ্ধ ধর্ম প্রচার করেন। চীনের দর্শন শাস্ত্র ও শিল্পকলার উপর বৌদ্ধধর্মের বিশেষ ছাপ পড়ে। তাং আমলে চীনে অনেকগুলি বৌদ্ধ-গুহামন্দির তৈরী হয়। এই সময়ে হিউয়েন-সাং নামে চীনের এক বৌদ্ধ সন্ন্যাসী ও পণ্ডিত ভারতে আসেন (৬৩০-৬৪৪ খ্রীঃ)। তিনি মধ্য এশিয়ার ভেতর দিয়ে কাশ্মীরে আসেন, সেখান থেকে পাঞ্জাবের ভেতর দিয়ে হর্ষবর্ধনের রাজধানী কনৌজে আসেন। তিনি বৌদ্ধ তীর্থস্থানগুলি পরিদর্শন করেন—যেমন কপিলাবস্তু, বারাণসী, গয়া ইত্যাদি। পামীর উপত্যকা ও খোটানের ভিতর দিয়ে স্বদেশে ফিরে যান। বুদ্ধের সম্বন্ধে অনেক কিছু জানতে ও বৌদ্ধ শাস্ত্র শিখতেই তিনি এসেছিলেন। তিনি ভারতের বহুস্থান পরিভ্রমণ করেন। স্বদেশে ফিরে যাবার সময় সঙ্গে নিয়ে যান বিভিন্ন ধাতুর তৈরী বুদ্ধের মূর্তি ও প্রায় সাতশ' বৌদ্ধ শাস্ত্রের পাণ্ডুলিপি। তিনি সে সব পাণ্ডুলিপি চীনা ভাষায় অনুবাদ করেন। চীনে বৌদ্ধ ধর্মের প্রচলন আগেই ছিল, কিন্তু বৌদ্ধ ধর্মশাস্ত্র সম্বন্ধে চীনের বৌদ্ধদের তেমন জ্ঞান ছিল না। হিউয়েন-সাং সেই অভাব পূরণ করেন। চীনে বৌদ্ধ ধর্মের জনপ্রিয়তা বৃদ্ধি পায় ও ভারতের অনুকরণে সেখানে অনেক বৌদ্ধ মঠ তৈরী হয়।

চীনে বৌদ্ধ ধর্ম : হিউয়েন সাং



হিউয়েন সাং

তাং আমলে চীনের শাসন প্রণালীর সংস্কার করা হয়। আমলারা যাতে দক্ষতার সঙ্গে শাসন করতে পারে, সেজন্য তাদের রীতিমত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরীতে ঢুকতে হত। সরকারী চাকুরীতে অযোগ্যের কোন স্থান ছিল না। ফলে শাসনব্যবস্থার উন্নতি হয়। এই আমলেই চীনের আইন-কানুন সংকলন করে লিপিবদ্ধ করা হয়। তাং আমলের সমসাময়িক বাইজেণ্টাইন সাম্রাজ্যে দণ্ডবিধি ছিল

নূতন আইনবিধি



খুবই কঠোর ও অমানুষিক। সেখানে সামান্য অপরাধে দোষীর অঙ্গচ্ছেদ, অর্থাৎ চোখ উপড়ে ফেলা, নাক, কান ও জিভ কেটে ফেলা—ইত্যাদি করা হত। তাং আমলে চীনে এ ধরনের অমানুষিক শাস্তির বিধান ছিল না। আগের আমলের প্রাণদণ্ডের বিধান নিষিদ্ধ করা হয়। সম্রাট তাই-সুং নিয়ম করেন যে ভবিষ্যতে কাউকে প্রাণদণ্ড দিতে হলে তার আগে সম্রাট নিজে তিন দিন অনশন করবেন। তা হলে কেউ অন্যায়ভাবে দণ্ডিত হবে না। সম্রাটের কাজ-কর্মের সমালোচনা করার অধিকার মন্ত্রীদের দেওয়া হত যাতে সম্রাট নিজের ভুল-ভ্রান্তি বুঝতে পারেন।

তাং আমলে চীনে শিক্ষা ও সংস্কৃতির অভূতপূর্ব উন্নতি হয়। তাং সম্রাট তাই-সুং ছিলেন বিদ্যোৎসাহী ও শিক্ষার পরম পৃষ্ঠপোষক। তাঁর ধর্মীয় উদারতার কারণে বহু ধর্মের ও ভাষাভাষীর লোকেরা চীনে আসত, বহু বিদেশী রাষ্ট্রদূত তাঁর রাজসভায় সমাদর পেতেন।

শিক্ষা ও সংস্কৃতির প্রসার

আমলাদের উপযুক্ত শিক্ষা দেওয়ার জন্য স্থাপিত হয়েছিল প্রসিদ্ধ হানলিন বিদ্যালয়। এই বিদ্যালয়ে প্রাচীন তথ্য ও কিংবদন্তী সংগ্রহ করে চীনের ইতিহাস লেখা হত এবং প্রাচীন পুঁথি নকল ও সম্পাদনা করে প্রকাশ করা হত। তাং আমলে একটি বিরাট গ্রন্থাগার স্থাপিত হয়। এই গ্রন্থাগারে প্রায় দু'লক্ষ প্রাচীন পুঁথি সংগ্রহ করে রাখা হয়েছিল।

কাব্যের দিক দিয়ে এই যুগ স্মরণীয়। রাজসভার পৃষ্ঠপোষকতায় বহু কবি কাব্য রচনা করেন। এ যুগের খ্যাতনামা কবি ছিলেন লি-পো। তাঁর কবিতায় যেন স্বর্গের সুধা ঝরে পড়ত। এজন্য চীনের লোকেরা তাঁকে বলত 'স্বর্গচ্যুত দেবদূত'। এ ছাড়া অন্যান্য প্রসিদ্ধ কবি ছিলেন তু-ফু, হান ওয়েন-কুং ইত্যাদি। এযুগে প্রায় পঞ্চাশ হাজার ছোট বড় কবিতা রচিত হয়। এযুগে পৃথিবীর প্রথম ছাপাখানা স্থাপিত হয় চীনে। প্রথমে ছোট ছোট কাঠের টুকরোর উপর অক্ষর খোদাই করে তাতে কালি মাখিয়ে বই ছাপা শুরু হয়। পরে সৃষ্টি হয় ধাতুর তৈরী অক্ষর। সেই সময়ে কাগজ তৈরী করার কৌশলও চীনের লোকেরা শিখে ফেলে। ফলে বই ছাপার কাজ দ্রুত হয় এবং শিক্ষা ও সংস্কৃতির প্রসার ঘটে।

মৃৎ-শিল্পে ও চিত্র-শিল্পে তাং যুগ চীনের ইতিহাসের এক গৌরবময় যুগ। মৃৎ-পাত্রের গড়নের বৈচিত্র্য দেখা দেয়। পালিসের কাজে রং দেওয়া ও



নানা নক্শা আঁকায় চীনের মৃৎ-শিল্পীরা খুবই দক্ষতা অর্জন করে। এ ছাড়া হাতির দাঁতের ও নানা মণিমুক্তার সূক্ষ্ম কাজেও শিল্পীরা দক্ষতার পরিচয় দেয়। চীনের শ্রেষ্ঠ চিত্রকর উতাও-ৎসে ছিলেন এ যুগের শিল্পী। এ যুগের ছবিগুলির বেশীর ভাগই ধর্মঘেঁষা।

শিল্প

তাং আমলে চীনে স্থাপত্য ও ভাস্কর্য শিল্পও বেশ উন্নত হয়ে উঠে। সে যুগে চীনের প্যাগোডা বা বহুতল বিশিষ্ট বৌদ্ধ মঠগুলি ভারতের বৌদ্ধ-স্তূপের অনুসরণেই তৈরী হয়। বৌদ্ধ মঠগুলির দেওয়ালে বুদ্ধের নানা ভাব-ভঙ্গি খোদাই করা হয়, যা চীনের ভাস্কর্য শিল্পের শ্রেষ্ঠ নিদর্শন বলা যায়।

চীনের এই স্বর্ণযুগে কৃষি ও ব্যবসাবাণিজ্যেরও খুব প্রসার ঘটে। মধ্যযুগে চীনের বেশীর ভাগ লোকই গ্রামে বাস করত। কৃষি ছিল তাদের প্রধান জীবিকা। তারা ধান, বজরা, চা, আখ প্রভৃতি চাষ করত। কৃষির জন্য জলসেচের সুবন্দোবস্ত ছিল। চীনের জলসেচের ব্যবস্থা এত সুন্দর ছিল যে সে সময় চীনেরা বছরে দু'তিনবার ফসল ফলাত। কৃষির সঙ্গে রেশমের চাষও হত। প্রচুর পরিমাণে রেশম বাইরে রপ্তানি করা হত। তাং আমলে চীনে চায়ের চাষ খুব উন্নত হয়ে উঠে। চায়ের উপর কর ধার্য করা হয় এবং এই কর ছিল তখনকার সরকারের এক বিরাট আয়। সবুজ চা পানের নিয়ম এই সময় থেকেই শুরু হয়।

কৃষি ঃ ব্যবসা-বাণিজ্য

চীনের বৈদেশিক বাণিজ্যেরও খুব প্রসার ঘটে। চীনের রেশম, চীনা-মাটির নানা জিনিসপত্র ও কাগজ বাইরের জগতে খুবই সমাদৃত হত। ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, ভারত, মধ্যএশিয়া, পারস্য ও বাইজেণ্টাইন সাম্রাজ্যের সঙ্গে চীনের ব্যবসা-বাণিজ্য চলত। যে পথ দিয়ে মধ্য এশিয়া, পারস্য ও বাইজেণ্টাইন সাম্রাজ্যে চীনের ব্যবসা-বাণিজ্য চলত, সে পথকে 'মহান রেশম পথ' (Great Silk Route) বলা হত।

বৈদেশিক বাণিজ্য

চীন বিদেশ থেকে নানা জিনিস আমদানি করত—যেমন মশলা, চন্দন-কাঠ, হাতির দাঁত ও সুতীবস্ত্র। চীনা বণিকরা জাহাজে মালপত্র নিয়ে ভারত মহাসাগরে ও পারস্য উপসাগরে এসে কেনা-বেচা করত। মালপত্র লেন-দেনের সঙ্গে চলত সভ্যতা ও সংস্কৃতির বিনিময়। ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে চীনের সম্পদ যাতে দেশের বাইরে স্রোতের মত চলে



না যায়, সেজন্য পরবর্তী সুং রাজারা কাগজের মুদ্রার প্রচলন করেন। পৃথিবীতে প্রথম কাগজের মুদ্রা বা নোটের আবিষ্কার চীনাদের এক অপূর্ব কীর্তি।

সুং যুগ (৯৬০-১২৮০)

তাং যুগের পর প্রায় পঞ্চাশ বছর চীনে এক অরাজকতার যুগ চলে। ৯৬০ খ্রীষ্টাব্দে সুং বংশের প্রতিষ্ঠা হলে আবার শান্তি ও শৃঙ্খলা ফিরে আসে। এই বংশের প্রতিষ্ঠা করেন তাই-সু। তিনি ৯৭৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন।

সুং সম্রাটরা ছিলেন শান্তিপ্রিয়। তাঁরা রাজ্যজয় ও সমর-গৌরব লাভ করার পরিবর্তে চীনের লোকদের সর্বাঙ্গীণ মঙ্গল সাধনের ব্যাপারেই বেশী আগ্রহী ছিলেন। সুং-যুগে শিক্ষা ও সংস্কৃতির যথেষ্ট উন্নতি হয়। ছাপাখানার উন্নতি হলে বইপত্রের প্রকাশনাও খুব বেড়ে যায় যা শিক্ষা-বিস্তারে সহায়তা করে। সম্রাট জেন-সুং-এর আমলে (১০২৩-৬৪) চীনে বিদ্যাচর্চার অভাবনীয় উন্নতি হয়। চীনের রাজসভায় এর আগে কখনও এত বেশী পণ্ডিতদের সমাবেশ হয়নি। তাং যুগ কাব্যের যুগ, কিন্তু সুং যুগ ছিল সাহিত্যের যুগ। চীনের নানা জায়গায় শিক্ষার কেন্দ্র গড়ে উঠে ও বৌদ্ধ ধর্মের আদর্শের উপর চীনের দর্শনশাস্ত্র উৎকর্ষ লাভ করে। চিত্রশিল্প, হস্তলিখন ও নকশা-খোদাই শিল্পের এ যুগে চরম উন্নতি হয়। আরবদের কাছ থেকে শিখে নিয়ে চীনারা বীজগণিত শাস্ত্রেও ব্যুৎপত্তি অর্জন করে। প্রকৃতপক্ষে শিক্ষা-সংস্কৃতির ক্ষেত্রে চীন এযুগে পৃথিবীতে শ্রেষ্ঠত্ব লাভ করেছিল।

কয়েকটি গুরুত্বপূর্ণ সংস্কার

একাদশ শতকে সুং সম্রাট সেন-সুংএর আমলে (১০৬৮-৮৬) বহু গুরুত্বপূর্ণ সংস্কার প্রবর্তন করা হয়। এ ব্যাপারে অগ্রণী ছিলেন প্রধানমন্ত্রী ওয়াং-আন্-শি। তিনি পরিসংখ্যান বিভাগের প্রতিষ্ঠা করে জমি ও কৃষি সম্বন্ধে হিসাব রাখার ব্যবস্থা করেন। তিনি রাষ্ট্রীয় সমাজতন্ত্রবাদের সূচনা করেন যা ইওরোপে উনবিংশ শতকে সূচিত হয়েছিল। তিনি প্রথমেই ব্যবসা-বাণিজ্য রাষ্ট্রায়ত্ত করেন। কতকগুলি পণ্য সামগ্রীর উপর কর ধার্য করা হয়। বিশেষ পণ্যসামগ্রী কেনার ও বেচার অধিকার সরকারের হাতে থাকে। প্রতিটি দরকারী পণ্যের দর সরকার স্থির করে দেন,



সরকারী গুদামে খাদ্যশস্য সঞ্চয় রাখার ব্যবস্থা করা হয় যাতে অজন্মা বা দুর্ভিক্ষের সময় সকলে সহজেই তা পেতে পারে। সে সময় অন্যান্য দেশের মত চীনের কৃষকদের অবস্থা ছিল শোচনীয়, মহাজনদের কাছে দেনার দায়ে তারা আবদ্ধ থাকত। কৃষকদের এই দুরবস্থা দূর করার জন্য রাষ্ট্রীয় ঋণের প্রবর্তন করা হয়, স্বল্প সুদে কৃষকদের ঋণ দেওয়ার ব্যবস্থা হয়। পরে রাষ্ট্রীয় ঋণ গ্রহণ সকলের কাছে বাধ্যতামূলক করা হয়। এ যুগে রাষ্ট্রীয় ঋণের কথা সবাই জানে, কিন্তু মধ্যযুগে তা ছিল অভাবনীয়।

সুং আমলের অপর সংস্কার হল সৈন্যদলে বাধ্যতামূলক ভাবে নাম লেখান। প্রতিটি পরিবারে একের বেশী ছেলে থাকলে, এক ছেলেকে সৈন্যদলে নাম লেখান বাধ্যতামূলক করা হয়। সুং আমলের অন্যতম সংস্কার হল সম্পত্তি কর। সকলের সম্পত্তির সঠিক হিসাব রাখার জন্য কর্মচারী নিয়োগ করা হয় ও সব রকম সম্পত্তির উপর কর ধার্য করা হয়। জনসংখ্যা বেড়ে গেলেও সর্বত্র সুখ-শান্তি বজায় থাকায় এযুগে কোথাও কোন বিদ্রোহ ঘটে নি।

ইউয়ান যুগ (১২৮০-১৩৬৮)

ত্রয়োদশ শতকের প্রথম দিকে তুর্কীরা ভারতে এক বিশাল সাম্রাজ্য গড়ে তুলেছিল। পশ্চিমদিকে মিশর পর্যন্ত ছড়িয়েছিল কয়েকটি তুর্ক রাজ্য। এই শতকের প্রায় শেষ পর্যন্ত চীনে সুং বংশের রাজত্ব ছিল। সেই সময় বৈকাল হ্রদের দক্ষিণ-পূর্ব দিকের পার্বত্য অঞ্চল থেকে বেরিয়ে এল আর এক তাতার জাতি। তারা মোঙ্গল নামে পরিচিত। চীনা শব্দ 'মেং' থেকে মোঙ্গল শব্দের উৎপত্তি বলে অনেক মনে করেন। 'মেং' শব্দের অর্থ হল 'সাহসী'। মোঙ্গলরা ছিল পূর্ববর্তী সলজুক তুর্কীদের স্বজাতি। প্রথম দিকে মোঙ্গলরা ছিল যাযাবর, প্রান্তরে প্রান্তরে ঘুরে বেড়াত ও সঙ্গে গরুর গাড়ীতে থাকত সাদা রংয়ের তাঁবু ও জিনিসপত্র। অন্ধকার নামলে কোথাও তাঁবু খাটিয়ে রাত্রিবাস করত। শিকার, পশুপালন ও যুদ্ধ ছিল তাদের জীবিকা। এই সব বৃত্তির মধ্যে যুদ্ধই ছিল প্রধান। ঘোড়া ও তীর ধনুক ছিল প্রধান বাহন ও যুদ্ধাস্ত্র। তাদের পোশাক ছিল নরম পশুলোমে তৈরী ও খাদ্য ছিল পশুমাংস ও দুধ।

মোঙ্গলদের পরিচয়

আমুর নদী ও চীনের প্রাচীরের মধ্যবর্তী অঞ্চলে নানা দলে ও উপদলে



বিভক্ত হয়ে মোঙ্গলরা বাস করত। এই অঞ্চলকে বলা হয় মঙ্গোলিয়া। ১২০৬ খ্রীষ্টাব্দে চিঙ্গিজ খাঁ নামে মোঙ্গলদের এক মহান নেতা মোঙ্গলদের সংঘবদ্ধ করে এক দুর্ধর্ষ সেনাবাহিনীতে পরিণত করেন। চিঙ্গিজ খাঁ ছিলেন সে যুগের সর্বশ্রেষ্ঠ যোদ্ধা ও শাসক। তিনি প্রথমে চীনের উত্তর-পূর্ব অংশ দখল করেন। এর পর তিনি মধ্য এশিয়ার এক বিস্তীর্ণ অঞ্চল অধিকার করে নীপার ও ভলগা নদীর উপত্যকা পর্যন্ত মোঙ্গল সাম্রাজ্য বিস্তার করেন।

চিঙ্গিজ খাঁ

১২২৭ খ্রীষ্টাব্দে চিঙ্গিজ খাঁর মৃত্যু হয়। তখন তাঁর সাম্রাজ্য প্রশান্ত মহাসাগর থেকে পারস্য সাগর ও কৃষ্ণসাগর পর্যন্ত বিস্তৃত ছিল। চিঙ্গিজ খাঁর মৃত্যুর পর তাঁর বংশধরেরা আরও নূতন নূতন দেশ জয় করে মোঙ্গল সাম্রাজ্যের আয়তন আরও বাড়িয়েছিলেন। রাশিয়ার ভিতর দিয়ে ঝড়ের মত এগিয়ে গিয়ে তারা পোল্যাণ্ড ধ্বংস করে। চিঙ্গিজ খাঁর মৃত্যুর পর মোঙ্গল সাম্রাজ্য তাঁর চার ছেলের মধ্যে ভাগ হয়ে যায়। এঁদের মধ্যে ওগদাই 'মহান-খাঁ' নামে পরিচিত হন। ওগদাই-এর মৃত্যুর পর তাঁর ভ্রাতুষ্পুত্র মঙ্গু মহান-খাঁ পদে অধিষ্ঠিত হন (১২৫১)। মঙ্গু তাঁর ভাই কুবলাই খাঁকে উত্তরচীনের অধিকৃত অঞ্চলের শাসনকর্তা নিযুক্ত করেন।


কুবলাই খাঁ ঃ উত্তর চীনের শাসনকর্তা হিসাবে নিযুক্ত হওয়ার পর থেকে কুবলাই খাঁ চীনে মোঙ্গল সাম্রাজ্য বিস্তারে ব্রতী হন। তিনি ইয়াং-সি নদী পার হয়ে দক্ষিণ-চীনে সুং-সম্রাটের বিরুদ্ধে এগিয়ে যান। ঠিক সেই সময় মঙ্গুর মৃত্যু হয় (১২৫৯)। কুবলাই খাঁ দক্ষিণ-চীন অভিযান বন্ধ রেখে মোঙ্গল রাজধানী কারাকোরামে ফিরে যান। সেখানেএক তীব্র অন্তর্দ্বন্দ্বের পর কুবলাই খাঁ মোঙ্গল সিংহাসন দখল করেন (১২৬১)। কারাকোরামে থাকা নিরাপদ নয় মনে করে, তিনি পিকিং-এ রাজধানী সরিয়ে নিয়ে আসেন। এর পর শুরু হয় কুবলাই খাঁর দক্ষিণ-চীন অভিযান। ১২৮০ খ্রীষ্টাব্দের মধ্যে তিনি সুং বংশ ধ্বংস



কুবলাই খাঁ



করে সমগ্র চীনে প্রভুত্ব স্থাপন করেন। এভাবে ইউয়ান বংশের প্রতিষ্ঠা হয়। কুবলাই খাঁ সমগ্র চীনদেশের সম্রাট হন। এরপর তিনি কোরিয়া জয় করেন এবং জাপান, আনাম, জাভা প্রভৃতি দেশে অভিযান পাঠান।



কিন্তু জাপান ও জাভায় তাঁর সৈন্যবাহীর চরম বিপর্যয় ঘটে। আনাম ও চম্পারাজ্য তাঁর প্রভুত্ব স্বীকার করে। এ ভাবে কুবলাই খাঁ এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন—যা এর আগে কখনও সম্ভব হয় নি।



কুবলাই খাঁ ছিলেন চীনের অন্যতম শ্রেষ্ঠ সম্রাট। তিনি উদার নীতি গ্রহণ করে সাম্রাজ্যের সব জাতি ও উপজাতির প্রতি সদয় ব্যবহার করতেন। ধর্মের দিক থেকে তিনি ছিলেন উদার, তবে তিব্বতীয় বৌদ্ধধর্মের দিকে তাঁর আগে থেকেই ঝোঁক ছিল বেশী। তিনি চীনা সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করে ও ব্যবসা-বাণিজ্যে উৎসাহ দিয়ে চীনবাসীর হৃদয় জয় করেন। এক হাজার মাইল লম্বা এক সেচ খাল খনন করার ফলে তাঁর আমলে চীনে কৃষির যথেষ্ট উন্নতি হয়।

কুবলাই খাঁ ও তাঁর উত্তরাধিকারীরা প্রায় একশ' বছর চীনে রাজত্ব করেন। কুবলাই খাঁর মৃত্যুর পর মোংগল সাম্রাজ্য ক্রমেই ভেংগে পড়তে থাকে। শেষে চু-ইউয়েন-চাং নামে এক বৌদ্ধ পুরোহিতের নেতৃত্বে চীনে এক ব্যাপক বিদ্রোহ ঘটে। চু-ইউয়েন-চাং পিকিং দখল করলে ইউয়ান বংশের অবসান হয় ও চীনে মিং বংশের প্রতিষ্ঠা হয় (১৩৬৮)।

মার্কোপোলো : কুবলাই খাঁ ও তখনকার চীন সম্বন্ধে অনেক কথা জানা যায় মার্কোপোলো নামে এক ভেনিসীয় পর্যটকের বিবরণীতে। ১২৯৮ খ্রীষ্টাব্দে ইটালীর দুই নগরী জেনোয়া ও ভেনিসের মধ্যে এক যুদ্ধ হয়। এই যুদ্ধে মার্কোপোলো বন্দী হন। কারাগারে সময় কাটাবার জন্য তিনি ভ্রমণের গল্প বলতেন ও তাঁর এক কারাসংগী সেই গল্প লিখে রাখতেন। সেই গল্পগুলিই পরে মার্কোপোলোর ভ্রমণ কাহিনী নামে প্রকাশিত হয়।

পরিচয়




মার্কোপোলো

মার্কোপোলোর বাবা ও কাকা ছিলেন ভেনিসের বণিক। তাঁরা এক সময় ব্যবসার কাজে বোখারায় যান। সেখানে কুবলাই খাঁর দূতদের সংগে তাঁদের দেখা হয়। দূতদের অনুরোধে তাঁরা কুবলাই খাঁর রাজসভায় আসেন। কুবলাই খাঁর নিকট তাঁরা লাভ করেন সাদর অভ্যর্থনা। খ্রীষ্টান ধর্ম সম্বন্ধে কিছু জানার জন্য কুবলাই খাঁ মার্কোপোলোর বাবা ও কাকাকে কয়েকজন খ্রীষ্টান ধর্মপ্রচারককে চীনে নিয়ে আসার জন্য



অনুরোধ করেন। তাঁরা স্বদেশে গিয়ে দু'জন ধর্মপ্রচারককে নিয়ে আবার চীনে ফিরে আসেন। তাঁদের সঙ্গে ছিলেন তরুণ মার্কোপোলো। এবারও কুবলাই খাঁর রাজসভায় তাঁদের আদর-যত্নের ত্রুটি হল না। বুদ্ধিমান তরুণ মার্কোপোলো কুবলাই খাঁর সুনজরে পড়েন। মোঙ্গল সম্রাট মার্কোপোলোকে রাজপদে অধিষ্ঠিত করেন ও একটি নগরের শাসনভার তাঁর উপর অর্পণ করেন।

মার্কোপোলো চীনে ছিলেন ষোল বছর। তিনি চীনের যে বর্ণনা দিয়েছেন তা থেকে মনে হয় সে সময় চীন এক শস্যপূর্ণ মহাসমৃদ্ধশালী দেশ ছিল। তিনি কুবলাই খাঁর রাজসভা ও পিকিং শহরের এক নিখুঁত বর্ণনা দিয়ে গিয়েছেন। তিনি লিখেছেন যে পিকিং শহর ছিল এক বিরাট বাণিজ্য কেন্দ্র। দেশ-বিদেশের রকমারি দ্রব্য সেখানে আসত, বিদেশীদের



মার্কোপোলোর ভ্রমণ পথ →

জন্য ভাল ভাল হোটেল ও পান্থনিবাস সেখানে ছিল, নাগরিকদের জন্য ছিল কয়েকটি গরম জলের স্নানাগার। দেশে ছিল প্রচুর আঙুর গাছের ঝাড়, ক্ষেত ও বাগান, জায়গায় জায়গায় ছিল বৌদ্ধ মঠ ও বৌদ্ধ ভিক্ষু। ভারতীয়দের জন্য হ্যাংচাউ

ভ্রমণ বৃত্তান্ত



শহরে ছিল পাথরের তৈরী গুদাম ঘর ও স্নানাগার। তিনি চীনের রেশম বস্ত্রের খুব প্রশংসা করেছেন। ব্রহ্মদেশে তিনি দেখেছিলেন এক বিরাট গজারোহী সেনাদল। জাপানে তিনি সোনার প্রাচুর্য দেখে বিস্মিত হয়েছিলেন। মার্কোপোলো দক্ষিণ-ভারত সম্পর্কেও কিছু কিছু তথ্য দিয়েছেন। তাঁর বর্ণনায় দক্ষিণ ভারতের এক শক্তিমতী রাণীর উল্লেখ আছে।

তিনি গুজরাটে হিন্দু যোগীদের সংস্পর্শে এসেছিলেন। এঁদের সম্বন্ধে তিনি বলেন যে "এঁরা ফলমূল খান ও সদাচার পরায়ণ; দেড়শত থেকে দুইশত বছর এঁদের আয়ু"।

অনুশীলনী

১। চীনের তাং বংশের প্রতিষ্ঠাতা কে? কতদিন এই বংশ রাজত্ব করেছিল?
২। আইন, শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে তাং বংশের অবদান কি?
৩। তাং আমলে চীনের ব্যবসা-বাণিজ্য ও কৃষির অবস্থা কিরূপ ছিল?
৪। জাপান, আনাম ও কোরিয়ায় চীন সভ্যতা সম্বন্ধে যা জান লিখ।
৫। স্বং বংশের গুরুত্বপূর্ণ সংস্কারগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও।
৬। শিক্ষা ও সংস্কৃতির জন্য স্বং সম্রাটরা কি করেছিলেন?
৭। কুবলাই খাঁ সম্বন্ধে সংক্ষিপ্ত নিবন্ধ লিখ।
৮। মার্কোপোলো কে ছিলেন? তাঁর বিবরণে কি কি জানা যায়?

দ্বিতীয় পরিচ্ছেদ

মধ্যযুগে জাপান

চারটি বড় এবং প্রায় তিনশ’ ছোট ছোট দ্বীপপুঞ্জ নিয়ে জাপান দেশ গড়ে উঠেছে। চারটি বড় দ্বীপ হল হন্‌সু, কিউসিউ, শিককু ও হোকাইডো। জাপান-সাগর এশিয়ার মূল ভূখণ্ড থেকে জাপানকে বিচ্ছিন্ন করে রেখেছে।

দেশ পরিচিতি

জাপানের পূর্বদিকে প্রশান্ত মহাসাগর প্রবাহিত। জাপান থেকে এশিয়া মহাদেশে প্রবেশ করার একমাত্র স্বাভাবিক পথ হল কোরিয়া। একটি ছোট্ট প্রণালী জাপানকে কোরিয়া থেকে বিচ্ছিন্ন করে রেখেছে। জাপানের দ্বীপগুলির বেশীর ভাগই আগ্নেয়গিরি ও পাহাড়ে ভরা। মাত্র শতকরা চৌদ্দভাগ জমি চাষের উপযোগী। এই সামান্য জমির উপর নির্ভর করে জাপানের কৃষি-সম্পদ। কাজেই প্রচুর ফসল ফলাবার জন্য তাদের কঠোর পরিশ্রম করতে হয়। জাপানে বড় বড় নদীর খুব অভাব, দেশের ভিতরে কয়েকটি ছোট ছোট নদী আছে, ব্যবসা-বাণিজ্য ও শিল্পের পক্ষে সেগুলি মোটেই উপযোগী নয়। তবে নদীগুলির উপকূলে কতকগুলি ভাল ভাল বন্দর থাকায় উপকুল-ভিত্তিক ব্যবসা-বাণিজ্যের চলাচল প্রাচীন কাল থেকেই চলে আসছিল।

সপ্তম শতকের আগে জাপানের লোকেরা কতকগুলি ছোট-বড় গোষ্ঠীতে বিভক্ত ছিল। কতকগুলি পরিবার নিয়েই ছিল এক একটি

রাষ্ট্রীয় বিবর্তন

গোষ্ঠী। প্রত্যেক গোষ্ঠীর একজন সর্দার ছিল। দেশে রাজা ছিলেন, কিন্তু তিনি নিজেও ছিলেন কোন গোষ্ঠীভুক্ত। রাজার শক্তি ও প্রভাব নির্ভর করত তাঁর গোষ্ঠীর শক্তি ও ক্ষমতার উপর। গোষ্ঠী-প্রধানদের উপর রাজার বিশেষ কোন ক্ষমতা বা প্রভাব ছিল না। গোষ্ঠী-প্রধানরা রাজাকে কখনও খুব বেশী শক্তিশালী করে তুলতে চাইত না। ফলে অনেকদিন পর্যন্ত জাপানে বিকেন্দ্রিক শাসন-ব্যবস্থা চালু থাকে।

গোষ্ঠীর প্রতি প্রবল আনুগত্য ও বংশানুক্রমিক অধিকারের প্রতি জাপানীরা ছিল খুবই সজাগ। এই কারণে বহুকাল পর্যন্ত জাপানে কেন্দ্রীয় শক্তি ও আমলাতন্ত্র ছিল দুর্বল। এর ফলে কৃষক ও তাদের জমিজায়গা প্রভাবশালী আঞ্চলিক পরিবারদের নিয়ন্ত্রণে চলে যায়। কেন্দ্রীয় সরকারের উপর এই সব পরিবারের প্রবল প্রতিপত্তি থাকায় তারা সরকারী খাজনা দিত না। জাপানের এই সব প্রভাবশালী পরিবারদের মধ্যে ‘ফুজিওয়ারা’ পরিবারের উল্লেখ করা যায়।



দেশে কেন্দ্রীয় শাসন-ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে ৬৪৫ খ্রীষ্টাব্দে এক সংস্কার আন্দোলন শুরু হয়, যাকে বলা হয় 'তাই কোয়া'। চীনের তাং বংশের অনুকরণে এক নূতন শাসনপদ্ধতি ও এক নূতন রাষ্ট্রের প্রতিষ্ঠা হয়। নূতন কর-প্রথা, স্থানীয় শাসনব্যবস্থা ও জমির রায়তী-স্বত্ব সম্বন্ধে কিছু নিয়ম-কানুন চালু করা হয়। কিন্তু জাপানের বড় বড় শক্তিশালী সম্ভ্রান্ত পরিবারেরা নূতন রায়তী স্বত্ব সম্পর্কিত আইনের ঘোর বিরোধিতা করে। সে সময় জাপানের বেশীর ভাগ জমি ছিল গুটি কয়েক সম্ভ্রান্ত পরিবারের হাতে। তারা দাবি করল যে রাজার কাছ থেকেই তারা জমির রায়তী স্বত্ব পেয়েছিল। ফলে সে সব জমি তাদের হাতেই থেকে যায়। অষ্টম শতকের প্রথম দিকে আবার নূতন করে কিছু নিয়ম-কানুন প্রবর্তন করা হয়, যাকে বলা হয় 'তাই হো-আইনবিধি'। চীনের তাং বংশের অনুকরণে জাপানে কেন্দ্রীয় শাসন-ব্যবস্থার প্রবর্তন করার চেষ্টা হয় ও চীনের আদর্শে জাপানের রাষ্ট্রকে সাম্রাজ্য ও সাম্রাজ্যের প্রধানকে সম্রাট আখ্যায় ভূষিত করা হয়। সম্রাট একাধারে সর্বশক্তিমান প্রভু ও সিণ্টোধর্মীদের প্রধান পুরোহিত বলে গণ্য হন। সম্রাটের নূতন উপাধি হয় 'মিকাডো'। জাপানের রাজধানী ইয়ামাতো থেকে সরিয়ে নারা নামে নগরীতে নিয়ে আসা হয়। নারা নগরীটি ক্রমে জাপানের সভ্যতা ও সংস্কৃতির কেন্দ্র হয়ে উঠে। অষ্টম শতকের শেষের দিকে জাপানের নূতন রাজধানী হয় কিওটো।

সাম্রাজ্যের প্রতিষ্ঠা ও রাষ্ট্রের প্রধানকে সম্রাট বা 'মিকাডো' আখ্যা দেওয়া হলেও মধ্যযুগে জাপানে কখনও শক্তিশালী কেন্দ্রীয় শাসন গড়ে উঠেনি। সম্রাটের ক্ষমতা নিয়ন্ত্রণ করত দুটি শাসকগোষ্ঠী, যথা—বে-সামরিক আমলা গোষ্ঠী ও সামরিক সম্ভ্রান্ত গোষ্ঠী। সম্রাট ও কেন্দ্রীয় শাসনের উপর আধিপত্য ছিল প্রথম গোষ্ঠীর ও প্রদেশগুলির উপর আধিপত্য ছিল দ্বিতীয় গোষ্ঠীর। ফলে সামন্ততন্ত্রের আদর্শেই জাপানে বিকেন্দ্রিক শাসন চলতে থাকে।

দ্বাদশ শতকে রাষ্ট্রের প্রকৃত ক্ষমতা দখল করার জন্য 'ডাইমিও' নামে সামন্তদের মধ্যে জোর প্রতিদ্বন্দ্বিতা ও সংগ্রাম চলে। ১১৯২ খ্রীষ্টাব্দের পর জাপানের মিকাডো একের পর এক বিজয়ী সামন্তের ক্রীড়নকে পরিণত হন। তিনি সিংহাসনে অধিষ্ঠিত থাকেন কিন্তু বিজয়ী সামন্তকে 'শোগুণ' উপাধি দিতে হয়। শোগুণ জাপানের সর্বোচ্চ সমর অধিনায়ক নিযুক্ত হন



ও সম্রাটের নামে দেশ-শাসন করার অধিকার লাভ করেন। এভাবে শোগুন-পদের ও শোগুন-তন্ত্রের (Shogunate) উদ্ভব হয়। ক্ষমতাচ্যুত হয়ে মিকাডো রাজধানী কিওটোয়-এ বিচ্ছিন্ন ভাবে বাস করতে থাকেন। এর পর দেশ-শাসন করতে থাকেন এক এক গোষ্ঠী বা পরিবারের শোগুনেরা। ক্রমে শোগুন-পদ বংশানুক্রমিক হয়ে পড়ে। সপ্তদশ শতকের প্রথম দিকে আইওইসু তকুগোয়া শোগুন পদে অধিষ্ঠিত হলে জাপানের ইতিহাসে এক নূতন যুগের সূচনা হয়। ভারতে পেশোয়া বংশের মত তকুগোয়া শোগুন তকুগোয়া বংশের প্রতিষ্ঠা করেন। এই বংশ এডো (বর্তমান টোকিও) নগরে রাষ্ট্রের সদর কার্যালয় স্থাপন করে উনবিংশ শতকের মাঝামাঝি পর্যন্ত দেশ শাসন করে। রাষ্ট্রের প্রধান হিসাবে সম্রাট থাকলেন বটে কিন্তু তাঁর কাছ থেকে শোগুন অভিষিক্ত হয়ে সম্রাটের নামে দেশ শাসন করতে থাকেন। রাষ্ট্রের সব ক্ষমতা শোগুন তথা শোগুনতন্ত্রেই কেন্দ্রীভূত হয়।

বৌদ্ধধর্মের প্রভাব

শোগুন ও শোগুনতন্ত্রই যে শুধু কেন্দ্রীয় শক্তিকে দুর্বল করে রাখে এমন নয়, বৌদ্ধ মঠগুলির প্রভাব-প্রতিপত্তিও কেন্দ্রীয় শক্তিকে খর্ব করে। আগেই বলা হয়েছে যে চীন থেকে কোরিয়ার ভিতর দিয়ে বৌদ্ধ ধর্ম জাপানে আসে। বৌদ্ধধর্মের প্রভাবে জাপানের প্রাচীন সিণ্টোধর্মের প্রভাব ক্ষুণ্ণ হতে থাকে। তকুগোয়া শোগুনেরা বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষকতা করেন ও অনেক বৌদ্ধমঠ ও মন্দির তখন তৈরী হয়। বৌদ্ধ মঠগুলির বড় বড় জমিদারি ছিল এবং সাধারণ লোকদের উপর মঠগুলির আধিপত্যও ছিল প্রবল। মঠের জমিদারিতে বসবাসকারী লোকেরা সম্রাট বা কেন্দ্রীয় সরকার বলতে কিছুই বুঝত না। তারা একান্ত ভাবে বৌদ্ধ সন্ন্যাসীদেরই অনুগত থাকত, তাঁদের খাজনা দিত ও তাঁদের কাছেই ধর্মের কথা শুনত।

অর্থনৈতিক ও সামাজিক অবস্থা

মধ্যযুগে সামন্ততন্ত্রের আদর্শেই জাপানের অর্থনৈতিক ও সামাজিক জীবন গড়ে উঠে। সে যুগে রাজনীতির সঙ্গে জমির রায়তী স্বত্বের প্রশ্ন ঘনিষ্ঠভাবে জড়িত ছিল। ছোট, বড় বহু জমিদারির মালিক ছিল সামন্তরা। ভূমিদাসরা জমি চাষ করত। সামন্তরা সরকারকে খাজনা দিত না। রাষ্ট্রের খাস জমিদারি ছিল। কিন্তু খাজনার হার এত বেশী ছিল যে অনেক সময় চাষীরা জমি ছেড়ে পালিয়ে যেত। এই অবস্থায় রাষ্ট্র 'সামুরাই' নামে যোদ্ধাদের মধ্যে জমি বিলি করে দেয়। এ ছাড়া বৌদ্ধ মঠগুলিরও বিস্তীর্ণ



জমিদারি ছিল। এই ভাবে জাপানের সমাজে জমি-ভোগী বহু গোষ্ঠীর উদ্ভব হয়। কৃষকরা ভূমিদাসে পরিণত হয়। জমি ছেড়ে কোথাও চলে যাবার তাদের অধিকার ছিল না। খাজনা ও কর হিসাবে ফসলের দুই-তৃতীয়াংশ তারা জমিদারকে দিতে বাধ্য থাকত। কর-ভারে জর্জরিত হয়ে অনেক সময় কৃষকরা বিদ্রোহী হয়ে উঠত।

তকুগোয়া শাসকরা দেশের সমস্ত কৃষি-জমি রাষ্ট্রায়ত্ত করেন ও তা প্রায় দেড়শ' 'ডাইমিও' নামে সামন্তদের মধ্যে বিলি করে দেন। যদিও ডাইমিওরা নিজের নিজের এলাকায় স্বাধীন ভাবেই জমিদারি চালাত, তবু তাদের উপর কর্তৃত্ব করতেন শোগুণ। ডাইমিওদের নিজেদের সৈন্য রাখারও অধিকার ছিল। তকুগোয়া শোগুণদের আমলে জাপানীদের অর্থনৈতিক জীবনের মূল ভিত্তি ছিল ধান। ডাইমিও, সামুরাই ও অন্যান্য সব শ্রেণীর লোকের আয়ের মাপকাঠি ছিল ধান। ধান দিয়েই সকলের সম্পদ নির্ণয় করা হত। সব রকম লেনদেনের মাধ্যম ছিল ধান। পরে অবশ্য মুদ্রার ব্যবহার শুরু হয়।

তকুগোয়া শোগুণদের আমলে জাপানের সমাজ-জীবন শ্রেণী বা স্তর ভিত্তিক হয়ে উঠে। প্রতিটি শ্রেণীর বৃত্তি ও কর্তব্য সুনির্দিষ্ট করা হয়। আমাদের দেশের বর্ণ-প্রথার মত জাপানের শ্রেণী প্রথা ছিল বংশগত। সামুরাই বা যোদ্ধারা ছিল সকলের উপরে। সামুরাইরা ছিল অনেকটা পশ্চিম ইওরোপের নাইটদের মত। প্রয়োজনের সময় দেশের প্রতিরক্ষার স্বার্থে ও নিজেদের সামন্ত-প্রভুদের স্বার্থে এদের এগিয়ে আসতে হত। এদের মধ্যেও বীরধর্মের প্রচলন ছিল, যাকে বলা হত বুশিদো'। শৌর্য-বীর্য ও সুনিয়ন্ত্রিত জীবন যাপনের জন্য জাপানের সমাজে সামুরাইদের খুব প্রভাব প্রতিপত্তি ছিল। এরা ছিল বিশেষ সুযোগ-সুবিধা ভোগী শ্রেণী। জাপানের বীরধর্মের প্রধান কথা ছিল নম্রতা, ভদ্রতা ও সাহসিকতা। মাঝে মাঝে সামুরাইদের সামাজিক অনুষ্ঠানের আয়োজন করতে হত। নানা ধরনের চায়ের অনুষ্ঠান ছিল সামুরাইদের খুব প্রিয়।

সামুরাইদের পরেই সমাজের দ্বিতীয় শ্রেণী ছিল কৃষক। সমাজে কৃষকদের গুরুত্ব সবাই স্বীকার করত। এমন কথাও বলা হত যে একজন কৃষকের মূল্য ছিল দু'জন সামুরাই-এর মূল্যের সমান। কিন্তু বাস্তবে কৃষকরা ছিল শোষিত ও নির্যাতিত শ্রেণী। জমি চাষ করা ছাড়াও কৃষককে প্রভুর নানা ধরনের বেগার খাটতে হত। তারা খাজনা ছাড়াও



অনেক রকম অতিরিক্ত কর দিতে বাধ্য থাকত। সমাজের তৃতীয় শ্রেণী ছিল শিল্পী ও কারিগর।

ইওরোপ ও চীনের মত জাপানেও শিল্পীসংঘ ছিল, কিন্তু চীনের শিল্পীসংঘের মত এগুলি মোটেই শক্তিশালী ছিল না। ব্যক্তিগতভাবে শিল্পী ও কারিগরদের যথেষ্ট মর্যাদা ছিল, কিন্তু শ্রেণী হিসাবে তারা ছিল অবজ্ঞার পাত্র। সমাজের সর্বনিম্ন শ্রেণী ছিল বণিক। ব্যবসা-বাণিজ্য ও শিল্প-প্রসারের সঙ্গে সঙ্গে বণিকদের সামাজিক মর্যাদা বাড়ে বটে কিন্তু সমাজে তাদের নীচু শ্রেণী বলেই মনে করা হত।

সুতরাং এটা পরিষ্কার বুঝা যায়, মধ্যযুগে ইওরোপের সামন্ত প্রথার সঙ্গে জাপানের অর্থনৈতিক ও সামাজিক জীবনের অনেক মিল ছিল।

মধ্যযুগে চীনের সঙ্গে ছিল জাপানের ঘনিষ্ঠ যোগাযোগ। জাপানীদের উপর চীন সভ্যতা ও সংস্কৃতির যথেষ্ট প্রভাব পড়েছিল। জাপানী হস্তলিপি ও সাহিত্যের উপর চীনের প্রভাবও কম নয়।

চীনের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ

চীনা হস্তলিপি ও সাহিত্যের অনুকরণে জাপানীদের হস্তলিপি ও সাহিত্য গড়ে উঠে। জাপানের পণ্ডিতরা চীনে গিয়ে কনফুশিয়াসের দর্শনে শিক্ষালাভ করেন। চীন থেকেই বৌদ্ধধর্ম জাপানে আসে এবং জাপানের সংস্কৃতির উপর যথেষ্ট প্রভাব বিস্তার করে। জাপানের পণ্ডিত ও পুরোহিতরা বৌদ্ধ ধর্মশাস্ত্র পড়ার জন্য চীনে যেতেন। আগেই বলা হয়েছে, তাং শাসনের অনুকরণে জাপানে শাসন-সংস্কার প্রবর্তন করা হয়েছিল। কাজেই দু'দেশের সামাজিক ও সাংস্কৃতিক ধারার মধ্যে অনেক পার্থক্য থাকলেও চীনের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক জীবন-ধারার অনেক কিছু জাপানীরা আদর্শ হিসাবে গ্রহণ করেছিল, তাতে কোন সন্দেহ নেই।

অনুশীলনী


১। জাপান কোন্ মহাদেশের অন্তর্গত? এই দেশের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। 'মিকাডো' কাকে বলা হয়? মিকাডো পদের সৃষ্টি কিভাবে হয়েছিল?

৩। মধ্যযুগে চীনের সঙ্গে জাপানের যোগাযোগ কেমন ছিল?

৪। মধ্যযুগে জাপানের সামাজিক ও অর্থনৈতিক জীবন-ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। শোগুণ ও শোগুণ-তন্ত্রের উৎপত্তি কিভাবে হয়? 'সামুরাই' কাদের বলা হয়? জাপানীদের বীর ধর্ম সম্বন্ধে কি জান?



১১ মধ্যযুগে ভারত

প্রথম পরিচ্ছেদ

গুপ্ত সাম্রাজ্যের পতন


রোম সাম্রাজ্যের অন্তিমকালে ভারতে গুপ্ত সাম্রাজ্য গৌরবের চরম শিখরে উঠেছিল। তখন গুপ্ত সম্রাট ছিলেন দ্বিতীয় চন্দ্রগুপ্তের পুত্র কুমারগুপ্ত (৪১৫-৫৫ খ্রীঃ)। চতুর্থ শতকে মধ্য এশিয়া থেকে হূণদের এক শাখা হিন্দুকুশ পার হয়ে ভারতে প্রবেশের চেষ্টা করে। কিন্তু পঞ্চম শতকের মাঝামাঝি অর্থাৎ কুমার গুপ্তের আমল পর্যন্ত ভারতে হূণ আক্রমণের বিপদ দেখা দেয়নি।

ভারতে হূণ আক্রমণ

কুমার গুপ্তের পরবর্তী গুপ্তসম্রাট স্কন্দগুপ্ত বীর বিক্রমে হূণদের বাধা দেন এবং তাদের অগ্রগতি রোধ করেন। ৪৬৭ খ্রীষ্টাব্দে স্কন্দ-গুপ্তের মৃত্যু হলে গুপ্ত সাম্রাজ্যের কেন্দ্রীয় শক্তির দ্রুত অবনতি ঘটে। এই সময়ে হূণরা গুপ্ত সাম্রাজ্যের উপর চরম আঘাত হানে। পঞ্চম শতকের শেষের দিকে তারা গান্ধার দেশে (আফগানিস্তান) প্রবেশ করে। পারস্য, পাঞ্জাব ও কাশ্মীর তাদের করতলগত হয়। পরে উত্তর ভারতের অনেক অঞ্চল তারা দখল করে।

ভারতে হূণদের প্রথম রাজা ছিলেন তোরামন। তিনি কাশ্মীর, পাঞ্জাব, রাজপুতানা এবং উত্তর ও মধ্যপ্রদেশের কিছু অংশে হূণ রাজ্য গড়ে তোলেন। তাঁর পুত্র মিহিরকুলের (৫২০ খ্রীঃ) রাজধানী ছিল পাঞ্জাবের শকল বা শিয়ালকোট। অমানুষিক বর্বরতার জন্য তিনি কুখ্যাত। তিনি অগণিত বৌদ্ধমঠ, বৌদ্ধস্তূপ ধ্বংস করেছিলেন ও প্রচুর ধনসম্পদ লুঠ করেছিলেন। গুপ্তসম্রাটরা স্থানীয় রাজাদের সহায়তায় বাধা দিতে থাকেন। অবশেষে মালবের রাজা যশোধর্মের কাছে মিহিরকুল পরাস্ত হন। মিহিরকুল পশ্চাদপসরণ করে গুপ্তসাম্রাজ্য আক্রমণ করেন। মগধে (দক্ষিণ-বিহার) সেই সাম্রাজ্যের রাজা তখন নরসিংহগুপ্ত বালাদিত্য। বালাদিত্যের হাতে

তোরামন ও মিহিরকুল



মিহিরকুল বন্দী হন। কিন্তু মায়ের অনুরোধে বাল্যাদিত্য শত্রুকে মুক্ত করে দেন। শেষ পর্যন্ত মিহিরকুল বিতাড়িত হয়ে কাশ্মীরে আশ্রয় গ্রহণ করেন। সেখানেই ৫৪২ খ্রীষ্টাব্দে তাঁর মৃত্যু হয়।

গুপ্ত সাম্রাজ্যের ভাঙনের পথ প্রশস্ত করলেও হূণরা ভারতীয় সভ্যতার উপর কোন প্রভাব বিস্তার করতে পারে নি। হূণদের সঙ্গে আসে মধ্য এশিয়ার কয়েকটি যাযাবর জাতি। এদের কোন কোন দল উত্তর ভারতে অবস্থান করে, অন্যেরা দক্ষিণ ও পশ্চিম দিকে সরে যায়। এদের মধ্যে গুর্জররা কয়েক শতকের পর পরাক্রান্ত হয়ে উঠে। হূণদের আক্রমণের ফলে উত্তর ভারতে কয়েকটি ছোট ছোট রাজ্যের উদ্ভব হয়।

হূণ আক্রমণের গুরুত্ব

ভারতে হূণদের প্রবেশের ফলে ভারতীয় সমাজে কিছু পরিবর্তন ঘটে। ভারতীয় নারী বিয়ে করে এবং ভারতীয় ধর্ম ও সংস্কৃতি গ্রহণ করে হূণরা দেশের সমাজে মিশে যায়। জৈনগ্রন্থে উল্লেখ আছে যে তোরামন শেষ জীবনে জৈনধর্ম গ্রহণ করেছিলেন। মিহিরকুলের ধর্মবোধ ছিল না বটে, কিন্তু তিনি নিজেকে শৈব বলতেন। তাঁর মুদ্রায় শিবের ষাঁড় খোদাই করা দেখা যায়। ভারতীয়দের সঙ্গে হূণদের সংমিশ্রণ ঘটলে হিন্দুসমাজে বর্ণভেদ প্রথা কঠোর হয়।

হর্ষবর্ধনের যুগ

গুপ্ত সাম্রাজ্যের পতনের পর উত্তর ভারতে বেশ কিছুদিন অরাজকতা ও বিশৃংখলা চলে। কতকগুলি ছোট ছোট রাজ্য মাথা তুলে দাঁড়ায় এবং নিজেদের মধ্যে যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হয়। উত্তর ভারত চারটি প্রধান রাজ্যে বিভক্ত হয়ে যায়—যথা মগধের গুপ্তরাজ্য, কনৌজের মৌখরি রাজ্য, থানেশ্বরের পুষ্যভূতি রাজ্য ও বলভীর মৈত্রক রাজ্য। শেষ পর্যন্ত সপ্তম শতকে থানেশ্বরের (দিল্লীর কাছে) পুষ্যভূতি রাজ্য পরাক্রান্ত হয়ে উঠে। প্রভাকর বর্ধন ছিলেন এই বংশের প্রথম উল্লেখযোগ্য রাজা। তিনি হূণ, গুর্জর ও মালবের গুপ্তদের পরাস্ত করে মালব ও গুজরাট পর্যন্ত রাজ্য বিস্তার করেন। কনৌজের মৌখরি রাজা গ্রহবর্মার সঙ্গে তিনি কন্যা রাজ্যশ্রীর বিয়ে দেন। ৬০৪ খ্রীষ্টাব্দে প্রভাকর বর্ধনের মৃত্যুর পর তাঁর পুত্র রাজ্যবর্ধন সিংহাসনে বসেন। কনৌজ ছিল বাংলার গৌড় ও মগধ রাজ্যের প্রতিবেশী। মালবের রাজা দেবগুপ্ত গৌড়ের রাজা শশাঙ্কের



সাহায্যে কনৌজ আক্রমণ করেন। কনৌজের রাজা গ্রহবর্মা পরাজিত ও নিহত হন ও তাঁর রাণী রাজ্যশ্রী শশাঙ্কের হাতে বন্দী হন। রাজ্যবর্ধন কনৌজের দিকে অগ্রসর হলে তাঁকেও পরাজিত হয়ে বন্দী হতে হয়। বন্দী অবস্থায় রাজ্যবর্ধনের মৃত্যু হয়।

হর্ষবর্ধন (৬০৬-৪৭ খ্রীঃ): থানেশ্বর রাজ্যের এই দুর্দিনে রাজ্যবর্ধনের ছোট ভাই হর্ষবর্ধন সিংহাসনে বসেন। এদিকে কনৌজের রাজা গ্রহবর্মার মৃত্যুতে সেই রাজ্যের অমাত্যদের অনুরোধে হর্ষবর্ধনকে কনৌজের শাসনভারও গ্রহণ করতে হয়।

রাজ্যশ্রীর উদ্ধার

শশাঙ্কের সঙ্গে যুদ্ধ করার জন্য হর্ষবর্ধন কামরূপের রাজা ভাস্করবর্মার সঙ্গে মিত্রতা স্থাপন করেন। বহু অনুসন্ধানের পর হর্ষবর্ধন বিন্ধ্যপর্বতের কাছে রাজ্যশ্রীর সন্ধান পান। তিনি রাজ্যশ্রীকে উদ্ধার করে কনৌজে ফিরে আসেন।



হর্ষবর্ধন

এরপর হর্ষবর্ধন 'শিলাদিত্য' উপাধি ধারণ করে রাজ্যজয়ে মনোযোগী হন। তিনি উত্তরবঙ্গে অভিযান শুরু করেন। কিছুদিনের মধ্যে উড়িষ্যার গঞ্জাম জেলাও তাঁর অধিকারে আসে।

রাজ্যজয়

পশ্চিমে তিনি সৌরাষ্ট্রের বলভী রাজ্যের দিকে অগ্রসর হন। বলভীর রাজা দ্বিতীয় ধ্রুবসেনকে তিনি পরাজিত করেন। হর্ষবর্ধন সিন্ধুদেশ ও কাশ্মীরের বিরুদ্ধে কয়েকবার যুদ্ধযাত্রা করেছিলেন। দক্ষিণ ভারতে চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীর কাছে হর্ষবর্ধন পরাস্ত হলে হর্ষবর্ধনকে দক্ষিণ-ভারতে রাজ্যবিস্তারের সংকল্প ত্যাগ করতে হয়। হর্ষবর্ধন মৌর্য সম্রাটদের মত ভারতে সার্বভৌম রাজশক্তি ও সাম্রাজ্য গঠনে প্রয়াসী হয়েছিলেন, কিন্তু তা সফল হয় নি। থানেশ্বর ও কনৌজ সহ পাঞ্জাব, উত্তরপ্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা তাঁর সাম্রাজ্যভুক্ত ছিল। দক্ষিণ ভারতে নর্মদা নদী পর্যন্ত বিস্তৃত ছিল তাঁর রাজ্য। সুতরাং ভারতের রাষ্ট্রীয় ঐক্য উত্তর ভারতেই সীমিত থাকে।

হর্ষবর্ধন কেবল যোদ্ধাই ছিলেন না, তিনি ছিলেন প্রজাকল্যাণকামী



শাসক। এসব গুণাবলীর জন্য ভারতের রাজাদের মধ্যে সম্রাট অশোকের পরেই তাঁর স্থান। তিনি রাজ্যের সর্বত্র ঘুরে ঘুরে প্রজাদের সুখ-দুঃখের কথা শুনতেন, কোথাও প্রজাদের উপর কোন অত্যাচার হলে তার বিহিত করতেন। প্রজাদের সুখ-সুবিধার জন্য তিনি রাজ্যের নানা জায়গায় সরাইখানা, বিশ্রামাগার, দাতব্য চিকিৎসালয় প্রভৃতি স্থাপন করেন।

হর্ষবর্ধনের কৃতিত্ব

হর্ষবর্ধনের আমলে ভারত ও চীনের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক ঘনিষ্ঠ হয়। হিউয়েন সাং-এর ভারত-ভ্রমণ, ভারত ও চীনের ইতিহাসে স্মরণীয় হয়ে আছে। হর্ষবর্ধন এক ব্রাহ্মণকে দূত হিসাবে চীনের রাজসভায় পাঠিয়ে ছিলেন। এরপর দুবার চীন সম্রাটের দূত হর্ষর্ধনের রাজসভায় আসেন। পারস্যের সম্রাটের সঙ্গে হর্ষবর্ধন কয়েকবার দূত বিনিময় করেন।

হর্ষবর্ধন ছিলেন শিক্ষার পরম পৃষ্ঠপোষক ও শিক্ষা বিস্তারে আগ্রহী। নালন্দা বিশ্ববিদ্যালয় এই সময় শিক্ষা ও সংস্কৃতির শ্রেষ্ঠ পীঠস্থান ছিল। ধর্মপ্রবণতা, গুণগ্রাহিতা ও দানশীলতা হর্ষবর্ধনের চরিত্রের বিশেষ গুণ। তিনি প্রথমে শৈব ছিলেন, পরে বৌদ্ধধর্মের প্রতি তাঁর অনুরাগ জন্মে। কিন্তু সব ধর্মের প্রতিই তাঁর শ্রদ্ধা ছিল।


হিউয়েন সাং-এর ভ্রমণ

চীনের হুনান প্রদেশে এক অভিজাত পরিবারে হিউয়েন সাং-এর জন্ম হয়। কুড়ি বছর বয়সে তিনি বৌদ্ধধর্ম গ্রহণ করেন। ভগবান বুদ্ধের বাণী জানতে ও বৌদ্ধধর্ম চর্চা করতে হর্ষবর্ধনের রাজত্বকালে তিনি ভারতে আসেন। তিনি পায়ে হেঁটে সুদীর্ঘ তীর্থযাত্রা শুরু করেন। অনেক পাহাড়-পর্বত ও গোবি মরুভূমি পার হয়ে তিনি আসেন এক তুর্কী রাজার দেশে। এরপর অনেক বাধা-বিপত্তি পার হয়ে তুরফান, কুচী, সমরকন্দ, কপিসা, কান্দাহার পার হয়ে তিনি কাশ্মীরে আসেন (৬৩০ খ্রীঃ)। সেখানে তিনি সংস্কৃত ভাষা চর্চা করে প্রগাঢ় জ্ঞান লাভ করেন। কাশ্মীর থেকে তিনি শিয়ালকোটে (পাঞ্জাব) আসেন। সেখানে তিনি বৌদ্ধপণ্ডিত 'বিনীত-প্রভ'র কাছে হীনযান বৌদ্ধশাস্ত্র পাঠ করেন। এরপর মথুরায় কিছুদিন থাকার পর তিনি হর্ষবর্ধনের রাজধানী কনৌজে আসেন (৬৩৬ খ্রীঃ)। তিনি প্রয়াগ, বারাণসী, বৌদ্ধগয়া এবং পাটলিপুত্রেও গিয়েছিলেন। কিছুদিন তিনি নালন্দায় বাস করেন ও সেখান থেকে



বাংলাদেশ ও আসাম পরিভ্রমণ করেন। দক্ষিণ ভারতে পহ্লব ও চালুক্য রাজ্য পরিভ্রমণ করার পর মধ্য এশিয়ার পথে তিনি স্বদেশে ফিরে যান। সঙ্গে নিয়ে যান বৌদ্ধ ধর্মশাস্ত্র ত্রিপিটক-পুঁথি ও অন্যান্য বহু পাণ্ডুলিপি। হিউয়েন-সাং-এর ভ্রমণ কাহিনী

ভ্রমণ-বৃত্তান্ত



থেকে হর্ষবর্ধনের শাসন-প্রণালী, তাঁর দানশীলতা, সে যুগের শিক্ষা-সংস্কৃতি ও ভারতবাসীর সাধারণ জীবন-যাত্রা সম্বন্ধে অনেক কথা জানা যায়।




হিউয়েন-সাং হর্ষবর্ধনকে প্রজাহিতৈষী রাজা বলে বর্ণনা করেছেন। তিনি হর্ষবর্ধনের শাসন প্রণালীরও খুব প্রশংসা করেছেন। হূণ আক্রমণের ফলে অনেক প্রাচীন শহর ধ্বংস হয়ে গিয়েছিল—যেমন কপিলাবস্তু, শ্রাবস্তী, বৈশালী, পাটলিপুত্র। আবার অনেক শহর সমৃদ্ধ হয়ে উঠেছিল—যেমন কনৌজ, প্রয়াগ, নালন্দা, মথুরা, বারাণসী ইত্যাদি। আর্যবর্তের শ্রেষ্ঠ নগর ছিল কনৌজ। প্রাচীর ও পরিখা দিয়ে সুরক্ষিত এই নগর ছিল লম্বায় পাঁচ মাইল ও চওড়ায় সোয়া মাইল। নগরে ছিল বড় বড় প্রাসাদ, দীঘি ও সুন্দর বাগান। আফগানিস্তান, চীন, সিংহল প্রভৃতি দেশের সঙ্গে ভারতীয়দের ব্যবসা-বাণিজ্য চলত।

হিউয়েন সাং ভারতীয়দের সাধুতা, সরলতা ও দানশীলতার প্রশংসা করেছেন। সাধারণ লোকের মধ্যে বেশভূষার বাহুল্য ছিল না। জীবন-যাত্রা ছিল অনাড়ম্বর। সমাজে বর্ণভেদ প্রথা প্রচলিত ছিল। ভারতীয়রা জ্ঞানী-গুণীর সমাদর করত। বৌদ্ধ ও হিন্দুদের মধ্যে প্রীতির সম্পর্ক ছিল।

চন্দ্রগুপ্ত মৌর্যের সময় গান্ধার দেশের তক্ষশীলা যেমন প্রসিদ্ধ বিশ্ব-বিদ্যালয় ছিল, তেমনি হর্ষবর্ধনের সময় ছিল বিহারের নালন্দা বিশ্ববিদ্যালয়। এই সময় এই বিশ্ববিদ্যালয় গৌরবের চরম শিখরে উঠেছিল।

নালন্দা

দেশবিদেশের প্রায় দশ হাজার ছাত্র এখানে বেদ, ব্যাকরণ, ন্যায়, গণিত, ধর্মশাস্ত্র প্রভৃতি অধ্যয়ন করত। ক্লাসঘর, পাঠাগার, শয়নঘর, উপাসনা ঘর সব কিছুর ব্যবস্থা ছিল। দিন-রাত নানা বিষয়ের পড়াশুনো চলত। বছরের শেষে পরীক্ষা নেওয়া হত ও বিশ্ববিদ্যালয়ের উপাধি দান করা হত। প্রায় ১৮০টি গ্রামের আয় থেকে বিশ্ব-বিদ্যালয়ের খরচ চালানো হত। দেশবিদেশের অনেক রাজা ও ধনীরা অকাতরে এই বিশ্ববিদ্যালয়ে দান করতেন। এঁদের মধ্যে শ্রীবিজয় (সুমাত্রা) রাজ্যের রাজা বালপুত্রদেবের নাম করা যায়। হিউয়েন-সাং কিছুকাল এখানে পঠন-পাঠন করেন। বাংগালী বৌদ্ধ পণ্ডিত শীলভদ্র কিছুদিন এই বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন।



নালন্দা



দ্বিতীয় পরিচ্ছেদ

হর্ষবর্ধনের পরবর্তী যুগ (অষ্টম থেকে দ্বাদশ শতক)


রাজনৈতিক সংহতির বিনাশ

হর্ষবর্ধনের মৃত্যুর পর উত্তর-ভারতে দু'টি রাজবংশ বিশেষ ভাবে পরাক্রান্ত হয়ে উঠে। একটি প্রতিহার বংশ ও অপরটি বাংলার পাল বংশ। এই সময় দক্ষিণ ভারতে রাষ্ট্রকূট নামে আর একটি শক্তিশালী রাজবংশের উদ্ভব হয়। প্রতিহার ও পাল-রাজাদের মত রাষ্ট্রকূট রাজারাও কনৌজ দখল করে উত্তর ভারতে সাম্রাজ্য বিস্তারের চেষ্টা করেন। ফলে তিনটি রাজবংশ নিজেদের মধ্যে অবিরত যুদ্ধে লিপ্ত থেকে শক্তি ক্ষয় করে দুর্বল হয়ে পড়ে। তখন উত্তর ভারতে অনেকগুলি ছোট ছোট আঞ্চলিক রাজ্যের উদ্ভব হয়। ভারতে ঐক্যবদ্ধ সাম্রাজ্য গঠনের চেষ্টা ব্যর্থ হয়।

প্রতিহার-রাষ্ট্রকূট-পাল সংগ্রাম

গুর্জর প্রতিহাররা ছিল হূণদের একটি শাখা। কালক্রমে এরা ভারতের সমাজে মিশে গিয়ে 'ক্ষত্রিয়' নামে পরিচিত হয়। প্রতিহার বংশ প্রায় দেড়শ' বছর উত্তর ভারতের রাজনীতিতে গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ করে। এই বংশের প্রথম উল্লেখযোগ্য রাজা প্রথম নাগভট্ট (৭২৫-৪০ খ্রীঃ) মালবে প্রতিহার বংশের প্রতিষ্ঠা করেন। তাঁর রাজধানী ছিল উজ্জয়িনী। প্রতিহার বংশের পরবর্তী পরাক্রান্ত রাজা ছিলেন বৎসরাজ (৭৭৮-৮০০ খ্রীঃ)। বাংলার পাল বংশীয় রাজা ধর্মপাল (৭৭০-৮১০ খ্রীঃ) তাঁর সমসাময়িক ছিলেন।

সাম্রাজ্য বিস্তারের উদ্দেশ্যে ধর্মপাল পশ্চিমদিকে অগ্রসর হলে প্রতিহার রাজ বৎসরাজ তাঁকে পরাস্ত করেন। কিন্তু কিছুদিনের মধ্যেই বৎসরাজ রাষ্ট্রকূটরাজ ধ্রুবের কাছে পরাস্ত হয়ে রাজপুতানায় আশ্রয় নেন। ধ্রুব ধর্মপালের বিরুদ্ধে অগ্রসর হন। ধর্মপাল এর মধ্যেই মগধ, বারাণসী ও প্রয়াগ জয় করে আরও পশ্চিমে অগ্রসর হলে ধ্রুবের সঙ্গে তাঁর যুদ্ধ হয়। ধর্মপাল পরাজিত হন। কিন্তু ধ্রুব বাংলার দিকে অগ্রসর না হয়ে দাক্ষিণাত্যে ফিরে যান। সুতরাং ধর্মপাল নিশ্চিন্ত হয়ে আবার রাজ্য-বিস্তারে মনোযোগী হন। তিনি কনৌজের রাজা ইন্দ্রায়ুধকে পরাজিত করে স্ব-মনোনীত চক্রায়ুধকে সামন্ত হিসাবে কনৌজের সিংহাসনে বসান। কিন্তু ধর্মপালের বিজয়-গৌরব বেশী দিন স্থায়ী হল না। নবম শতকের প্রথম দিকে প্রতিহার রাজ দ্বিতীয় নাগভট্ট কনৌজ আক্রমণ করে চক্রায়ুধকে পরাস্ত করেন। এরপর তিনি বাংলার দিকে অগ্রসর হয়ে মুঙ্গেরের কাছে ধর্মপালকে পরাজিত করেন। ঠিক সেই সময়ে রাষ্ট্রকূটরাজ তৃতীয়



গোবিন্দ নাগভট্টকে প্রতিরোধ করে পরাজিত করতে সমর্থ হন। ধর্মপাল ও তাঁর সামন্ত চক্রায়ুধ তৃতীয় গোবিন্দের প্রতিপত্তি স্বীকার করে নেন।

ধর্মপালের পুত্র দেবপাল (৮১০-৫০ খ্রীঃ) ছিলেন পালবংশের শ্রেষ্ঠ রাজা। তিনি উড়িষ্যা ও কামরূপ রাজ্য জয় করেন। এরপর হিমালয়ের কাছে হূণ রাজ্যটি জয় করে কম্বোজ পর্যন্ত অগ্রসর হন। তারপর প্রতিহারদের বিরুদ্ধে শুরু হয় তাঁর অভিযান। প্রতিহাররাজ ভোজ পরাজিত হন। রাষ্ট্রকূটদের সঙ্গেও দেবপালের যুদ্ধ হয়। এভাবে দেবপাল উত্তরে হিমালয় থেকে দক্ষিণে বিন্ধ্য পাহাড়, পূর্বে বঙ্গোপসাগর ও পশ্চিমে আরব সাগর পর্যন্ত নিজের প্রভুত্ব বিস্তার করেন।

দশম শতকে প্রতিহাররা দুর্বল হয়ে পড়লে পাল রাজারা উত্তর ভারতে আবার সক্রিয় হয়ে উঠেন। একাদশ শতকের প্রথম দিকে উত্তর-পশ্চিম ভারতে তুর্কীদের অভিযান শুরু হ'লে উত্তর-ভারতের রাজারা বিব্রত হয়ে পড়েন। সেই সুযোগে পাল রাজারা বারাণসী পর্যন্ত আবার অগ্রসর হন। কিন্তু তাঁদের বাধা দেন দক্ষিণ ভারতের চোল বংশের রাজা রাজেন্দ্র। মহীপালের মৃত্যুর পর পালবংশ ক্রমেই ভেঙ্গে পড়ে ও বাংলায় সেন বংশের প্রতিষ্ঠা হয়। এদিকে দশম শতকের শেষের দিকে কল্যাণ বংশের (দক্ষিণ ভারত) রাজা দ্বিতীয় তৈল রাষ্ট্রকূট রাজ্য দখল করে নেন। এভাবে রাষ্ট্রকূট বংশের পতন হয়।

প্রায় একই সময়ে প্রতিহার, পাল ও রাষ্ট্রকূট বংশের পতন হয়। উত্তর ভারতে প্রভুত্ব স্থাপনের জন্য এই তিন বংশের রাজারা এতই নিমগ্ন ছিলেন যে তাঁদের অধীনে সামন্ত রাজারা সেই সুযোগে স্বাধীন হয়ে যান। ফলে উত্তর-ভারতে যেটুকু রাষ্ট্রীয় ঐক্য ছিল, তাও নষ্ট হয়ে যায়। এই সময়ে কয়েকটি ছোট ছোট রাজ্যের উদ্ভব হয়—যেমন নেপাল, কামরূপ, কাশ্মীর, উৎকল (উড়িষ্যা), পূর্ব উপকূলে পূর্ব চালুক্য ও পশ্চিমে গুজরাটের চালুক্য রাজ্য।

এই যুগেই রাজপুতরা ভারতের ইতিহাসে উদয় হয়। 'রাজপুত' বলতে কোন এক বিশেষ জাতিকে বোঝায় না। এদের উৎপত্তি কখন ও কিভাবে হয়েছিল তা নিয়ে মতভেদ আছে। 'রাজপুত' কথাটি সংস্কৃত 'রাজপুত্র'র অপভ্রংশ। কিংবদন্তীতে রাজপুতদের সূর্য ও চন্দ্রবংশ সম্ভূত বলা হয়েছে। কিন্তু আধুনিক ঐতিহাসিকরা মনে করেন, হূণ, গুর্জর, শক প্রভৃতি বিদেশী জাতিদের সংমিশ্রণে রাজপুতদের উদ্ভব। এই বিদেশী জাতিগুলি ভারতে ধর্ম ও সংস্কৃতি গ্রহণ করে ভারতীয় সমাজে

রাজপুতদের উৎপত্তি ও রাজপুত রাজ্য



মিশে যায়। ভারতের সমাজের বৃত্তি অনুসারে এদের স্থান নির্দিষ্ট করা হয়। এদের মধ্যে যাঁরা রাজ্য স্থাপন করে শাসন-ক্ষমতা লাভ করেন তাঁরা ক্ষত্রিয় বা রাজপুত নামে পরিচিত হন। আবার রাজপুতদের কয়েকটি শাখা ভারতীয় জাতিগোষ্ঠী থেকেও উদ্ভূত হয়—যেমন চন্দেল ও গাহড়বালগণ।

নবম ও দশম শতকে রাজপুতরা উত্তর ও পশ্চিম ভারতে শক্তিশালী হয়ে উঠতে থাকে। এরা অনেকগুলি গোষ্ঠীতে বিভক্ত ছিল। এদের মধ্যে চারটি গোষ্ঠী বিশেষ ভাবে পরাক্রান্ত হয়ে উঠে—যেমন প্রতিহার বা পরিহার (প্রতিহারদের থেকে সম্পূর্ণ ভিন্ন)। চহমান বা চৌহান, চালুক্য বা সোলাঙ্কি (দাক্ষিণাত্যের চালুক্যদের থেকে সম্পূর্ণ ভিন্ন) ও পরমার।


রাজপুত রাজ্য

প্রাচীন প্রতিহার রাজ্যের ধ্বংসস্তূপের উপর এই চারটি রাজপুত রাজ্যের উদ্ভব হয়। প্রতিহার বা পরিহাররা দক্ষিণ রাজস্থানে নিজেদের প্রতিষ্ঠা করে। চৌহানরা পূর্ব রাজস্থানে (দিল্লীর দক্ষিণ পূর্বে) রাজ্য স্থাপন করে। এরা প্রথমে প্রতিহার রাজাদের সামন্ত ছিল, পরে স্বাধীন হয়ে যায়। চৌহান রাজারা 'মহারাজাধিরাজ' উপাধি ধারণ করেন। রাজপুতদের সোলাঙ্কি গোষ্ঠী কাথিয়াবাড়ে রাজ্য স্থাপন করে। পরমার-রা রাজ্য স্থাপন করে মালবে। এরা প্রথমে রাষ্ট্রকূটদের সামন্ত ছিল, পরে বিদ্রোহী হয়ে স্বাধীন হয়ে যায়।

রাজপুতরা ছিল খুবই সাহসী ও বীর যোদ্ধা। কিন্তু তাদের প্রধান দুর্বলতা ছিল গোষ্ঠীতন্ত্রবাদ। ইওরোপের সামন্ততন্ত্রের মত রাজপুতদের

গোষ্ঠীতন্ত্র ঃ আমলাতন্ত্র

রাষ্ট্র ও সমাজ ছিল সামন্ততান্ত্রিক। প্রতিটি রাজপুত রাজ্য কয়েকটি অঞ্চলে বিভক্ত ছিল। প্রতিটি অঞ্চলে এক একজন সামন্ত শাসন করত। রাজ্যের শক্তি ও নিরাপত্তা সামন্তদের উপর নির্ভর করত। সামন্তরা রাজাকে সামরিক সাহায্য দিত ও রাজার কাছে অনুগত থাকত। আমলাতন্ত্র ছিল রাজপুত রাষ্ট্রের অপর বৈশিষ্ট্য। কর্মচারীরা 'কায়স্থ' নামে পরিচিত ছিলেন। রাজপুত রাষ্ট্রে গ্রামে স্বায়ত্ত শাসন-ব্যবস্থা প্রচলিত ছিল। রাজপুতদের বিভিন্ন গোষ্ঠীর মধ্যে ঝগড়া বিবাদ প্রায় লেগেই থাকত। সেই কারণে তুর্কীদের অভিযানের সময় রাজপুত রাজ্যগুলি মিলেমিশে শত্রুদের প্রতিরোধ করতে ব্যর্থ হয়।



তৃতীয় পরিচ্ছেদ

বাংলা

শশাঙ্ক

বাংলার রাজাদের মধ্যে শশাঙ্কই ছিলেন প্রথম সার্বভৌম রাজা। তাঁর বংশ-পরিচয় সম্বন্ধে কিছু জানা যায় না। অনেকের মতে তিনি মগধ ও গৌড়ের অধিপতি মহাসেনগুপ্তের অধীনে মহাসামন্ত ছিলেন। উত্তর ও পশ্চিমবঙ্গে গুপ্ত উপাধিধারী রাজাদের দুর্বলতার সুযোগ নিয়ে ৬০৬ খ্রীষ্টাব্দে শশাঙ্ক গৌড়ে এক স্বাধীন রাজ্যের প্রতিষ্ঠা করেন। তাঁর রাজধানী ছিল কর্ণসুবর্ণ (মুর্শিদাবাদ জেলার অন্তর্গত)।

বংশ পরিচিতি

নূতন রাজবংশের প্রতিষ্ঠা করেই শশাঙ্ক রাজ্যবিস্তারে ব্রতী হন। পশ্চিমে তিনি মগধ জয় করেন। দক্ষিণ-বঙ্গের স্বাধীন রাজ্যগুলিও শশাঙ্কের প্রভুত্ব স্বীকার করে। এছাড়া তিনি দণ্ডভুক্তি (মেদিনীপুর জেলা), উৎকল ও কঙ্গোদ রাজ্য জয় করেন। এভাবে অল্প সময়ের মধ্যে শশাঙ্ক এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। এরপর তিনি কনৌজের বিরুদ্ধে অগ্রসর হন। কনৌজের মৌখরি বংশের শত্রু মালবের রাজা দেবগুপ্তের সঙ্গে শশাঙ্ক মিত্রতা স্থাপন করেন। শশাঙ্ক কনৌজের রাজা গ্রহবর্মাকে পরাস্ত করে নিহত করেন ও তাঁর রাণী রাজ্যশ্রীকে বন্দী করেন। রাজ্যশ্রী ছিলেন থানেশ্বরের রাজা রাজ্যবর্ধনের ভগিনী। সুতরাং রাজ্যবর্ধন ভগিনীকে উদ্ধার করার জন্য শশাঙ্কের বিরুদ্ধে অগ্রসর হন। কিন্তু তিনি পরাস্ত হয়ে শশাঙ্কের হাতে বন্দী হন ও বন্দী অবস্থায় তাঁর মৃত্যু হয়। রাজ্যবর্ধনের ছোট ভাই হর্ষবর্ধন রাজ্যশ্রীকে উদ্ধার করার জন্য শশাঙ্কের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। শশাঙ্ক কনৌজ ছেড়ে চলে যান। হর্ষবর্ধন রাজ্যশ্রীকে উদ্ধার করেন। হর্ষবর্ধন শশাঙ্কের কোন ক্ষতি করতে পারেননি। ৬৩৭ খ্রীষ্টাব্দ পর্যন্ত শশাঙ্ক স্বাধীন ভাবেই রাজত্ব করেন।

রাজ্যবিস্তার

শশাঙ্ক ব্রাহ্মণ্য ধর্মাবলম্বী ছিলেন। তিনি শিবের উপাসক। চীন পরিব্রাজক হিউয়েন সাং শশাঙ্ককে বৌদ্ধ-বিদ্বেষী বলে বর্ণনা করেছেন। কিন্তু একথাও সত্য যে তাঁর রাজধানীতে বৌদ্ধদের খুব প্রভাব প্রতিপত্তি ছিল।



বাংলার ইতিহাসে শশাংক এক বিশেষ স্থান অধিকার করে আছেন। তিনিই বাংলায় সর্বপ্রথম এক সার্বভৌম সাম্রাজ্য গড়ে তুলেছিলেন। তিনি উত্তর ভারতের পরাক্রান্ত রাজা হর্ষবর্ধনের বিরুদ্ধে বাংলা, বিহার ও উড়িষ্যায় নিজের আধিপত্য বজায় রেখেছিলেন।

গৌড়ের রাজা শশাঙ্কের মৃত্যুর পর বাংলায় বেশ কিছুদিন ধরে অরাজকতা চলে। শেষে পাল বংশের প্রতিষ্ঠা হয়। পাল রাজারা একাদশ শতক পর্যন্ত রাজত্ব করেন। তারপর সেন বংশের অভ্যুদয় ঘটে। সেন রাজারা প্রায় একশ বছর রাজত্ব করেন।

পাল ও সেন যুগে বাংলার সমাজ ও সংস্কৃতি

বাংলার সভ্যতা ও সংস্কৃতির ক্ষেত্রে পাল ও সেন যুগ গৌরবময়। পাল যুগে বাংলার সমাজে কয়েকটি শ্রেণীর উল্লেখ পাওয়া যায়—যেমন ব্রাহ্মণ, করণ-কায়স্থ, বৈদ্য, গন্ধবণিক, মালাকার, কুম্ভকার, তাঁতি ইত্যাদি।

পাল যুগে সমাজ


সমাজে ব্রাহ্মণ ও করণ-কায়স্থদের প্রভাব ছিল বেশী। সমাজে মেয়েদের খুব সম্মান ছিল। নাচ-গানে মেয়েরা অংশ নিত। বিয়ের অনুষ্ঠানে নাচ-গান ও অন্যান্য আনন্দ-উৎসব হত। সেযুগেও বাংলায় বার মাসে তের পার্বনের প্রচলন ছিল। সাধারণের মধ্যে লেখাপড়ার চর্চা ছিল। সেযুগে বেশীর ভাগ লোকই গ্রামে বাস করত। ধুতি-শাড়ি ছিল সাধারণের পোশাক। ছেলে-মেয়ে সকলেই গয়না ব্যবহার করত।

ধর্ম

পাল রাজারা বৌদ্ধধর্মের পৃষ্ঠপোষক ছিলেন বটে কিন্তু তাঁরা অন্য ধর্মের প্রতিও উদার ছিলেন। বৌদ্ধধর্মের সঙ্গে হিন্দুধর্মও প্রচলিত ছিল। পালরাজারা অনেকগুলি বৌদ্ধ বিহার বা মঠ তৈরী করেছিলেন।

সাহিত্য

পাল যুগে বৌদ্ধ ও শৈব আচার্যরা অনেক গান ও দোঁহা রচনা করেন। এগুলি 'চর্যাপদ' নামে পরিচিত। এই চর্যাপদগুলি বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন। বরেন্দ্রভূমির ব্রাহ্মণরা শ্রুতি, স্মৃতি, ব্যাকরণ ও কাব্যে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন। এ যুগে চিকিৎসাশাস্ত্রে যে কয়জন বাঙালী প্রসিদ্ধ লাভ করেছিলেন, তাঁদের মধ্যে চক্রপাণি দত্ত অন্যতম। তাঁর তিনখানি গ্রন্থ বিশেষ উল্লেখযোগ্য—যথা 'চিকিৎসা-সংগ্রহ', 'শব্দচন্দ্রিকা' ও 'দ্রব্যগুণ



সংগ্রহ'। এ যুগের দর্শন শাস্ত্রে খ্যাতনামা বাঙ্গালী লেখক ছিলেন শ্রীধর ভট্ট। তিনি 'ন্যায়-কন্দলী' গ্রন্থের রচয়িতা।

পাল যুগে বৌদ্ধধর্ম চর্চা ও শিক্ষার প্রধান কেন্দ্র ছিল বিক্রমশীলা, ওদন্তপুরী বিহার ও নালন্দা বিশ্ববিদ্যালয়। রাজা ধর্মপাল মগধে বিক্রমশীলা বিহারটি নির্মাণ করেন। নালন্দার মত বিক্রমশীলা-বিহারও ভারতে ও ভারতের বাইরে খ্যাতি অর্জন করেছিল। গঙ্গার তীরে এক ছোট পাহাড়ে অবস্থিত এই বিহারে একটি প্রধান মন্দির ও তার চারদিকে ১০৭টি ছোট ছোট মন্দির ছিল। এই বিহারটি ছিল উচ্চশিক্ষার কেন্দ্র এবং ১১৪ জন শিক্ষক এখানে নানা বিষয়ে অধ্যাপনা করতেন। তিব্বতের অনেক বৌদ্ধ ভিক্ষু এখানে পড়াশোনা করার জন্য আসতেন। এই বিহারে অনেক বাঙালী আচার্য ছিলেন। ওদন্তপুরেও (বিহার) ধর্মপাল একটি বিহার তৈরী করেন। বাঙালী আচার্য অভয়াঙ্কর গুপ্ত ওদন্তপুর বিহারের মহাযান-সম্প্রদায়ের নেতা ছিলেন। তিব্বতীয় গ্রন্থকার তারানাথের মতে ধর্মপাল ধর্ম-শিক্ষার জন্য ৫০টি শিক্ষাকেন্দ্র প্রতিষ্ঠা করেছিলেন।

বিক্রমশীলা ও ওদন্তপুরী বিহার

পাল যুগের মত সেন যুগেও বাংলার শিক্ষা ও সংস্কৃতি উন্নত ছিল। সেনযুগকে বাংলার সংস্কৃত কাব্যের স্বর্ণযুগ বলা যায়। রাজা বল্লাল সেনের গুরু অনিরুদ্ধ ভট্ট 'হরিলতা' ও 'পিতৃদয়িতা' নামে দু'খানি গ্রন্থে হিন্দুধর্মের নানা অনুষ্ঠানের ও নিত্যকর্মের আলোচনা করেছেন। বল্লাল সেন নিজে একজন বড় পণ্ডিত ছিলেন। তাঁর রচিত দু'খানি সংস্কৃত গ্রন্থের নাম পাওয়া যায়—যথা 'দানসাগর' ও 'অদ্ভুত সাগর'। সুপ্রসিদ্ধ গ্রন্থকার হলায়ুধ ছিলেন রাজা লক্ষ্মণ সেনের সভাপণ্ডিত। তাঁর রচিত 'ব্রাহ্মণ-সর্বস্ব' একখানি পাণ্ডিত্যপূর্ণ গ্রন্থ। হলায়ুধ লিখেছেন যে রাঢ় ও বরেন্দ্রের ব্রাহ্মণরা বেদ পড়তেন না ও বৈদিক অনুষ্ঠান সম্বন্ধে তাঁদের কোন জ্ঞান ছিল না। বৈদিক মন্ত্রের তাৎপর্য ব্যাখ্যা করার জন্য তিনি ব্রাহ্মণ-সর্বস্ব গ্রন্থটি রচনা করেন। লক্ষ্মণ সেনের সভাকবিদের মধ্যে জয়দেব ছিলেন সকলের শ্রেষ্ঠ। তাঁর রচিত 'গীত-গোবিন্দের পদাবলী' একখানি অমূল্য সম্পদ। 'গীত-গোবিন্দ' রচনা করে জয়দেব মিথিলা ও উড়িষ্যাবাসীর হৃদয় জয় করেছিলেন।

সেনযুগের শিক্ষা ও সংস্কৃতি

সেনযুগে বাংলায় ব্রাহ্মণ্য ধর্মের পুনরুত্থান ঘটে। সেই সঙ্গে হিন্দু



সমাজে নানা সংস্কার প্রবর্তিত হয়। সেনরাজারা পৌরাণিক হিন্দুধর্মের পৃষ্ঠপোষক ছিলেন। তাঁদের আমলে হিন্দুসমাজে ব্রাহ্মণদের আধিপত্য সুপ্রতিষ্ঠিত হয়। এই যুগে বর্ণাশ্রম প্রথার পুনরাবির্ভাব ঘটে। এর ফলে পূর্ববর্তীকালের অনেক উঁচুবর্ণের লোকেরা নীচুবর্ণের পর্যায়ভুক্ত হয়। অনেকে মনে করেন রাজা বল্লাল সেন ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্যশ্রেণীর মধ্যে কৌলিন্য প্রথার প্রবর্তন করেন। এই যুগে হিন্দু সমাজ পাঁচটি শ্রেণীতে বা বর্ণে ভাগ হয়ে যায়—যথা ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য, বৈশ্য ও শূদ্র। এদের মধ্যে সামাজিক আচার-আচরণ নিয়ন্ত্রিত ছিল। ব্রাহ্মণ ও অ-ব্রাহ্মণদের মধ্যে সামাজিক আচার-অনুষ্ঠান নির্দিষ্ট ছিল। সমাজের বিধি-নিষেধ লংঘন করলে প্রায়শ্চিত্ত করতে হত। একমাত্র ব্রাহ্মণরাই প্রায়শ্চিত্ত করার অধিকারী ছিলেন। এই যুগে বিষ্ণু, শিব, পার্বতী প্রভৃতি দেব-দেবীর পূজার প্রচলন শুরু হয় এবং বহু মন্দির গড়ে উঠে। সেন যুগে শিবপূজার খুবই প্রচলন ছিল। শিব সাধারণতঃ লিঙ্গরূপেই পূজিত হতেন। কোন কোন লিঙ্গে শিবের মূর্তি খোদাই করাও থাকত। একে 'মুখলিঙ্গ' বলা হত।

ধর্ম ও সমাজ



চতুর্থ পরিচ্ছেদ

দক্ষিণ-ভারত


গুপ্তোত্তর যুগে দক্ষিণ-ভারত ঃ গুপ্ত যুগের পর দক্ষিণ ভারতে দু'টি রাজবংশ খুব পরাক্রান্ত হয়ে উঠে। একটি কাঞ্চীর (কঞ্জিভরাম) পল্লব বংশ ও অপরটি বাতাপীর চালুক্য বংশ।

কাঞ্চীর পল্লব বংশ ঃ খ্রীষ্টীয় তৃতীয় শতকের শেষের দিকে দক্ষিণ ভারতে সাতবাহন বংশের পতনের পর কৃষ্ণানদীর দক্ষিণে কাঞ্চী নগরকে কেন্দ্র করে পল্লব বংশের অভ্যুদয় ঘটে। পরে পল্লবরা কৃষ্ণা ও গোদাবরী নদীর মধ্যবর্তী অঞ্চলে এক শক্তিশালী রাজ্যের প্রতিষ্ঠা করে।

পরিচিতি

পল্লবদের প্রথম উল্লেখযোগ্য রাজা ছিলেন শিবস্কন্দ বর্মণ। তিনি ছিলেন পরাক্রান্ত যোদ্ধা। তিনি কৃষ্ণা নদীর উপকূল থেকে বেলারী জেলা পর্যন্ত রাজ্য বিস্তার করেন। তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেছিলেন। পল্লবদের পরবর্তী উল্লেখযোগ্য রাজা ছিলেন সিংহবিষ্ণু। তাঁর আমলে পল্লবদের রাজনৈতিক প্রতিপত্তি ও গৌরবময় যুগের সূচনা হয়। তিনি দক্ষিণ ভারতের চের, চোল ও পান্ড্য রাজাদের পরাস্ত করে কাবেরী নদী পর্যন্ত রাজ্য বিস্তার করেন। তিনি সিংহলের রাজাকেও পরাস্ত করেন। 'কিরাতার্জুনীয়' কাব্যের রচয়িতা ভারবি ছিলেন সিংহবিষ্ণুর সভাকবি। সিংহবিষ্ণুর পর তাঁর পুত্র প্রথম মহেন্দ্রবর্মণ সিংহাসনে বসেন। তিনি ৬০০ থেকে ৬৩০ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তিনি প্রথমে জৈন ধর্মাবলম্বী ছিলেন, পরে গ্রহণ করেন শৈব ধর্ম। তিনি ত্রিচিনপল্লীতে পাহাড় কেটে কয়েকটি মন্দির তৈরী করেন। শিল্প ও সাহিত্যের তিনি ছিলেন পরম পৃষ্ঠপোষক।

এই সময়েই দক্ষিণ ভারতের প্রভুত্ব নিয়ে পল্লব ও চালুক্যদের মধ্যে সংগ্রামের সূচনা হয়। পল্লব বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন মহেন্দ্র বর্মণের পুত্র নরসিংহ বর্মণ। তিনি চালুক্যরাজ দ্বিতীয় পুলকেশীকে পরাস্ত করে চালুক্য রাজধানী বাতাপী দখল করেন ও 'নরসিংহ মহামল্ল ও বাতাপী কোণ্ডা' (বাতাপী বিজেতা) উপাধি ধারণ করেন। চালুক্যদের পরাস্ত করে দক্ষিণ ভারতে পল্লবরা একছত্র প্রাধান্য লাভ করে। নরসিংহ বর্মণের



রাজত্বকালে চীন পরিব্রাজক হিউয়েন সাং দক্ষিণ ভারতে এসেছিলেন। হিউয়েন সাং পল্লব রাজ্যের এক সুন্দর বর্ণনা দিয়ে গেছেন। তিনি লিখেছেন, কাঞ্চীর আয়তন ছিল প্রায় ছয় মাইল, সেখানে একশ'-রও বেশী বৌদ্ধ মঠ ছিল ও দশ হাজার বৌদ্ধ ভিক্ষু বাস করতেন। কাঞ্চীর রাজবিহার মঠে অনেক পণ্ডিত ও আচার্যদের সমাগম হত। নরসিংহ বর্মণের আমলে মহাবলিপুরম-এর বিখ্যাত রথমন্দিরগুলি তৈরী হয়। তিনি ৬৩০ থেকে ৬৬৮ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। নরসিংহ বর্মণের পর চালুক্যদের ক্রমাগত আক্রমণের ফলে পল্লবরা দুর্বল হয়ে পড়ে ও চালুক্যরা কাঞ্চী দখল করে। শেষে চোলদের রাজা আদিত্য পল্লবরাজ অপরাজিত বর্মণকে পরাস্ত করে পল্লব রাজ্য ধ্বংস করেন।


বাতাপীর চালুক্য বংশ : কেউ কেউ চালুক্যদের অযোধ্যার চন্দ্রবংশ সম্ভূত বলে মনে করেন। কিন্তু বাস্তবে চালুক্যরা ছিল দক্ষিণ ভারতের প্রাচীন কানাড়ী বংশ সম্ভূত। এই বংশের রাজধানী ছিল বাতাপীনগর (বিজাপুর জেলার বাদামী নগর)।

ষষ্ঠ শতকের মাঝামাঝি প্রথম পুলকেশী চালুক্য বংশের যথার্থ প্রতিষ্ঠা করেন। চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন দ্বিতীয় পুলকেশী। তিনি ৬০৯ থেকে ৬৪২ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। তিনি দক্ষিণে কদম্ব ও

পরিচিতি


মহীশুরের গঙ্গবংশীয় রাজাদের পরাস্ত করেন। হর্ষবর্ধন দক্ষিণ ভারতের দিকে অগ্রসর হলে তাঁকেও দ্বিতীয় পুলকেশীর নিকট পরাজিত হতে হয়। দক্ষিণ ভারতের চের, চোল ও পাণ্ড্য রাজারা পুলকেশীর বশ্যতা স্বীকার করেন। ৬৪২ খ্রীষ্টাব্দে তিনি পল্লবরাজ নরসিংহ বর্মণের কাছে পরাস্ত হয়ে নিহত হন। তাঁর উত্তরাধিকারীরা ৭৩৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত রাজত্ব করেন। চালুক্যরাজ দ্বিতীয় কীর্তিবর্মণ রাষ্ট্রকূটদের কাছে পরাস্ত হলে চালুক্য বংশের অবসান ঘটে।

শিল্প ও স্থাপত্যে পল্লব ও চালুক্যদের অবদান : শিল্প, স্থাপত্য ও ভাস্কর্যের ক্ষেত্রে পল্লব ও চালুক্যদের অবদান অবিস্মরণীয়। পল্লব রাজারা শিল্পকলার পরম পৃষ্ঠপোষক ছিলেন। কাঞ্চীর কৈলাসনাথের মন্দির, বৈকুণ্ঠ পেরুমল মন্দির ও মহাবলিপুরমের শৈব রথমন্দির পল্লব স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের অপূর্ব নিদর্শন। পুদু কোট্টাই অঞ্চলে পল্লবদের চিত্রশিল্পেরও নিদর্শন আছে। পাহাড় কেটে মন্দির নির্মাণ পল্লবদের এক অপূর্ব কীর্তি।



বাতাপীর চালুক্য-রাজারাও শিল্পকলার পরম পৃষ্ঠপোষক ছিলেন। গুহামন্দির ও হিন্দু দেব-দেবীদের মন্দিরগুলি স্থাপত্য শিল্পের অপূর্ব নিদর্শন। চালুক্যদের আমলে অজন্তার কয়েকটি গুহাচিত্র আঁকা হয় এবং এলিফেণ্টার গুহামন্দিরগুলিও তৈরী হয়।

চোলদের সামুদ্রিক তৎপরতা ঃ দক্ষিণ ভারতে সামুদ্রিক তৎপরতার জন্য চোলরা সে যুগে খুব খ্যাতিলাভ করে। প্রাচীন তামিল সাহিত্যে চোল বন্দরের উল্লেখ আছে যেখান থেকে প্রাচ্যে ও পশ্চিমে ব্যবসা-বাণিজ্য



মহাবলিপুরমের রথমন্দির

চলত। চোলরাজরা এক শক্তিশালী নৌবহর গঠন করেন। বিদেশে ব্যবসা-বাণিজ্য ছাড়াও এই নৌবহর সমুদ্র পার হয়ে অন্য দেশে চোলদের প্রভুত্ব স্থাপনের সহায়ক হয়েছিল। নৌবহরের সাহায্যে চোল সাম্রাজ্যের সঙ্গে ব্রহ্মদেশ, সিংহল ও ভারত মহাসাগরের দ্বীপপুঞ্জের ব্যবসা-বাণিজ্য চলত। কাবেরী নদীর তীরে কাবেরীপটনম বন্দরটি ছিল শ্রেষ্ঠ বন্দর। চের-দের নৌশক্তি বিধ্বস্ত করে চোলরাজ **রাজরাজ** চোল-নৌবহরের প্রভুত্ব স্থাপন করেছিলেন। তিনি এক বিরাট নৌবহর নিয়ে মালদ্বীপ ও লাক্ষাদ্বীপ জয় করেন। চোলরাজ প্রথম রাজেন্দ্র তাঁর নৌবহর নিয়ে সিংহল



অধিকার করেছিলেন। নৌবহরের সাহায্যে চোলরা দক্ষিণ-পূর্ব এশিয়ায় সুমাত্রা ও মালয় উপদ্বীপে প্রভুত্ব স্থাপন করেন। নৌ-বহর ও সামুদ্রিক বাণিজ্য চোলদের রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনকে সমৃদ্ধ করে তোলে।

অনুশীলনী

১। হূণরা কে ছিল ? ভারতে হূণদের প্রভাব কিরূপ পড়েছিল ?

২। হর্ষবর্ধনের রাজত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৩। হিউয়েন সাং কে ছিলেন ? তাঁর ভারতে আসার কি উদ্দেশ্য ছিল ? তাঁর ভারত ভ্রমণের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪। নালন্দা বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। ভারতে সার্বভৌম সাম্রাজ্য গঠনের জন্য প্রতিহার, পাল ও রাষ্ট্রকূটদের মধ্যে যে সংগ্রাম হয়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও। সার্বভৌম সাম্রাজ্য গঠনে তাদের ব্যর্থতার কারণ কি ?

৬। রাজপুতদের উৎপত্তি সম্বন্ধে কি জান ? তাদের সম্বন্ধে কিছু বিবরণ দাও।

৭। বাংলার প্রথম সার্বভৌম রাজা কাকে বলা যায় ? তাঁর সম্বন্ধে যা জান লিখ।

৮। পাল যুগের সমাজ ও সংস্কৃতির পরিচয় দাও।

৯। সেন যুগের সমাজ ও সংস্কৃতি সম্বন্ধে যা জান লিখ।

১০। দক্ষিণ ভারতে শিল্পকলা বিস্তারে পল্লব ও বাতাপীর চালুক্য বংশের অবদান কি ?

১১। চোলদের সামুদ্রিক তৎপরতার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১২। বাংলায় কৌলিন্যপ্রথা কে প্রবর্তন করেছিলেন ? কোন্ কোন্ বর্ণের মধ্যে এই প্রথা প্রবর্তন করা হয়েছিল ?

———

১২ বিদেশের সঙ্গে ভারতের সম্পর্ক

প্রাচীন কাল থেকেই বহির্জগতের সঙ্গে ভারতের রাজনৈতিক, বাণিজ্যিক ও সাংস্কৃতিক সম্পর্ক গড়ে উঠেছিল। এই যোগাযোগ বহু শতক ধরে অক্ষুণ্ণ ছিল। সম্রাট অশোকের সময় ভারতের বৌদ্ধধর্ম প্রচারকরা পৃথিবীর দূর দূর দেশে ধর্ম প্রচারের জন্য যান। খ্রীষ্টীয় প্রথম শতক থেকে রোম সাম্রাজ্য, চীন ও দক্ষিণপূর্ব এশিয়ার সঙ্গে এবং মধ্য এশিয়া, ব্যাবিলোনিয়া, মিশর প্রভৃতি দেশের সঙ্গে ভারতের ব্যবসা-বাণিজ্য চলত। শিক্ষা, ধর্ম ও বাণিজ্যের সূত্র ধরেই বহু ভারতীয় এশিয়া মহাদেশের বহু অঞ্চলে যায় ও সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করে। ফলে এশিয়ার বিভিন্ন অঞ্চলে ভারতীয় উপনিবেশ গড়ে উঠে এবং ক্রমে ভারতীয় রাজ্য ও রাজবংশের প্রতিষ্ঠা হয়।


ভূমিকা

স্থলপথ দিয়েই মধ্য এশিয়ায় মহাযান বৌদ্ধধর্মের প্রসার হয়। বুদ্ধের নির্বাণের কয়েক শতকের মধ্যে বুদ্ধের শিক্ষার ব্যাখ্যা নিয়ে তাঁর অনুগামীদের মধ্যে মত-পার্থক্যের উদ্ভব হয় এবং তাঁরা দুই সম্প্রদায়ে বিভক্ত হয়ে যান। একটিকে বলা হয় হীনযান সম্প্রদায় ও অপরটিকে বলা হয় মহাযান-সম্প্রদায়। হীনযান মতাবলম্বীরা ব্যক্তিগত নির্বাণ লাভ করাকেই পরমধর্ম বলে মনে করে। কিন্তু মহাযান মতাবলম্বীরা তা মনে করে না। এরা সাধনার মূল্য স্বীকার করে ও বুদ্ধকে মানবসমাজের ত্রাণকর্তা বলে মনে করে—অর্থাৎ এরা বোধিসত্ত্বে বিশ্বাসী। এরাই বুদ্ধের মূর্তি পূজার প্রচলন করে। কুষাণ সম্রাট কণিষ্ক ছিলেন মহাযান ধর্মমতের পরম পৃষ্ঠপোষক। সে সময় থেকে ভারতে মহাযান-ধর্মমত খুবই জনপ্রিয় হয়ে উঠে এবং তা মধ্য এশিয়ায় ধীরে ধীরে প্রসারিত হয়। কুষাণ রাজাদের আমলে ভারতীয় সংস্কৃতি পশ্চিম ও মধ্য এশিয়ায় প্রসার লাভ করে। মধ্য এশিয়ায় ভারতীয় সভ্যতা ও উপনিবেশ স্থাপনের অনেক প্রমাণ পাওয়া গিয়েছে। তুর্কীস্থানের নানা জায়গায় যে ভারতীয় উপনিবেশ ও বৌদ্ধধর্ম প্রচারিত হয়েছিল, সেই ঐতিহাসিক সত্য আবিষ্কার করেন খ্যাতনামা প্রত্নতত্ত্ববিদ স্যার অরেলস্টাইন। ইনি ভারত সরকারের প্রত্নতত্ত্ববিভাগের উঁচুপদে নিযুক্ত ছিলেন।

মধ্য এশিয়ায় মহাযান বৌদ্ধধর্মের প্রসার



অরেলস্টাইন মধ্য এশিয়া ও বালুচিস্থানের কোন কোন জায়গায় মাটি খুঁড়ে অতীত ইতিহাসের চিহ্নস্বরূপ প্রস্তরলিপি, বৌদ্ধমঠ, বুদ্ধমূর্তি ও হিন্দু দেবদেবীর মূর্তি আবিষ্কার করেন। খোটান অঞ্চলে (চীনা-



তুর্কীস্থান) যে সব মুদ্রা ও লিপি পাওয়া গিয়েছে তা ভারতীয় ভাষায় লেখা। অনেকে মনে করেন যে খোটানে ভারতীয় উপনিবেশ স্থাপন করেন সম্রাট অশোকের পুত্র কুণাল। এই অঞ্চলে অন্যান্য নিদর্শনের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হল খোটানের গোমতি বৌদ্ধ বিহার। এই



বিহারে বহু ভারতীয় ও চীনা ছাত্র শিক্ষালাভের জন্য আসত। খোটান, কাশগড়, ইয়ারখন্দ প্রভৃতি জায়গায় যে সব রাজকর্মচারীর নাম পাওয়া গিয়েছে তাও সম্পূর্ণ ভারতীয় বলেই ধরে নেওয়া যায়—যেমন ভীম, ভগসেন, নন্দসেন ইত্যাদি। মনে হয় কুষাণ ও তার পরের যুগে মধ্য এশিয়ায় মহাযান বৌদ্ধধর্মের খুব প্রসার ঘটেছিল। কারণ ঐ সব জায়গায় বৌদ্ধ মঠের সঙ্গে বুদ্ধের নানা মূর্তিও পাওয়া গিয়েছে। মহাযান বৌদ্ধরা বুদ্ধের মূর্তি পূজা করত। এমনকি সপ্তম শতকে হিউয়েন সাং মধ্য এশিয়ার ভিতর দিয়েই ভারতে আসেন ও সেই পথেই স্বদেশে ফিরে যান। তিনি মধ্য এশিয়ায় বৌদ্ধধর্ম ও ভারতীয় সংস্কৃতির ব্যাপক প্রসার দেখে বিস্মিত হয়েছিলেন। অনেকে মনে করেন যে মোঙ্গলনেতা চিঙ্গিজ খাঁ কোন-না-কোন ধরনের বৌদ্ধধর্ম গ্রহণ করেছিলেন। মধ্য এশিয়ার কুচী, তুরফান প্রভৃতি অঞ্চলে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির বড় বড় কেন্দ্র ছিল। ঐ সব অঞ্চল থেকে বৌদ্ধধর্ম চীনে প্রবেশ করে এবং চীন থেকে তা কোরিয়া ও জাপানে বিস্তৃত হয়।

চীন

চীনের সঙ্গে ভারতের সাংস্কৃতিক সম্পর্ক খুবই প্রাচীন। চীন ও ভারতের মধ্যে বৌদ্ধ ভিক্ষু ও বৌদ্ধ পণ্ডিতদের যাওয়া-আসার অনেক প্রমাণ আছে। কুষাণদের আমলে বহু বৌদ্ধ পণ্ডিত চীনে গিয়ে বৌদ্ধধর্ম ও ভারতীয় সংস্কৃতি প্রচার করেন। অপর দিকে চীনা পরিব্রাজক ফা-হিয়েন, হিউয়েন-সাং ও ইৎ-সিং বৌদ্ধ ধর্মশাস্ত্রের সন্ধানে ভারতে আসেন। খ্রীষ্টীয় তৃতীয় শতকের মধ্যে চীনে ১৮০টি বৌদ্ধমঠ তৈরী হয়। খ্রীষ্টীয় ষষ্ঠ শতকে চীনে ভারতীয়দের সংখ্যা ছিল প্রায় তিন হাজার। যশোগুপ্ত, জ্ঞানভদ্র প্রভৃতি বৌদ্ধ পণ্ডিতেরা বাংলা থেকে চীনে যান। চীনের বৌদ্ধ গুহা-মন্দিরগুলির মধ্যে তুন-হোয়াং-এর 'সহস্র বুদ্ধগুহা' বিশেষ উল্লেখযোগ্য।

তিব্বত

ভারতের সঙ্গে হিমালয়ের অপর পারের পার্বত্য দেশ তিব্বতের সাংস্কৃতিক সম্পর্ক খুবই প্রাচীন। এই সাংস্কৃতিক মাধ্যম ছিল প্রধানতঃ বৌদ্ধ ধর্ম। সপ্তম শতকের প্রথম দিকে তিব্বতের প্রসিদ্ধ রাজা স্রোং-সান-গাম-পো ছিলেন হর্ষবর্ধনের সমসাময়িক। তাঁর দুই রাণী ছিলেন বৌদ্ধ ধর্মে দীক্ষিতা। তাঁদের প্রভাবে তিব্বতের রাজা বৌদ্ধধর্ম গ্রহণ করেন। ক্রমে তিব্বতের অনেক জায়গায় বৌদ্ধমঠ তৈরী হয় ও তিব্বতীদের মধ্যে বৌদ্ধধর্মের ব্যাপক প্রচলন



হয়। ভারত থেকে অনেক বুদ্ধমূর্তি ও বৌদ্ধধর্মগ্রন্থ তিব্বতে আসে। রাজা স্রোং-সান-গাম-পো ভারত থেকে অনেক বৌদ্ধ প্রচারক ও বৌদ্ধ পণ্ডিতদের তিব্বতে আমন্ত্রণ করে মহাযান বৌদ্ধধর্ম প্রচারের সহায়তা করেন। নালন্দা বিশ্ববিদ্যালয়ের আচার্য শান্তি রক্ষিতকে মর্যাদার সঙ্গে তিব্বতে নিয়ে গিয়ে তাঁকে তিব্বতের রাজপুরোহিত পদে নিযুক্ত করা হয়। শান্তি রক্ষিতের চেষ্টায় অনেকগুলি বৌদ্ধধর্মগ্রন্থ তিব্বতী ভাষায় অনূদিত হয়। দশম শতকের শেষের দিকে ভারতের বৌদ্ধ আচার্যদের মধ্যে সর্বাধিক খ্যাতিসম্পন্ন ছিলেন বাঙালী পণ্ডিত দীপংকর শ্রীজ্ঞান। তিনি 'অতীশ' নামেও পরিচিত ছিলেন। বিক্রমপুরের এক রাজবংশে দীপংকরের জন্ম হয় (৯৮০ খ্রীঃ)। ছোটবেলায় তাঁর নাম ছিল চন্দ্রগর্ভ। উনিশ বছর বয়সে তিনি ওদন্তপুরী বিহারের বৌদ্ধ আচার্য শীল রক্ষিতের কাছে দীক্ষা গ্রহণ করেন। বাংলার রাজা মহীপাল অতীশ দীপংকরকে বিক্রমশীলা বিহারে আমন্ত্রণ করেছিলেন। সেখানে তিনি প্রধান আচার্যপদে নিযুক্ত হন। তিব্বতের রাজার অনুরোধে একাদশ শতকে অতীশ দীপংকর তিব্বতে যান ও মহাযান ধর্মপ্রচার করেন। এখনও অতীশ দীপংকর তিব্বতীদের কাছে দেবতার মত শ্রদ্ধার পাত্র।

স্থলপথে মধ্যএশিয়া, চীন, তিব্বত প্রভৃতি দেশের সঙ্গে ভারতের যেমন সাংস্কৃতিক যোগাযোগ ছিল, তেমনই জলপথে দক্ষিণ-পূর্ব এশিয়ার সঙ্গে ছিল ভারতের যোগাযোগ।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় সংস্কৃতি

এশিয়ার যে অঞ্চলকে দক্ষিণ-পূর্ব এশিয়া বলা হয়, তার মধ্যে মালয় উপদ্বীপ, কাম্বোডিয়া, আনাম, সুমাত্রা, যবদ্বীপ, বলি, বোর্ণিও প্রভৃতি দেশগুলির সঙ্গে ভারতের সম্পর্ক খুবই প্রাচীন। এই সব দেশে সেকালে বৌদ্ধ ও হিন্দুধর্ম প্রচারিত হয়েছিল এবং সেই সঙ্গে অনেকগুলি ভারতীয় উপনিবেশ ও রাজ্যেরও প্রতিষ্ঠা হয়েছিল। ভারতের লোকের কাছে দক্ষিণ-পূর্ব এশিয়ার এই অঞ্চল 'সুবর্ণভূমি' নামে পরিচিত। এই অঞ্চলের বন-সম্পদ, খনিজ-সম্পদ ও অন্যান্য ঐশ্বর্য প্রাচীন কাল থেকেই ভারতীয় বণিকদের আকৃষ্ট করত। ভারতীয় বণিকরা এই অঞ্চলে অনেকগুলি উপনিবেশ স্থাপন করে ; স্বদেশত্যাগী ভারতীয় রাজা বা রাজপুত্ররা রাজ্য স্থাপন করে। গুপ্তযুগে অনেক ভারতবাসী ঐশ্বর্যের সন্ধানে অথবা ধর্মপ্রচারের উদ্দেশ্যে এই অঞ্চলে আসে, ফলে সেখানে অনেকগুলি উপনিবেশ



ও রাজ্যের প্রতিষ্ঠা হয়। ভারতের পশ্চিমঘাট ও পূর্বঘাট থেকে ভারতীয় বণিকরা সমুদ্রপথে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে যাতায়াত করত। আবার অনেকে তাম্রলিপ্ত, ভৃগুকচ্ছ প্রভৃতি বন্দর থেকেও সেখানে যেত।

খ্রীষ্টীয় প্রথম শতক থেকে দক্ষিণ-পূর্ব এশিয়ায় হিন্দু উপনিবেশ ও রাজ্য গড়ে উঠতে থাকে। অনেকে মনে করেন, কৌণ্ডিন্য নামে এক ব্রাহ্মণ কম্বোডিয়ায় কম্বোজ নামে এক হিন্দু রাজ্যের প্রতিষ্ঠা করেন। এই রাজ্যের রাজাদের মধ্যে জয়বর্মণ, যশোবর্মণ ও সূর্যবর্মণ ছিলেন অন্যতম। এই রাজ্যে হাজারেরও বেশী শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণ বসবাস করে ভারতীয় সংস্কৃতি প্রচার করেন। এই রাজ্যে ব্রাহ্মণ্যধর্ম প্রচলিত ছিল। এই রাজ্যের রাজধানী যশোধরপুর ছিল একটি সুসজ্জিত নগর। রাজা যশোবর্মণ এর প্রতিষ্ঠা করেছিলেন। যশোধরপুরের আধুনিক নাম আঙ্কোরথোম। এই নগরটি প্রাচীর দিয়ে ঘেরা ছিল ও দেওয়াল ঘিরে ছিল পরিখা ও পাঁচটি বড় বড় ফটক। স্থাপত্য শিল্পের দিক থেকে এই ফটকগুলি ছিল এক বিস্ময়।

কম্বোজ

আঙ্কোরথোম নগরের পাঁচটি তোরণ, বড় বড় বাড়ী, দুই পাশে সর্পাকৃতি পাথরের স্তম্ভ, মন্দির, রাজপ্রাসাদ ইত্যাদি ভারতীয় শিল্পের অপূর্ব নিদর্শন আজও দেখা যায়। আঙ্কোরথোমের চারিদিকে ছিল সুদৃঢ় প্রাচীর। তা ছাড়া ছিল পরিষ্কার জলের হ্রদ। সেই হ্রদে নৈশভ্রমণের ব্যবস্থা ছিল। আঙ্কোরভাটের বিষ্ণু মন্দির হিন্দু স্থাপত্য শিল্পের এক অপূর্ব নিদর্শন। রাজা সূর্যবর্মণের সময় (১১১২—৪৫ খ্রীঃ) এই মন্দির তৈরীর কাজ শুরু হয়। মন্দিরের ভিতরে বিশাল প্রাঙ্গনের চারদিকে পরিখা, চার কোণে চারটি ছোট মন্দির ও প্রাঙ্গনের মধ্যে চূড়া-বিশিষ্ট আর একটি পাথরের তৈরী মন্দির আছে। মন্দির ও প্রাচীরের গায়ে আছে খোদাই করা নানা রকমের মূর্তি। আজও এই মন্দির বিস্ময়ের উদ্রেক করে।

আঙ্কোরথোম ঃ আঙ্কোরভাট

খ্রীষ্টীয় দ্বিতীয় শতকে কম্বোজের পূর্ব সীমান্তে চম্পা নামে আর একটি হিন্দু রাজ্যের প্রতিষ্ঠা হয়। প্রায় বারশ' বছর ধরে চম্পা রাজ্যের গৌরব অক্ষুণ্ণ থাকে। এই রাজ্যের রাজাদের মধ্যে অন্যতম ছিলেন



জয়পরমেশ্বরবর্মণ, রুদ্রবর্মণ ও জয়সিংহবর্মণ। চম্পা রাজ্য হিন্দু সভ্যতা ও সংস্কৃতির এক প্রসিদ্ধ কেন্দ্র ছিল। সেখানে হিন্দু ও বৌদ্ধ দুই ধর্মই প্রচলিত ছিল। ব্রহ্মা, বিষ্ণু ও শিব পূজার বেশী প্রচলন ছিল। চম্পার লোকেরা ভারতীয় পোশাকও গ্রহণ করে। সমাজে সতীদাহ প্রথার প্রচলন ছিল। চম্পার রাষ্ট্রভাষা ছিল সংস্কৃত। সেখানকার মন্দিরগুলিতে ভারতীয় স্থাপত্য শিল্পের প্রভাব সুস্পষ্ট।

চম্পা বা আনাম

ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির অপর কেন্দ্র ছিল যবদ্বীপ। খ্রীষ্টীয় দ্বিতীয় শতকে এখানে ভারতীয়দের বসবাস শুরু হয়। প্রায় তের-চৌদ্দশ' বছর ধরে যবদ্বীপে ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি অক্ষুণ্ণ থাকে। এখানে সংস্কৃত ভাষার খুব প্রচলন ছিল। বৌদ্ধ ধর্মেরও প্রভাব ছিল যথেষ্ট। শৈলেন্দ্র রাজবংশের আমলে যবদ্বীপে সুপ্রসিদ্ধ বরোবুদুরের বৌদ্ধ মন্দিরটি তৈরী হয়। চারশ' ফুট লম্বা ও চারশ' ফুট চওড়া এর ভিত্তিমূল থাকে থাকে উঠেছে। পর পর নয়টি স্তরে পাথরের তৈরী এই বিশাল মন্দিরে উপবিষ্ট সারি সারি বুদ্ধের মূর্তি এক চমৎকার দৃশ্য। বুদ্ধমূর্তির সংখ্যা চারশ' ছত্রিশটি। এ ছাড়া দেওয়ালে বুদ্ধচিত্র আঁকা মধ্যের স্তূপকে ঘিরে আছে পরপর চক্রাকারে

যবদ্বীপ



বরোবুদুরের মন্দির

বাহাত্তরটি স্তূপ। মন্দিরের গায়ে বুদ্ধের জীবনের সব ঘটনা পাথরে খোদাই করা ছবির ভিতর দিয়ে বর্ণনা করা হয়েছে। মন্দিরটি ভারতীয় স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের এক অপূর্ব নিদর্শন। রামায়ণ ও মহাভারতের কাহিনী অবলম্বনে যবদ্বীপে অনেক কাব্য ও গল্প সাহিত্য রচিত হয়।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয়রা সর্বপ্রথম মালয় উপদ্বীপে সামুদ্রিক



তৎপরতা শুরু করে। কারণ ভারতের পূর্ব উপকূলের খুব কাছেই মালয় উপদ্বীপ। খ্রীষ্টীয় অষ্টম শতকে শৈলেন্দ্র বংশীয় রাজারা দক্ষিণ-পূর্ব এশিয়ায় এক বিশাল সাম্রাজ্য গড়ে তোলেন। সুমাত্রা, যবদ্বীপ, বোর্ণিও, বলিদ্বীপ, মালয় প্রভৃতি দেশ এই সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। এই বংশের রাজারা মহাযান বৌদ্ধধর্মী ছিলেন। বাঙ্গালী বৌদ্ধ আচার্য কুমার ঘোষ ছিলেন এই বংশের রাজগুরু। কুমার ঘোষের উৎসাহে শৈলেন্দ্র রাজারা বিখ্যাত তারা-র মন্দিরটি নির্মাণ করেন। নালন্দায় একটি বৌদ্ধ মঠ তৈরী করার জন্য শৈলেন্দ্ররাজ বালপুত্রদেব বাংলার রাজা দেবপালের কাছে দূত পাঠান। শৈলেন্দ্র রাজারা স্থাপত্য ও ভাস্কর্য শিল্পের পরম পৃষ্ঠপোষক ছিলেন। শৈলেন্দ্র সাম্রাজ্যে আরব বণিকদের সমৃদ্ধ ব্যবসা-বাণিজ্য ছিল। আরব পর্যটক খোরদাদজে-বে বলেছেন যে শৈলেন্দ্র সাম্রাজ্যের দৈনিক আয় ছিল দু'শ মন সোনা। রাজা প্রতিদিন একটি সোনার তৈরী ইট জল-দেবতাকে উৎসর্গ করতেন। শৈলেন্দ্র রাজাদের এক শক্তিশালী নৌবহর ছিল। একাদশ শতক পর্যন্ত এই সাম্রাজ্যের গৌরব ছিল অক্ষুণ্ণ। শৈলেন্দ্র রাজাদের সঙ্গে দক্ষিণ ভারতের চোল রাজাদের বহুদিন ধরে যুদ্ধ চলে। সিংহলের সঙ্গে যুদ্ধের ফলে শৈলেন্দ্র সাম্রাজ্য দুর্বল হয়ে পড়ে। ত্রয়োদশ শতকে এই সাম্রাজ্যের পতন ঘটে।

শৈলেন্দ্র সাম্রাজ্য

সুতরাং দেখা যায় যে এশিয়া মহাদেশের সভ্যতা ও সংস্কৃতি প্রচারিত হয় ভারত থেকে। এশিয়ার ধর্মগুরু ছিল ভারত—এ বিষয়ে কোন সন্দেহ নেই। দক্ষিণ-পূর্ব এশিয়ার লোকদের জীবনধারা ও সামাজিক আচার-আচরণের মধ্যে ভারতীয় সংস্কৃতির প্রভাব এখনও দেখা যায়।

অনুশীলনী

১। মধ্য এশিয়ায় মহাযান বৌদ্ধধর্মের বিস্তার কেমন ভাবে হয়েছিল? খোটান অঞ্চলের ধ্বংসস্তূপে কি পাওয়া গিয়াছে?

২। প্রাচীন ভারতের সঙ্গে চীন ও তিব্বতের সম্পর্কের বিষয় কি জান?

৩। দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতীয় উপনিবেশ এবং ভারতীয় সভ্যতা ও সংস্কৃতি বিস্তারের সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪। আঙ্কোরথোম, আঙ্কোরভাট ও বরোবুদুর—এগুলির সংক্ষিপ্ত বিবরণ লেখ।

৫। অতীশ দীপঙ্কর সম্বন্ধে কি জান?

১৩ দিল্লীর সুলতানগণ (১২০৬-১৫২৬ খ্রীঃ)

ভারতে তুর্ক-আফগানদের আগমন : একাদশ শতক থেকে ভারতে শুরু হয় ইসলামধর্মী তুর্কীদের অভিযান। ভারতে প্রথম তুর্কী অভিযানের নেতা



ছিলেন গজনী (আফগানিস্তান) রাজ্যের সুলতান সবুক্তগীন। একাদশ শতকে সবুক্তগীনের পুত্র সুলতান মামুদ ভারতের ধন-সম্পদে আকৃষ্ট হয়ে



ভারতে বহুবার আক্রমণ চালান। ভারতে রাজ্য জয় করার পরিবর্তে তিনি ভারত লুণ্ঠনেই বেশী আগ্রহী ছিলেন। তিনি বহু নগর, মঠ-মন্দির ধ্বংস করে প্রচুর ধনসম্পদ নিয়ে নিজের রাজ্যে ফিরে যান। অবশ্য সেই সঙ্গে তিনি পাঞ্জাবের কিছু অঞ্চল দখল করেন।

ভারতে তৃতীয় তুর্কী অভিযানের নায়ক ছিলেন ঘোর রাজ্যের (গজনী ও হিরাটের মধ্যবর্তী অঞ্চল) সুলতান মহম্মদ ঘোরী। ভারত জয় করে এক বিশাল সাম্রাজ্য গঠন করাই তাঁর প্রধান লক্ষ্য ছিল। এছাড়া ভারতে ইসলাম ধর্ম প্রচার করে মুসলিম জগতে গৌরব অর্জন করাও তাঁর অপর লক্ষ্য ছিল। সে সময় উত্তর-ভারতে কয়েকটি হিন্দুরাজ্য ছিল কিন্তু তাদের মধ্যে কোন ঐক্য ছিল না। সে সময় হিন্দু রাজাদের মধ্যে চৌহান-রাজ পৃথ্বীরাজ ও কনৌজ-রাজ জয়চাঁদ ছিলেন সর্বাধিক শক্তিশালী। মহম্মদ ঘোরী এক বিশাল সৈন্যবাহিনী নিয়ে ভারত আক্রমণ করেন। পৃথ্বীরাজ ভারতের অন্যান্য রাজপুত রাজাদের সাহায্য নিয়ে মহম্মদ ঘোরীকে প্রতিরোধ করেন। মহম্মদ ঘোরী তরাইনের যুদ্ধে (১১৯২ খ্রীঃ) চৌহানরাজ পৃথ্বীরাজকে পরাস্ত করে দিল্লী ও আজমীঢ় দখল করেন।



আলাউদ্দিন খালজী



মহম্মদ-বিন্-তুঘলক

দিল্লী ও আজমীঢ় বিজিত হলেও উত্তর-ভারতের কনৌজ রাজ্য তখনও শক্তিশালী ছিল। এই রাজ্যের রাজা ছিলেন জয়চাঁদ। এই রাজ্যটি জয় করার জন্য মহম্মদ ঘোরী আবার ভারত অভিযানে এসে জয়চাঁদকে পরাস্ত ও নিহত করেন। ফলে উত্তর-ভারতের এক বিস্তীর্ণ অঞ্চল তুর্কীদের হাতে চলে যায়। ভারতে বিজিত অঞ্চলের দায়িত্ব দেওয়া হয় মহম্মদ ঘোরীর বিশ্বস্ত অনুচর কুতব-উদ্দিন আইবেককে। আইবেক প্রথম জীবনে মহম্মদ



ঘোরীর ক্রীতদাস ছিলেন। ১২০৬ খ্রীষ্টাব্দে মহম্মদ ঘোরীর মৃত্যু হলে ভারতে তাঁর প্রতিনিধি ও সেনানায়ক কুতুবউদ্দিন দিল্লীতে এক নূতন রাজবংশের প্রতিষ্ঠা করেন। তাকে 'দাসবংশ' বলা হয়। এই সময় থেকে ভারতে শুরু হয় সুলতানি রাজত্ব। ১২০৬ থেকে ১৫২৬ খ্রীষ্টাব্দের মধ্যে পাঁচটি মুসলিম রাজবংশ পর পর রাজত্ব করেন। এদের মধ্যে প্রথম তিনটি ছিলেন তুর্কী বংশ, একটি সৈয়দ বংশ ও অপরটি আফগান বংশ। দিল্লীর সুলতানদের মধ্যে ইলতুৎমিস (১২১১-৩৬), গিয়াস-উদ্দিন বলবন (১২৬৫-৮৭), আলাউদ্দিন খালজী (১২৯৬-১৩১৬ খ্রীঃ) এবং মহম্মদ-বিন্‌ তুঘলক (১৩২৫-৫১ খ্রীঃ)-এর নাম বিশেষ উল্লেখযোগ্য।

সুলতানি যুগে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক জীবন

তুর্কীরা এক সুনির্দিষ্ট ধর্ম, রাষ্ট্রীয় আদর্শ ও সামাজিক আচার-অনুষ্ঠান নিয়ে ভারতে আসে। তার ফলে শুরু হয় এক নূতন যুগের সূচনা। এদের রাষ্ট্রীয় ধর্ম ছিল ইসলাম। কোরাণের নির্দেশ অনুসারে শাসকবর্গ রাষ্ট্র পরিচালনা করতেন। সুলতান ছিলেন সব ক্ষমতার একমাত্র অধিকারী। রাষ্ট্রের দায়িত্বশীল পদে মুসলমানদের নিয়োগ করা হলেও, রাজস্ব সংক্রান্ত ব্যাপারে ও স্থানীয় শাসন কার্যে হিন্দুদেরও নিয়োগ করা হত। সুলতানি সাম্রাজ্যে হিন্দু রাজারা বিশেষ করে রাজপুত রাজারা সুলতানদের সামন্তে পরিণত হন। তাঁরা আনুগত্যের শপথ নিতেন ও সুলতানকে বাৎসরিক কর দিতেন। হিন্দু প্রজারা সাধারণভাবে রাজনীতি সম্পর্কে প্রায় উদাসীন থাকত। তারা নিয়মিত ভাবে রাষ্ট্রকে খাজনা দিত।

রাজনৈতিক জীবন

তুর্ক-আফগান যুগে মুসলমান ও হিন্দুদের সমাজ-জীবন ছিল পৃথক। সুলতান এবং মুসলমান আমীর বা অভিজাতবর্গ ছিলেন শাসক-শ্রেণী। তাঁরা ছিলেন সকলের উপরে। সমাজে উলেমারা ছিলেন দ্বিতীয় শ্রেণী। শিক্ষা, বিচার ও ধর্মের ব্যাপারে এরা খুবই প্রভাবশালী ছিলেন। রাজকর্মচারী ও সৈন্যরা ছিল তৃতীয় শ্রেণী। মুসলিম সমাজের নিম্ন শ্রেণীভুক্ত ছিল কেরাণী, শিল্পী, ছোট ব্যবসায়ী ও ক্রীতদাস। মুসলিম সমাজে মেয়েদের খুব একটা গৌরবজনক স্থান ছিল না। এদের মধ্যে পর্দার প্রচলন ছিল। মুসলিম সম্ভ্রান্তদের মধ্যে 'সতী' বা জোহর প্রথার প্রচলন ছিল।

সমাজ জীবন

সুলতানি আমলে হিন্দু সমাজে বর্ণভেদ প্রথা কঠোর ছিল; যদিও উদারনৈতিক ধর্মাচার্যরা বর্ণভেদের বিরুদ্ধে জোর আন্দোলন চালিয়েছিলেন। হিন্দু সমাজে বাল্য-বিবাহ ও পর্দার খুব প্রচলন ছিল। সমাজে সতীদাহ প্রথা




আগের যুগের মতই প্রচলিত ছিল। বিধবা বিবাহের প্রচলন ছিল না। সম্ভ্রান্ত হিন্দুপরিবারের মেয়েদের মধ্যে লেখাপড়ার প্রচলন ছিল। হিন্দু-সমাজে নারীদের মর্যাদা দেওয়া হত। তবে সমাজে কুসংস্কারও ব্যাপক ছিল।

অর্থনৈতিক জীবন

মধ্যযুগে ভারতের ধনসম্পদের ও অর্থনৈতিক সমৃদ্ধির খ্যাতি ছিল প্রচুর। এই ধনসম্পদের লোভেই গজনীর সুলতান মামুদ বারবার ভারতে এসে অগণিত ধনরত্ন লুঠ করে স্বদেশে নিয়ে গিয়েছিলেন। কৃষি ছিল ভারতের সম্পদের মূল উৎস। জমির উর্বরতা, বৃষ্টির প্রাচুর্য, জলসেচের সুবন্দোবস্ত প্রভৃতি কারণে বিভিন্ন ফসলের ফলন ছিল প্রচুর। শিল্পেও ভারত ছিল অগ্রসর। শহরে ও গ্রামে অনেক কুটীর শিল্প ও শিল্পীদের নিজেদের সংগঠন ছিল। এই সংগঠনগুলির মাধ্যমে বণিক ও শিল্পীরা ব্যবসা-বাণিজ্য করত। সে যুগে দুই ধরনের শিল্প প্রতিষ্ঠান ছিল—একটি রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান ও অপরটি ব্যক্তিগত শিল্প প্রতিষ্ঠান। সুলতানদের নিজেদের নানা ধরনের কারখানা ছিল—সেখানে হাজার হাজার কারিগর নানা জিনিসপত্র তৈরী করত। সুতী ও রেশম পোশাক-পরিচ্ছদ ছাড়াও এই কারখানাগুলিতে দামী মণিমুক্তা ও সোনা রুপার অলংকার তৈরী হত। ব্যক্তিগত শিল্প প্রতিষ্ঠান বা কারখানায় প্রয়োজনীয় সব কিছুই তৈরী হত। এই যুগে অভ্যন্তরীণ ও বৈদেশিক বাণিজ্যও সমৃদ্ধ ছিল। ভারত থেকে কৃষিজাত পণ্য, সুতী ও রেশম পোশাক-পরিচ্ছদ, আফিং, তামাক প্রভৃতি বিদেশে রপ্তানি হত। ভারত বিদেশ থেকে আমদানি করত ঘোড়া ও অন্যান্য বিলাস-সামগ্রী। তবে সে যুগে সুলতান, আমীর ওমরাহ ও হিন্দু রাজারাই ছিলেন বিত্তশালী। মধ্যবিত্ত শ্রেণীর অবস্থাও মোটামুটি স্বচ্ছল ছিল। কিন্তু জনসাধারণের আর্থিক অবস্থা ছিল শোচনীয়। মাঝে মাঝেই দুর্ভিক্ষ দেখা দিত ও বহুলোক প্রাণ হারাত। সাধারণভাবে সে যুগে ভারতের সমৃদ্ধির কথা বলে গিয়েছেন ভিনিশীয় পর্যটক মার্কোপোলো, মুসলিম পর্যটক ইবন বতুতা ও আব্দুর রজাক এবং চীন পর্যটক মাহুয়ান।

হিন্দুধর্ম ও ইসলামধর্মের পারস্পরিক প্রভাব : মুসলমানদের বিধি-ব্যবস্থা ও রীতিনীতি হিন্দুদের বিধিব্যবস্থা ও রীতিনীতি থেকে সম্পূর্ণ ভিন্ন ছিল। কিন্তু বহুদিন ধরে পাশাপাশি বাস করার ফলে ভারতীয় ও ইসলামী সভ্যতা ও সংস্কৃতির মধ্যে যোগাযোগ হয়।


ইসলাম ধর্মের প্রভাবে প্রথমদিকে হিন্দুসমাজে গোঁড়ামী বেড়ে যায়। ইসলাম ধর্মের প্রভাব থেকে হিন্দুধর্ম ও সংস্কৃতিকে রক্ষা করার জন্য হিন্দুসমাজের আচার-অনুষ্ঠান আরও কঠোর করা হয়। হিন্দুসমাজে



বর্ণভেদ প্রথাও কঠোর হয়। তবে ধর্মান্তরকরণের গতি রোধ করার জন্য হিন্দুধর্মের সংস্কারকরা নিম্নবর্ণের অনেক হিন্দুকে এবং অনেক বৌদ্ধকে হিন্দুসমাজে অন্তর্ভুক্ত করে নেন।

ইসলামধর্মের সংস্পর্শে আসার ফলে হিন্দু সমাজে গোঁড়ামী যেমন বাড়ে, তেমনি ইসলামের গণতান্ত্রিক আদর্শের প্রভাবে হিন্দুধর্মে ভক্তিবাদ বা উদার ধর্মমতের উদ্ভব হয়। হিন্দুধর্মকে জনপ্রিয় করে তোলার জন্য হিন্দু ধর্মাচার্যরা ভক্তিবাদ আন্দোলন শুরু করেন। ভক্তিবাদ আন্দোলন প্রথমে দক্ষিণ ভারতে শুরু হয়, পরে উত্তর ভারতে প্রসার লাভ করে। ভক্তিবাদের মূল কথা হল অন্তরের পবিত্রতা, ঈশ্বরে একান্ত ভক্তি, সৎকর্ম, সদাচরণ ও একেশ্বরে বিশ্বাস। ধর্মাচার্যদের এই বাণী হিন্দু ও মুসলমানদের কাছে জনপ্রিয় হয়ে উঠে। ইসলামধর্মের উদারনৈতিক সংস্কার আন্দোলন সুফীবাদে প্রকাশ পায়। সুতরাং হিন্দুধর্মে ভক্তিবাদ ও ইসলামধর্মে সুফীবাদ দুই সম্প্রদায়ের মধ্যে প্রীতি ও সৌহার্দের পথ সহজ করে। ভারতে সুফী সাধু-সন্তদের মধ্যে নিজাম-উদ্দিন আউলিয়া, মইন-উদ্দিন চিস্তি প্রভৃতির নাম করা যায়।

তুর্ক-আফগান সুলতানদের আমলে হিন্দু ও মুসলমান এই দুই সভ্যতা ও সংস্কৃতির মধ্যে মিলন সাধনের চেষ্টা করা হয়। এযুগের স্থাপত্যশিল্পে, ভাষা ও সাহিত্যে ভারতীয় ও ইসলামী প্রভাবের সমন্বয় দেখা যায়। সাধারণতঃ হিন্দু ও মুসলমানরা নিজেদের শিল্পরীতি অনুসারে অট্টালিকা, প্রাসাদ প্রভৃতি তৈরী করলেও কালক্রমে হিন্দুর স্থাপত্যে মুসলমানের এবং মুসলমানের স্থাপত্যে হিন্দুর প্রভাব এসে পড়ে। বাংলাদেশ, জৌনপুর, আহমেদাবাদের বিখ্যাত মসজিদ ও সমাধিতে হিন্দু ও মুসলমানের মিশ্র স্থাপত্যের নিদর্শন দেখা যায়। মুসলমানরা মসজিদ ও প্রাসাদ নির্মাণে হিন্দু মিস্ত্রী নিয়োগ করতেন। হিন্দু মিস্ত্রী ও শিল্পীরা মসজিদ ও মুসলমানদের প্রাসাদ ও অন্যান্য অট্টালিকা নিজেদের শিল্প-রীতি অনুসারেই তৈরী করত। আবার অনেক সময় হিন্দুমন্দিরকে একটু অদলবদল করে মসজিদ তৈরী করা হত। এই কারণে মুসলমান স্থাপত্যে হিন্দু-রীতির প্রভাব এসে পড়ে। এই প্রসঙ্গে দিল্লীর 'আলাই-দরওয়াজা', 'কুতুবমিনার', বাংলার 'আদিনা মসজিদ', 'বুলন্দ-দরওয়াজা', সাসারামে 'শের-শাহের সমাধি-সৌধ' প্রভৃতির উল্লেখ করা যায়। ভাষা ও সাহিত্যেও ইসলামী প্রভাব পড়ে। আমীর খসরু, কবীর ও ভারতেন্দু হরিশ্চন্দ্রের হিন্দী রচনার মধ্যে খুবই মিল আছে। আমীর খসরুই সর্বপ্রথম ফার্সী ভাষায় হিন্দী শব্দের ব্যবহার শুরু করেন। তিনি ভারতীয় কাব্যের অনুকরণে ফার্সী কাব্য রচনা করেন। অনেক আফগান সাধু-সন্ত হিন্দীতে কাব্য রচনা করেন।



তুর্ক-আফগান যুগে এই দুই সম্প্রদায় ও ধর্মের মধ্যে মিলন ঘটাবার জন্য যে কয়েকজন ধর্মপ্রচারকের আবির্ভাব হয়েছিল তাঁদের মধ্যে কবীর, নানক ও শ্রীচৈতন্যের নাম করা যায়।



কবীর

কবীরের জন্ম হয়েছিল এক মুসলমান তাঁতীর পরিবারে। তিনি হিন্দু বা মুসলমান কোন ধর্মের আচার-অনুষ্ঠানে বিশ্বাস করতেন না। তিনি বলতেন— ঈশ্বরে বিশ্বাস, মনের পবিত্রতা ও মানুষে মানুষে সমতা ইত্যাদি মন্দির ও মসজিদে পূজা ও পার্বণের অনুষ্ঠানের চেয়ে অনেক শ্রেষ্ঠ। তিনি বলতেন যে, সব ধর্মই এক, ঈশ্বর ও আল্লাহ-র মধ্যে কোন প্রভেদ নেই।

কবীর

কবীরের শিষ্যদের মধ্যে হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়েরই লোক ছিল।

নানক

নানক হলেন শিখ ধর্মের প্রবর্তক। তিনি বলতেন যে হিন্দু ও মুসলমান উভয় ধর্মই সত্য। তিনি ধর্মের বাহ্যিক আড়ম্বর ও অনুষ্ঠানের নিন্দা করতেন। তিনি ঈশ্বরে ভক্তি, সৎকাজ ও মানুষের প্রতি সদ্‌ব্যবহার শ্রেষ্ঠ বলে মনে করতেন। তিনি বর্ণভেদ ও জাতিভেদ মানতেন না। হিন্দু ও মুসলমান দুই সম্প্রদায়ের লোকই তাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিল।



নানক

বৈষ্ণব ধর্মের প্রচারকদের মধ্যে চৈতন্যদেব ছিলেন সর্বশ্রেষ্ঠ। তিনি নদীয়ার এক শিক্ষিত ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি কিশোর,



নিমাই, গৌর ইত্যাদি অনেক নামে পরিচিত ছিলেন। সন্ন্যাস গ্রহণের পর তাঁর নাম হয় শ্রীকৃষ্ণচৈতন্য সংক্ষেপে শ্রীচৈতন্য। তাঁর প্রচারিত ধর্মের মূল কথা ছিল বৈরাগ্য, জীবে দয়া ও শ্রীকৃষ্ণ অর্থাৎ ভগবানের প্রতি গভীর প্রেম। তিনি বর্ণ ও জাতিভেদের নিন্দা করতেন। ঈশ্বরে বিশ্বাস ও মনের পবিত্রতার উপর তিনি বেশী জোর দিতেন। তিনি অহিংসাকেই মনে করতেন শ্রেষ্ঠ ধর্ম। যবন হরিদাস ছিলেন চৈতন্যের শিষ্যদের মধ্যে অন্যতম।

শ্রীচৈতন্য



শ্রীচৈতন্য

ইলিয়াস শাহী ও হুসেন শাহী আমলে বাংলাদেশ

তুর্ক-আফগান যুগে বাংলার দুটি রাজবংশ বিশেষ খ্যাতি অর্জন করেছিল। একটি সামসুদ্দিন ইলিয়াস শাহের, অপরটি হুসেন শাহের বংশ। এই দুই রাজবংশের আমলে বাংলার সমাজ ও ধর্মের ক্ষেত্রে নানা সংস্কার প্রবর্তিত হয়। বাংলায় মুসলমানদের আসার সময় থেকে শ্রীচৈতন্যের আবির্ভাবের সময় পর্যন্ত হিন্দু সমাজ-সংস্কারকদের লক্ষ্য ছিল সমাজে ব্রাহ্মণদের প্রাধান্য সুপ্রতিষ্ঠিত করা, বর্ণভেদ প্রথা নিয়ন্ত্রিত করা ও সামাজিক আচার-অনুষ্ঠান নির্দিষ্ট করা। হিন্দুসমাজকে চারিটি বর্ণে ভাগ করা হয়—যেমন ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য ও বৈশ্য। হিন্দুসমাজে বর্ণভেদ প্রথা কঠোর করা হয়। কিন্তু বৈষ্ণবধর্মের প্রসারের ফলে বর্ণভেদ প্রথার কিছু পরিবর্তন হয়। বৈষ্ণবধর্মে বর্ণভেদের বা জাতিভেদের কোন স্থান নেই। ফলে বর্ণভেদ প্রথার কঠোরতা কিছুটা কমে যায়। বাংলার উঁচু বর্ণের বা শ্রেণীর লোকদের ধর্ম ছিল ব্রাহ্মণ্য ধর্ম। সাধারণ লোকদের মধ্যে বৈষ্ণবধর্ম বিশেষ জনপ্রিয় ছিল। বৌদ্ধদের অনেকে বৈষ্ণবধর্ম গ্রহণ করে সমাজে স্থান লাভ করে।

সমাজ

এই যুগে বাংলার মুসলিম সমাজেও কিছু সংস্কার প্রবর্তিত হয়। এই কাজে ব্রতী হন মুসলমান গাজী ও আউলিয়া সাধু-সন্তরা। অনেক হিন্দু ইসলামধর্ম গ্রহণ করায় বাংলায় এক নূতন ধরনের মুসলিম সমাজ গড়ে উঠে। হিন্দুদের অনেক আচার-অনুষ্ঠান মুসলিম সমাজে এসে



পড়ে। সাধারণভাবে ইসলাম ধর্মে বর্ণ বা শ্রেণী ভেদের স্থান নাই। কিন্তু বাংলায় মুসলিম সমাজে সাধারণভাবে দুই শ্রেণীর সৃষ্টি হয়, যথা—উঁচু ও নীচু। উঁচু শ্রেণীর লোকেরা ছিল গোঁড়া পন্থী। নীচু শ্রেণীর মধ্যে বৃত্তি অনুসারে ভেদাভেদ দেখা যায়। বৈষ্ণবদের মত সুফীরাও ইসলাম ধর্মের গোঁড়ামী অনেকটা ক্ষুণ্ণ করতে সমর্থ হন।

সংস্কৃতি

ইলিয়াসশাহী ও হুসেনশাহী সুলতানরা ছিলেন বাংলা ভাষা ও সাহিত্যের পরম পৃষ্ঠপোষক। এই যুগেই কৃত্তিবাস বাল্মীকির রামায়ণকে বাঙ্গালী মনের উপযুক্ত করে নূতন ভাবে রচনা করেন। বিজয়গুপ্ত, মালাধর বসু, বিপ্রদাস, কবীন্দ্র পরমেশ্বর প্রভৃতি সে যুগের খ্যাতনামা কবি ও সাহিত্যিকগণ তাঁদের বহুবিধ রচনার জন্য সুলতান হুসেন শাহের কাছে কৃতজ্ঞ ছিলেন। চট্টগ্রামের শাসনকর্তা পরাগল খাঁ-র আদেশে কবি শ্রীকর নন্দী মহাভারতের অনেক অংশ বাংলা ভাষায় অনুবাদ করেন। সংস্কৃত ভাষায় বহু কাব্য ও নাটক এই যুগে রচিত হয়। বিজয়গুপ্ত ও বিপ্রদাসের রচিত মনসা-মঙ্গল কাব্য বাংলা সাহিত্যে বিশেষ স্থান অধিকার করে। এই দুই রাজবংশের আমলে বাংলায় এক বিশিষ্ট ধরনের স্থাপত্য শিল্পের বিকাশ ঘটে। বাংলার স্থাপত্যের মধ্যে উল্লেখ করা যায় আদিনা মসজিদ, দাখিল-দরওয়াজা, সোনা মসজিদ, কাদম-রসুল, চারচালা বিশিষ্ট মন্দির ইত্যাদি।

অর্থনৈতিক জীবন

ইলিয়াসশাহী ও হুসেনশাহী আমলে বাংলার অর্থনৈতিক সমৃদ্ধি ছিল। কৃষি ছিল প্রধান জীবিকা ও অর্থনৈতিক জীবনের ভিত্তি। বাংলা ছিল সুজলা, সুফলা ও শস্যশ্যামলা। সেচের সুবন্দোবস্ত থাকায় বার মাসই প্রচুর ফসল ফলত। চাষীরা নির্বিবাদেই চাষ আবাদ করত ও জমিদারকে খাজনা দিত।

জমিদাররা নির্দিষ্ট হারে খাজনা সরকারকে দিতেন। মরক্কো নিবাসী ইবন্ বতুতা বাংলাদেশে এসে বাংলার খাদ্যশস্য ও অন্যান্য ভোগ্য জিনিসের দাম সস্তা দেখে মুগ্ধ হয়েছিলেন। তিনি বলেন বাংলার মত এত সস্তার দেশ পৃথিবীর আর কোথাও ছিল না। কুটির শিল্পও ছিল খুব উন্নত। বাংলার বহুলোক বিভিন্ন কুটীর শিল্পের সঙ্গে জড়িত ছিল। সে যুগে বাংলার বহির্বাণিজ্যেরও খুব প্রসার ছিল। সপ্তগ্রাম, সোনার গ্রাম, চট্টগ্রাম ছিল বাংলার প্রধান বন্দর। এই বন্দরগুলি থেকে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলির সঙ্গে বাংলার ব্যবসা-বাণিজ্য চলত। তবু অর্থসম্পদ কয়েকটি শ্রেণীর লোকের হাতে সঞ্চিত থাকায় বেশীর ভাগ লোকই ছিল দরিদ্র।



সুলতানি সাম্রাজ্যের শাসন ব্যবস্থা ঃ সুলতানি আমলে এক সুষ্ঠু শাসন ব্যবস্থা গড়ে ওঠে। ভারতের মুসলিম রাষ্ট্র ছিল স্বাধীন ও সার্বভৌম। কেন্দ্রীয় শাসনের সর্বোচ্চে থাকতেন সুলতান স্বয়ং। সুলতান ছিলেন অপ্রতিহত ক্ষমতার অধিকারী। তিনি একধারে ছিলেন প্রধান শাসনকর্তা, প্রধান সেনাপতি, প্রধান বিচারক ও ধর্মরক্ষক। শাসনকার্যে সুলতানকে সাহায্য করার জন্য কয়েকজন মন্ত্রী ছিলেন—যথা ওয়াজীর, আর্জ-ই-মামালিক, দেওয়ান-ই-ইনশা, দেওয়ান-ই-রিশালৎ ইত্যাদি।

শাসনকার্য পরিচালনার জন্য কালক্রমে কয়েকটি বিভাগের উৎপত্তি হয়—যথা দেওয়ান-ই-ওয়াজীরাৎ (রাজস্ব বিভাগ), দেওয়ান-ই-আর্জ (সমর বিভাগ), দেওয়ান-ই-কোহী (কৃষি বিভাগ), দেওয়ান-ই-রিয়াসৎ (সরকারী ভাতা বিভাগ) ইত্যাদি। সাম্রাজ্যের প্রধান বিচারপতি ছিলেন কাজী-উল-কাজও। কোরাণের আইন ব্যাখ্যা করার ব্যাপারে মুফতিগণ বিচারপতিকে সাহায্য করতেন। প্রধান বিচারপতির পরামর্শ অনুসারে সুলতান অধস্তন বিচারপতিদের নিয়োগ করতেন। শহরে শান্তি শৃংখলা রক্ষা করার দায়িত্ব ছিল কোতোয়াল নামে এক শ্রেণীর কর্মচারীর। কোতোয়ালদের অধীনে পুলিশ বাহিনী থাকত। গ্রামে পুলিশের কাজ করত গ্রামের চৌকিদার। দেশের বিভিন্ন অংশ থেকে খবরাখবর সংগ্রহ করার জন্য সুলতানরা বহু গুপ্তচর নিয়োগ করতেন। সুলতানি আমলে প্রধান রাজস্ব ছিল জাকাৎ বা ধর্মকর, খারাজ বা ভূমিকর, খামস বা যুদ্ধের সময় লুণ্ঠিত জিনিষপত্রের এক পঞ্চমাংশ ও জিজিয়া যা শুধু অমুসলমানদের কাছ থেকে আদায় করা হত। সুলতানরা এক বিশাল সেনাবাহিনী পোষণ করতেন। সুলতানদের আমলে প্রধানতঃ পদাতিক, অশ্বারোহী ও হস্তী-আরোহী সৈন্য নিয়েই সেনাবাহিনী গঠিত ছিল।

শাসনকার্যের সুবিধার জন্য সমগ্র সাম্রাজ্য কয়েকটি প্রদেশে বিভক্ত ছিল। প্রাদেশিক শাসনভার প্রাদেশিক শাসনকর্তাদের উপর ন্যস্ত থাকত। তাঁদেরকে 'ওয়ালি' বা 'মুক্তি' বলা হত। বড় বড় প্রদেশগুলি কয়েকটি 'শিক' বিভক্ত ছিল। প্রদেশগুলি কয়েকটি পরগণায় বিভক্ত ছিল।

সুলতানের অনুগত হিন্দু রাজন্যবর্গ কর্তৃক শাসিত অঞ্চলও ছিল। তাঁরা করদানের বিনিময়ে স্বাধীনতা ভোগ করতেন।

অনুশীলনী

১। দিল্লীর সুলতানি আমলে ভারতের রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক জীবনের সংক্ষিপ্ত বিবরণ দাও।

২। শিল্পকলা ও সংস্কৃতির ক্ষেত্রে হিন্দু ও ইসলাম ধর্মের প্রভাব কিরূপ হয়েছিল

১৪ মধ্যযুগের অবসান কাল

মধ্যযুগের শেষভাগে অর্থাৎ চতুর্দশ ও পঞ্চদশ শতকে ইওরোপে নানা পরিবর্তন আসে। রাষ্ট্র, ধর্ম, সমাজ, জ্ঞান-বিজ্ঞান সব ক্ষেত্রেই এক বিরাট রূপান্তর ঘটে। এই রূপান্তর বা পরিবর্তনকে সাধারণভাবে নবজাগরণ বা রেনেসাঁস বলা হয়।

'রেনেসাঁস' কথাটির প্রকৃত অর্থ হল পুনর্জন্ম বা নবজাগরণ। মধ্যযুগে মানুষের ধর্মজীবন, বুদ্ধিবৃত্তি ও সামাজিক আচার-অনুষ্ঠান ছিল কুসংস্কারে ভরা। গির্জা ও পাদরীরা মানুষের ধর্মজীবন, নৈতিকজীবন ও সমাজজীবন নিয়ন্ত্রণ করত। তাদের রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনধারা নিয়ন্ত্রণ করত সামন্ত প্রভুরা। মধ্যযুগের শেষের দিকে সবরকম সংকীর্ণতা ও কুসংস্কার থেকে মুক্ত করে মানুষের মনকে এক নূতন ও প্রগতিমূলক চিন্তাধারায় উদ্বুদ্ধ করে তোলার প্রয়াসকেই রেনেসাঁস বলা হয়ে থাকে। পুরনো ব্যবস্থা ও চিন্তার বদলে যে নূতন ব্যবস্থা ও চিন্তার উদয় হয় তা শুধু প্রাচীন গ্রীক ও ল্যাটিন সাহিত্য, শিল্পকলা ও দর্শনচর্চার মধ্যেই সীমিত ছিল না—জ্ঞান-বিজ্ঞান, ললিতকলা, অর্থনীতি, রাজনীতি ও ধর্মনীতি—সর্বক্ষেত্রেই এক নূতন ধারার উন্মেষ হয়।

রেনেসাঁস বলতে কি বোঝায় ?

অনেকে মনে করেন ইটালীতেই রেনেসাঁস বা নবজাগরণের সূচনা হয়। ফ্লোরেন্স, মিলান, ভিনিস প্রভৃতি ইটালীর শহরগুলি মধ্যযুগে ব্যবসা-বাণিজ্যে খুবই সমৃদ্ধ হয়ে উঠেছিল। সামন্তদের কর্তৃত্ব থেকে সম্পূর্ণ স্বাধীনভাবেই এই শহরগুলি গড়ে উঠে। কাজেই এই সব নাগরিকদের মনে স্বাধীন চিন্তাধারা ও অজানাকে জানবার আকাঙ্ক্ষা প্রবল হয়। আবার এই শহরগুলির শাসকেরাও ছিল সাহিত্য ও শিল্পের পরম পৃষ্ঠপোষক। মধ্যযুগে জার্মান উপজাতিদের ক্রমাগত আক্রমণের ফলে নিরাপদ আশ্রয়ের সন্ধানে বহু গ্রীক পণ্ডিত তাঁদের পুঁথিপত্র ও জ্ঞান ভাণ্ডার নিয়ে ইটালী তথা পশ্চিম ইওরোপে চলে এসে-ছিলেন। তাঁরা ইটালীতে প্রাচীন গ্রীক সাহিত্য ও শিল্পকলার প্রতি ইটালীর নগরবাসীদের উৎসাহ বাড়াতে সাহায্য করেন। এর পরে ১৪৫৩

নবজাগরণের সূচনা



খ্রীষ্টাব্দে তুর্কীদের কাছে পূর্ব রোম সাম্রাজ্যের রাজধানী কনস্টান্টিনোপল-এর পতন ঘটলে দলে দলে ইওরোপের পণ্ডিতেরা ইটালীতে আশ্রয় নেন। ফলে গ্রীস ও রোমের প্রাচীন শিক্ষা ও সংস্কৃতি ইটালীর সর্বত্র নূতন করে ছড়িয়ে পড়ে। সেই সঙ্গে প্রাচীন পুঁথিপত্র ও পাণ্ডুলিপি সংগ্রহের জন্য বড় বড় সংগ্রহশালাও গড়ে উঠে। গ্রীসের প্রাচীন শিক্ষালাভের জন্য গড়ে উঠে বহু বিদ্যায়তন ও বিশ্ববিদ্যালয়।

নবজাগরণের বৈশিষ্ট্য

রেনেসাঁস বা নবজাগরণের প্রধান বৈশিষ্ট্য হল সকল বিষয়ে মানুষের জানবার আগ্রহ ও যুক্তিতর্কের মাধ্যমে সব কিছু বিচার করে তা গ্রহণ করার প্রবণতা। একাজে যাঁরা ব্রতী হয়েছিলেন তাঁদের বলা হয় হিউম্যানিস্ট বা মানববাদী। মধ্যযুগে মানুষের স্বাধীন চিন্তার, কোন মহৎ বা দুঃসাহসিক কাজে প্রবৃত্ত হওয়ার কোন সুযোগ ছিল না। মানুষের সব কিছুই ধর্মীয় নেতা অর্থাৎ পোপ ও পাদরীদের দ্বারা নিয়ন্ত্রিত হত। স্কুল ও বিশ্ববিদ্যালয়গুলি ছিল গির্জার দ্বারা নিয়ন্ত্রিত। গির্জা ও পাদরীদের অনুশাসন ও নির্দেশ সকলকে বিনা-প্রতিবাদে মেনে নিতে হত। পঠন-পাঠনের বিষয়বস্তু ছিল ধর্মশাস্ত্র, ব্যাকরণ, তর্কশাস্ত্র ও সীমিত অংকশাস্ত্র। শিক্ষা ছিল ধর্মাশ্রয়ী। মধ্যযুগে জন্মের ভিত্তিতে মানুষকে উঁচু-নীচু, সুবিধা-ভোগী ও বঞ্চিত শ্রেণীতে ভাগ করে রাখা হয়েছিল। এই যুগে ধর্মীয় কুসংস্কার, গির্জা ও পাদরীদের অনাচার ও সামাজিক অত্যাচারের বিরুদ্ধে মানববাদী আন্দোলনের সূচনা হয়। মানববাদীরা গির্জা ও পাদরীদের অনুশাসনের বিরুদ্ধে নানা প্রশ্ন তোলেন, ধর্মশাস্ত্র ও দর্শনশাস্ত্রের চর্চার বিরোধিতা করেন এবং পার্থিব জীবনের সুখ-স্বাচ্ছন্দ্যের উপর সর্বাধিক গুরুত্ব দেন। ইতিহাস, কাব্য, শিল্পকলা, জ্ঞান-বিজ্ঞানের চর্চার উপর গুরুত্ব দিয়ে তাঁরা জ্ঞান-বিজ্ঞানকে সর্বজনীন করে তুলতে যত্নবান হন। মানববাদী পণ্ডিতেরা পাদরীদের দুর্নীতি, বিলাস-ব্যসন ও ধর্মের কলুষতার সমালোচনা করে বহু প্রবন্ধ রচনা করেন। তাঁরা সাহিত্যের মাধ্যমে সত্য ও সুন্দরের অনুসন্ধান করে মানুষের কল্যাণ কি ভাবে করা যায় তার উপর গুরুত্ব দেন।

নবজাগরণ যুগের মূর্ত প্রতীক ছিলেন দাঁতে, পেত্রার্ক, বোক্কাচো, থোমাসমুর প্রভৃতি মণীষীগণ। তাঁরা সমকালীন যুগের ধর্মের, সমাজের ও শিক্ষার তীব্র সমালোচনা করে মানুষের সর্বাঙ্গীণ কল্যাণের কথা প্রচার করেন। মধ্যযুগে শিক্ষা ও সাহিত্যের মাধ্যম ছিল ল্যাটিন ভাষা। কিন্তু



এই ভাষার চর্চা একমাত্র শিক্ষিতদের মধ্যেই সীমিত ছিল। নবজাগরণের যুগে ইওরোপের জনগণের ভাষার চর্চা করা হয় ও সে সব ভাষায় বই লেখার প্রবর্তন হয়। সেই সময় মুদ্রাযন্ত্রের আবিষ্কার হওয়ায় বই ছাপার কাজও সহজ হয়ে উঠে। এক সঙ্গে অনেক বই ছাপা হওয়ার ফলে বইয়ের দাম সস্তা হয় ও তা বহু লোকের হাতে এসে পড়ে। এভাবে বিদ্যাচর্চা ক্রমেই ব্যাপক ও জনপ্রিয় হয়ে উঠে।

চিত্র-শিল্প ও স্থাপত্য শিল্পের ক্ষেত্রেও নবজাগরণের বিকাশ ঘটে। চিত্রশিল্পে এযুগের চারজন খ্যাতনামা শিল্পী অমর হয়ে আছেন—যথা লিওনার্দো-দা-ভিঞ্চি, র‍্যাফায়েল, মাইকেল এঞ্জিলো ও টাইটিয়ান। লিওনার্দো-র 'শেষ ভোজন' (The Last Supper) ও মোনালিসা চিত্রশিল্পের পরাকাষ্ঠা বলা যায়।

সাহিত্য ও শিল্পকলা ছাড়াও এই যুগে নানা বৈজ্ঞানিক আবিষ্কারের ফলে বিজ্ঞানের অভুতপূর্ব প্রসার ঘটে। পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে

বৈজ্ঞানিক আবিষ্কার

প্রকৃতির সব কিছু মূল্যায়ন করার দৃষ্টিভঙ্গী বিজ্ঞানের ক্ষেত্রে আলোড়নের সৃষ্টি করে। মধ্যযুগের অনেক বৈজ্ঞানিকতত্ত্ব ভুল প্রমাণিত হয়। উদাহরণ দিয়ে বলা যেতে পারে যে মধ্যযুগের বিজ্ঞানীরা প্রচার করতেন যে পৃথিবী বিশ্ব-ব্রহ্মাণ্ডের কেন্দ্রবিন্দু এবং সূর্য পৃথিবীর চারদিকে প্রদক্ষিণ করে। কিন্তু নবজাগরণের যুগের বিজ্ঞানীরা প্রমাণ করেন যে পৃথিবী হল বিশ্ব-ব্রহ্মাণ্ডের এক ছোট গ্রহমাত্র এবং এই গ্রহ সূর্যের চারদিকে প্রদক্ষিণ করে। এই তত্ত্বের আবিষ্কার করেন পোল্যাণ্ডের বিজ্ঞানী কপারনিকাস। ইতালীর বিজ্ঞানী গ্যালিলিও তার নূতন দূরবীক্ষণ যন্ত্রের সাহায্যে সূর্য, চন্দ্র, নক্ষত্র ও অন্যান্য গ্রহগুলির স্থিতি ও গতি সম্বন্ধে নূতন তত্ত্বের অবতারণা করেন। অংকের সাহায্যে জার্মানীর বিজ্ঞানী কেপলার প্রমাণ করেন যে সব গ্রহ-উপগ্রহ সূর্যের চারদিকে নিয়ত প্রদক্ষিণ করে এবং সূর্য একই কেন্দ্রবিন্দুতে অবস্থান করে। কেপলারের তত্ত্বের উপর গবেষণা চালিয়ে ইংল্যাণ্ডের বিজ্ঞানী আইজাক নিউটন প্রমাণ করেন যে মাধ্যাকর্ষণ শক্তির দ্বারাই সব গ্রহ-উপগ্রহ চালিত হয়। ভেসালিয়াস নামে এক চিকিৎসা বিজ্ঞানী মানুষের শরীরের অঙ্গপ্রত্যঙ্গ কেটে প্রত্যেকটি অংশের নিখুঁত বিবরণ দেন। হার্ভে নামে অপর এক বিজ্ঞানী জীব-জন্তুর উপর পরীক্ষা-নিরীক্ষা করে মানুষের শরীরের রক্ত সঞ্চালনের বিষয় উদ্ভাবন করেন।

নবজাগরণের যুগে অজানাকে জানার আগ্রহ মানুষের মনে জাগে।



ভৌগোলিক আবিষ্কার


এই যুগেই দিক্-নির্ণয় যন্ত্র, নক্ষত্র-পরিমাপক যন্ত্র, অক্ষরেখা-নির্ণয় যন্ত্র—ইত্যাদি যন্ত্রের আবিষ্কার ভৌগোলিক আবিষ্কারের সহায়ক হয়। বিভিন্ন দেশ ও সমুদ্র-পথ আবিষ্কারের ব্যাপারে পর্তুগীজ ও ইটালীর বণিক ও নাবিকেরা অগ্রণী হন। বার্থলোমিউ দিয়াজ নামে এক পর্তুগীজ নাবিক আফ্রিকা মহাদেশের দক্ষিণ সীমানায় উত্তমাশা অন্তরীপ প্রদক্ষিণ করে ভারতে আসার এক নূতন জলপথের সন্ধান দেন (১৪৮৬ খ্রীঃ)। জেনোয়া-নিবাসী কলম্বাস আমেরিকা মহাদেশের কিছু অংশ আবিষ্কার করেন (১৪৯২ খ্রীঃ)। পরে ফ্লোরেন্স নিবাসী আমেরিগো নামে এক নাবিক আমেরিকা মহাদেশের উপকূল প্রদক্ষিণ করে এই মহাদেশের অনেক বিবরণ প্রচার করেন। আমেরিগোর নামানুসারে এই মহাদেশের নাম হয় আমেরিকা। পর্তুগীজ নাবিক ভাস্কো-ডা-গামা উত্তমাশা অন্তরীপ প্রদক্ষিণ করে ভারতের পশ্চিম উপকূলে আসেন। এ ভাবে ইওরোপ থেকে ভারতে আসার এক নূতন জলপথের সন্ধান মেলে। ফরাসী নাবিক কার্টিয়ার সেণ্ট লরেন্স ও কানাডা আবিষ্কার করেন (১৫৩৬ খ্রীঃ)।

ভৌগোলিক আবিষ্কারের ফলাফল

এই সব দেশ মহাদেশ ও নূতন জলপথের আবিষ্কারের ফলে জগৎ-জোড়া বাণিজ্যের সম্ভাবনা দেখা দেয়। ব্যবসা-বাণিজ্যের দ্রুত প্রসারের ফলে ইওরোপের দেশগুলিতে মধ্যবিত্ত ও বণিকশ্রেণীর সংখ্যা ও প্রতিপত্তি খুব বেড়ে যায়। ফলে ইওরোপের সামন্ত প্রথা প্রায় নিশ্চিহ্ন হয়ে যায়। আবার বাণিজ্যের সূত্র ধরে খ্রীষ্টান ধর্মপ্রচারকেরা নব আবিষ্কৃত দেশগুলিতে ধর্মপ্রচারে বের হন। এশিয়া, আফ্রিকা, আমেরিকার বহু দেশে খ্রীষ্টধর্মের প্রচার শুরু হয়। নূতন নূতন দেশ ও মহাদেশের আবিষ্কারের ফলে ইওরোপের দেশগুলির মধ্যে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়, যা শেষ পর্যন্ত উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদে পরিণত হয়।

জাতীয় রাষ্ট্র গঠনের প্রয়াস

প্রাচীন যুগে বড় বড় সাম্রাজ্য গড়ে উঠেছিল ঠিকই, কিন্তু সে-সব সাম্রাজ্যের জনগণের মধ্যে কোন রকম সামাজিক ও সাংস্কৃতিক ঐক্য ছিল না। মধ্যযুগে অনেক ধরনের রাষ্ট্র ছিল—যথা সাম্রাজ্য, সামন্ত-রাজ্য, নগর-রাষ্ট্র ইত্যাদি। এই যুগে রাষ্ট্রীয় ব্যবস্থা ছিল বিকেন্দ্রিক। সামন্ত প্রথাই ছিল সাধারণ রাষ্ট্রব্যবস্থা যেখানে রাজা ছিলেন নিতান্তই দুর্বল ও



সামন্তরাই ছিল সর্বেসর্বা। মধ্যযুগের শেষের দিকে জাতীয় রাষ্ট্র গঠনের চেষ্টা আরম্ভ হয়। এর কয়েকটি কারণ ছিল। ইওরোপে ধর্মযুদ্ধের ফলে সামন্ত প্রথা তথা সামন্তরা দুর্বল হয়ে পড়লে রাজারা শক্তিশালী হয়ে উঠেন ; তাঁরা রাষ্ট্রের সব ক্ষমতা দখল করার চেষ্টা করেন। শহরগুলিতে মধ্যবিত্ত শ্রেণী, বিশেষ করে বণিক ও ব্যবসায়ীরা নিজেদের স্বার্থে শক্তিশালী জাতীয় রাষ্ট্র গঠনে সাহায্য করে। ভৌগোলিক আবিষ্কারের ফলে ইওরোপীয় দেশগুলির মধ্যে বাণিজ্যিক প্রতিদ্বন্দ্বিতা তীব্র হয়ে উঠলে বণিক ও ব্যবসায়ীরা নিজ নিজ রাজাদের সাহায্য লাভের জন্য উদ্গ্রীব হয়ে উঠে। কারণ একমাত্র রাজাই তাদের সাহায্য করতে পারতেন। এ ছাড়া মধ্যযুগের শেষের দিকে ইওরোপের প্রতিটি দেশে জাতীয় সাহিত্য ও ভাষার চর্চা আরম্ভ হলে 'এক জাতি, এক ভাষা—এক রাষ্ট্র'—এই আদর্শ জনপ্রিয় হয়ে উঠে। ফলে বিভিন্ন ভাষাভাষী দেশে জাতীয় রাষ্ট্র গঠনের চেষ্টা আরম্ভ হয়।

ফ্রান্স ও ইংল্যাণ্ডে সর্বপ্রথম শক্তিশালী রাজতন্ত্রের প্রতিষ্ঠা হয়। এই দুই দেশের রাজারা সামন্তদের ধ্বংস করে রাজতন্ত্রকে সর্বাত্মক করে তোলেন।

ফ্রান্স

ত্রয়োদশ শতকে ফ্রান্সে ফিলিপ অগস্টাস সামন্তদের ক্ষমতা খর্ব করে নিজের ক্ষমতা প্রতিষ্ঠা করেন। সে সময়ে ফ্রান্সের কিছু অঞ্চল ইংল্যাণ্ডের দখলে ছিল। সেই অঞ্চল পুনরুদ্ধারের জন্য ফ্রান্স ইংল্যাণ্ডের সঙ্গে একশ' বছর ধরে যুদ্ধে লিপ্ত থাকে। ইতিহাসে এই যুদ্ধ শতবর্ষব্যাপী যুদ্ধ (১৩৩৭-১৪৫৩ খ্রীঃ) নামে খ্যাত। ফ্রান্সের এই জাতীয় বিপদকালে জোয়ান-অফ-আর্ক (Joan of Arc) নামে এক দরিদ্র কৃষক কন্যা ফরাসী জাতির স্বাধীনতা রক্ষার জন্য দৃঢ়সংকল্প হয়ে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হন ও ফরাসী সেনাদের দেশপ্রেমে অনুপ্রাণিত করে তোলেন। তাঁর প্রেরণায় উদ্বুদ্ধ হয়ে ফরাসী বাহিনী ইংরেজবাহিনীকে পরাস্ত করে ও ফ্রান্সের উত্তরাঞ্চল থেকে ইংরেজদের তাড়িয়ে দেয়। এই ঘটনার পর ফ্রান্স জাতীয় রাষ্ট্রের মর্যাদা লাভ করে।

ইংল্যাণ্ড

একাদশ শতকে নরমাণ্ডীর ডিউক, বিজয়ী উইলিয়াম (William the Conqueror) ইংল্যাণ্ড আক্রমণ করে ইংল্যাণ্ডে এক শক্তিশালী রাজতন্ত্রের প্রতিষ্ঠা করেন ; কিন্তু পরবর্তী দু'শ বছরের মধ্যে সামন্তেরা নিজেদের ক্ষমতা বৃদ্ধি করে রাজতন্ত্রের উপর আধিপত্য বিস্তার করে। চতুর্দশ শতক থেকে সামন্তরা



ক্রমেই দুর্বল হয়ে পড়ে। ব্যবসা-বাণিজ্যের প্রসার, নূতন নূতন শহরের পত্তন ও ধনী মধ্যবিত্ত শ্রেণীর আবির্ভাব প্রভৃতি কারণে সামন্তদের প্রভাব প্রতিপত্তি খর্ব হয়। অন্যদিকে এই সব কারণে রাজার আর্থিক ও সামরিক ক্ষমতাও খুব বেড়ে যায়। গোলাপের যুদ্ধের পর (১৪৫৫-৮৫ খ্রীঃ) ইংল্যাণ্ডের সামন্তরা প্রায় ধ্বংস হয়ে যায়। মধ্যবিত্তদের সমর্থনে টিউডর রাজবংশের প্রতিষ্ঠা হলে ইংল্যাণ্ডে জাতীয় রাষ্ট্রের প্রতিষ্ঠা হয় ও এক নূতন যুগের সূচনা হয়।


স্পেন

অষ্টম শতকে স্পেন মুসলমানদের দখলে চলে যায়। সে সময় থেকে স্পেনের খ্রীষ্টান নায়করা মুসলমানদের বিরুদ্ধে প্রতিরোধ চালিয়ে যেতে থাকে। মহান চার্লস-এর নেতৃত্বে খ্রীষ্টান নায়করা সংঘবদ্ধ হয়ে স্পেনের উত্তরাঞ্চল থেকে মুসলমানদের তাড়িয়ে দেয়। এই অঞ্চলে কাস্টাইল ও আরাগণ নামে দুটি খ্রীষ্টান রাজ্যের প্রতিষ্ঠা হয়। ১৪৬৯ খ্রীষ্টাব্দে আরাগণের রাজপুত্র ফার্ডিনাণ্ডের সংগে কাস্টাইলের রাজকুমারী ইসাবেলার বিয়ে হলে এই দুই রাজ্য সংযুক্ত হয়। এই সংঘবদ্ধ রাজ্যের সম্মিলিত শক্তির কাছে মুসলমানরা পরাজিত হয়ে গ্রানাডা রাজ্য ত্যাগ করে। এর ফলে স্পেনের উপদ্বীপে মুসলমানদের আধিপত্য শেষ হয় ও স্পেন জাতীয় রাষ্ট্রের মর্যাদা লাভ করে।

হল্যাণ্ড

নেদারল্যাণ্ডের উত্তরাঞ্চলকে হল্যাণ্ড বলা হয়। এক সময় এই রাজ্যটি ছিল পবিত্র রোম সাম্রাজ্যের অন্তর্ভুক্ত। এই সাম্রাজ্যের সম্রাটরা ছিলেন ক্যাথলিক ধর্মাবলম্বী। কিন্তু হল্যাণ্ডের লোকেরা ছিল প্রোটেস্টাণ্ট ধর্মাবলম্বী। হল্যাণ্ডে প্রোটেস্টাণ্ট ধর্মের ব্যাপক প্রচলন ঘটলে পবিত্র রোমসাম্রাজ্যের সম্রাট দ্বিতীয় ফিলিপ হল্যাণ্ড-বাসীদের দমন করার চেষ্টা করে ব্যর্থ হন। তারপর ফিলিপ হল্যাণ্ড-বাসীদের উপর নানা অত্যাচার শুরু করলে নেদারল্যাণ্ডে গণ-বিদ্রোহ শুরু হয়। ১৬০৯ খ্রীষ্টাব্দে অরেঞ্জ রাজবংশের রাজপুত্র উইলিয়ামের নেতৃত্বে নেদারল্যাণ্ডের উত্তরাঞ্চল অর্থাৎ হল্যাণ্ড স্বাধীনতা ঘোষণা করে এবং সেখানে এক নূতন প্রজাতন্ত্রের প্রতিষ্ঠা হয়।

ইওরোপের আর এক দেশ পর্তুগালও পঞ্চদশ শতকের শেষের দিকে জাতীয় রাষ্ট্রের মর্যাদা লাভ করে। আগেই বলা হয়েছে যে স্পেনের খ্রীষ্টানরা মুসলমানদের স্পেন থেকে তাড়িয়ে দেয়। সে সময় স্পেনের উপদ্বীপে



তিনটি খ্রীষ্টান রাজ্যের প্রতিষ্ঠা হয়—আরাগণ, কাস্টাইল ও পর্তুগাল।

পর্তুগাল

প্রকৃতপক্ষে প্রথমদিকে পর্তুগাল ছিল কাস্টাইলের এক সামন্তরাজ্য। এই রাজ্যের সামন্ত রাজা প্রথম অ্যাফোন্সো স্পেন উপদ্বীপে বসবাসকারী মুসলমানদের তাড়িয়ে দিয়ে নিজেকে পর্তুগালের রাজা বলে ঘোষণা করেন (১১৪০ খ্রীঃ)। পর্তুগালের পরবর্তী রাজা দ্বিতীয় অ্যাফোন্সোর রাজত্বকালে (১২৪৮-৭৯ খ্রীঃ) পর্তুগালের রাজ্যসীমা আরও বেড়ে যায় ও লিসবন পর্তুগালের রাজধানী হয়। দ্বিতীয় অ্যালফন্সো উত্তরাধিকারী দিনিজ-এর আমলে (১২৭৯-১৩২৫ খ্রীঃ) পর্তুগাল শিক্ষা, সংস্কৃতি ও অর্থনৈতিক দিক থেকে বেশ সমৃদ্ধ হয়ে উঠে। জাতীয় রাষ্ট্র হিসাবে পর্তুগাল ইওরোপের ইতিহাসে বিশেষ স্থান অধিকার করে।

ইওরোপের বিস্তৃতি ঃ জাতীয় রাষ্ট্র হিসাবে গড়ে উঠার সংগে সংগে শুরু হয় ইওরোপীয় দেশগুলির বিস্তৃতি। অল্প সময়ের মধ্যে এশিয়া, আফ্রিকা, আমেরিকা প্রভৃতি মহাদেশে ইওরোপীয় দেশগুলির বণিকেরা ব্যবসা-বাণিজ্য শুরু করে। ক্রমে তারা এই সব মহাদেশে বাণিজ্যের স্বার্থে নিজেদের উপনিবেশ গড়ে তুলতে যত্নবান হয়। এ ব্যাপারে স্পেন ও পর্তুগাল ছিল অগ্রণী। পর্তুগীজরা এশিয়ায় ম্যাকাও, গোয়া, দমন, দিউ ও আমেরিকা মহাদেশে ব্রেজিলে উপনিবেশ গড়ে তোলে। স্পেনীয়রা এশিয়ায় ফিলিপাইন দ্বীপপুঞ্জ, দক্ষিণ আমেরিকার অন্তর্গত গিয়ানা ও মেক্সিকোয় নিজেদের উপনিবেশ গড়ে তোলে। হল্যাণ্ডের অধিবাসী অর্থাৎ ওলন্দাজদের নৌশক্তি ছিল খুবই প্রবল। সে যুগে ব্যবসা-বাণিজ্যেও ইওরোপের দেশগুলির মধ্যে তারা ছিল শ্রেষ্ঠ। দক্ষিণ-পূর্ব এশিয়ায় তারা জাভা সুমাত্রা, বোর্ণিও প্রভৃতি দেশে উপনিবেশ স্থাপন করে। আমেরিকা মহাদেশে ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ, হডসন্ নদীর উপত্যকা, গিয়ানার এক বিস্তৃত অঞ্চল ও ব্রেজিলের কিছু অঞ্চলে তাদের উপনিবেশ গড়ে উঠে। ইংল্যাণ্ডও উপনিবেশ বিস্তারে সক্রিয় হয়। উত্তর আমেরিকার প্লাইমাউথ, বোস্টন, মেরিল্যাণ্ড, ক্যারোলিনা প্রভৃতি অঞ্চলে তাদের উপনিবেশ গড়ে উঠে। পশ্চিমভারতীয় দ্বীপপুঞ্জে সেণ্ট ক্রিস্টোফার, বারমুদা, জামাইকা প্রভৃতি অঞ্চলে ইংরেজদের উপনিবেশ গড়ে উঠে। পরে সুরাট, মাদ্রাজ, বাংলাদেশ প্রভৃতি ভারতের বিভিন্ন অঞ্চলে তাদের বাণিজ্যকুঠি স্থাপিত হয়। ব্যবসা-বাণিজ্যের সংগে সংগে ইংরেজরা




ভারতে তাদের সাম্রাজ্য গড়ে তোলে। উপনিবেশ বিস্তারে ফরাসীরাও পিছিয়ে ছিল না। তারা আমেরিকা মহাদেশে কুইবেকে প্রথম উপনিবেশ গড়ে তোলে। পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জেও ফরাসীদের উপনিবেশ স্থাপিত হয়। তা ছাড়া আফ্রিকার পশ্চিম উপকূলেও তাদের উপনিবেশ গড়ে উঠে।

এভাবে ভৌগোলিক আবিষ্কারের সঙ্গে সঙ্গে বিশ্বের সর্বত্র ইওরোপীয় দেশগুলির বিস্তৃতি শুরু হয়। তাদের ঔপনিবেশিকবাদ শেষে সাম্রাজ্যবাদে পরিণত হয়। বিশ্বের বিভিন্ন অঞ্চলে ইওরোপীয় দেশগুলির ঔপনিবেশিক সাম্রাজ্য গড়ে উঠে—যা মধ্যযুগে ঘটেনি।

পুরাতন ধারার পরিবর্তে নূতন ধারার বিকাশ ঃ চতুর্দশ ও পঞ্চদশ শতকে অর্থাৎ মধ্যযুগের শেষের দিকে ইওরোপের ইতিহাসে এক বিরাট পরিবর্তন আসে। ইওরোপের সামন্ততান্ত্রিক রাষ্ট্রের পরিবর্তে জাতীয় রাষ্ট্রের প্রতিষ্ঠা আরম্ভ হয়। সেই সঙ্গে সামন্ততান্ত্রিক সমাজের পরিবর্তে এক নূতন সমাজ ব্যবস্থার উন্মেষ ঘটে। মানুষ নিজেদের গুরুত্ব বুঝতে পারে ও রাষ্ট্রে ও সমাজে সক্রিয় অংশগ্রহণে তৎপর হয়ে উঠে যা মধ্যযুগের প্রথম দিকে চিন্তাই করা যেত না। শিল্পে, সাহিত্যে ও দুঃসাহসিক সামুদ্রিক অভিযানে মানুষের সবল ও স্বতন্ত্র মনের প্রকাশ পায়। ইওরোপীয় দেশগুলির নানা উপনিবেশ গড়ে উঠায় ব্যবসা-বাণিজ্যের খুব প্রসার হয় যা মধ্যযুগের প্রথম দিকে বা তার আগে কখনও সম্ভব হয়নি। ব্যবসা-বাণিজ্য করে বণিক ও ব্যবসায়ীরা প্রচুর ধনরত্ন সঞ্চয় করে সমাজে প্রতিপত্তি লাভ করে।

সামন্ততান্ত্রিক রাষ্ট্রের পরিবর্তে ইওরোপে যে সব জাতীয় রাষ্ট্রের প্রতিষ্ঠা হয় সেগুলির রাজনৈতিক ক্ষমতা ছিল সর্বাত্মক। রাজারা ছিলেন সর্বাত্মক ক্ষমতার অধিকারী ও স্বেচ্ছাচারী। এই রাজারা ঈশ্বরদত্ত ক্ষমতা বা অধিকার বলে রাজ্য শাসনের অধিকার লাভ করেছেন—এই মতবাদ প্রচার করেন। প্রথম দিকে রাজার সর্বাত্মক ক্ষমতা বা স্বেচ্ছাচারিতা রাষ্ট্রের পক্ষে মঙ্গলজনক ছিল, কারণ রাজার ক্ষমতা সামন্ততান্ত্রিক ব্যবস্থা প্রসূত রাষ্ট্রের অস্থায়িত্বতা দূর করতে সাহায্য করেছিল। সেই সঙ্গে রাষ্ট্রও শক্তিশালী হয়ে উঠেছিল। এইসব কারণেই রাজারা বণিক ও অন্যান্য মানুষের পূর্ণ সমর্থন পেয়েছিলেন।

কিন্তু ক্রমে স্বেচ্ছাচারী রাজারা রাষ্ট্রের জনগণের বিরোধিতার সম্মুখীন হন। জনগণ রাজার ক্ষমতা সীমিত করার ও রাষ্ট্র পরিচালনায় সক্রিয়



অংশ গ্রহণ করার দাবি করতে থাকে। ইংল্যাণ্ডেই সর্বপ্রথম রাজার সঙ্গে জনগণের প্রকাশ্য সংগ্রাম শুরু হয়। ইংল্যাণ্ডের স্টুয়ার্ট বংশের স্বেচ্ছাচারী রাজা প্রথম চার্লস-এর সঙ্গে ইংল্যাণ্ডের পার্লামেণ্ট তথা জনগণের সরাসরি যুদ্ধ হয়। জনগণের কাছে প্রথম চার্লস পরাস্ত হন এবং তাঁর প্রাণদণ্ড হয়। রাজতন্ত্রের পরিবর্তে প্রতিষ্ঠিত হয় প্রজাতন্ত্র। পরে অবশ্য স্টুয়ার্ট রাজাদের ফিরিয়ে আনা হয়। কিন্তু রাজা আবার স্বেচ্ছাচারী হয়ে উঠায় সেই রাজবংশও স্থায়ী হয়নি। রাষ্ট্রে জনগণের দ্বারা নির্বাচিত পার্লামেণ্ট সর্বোচ্চ ক্ষমতার অধিকারী হয়ে উঠে। এভাবে ইংল্যাণ্ডে গণতন্ত্রের জয় হয়।

অনুশীলনী

১। রেনেসাঁস বা নবজাগরণ বলতে কি বোঝায় ?

২। ইওরোপে রেনেসাঁসের সূচনা কিভাবে হয় ? কনস্টাণ্টিনোপলের উপর রেনেসাঁসের প্রভাব কেমন হয়েছিল ?

৩। রেনেসাঁসের বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও।

৪। রেনেসাঁসের যুগে ভৌগোলিক আবিষ্কারের সংক্ষিপ্ত বিবরণ দাও। ভৌগোলিক আবিষ্কারের ফলাফল কি হয়েছিল ?

৫। মধ্যযুগের শেষের দিকে ইওরোপের বিস্তৃতির সংক্ষিপ্ত বিবরণ লেখ।

৬। ইওরোপে পুরাতন ধারার পরিবর্তে নূতন ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

কর্মকারকীয় অনুশীলনী

(মধ্যযুগ)

প্রথম অধ্যায়

(ক) শূন্যস্থান পূর্ণ কর :

১। ৪৭৬ খ্রীষ্টাব্দ থেকে ১৪৫৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত এই সময়কে সাধারণভাবে — যুগ বলা হয়।

২। ভারতে আধুনিক যুগের শুরু হয় — খ্রীষ্টাব্দের পর থেকে।

দ্বিতীয় অধ্যায়

১। জার্মান হানাদারদের কথা জানা যায় সীজারের — ও ট্যাসিটাসের — নামে বিবরণী থেকে।

২। জার্মান উপজাতিরা নানা নামে পরিচিত ছিল ; যথা —।

৩। গথরা দু'টি শাখায় বিভক্ত ছিল ; যথা—।

৪। হূণরা ছিল — বংশোদ্ভূত।

৫। ভিসিগথদের নেতা ছিলেন —।

৬। এটিলা ছিলেন — রাজা।

৭। জার্মান উপজাতিদের রাজনৈতিক সংগঠন তিনভাগে বিভক্ত ছিল ; যথা —।

তৃতীয় অধ্যায়

১। রোম সাম্রাজ্যের অবসান ঘটে — খ্রীষ্টাব্দে।

২। চতুর্থ থেকে সপ্তম শতকের মধ্যবর্তী কালকে — যুগ বলা হয়।

চতুর্থ অধ্যায়

১। রোম সম্রাট — এর সময় থেকে বাইজেণ্টাইন সভ্যতার সূচনা হয়।

২। কনস্টাণ্টাইন — খ্রীষ্টাব্দে রোমের সিংহাসনে আরোহণ করেন।

৩। কনস্টাণ্টাইনের রাজধানী ছিল —।

৪। পূর্ব রোম সাম্রাজ্যের শ্রেষ্ঠ সম্রাট ছিলেন —।

পঞ্চম অধ্যায়

১। যীশুখ্রীষ্টের জন্মের প্রায় ছয়শ' বছর পর আরবে — ধর্মের আবির্ভাব হয়।

২। ইসলাম ধর্মের প্রবর্তক ছিলেন —।

৩। মক্কার প্রধান ধর্ম মন্দিরকে — বলা হয়।

৪। — খ্রীষ্টাব্দে — বংশে মহম্মদের জন্ম হয়।

৫। মহম্মদের পিতা ছিলেন — ও মাতা —।

৬। মহম্মদ — নামে এক পুণ্যবতী মহিলাকে বিবাহ করেন।

৭। ইসলাম শব্দের অর্থ-হল — কাছে পূর্ণ আত্মসমর্পণ।

৮। — খ্রীষ্টাব্দ থেকে মুসলমানদের মধ্যে হিজরী সন শুরু হয়।

৯। মুসলমানদের পবিত্র ধর্মগ্রন্থের নাম —।

১০। ওমরের পরে খলিফা হন —।

১১। — খ্রীষ্টাব্দে আব্বাসীয় বংশের রাজত্ব শুরু হয়।

১২। মুসলিম-স্পেনের রাজধানী ছিল —।
১৩। — ছিলেন বিখ্যাত মুসলিম ঐতিহাসিক।

ষষ্ঠ অধ্যায়

১। ফ্রাঙ্ক রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন —।
২। শার্লামেন ও রোল্যাণ্ডের বীরত্বের কাহিনী — নামে পরিচিত।
৩। খ্রীষ্টানদের ধর্মগুরুকে — বলা হয়; তিনি — বাস করতেন।
৪। শার্লামেনের সাম্রাজ্যকে আখ্যা দেওয়া হয় — সাম্রাজ্য।
৫। শার্লামেনের রাজধানী ছিল — নদীর তীরে — নগরী।
৬। এ্যাণ্টনীকে ইওরোপের — ধর্মের জনক বলা হয়।
৭। সেণ্ট বেনেডিক্ট ছিলেন — মঠের প্রতিষ্ঠাতা।
৮। ইওরোপের সর্বাধিক প্রাচীন বিশ্ববিদ্যালয় ছিল —।
৯। 'ডিভাইন কমেডি' গ্রন্থের রচনা করেন —।
১০। 'ক্যাণ্টারবেরী' গ্রন্থের রচনা করেন —।

সপ্তম অধ্যায়

১। সামন্তরা কয়েকটি শ্রেণীতে বিভক্ত ছিল; যথা —।
২। সকলের নীচের সামন্তকে বলা হত —।
৩। ফরাসী শব্দ — থেকে শিভালরী শব্দের উৎপত্তি।
৪। নাইটরা যে সব কর্তব্য পালন করতে বাধ্য থাকত তাকে বলা হত —।
৫। যে সব চারণ কবিরা বীর ধর্মের জয়গান করে বেড়াত তাদের বলা হত —।

অষ্টম অধ্যায়

১। ইসলামধর্মী ও খ্রীষ্টধর্মীদের মধ্যে সংগ্রামকে — বলা হয়।
২। খ্রীষ্টান ধর্মের প্রতীক — থেকেই 'ক্রুজেড' নামের উৎপত্তি।
৩। ইওরোপে প্রথম ধর্মযুদ্ধ হয় — খ্রীষ্টাব্দে।
৪। বীরত্বের জন্য ইওরোপের লোকেরা রাজা রিচার্ডকে — বলত।

নবম অধ্যায়

১। প্রাচীন রোমে শিল্পীদের সংগঠনকে বলা হত —।
২। মধ্যযুগে শিল্পী-সংঘকে বলা হত —।
৩। জার্মানীর শহরগুলির শিল্পসংঘগুলির মধ্যে শ্রেষ্ঠ ছিল —।

দশম অধ্যায়

১। সুদূর প্রাচ্যের দুটি দেশ হল — ও —।
২। চীনে তাং বংশের প্রতিষ্ঠা হয় — খ্রীষ্টাব্দে।
৩। তাং বংশের শ্রেষ্ঠ সম্রাট ছিলেন —।
৪। তাং আমলে চীনের রাজধানী ছিল —।
৫। চীনের লোকেরা — কে স্বর্গচ্যুত দেবদূত বলত।
৬। চীনে সুং বংশের প্রতিষ্ঠা হয় — খ্রীষ্টাব্দে।
৭। চিংগিজ খাঁ ছিলেন — জাতির নেতা।

৮। কুবলাই খাঁ মোঙ্গল সিংহাসন দখল করেন — খ্রীষ্টাব্দে।
৯। মার্কোপোলো চীনে — র রাজসভায় কিছুদিন ছিলেন।
১০। জাপানের চারটি বড় দ্বীপ হল —।
১১। জাপানের ৬৪৫ খ্রীষ্টাব্দের সংস্কার আন্দোলনকে — বলা হয়।
১২। জাপানের সম্রাটকে বলা হয় —।

একাদশ অধ্যায়

১। ভারতে প্রথম হূণ আক্রমণ হয় — রাজত্বকালে।
২। ভারতে হূণদের প্রথম রাজা ছিলেন —।
৩। ভারতে মিহিরকুলের রাজধানী ছিল —।
৪। হর্ষবর্ধন ছিলেন — রাজ্যের রাজা।
৫। হর্ষবর্ধনের ভগিনীর নাম ছিল —।
৬। হর্ষবর্ধনের রাজত্বকালে চীন পরিব্রাজক — ভারতে আসেন।
৭। বাংলার প্রথম সার্বভৌম সম্রাট ছিলেন —।
৮। শশাঙ্ক — ধর্মাবলম্বী ছিলেন।
৯। শশাঙ্কের রাজধানী ছিল —।
১০। বৌদ্ধ ও শৈব আচার্যদের রচিত দোঁহাগুলিকে বলা হয়—।
১১। বাংলা সাহিত্যের প্রাচীনতম নিদর্শন হল —।
১২। 'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' গ্রন্থের রচয়িতা ছিলেন —।
১৩। 'গীতগোবিন্দের' রচয়িতা ছিলেন —।
১৪। বাংলায় কৌলিন্য প্রথার প্রবর্তক ছিলেন —।
১৫। পল্লবদের প্রথম উল্লেখযোগ্য রাজা ছিলেন —।
১৬। 'কিরাতার্জুনীয়' কাব্যের রচয়িতা — ছিলেন রাজা — সভাকবি।
১৭। রাজা — 'বিচিত্র চিত্ত' নামে খ্যাত।
১৮। পল্লব বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন —।
১৯। — খ্রীষ্টাব্দে চালুক্য বংশের প্রতিষ্ঠা হয়।
২০। চালুক্য বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন —।

দ্বাদশ অধ্যায়

১। — পথ দিয়ে — এশিয়ায় — বৌদ্ধ ধর্মের প্রসার হয়।
২। বৌদ্ধরা দুই সম্প্রদায়ে বিভক্ত ; যথা —।
৩। কণিষ্ক ছিলেন — ধর্মমতের পরম পৃষ্ঠপোষক।
৪। স্যরেলস্টাইন ছিলেন একজন খ্যাতনামা —।
৫। খোটানের উল্লেখযোগ্য বৌদ্ধবিহারকে বলা হয় —।
৬। বৌদ্ধধর্ম চীন থেকে — ও — প্রসার লাভ করে।
৭। চীনের বৌদ্ধ গুহামন্দিরগুলির মধ্যে — বিশেষ উল্লেখযোগ্য।
৮। তিব্বতের রাজা — ছিলেন হর্ষবর্ধনের সমসাময়িক।
৯। ভারতের বৌদ্ধ আচার্যদের মধ্যে সর্বাধিক খ্যাতি সম্পন্ন ছিলেন —।
১০। কম্বোজ রাজ্যের প্রতিষ্ঠা করেন —।

১১। আঙ্কোরথোমের প্রাচীন নাম —।
১২। — রাজ বংশের আমলে — সুপ্রসিদ্ধ — বৌদ্ধ মন্দির তৈরী হয়।
১৩। শৈলেন্দ্র বংশের রাজগুরু ছিলেন —।

ত্রয়োদশ অধ্যায়

১। ভারতে তুর্কীদের অভিযান শুরু হয় — শতকে।
২। ভারতে প্রথম তুর্কী অভিযানের নেতা ছিলেন —।
৩। ভারতে দ্বিতীয় তুর্কী অভিযানের নায়ক ছিলেন —।
৪। মহম্মদ ঘোরী তরাইনের যুদ্ধে — পরাজিত করেন।
৫। ভারতে দাস বংশের প্রতিষ্ঠা করেন —।
৬। ভারতে সুফী-সন্তদের মধ্যে — ও — নাম করা যায়।
৭। শিখ ধর্মের প্রবর্তক ছিলেন —।
৮। শ্রীচৈতন্যের জন্মস্থান —।
৯। শ্রীচৈতন্যের শিষ্যদের মধ্যে অন্যতম ছিলেন যবন —।

চতুর্দশ অধ্যায়

১। রেনেসাঁস কথাটির প্রকৃত অর্থ হল —।
২। — খ্রীষ্টাব্দে তুর্কীদের কাছে কনস্টান্টিনোপলের পতন হয়।
৩। রেনেসাঁসের যুগের চারজন চিত্র শিল্পী অমর হয়ে আছেন ; যথা —।
৪। কলম্বাস আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন — খ্রীষ্টাব্দে।

(খ) শুদ্ধ উত্তরটির নীচে দাগ দাও

১। সাধারণ ভাবে ইতিহাসে মধ্যযুগ বলা হয়—
৩০০ ও ৪৭৬ খ্রীষ্টাব্দের মধ্যবর্তী কালকে—৪৭৬ ও ১৪৫৩ খ্রীষ্টাব্দের মধ্যবর্তী কালকে—১৪৫৩ ও ১৫৫৩ খ্রীষ্টাব্দের মধ্যবর্তী কালকে

২। ইওরোপের ইতিহাসে আধুনিক যুগ বলা হয়—
১৪৫৩ খ্রীষ্টাব্দের পর থেকে—১৭৫৭ খ্রীষ্টাব্দের পর থেকে—১৮৫৭ খ্রীষ্টাব্দের পর থেকে

৩। ইওরোপে মধ্যযুগে সামাজিক শ্রেণী বিন্যাস ঘটে—
রাজতন্ত্রের উপর ভিত্তি করে—অর্থনীতির উপর ভিত্তি করে—সামন্তপ্রথার উপর ভিত্তি করে

৪। জার্মান হানাদারদের কথা জানা যায়—
চসারের 'ক্যান্টারবেরীটেলস' থেকে—সীজারের 'কমেন্টারিস' থেকে—দান্তের ডিভাইন কমেডি' থেকে—ট্যাসিটাসের 'জার্মানিয়া' থেকে—

৫। গথরা দুটি শাখায় বিভক্ত ছিল—
যথা—ভ্যান্ডাল ও ফ্রাঙ্ক—অস্ট্রোগথ ও ভিসিগথ

৬। হূণরা ছিল—
ইওরোপের এক দুর্ধর্ষ জাতি—আফ্রিকার এক দুর্ধর্ষ জাতি—মধ্যএশিয়ার এক দুর্ধর্ষ জাতি

৭। এ্যালারিক ছিলেন—
জার্মানদের রাজা — রোমের রাজা — হূণদের রাজা—ভিসিগথদের রাজা

৮। এটিলা ছিলেন—
অস্ট্রোগথদের রাজা— ভ্যাণ্ডালদের রাজা— হূণদের রাজা

৯। ইওরোপে কাল্পনিক অন্ধকার যুগ বলা হয়—
তৃতীয় ও চতুর্থ শতকের মধ্যবর্তী কালকে—চতুর্থ ও সপ্তম শতকের মধ্যবর্তী কালকে—সপ্তম ও পঞ্চদশ শতকের মধ্যবর্তী কালকে

১০। বাইজেণ্টাইন সভ্যতার সূচনা হয়—
রোম সম্রাট অগস্টাসের সময় থেকে—রোমুলাসের সময় থেকে—কনস্টাণ্টাইনের সময় থেকে

১১। কনস্টাণ্টাইন রোমের সিংহাসনে আরোহণ করেন—
২১৩ খ্রীষ্টাব্দে—৩১৩ খ্রীষ্টাব্দে—৪১৩ খ্রীষ্টাব্দে—৫১৩ খ্রীষ্টাব্দে

১২। পূর্ব রোম সাম্রাজ্যের সর্বশ্রেষ্ঠ সম্রাট ছিলেন—
রোমুলাস—সীজার—জাস্টিনিয়ান—নীরো

১৩। বেলিসেরিয়াস ছিলেন—
সীজারের সেনাপতি—কনস্টাণ্টাইনের সেনাপতি—এটিলার সেনাপতি—জাস্টিনিয়ানের সেনাপতি

১৪। 'সভ্যতার আইন-প্রণেতা' বলা হয়—
কনস্টাণ্টাইনকে—জাস্টিনিয়ানকে—থিওডোরিককে

১৫। ইসলাম ধর্মের প্রবর্তক ছিলেন—
আলি—ওমর—হজরত মহম্মদ

১৬। বেদুইনরা ছিল—
সিন্ধুদেশের যাযাবর জাতি— মঙ্গোলিয়ার যাযাবর জাতি—আরবদেশের যাযাবর জাতি

১৭। হজরত মহম্মদ দেহত্যাগ করেন—
৫৩২ খ্রীষ্টাব্দে—৬৩২ খ্রীষ্টাব্দে—৭৩২ খ্রীষ্টাব্দে

১৮। ইসলাম ধর্মীদের প্রথম খলিফা ছিলেন—
হজরত মহম্মদ—আলি—ওমর—আবুবকর

১৯। ফ্রাঙ্ক রাজাদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন—
থিওডোরিক—শার্লামেন—কনস্টাণ্টাইন

২০। খ্রীষ্টান মঠের নিয়মকানুন প্রথম রচনা করেন—
সেণ্ট বেনেডিক্ট—পোপ-লিও—প্যাসোমিয়াস

২১। ক্লুনি মঠের প্রতিষ্ঠা হয়—
ব্যাভেরিয়া নগরীতে— ব্রাগাণ্ড নগরীতে— রোম নগরীতে—ফ্লোরেন্স নগরীতে

২২। ইওরোপের সর্বাধিক প্রাচীন বিশ্ববিদ্যালয় হল—
বোলোনো—সালার্ণো—প্যারিস—অক্সফোর্ড

২৩। 'মিনেশিঙ্গার' বলা হত—
ফ্রান্সের চারণ কবিদের—ইটালীর চারণ কবিদের—জার্মানীর চারণ কবিদের

২৪। ইওরোপে 'ধর্মকর' আদায় করতেন—
রাজা—সামন্তপ্রভু—গির্জার পাদরী

২৫। ইংল্যাণ্ডে কৃষক বিদ্রোহ হয়—
১২৮১ খ্রীষ্টাব্দে—১৩৮১ খ্রীষ্টাব্দে—১৪৮১ খ্রীষ্টাব্দে

২৬। ইওরোপে ধর্মযুদ্ধ হয়—
ইসলামধর্মী ও ইহুদীদের মধ্যে—ইহুদী ও খ্রীষ্টানদের মধ্যে—ইসলামধর্মী ও খ্রীষ্টানদের মধ্যে

২৭। তৃতীয় ধর্মযুদ্ধ শুরু হয়—
১০৮৯ খ্রীষ্টাব্দে—১১৮৯ খ্রীষ্টাব্দে—১২৮৯ খ্রীষ্টাব্দে—১৩৮৯ খ্রীষ্টাব্দে

২৮। 'ব্ল্যাক-ডেথ' নামে মহামারী হয়—
ফ্রান্সে – ইংল্যাণ্ডে—জার্মানীতে—ইটালীতে

২৯। জার্মানীর শিল্প সংগঠনগুলির মধ্যে শ্রেষ্ঠ ছিল—
'স্কোলা'—'হ্যানসিটিক লীগ'—'আরটিস'—'কলেজিয়া'

৩০। চীনে তাং বংশের প্রতিষ্ঠা হয়—
৫১৮ খ্রীষ্টাব্দে—৬১৮ খ্রীষ্টাব্দে—৭১৮ খ্রীষ্টাব্দে

৩১। তাং-তাই-সুং ছিলেন—
জাপানের রাজা—চীনের রাজা—মধ্যএশিয়ার রাজা

৩২। চীনে সুং বংশের প্রতিষ্ঠা হয়
৮৬০ খ্রীষ্টাব্দে – ৯৬০ খ্রীষ্টাব্দে—১০৬০ খ্রীষ্টাব্দে

৩৩। মার্কোপোলো ছিলেন
চীনের পরিব্রাজক—জাপানী পরিব্রাজক—ভিনিশীয় পরিব্রাজক

৩৪। জাপানের সম্রাটকে বলা হয়
সম্রাট—রাজা—ফারাও—মিকাডো

৩৫। ভারতে হূণদের প্রথম রাজা ছিলেন
মিহিরকুল—তোরামণ—কণিষ্ক—হুবিষ্ক

৩৬। হর্ষবর্ধন ছিলেন
বলভীর রাজা—থানেশ্বরের রাজা—মগধের রাজা

৩৭। হর্ষবর্ধনের সময় ভারতে আসেন
চীন-পরিব্রাজক ফাহিয়েন—চীন-পরিব্রাজক হিউয়েন সাং—চীন-পরিব্রাজক ইৎ-সিং

৩৮। শশাঙ্ক ছিলেন
মগধের রাজা—গৌড়ের রাজা—কনৌজের রাজা—কামরূপের রাজা
৩৯। বিক্রমশীলা বৌদ্ধ বিহার নির্মাণ করেন
ধর্মপাল—দেবপাল—রামপাল—মহীপাল
৪০। 'দানসাগর' গ্রন্থ রচনা করেন
বল্লালসেন—আদিত্য সেন—লক্ষ্মণসেন
৪১। অরেলস্টাইন ছিলেন
প্রত্নতত্ত্ববিদ—নৃতত্ত্ববিদ—ভূতত্ত্ববিদ
৪২। শৈলেন্দ্র রাজবংশের রাজগুরু ছিলেন
অতীশ দীপংকর—কুমার ঘোষ—শান্তি রক্ষিত
৪৩। কম্বোজ হিন্দুরাজ্যের প্রতিষ্ঠা করেন
নরসিংহ—কৌন্ডিন্য—বালাপুত্রদেব—সূর্যবর্মণ
৪৪। তরাইনের যুদ্ধ হয়
মহম্মদ ঘোরী ও জয়চাঁদের মধ্যে—মহম্মদ ঘোরী ও পৃথ্বীরাজের মধ্যে—মহম্মদ ঘোরী ও লক্ষ্মণসেনের মধ্যে

(গ) এক কথায় উত্তর দাও ঃ

১। কত সালে রোম সাম্রাজ্যের পতন হয় ?
২। এ্যালারিক কোন জাতির রাজা ছিলেন ?
৩। 'বিধাতার রোষানল' কাকে বলা হয় ?
৪। ভান্ডালদের রাজার নাম কি ছিল ?
৫। 'প্যাট্রিশিয়ান' কাদের বলা হত ?
৬। 'ফোকমুট' কাদের বলা হত ?
৭। বাইজেন্টাইনের নূতন নাম কি হয় ?
৮। পূর্ব রোম সাম্রাজ্যের শ্রেষ্ঠ সম্রাট কাকে বলা হয় ?
৯। 'জাস্টিনিয়ান আইনবিধি' কে প্রবর্তন করেন ?
১০। মধ্যযুগে ইওরোপের শ্রেষ্ঠ বিদুষী মহিলা গণিতবিদ ও দার্শনিক কে ছিলেন ?
১১। 'সর্বজনীন ইতিহাস' কে রচনা করেন ?
১২। ইসলাম ধর্মের প্রবর্তক কে ছিলেন ?
১৩। বেদুইনরা কোন্ দেশের লোক ?
১৪। কাবা ধর্ম মন্দিরটি কোথায় ?
১৫। ইসলাম ধর্মে 'রসুল' কাকে বলা হয় ?
১৬। ইসলাম ধর্মীদের প্রথম খলিফা কে ছিলেন ?
১৭। কত সালে আব্বাসীয়রা খিলাফৎ দখল করে ?
১৮। মুসলিম-স্পেনের রাজধানীর নাম কি ?
১৯। ইবন বতুতা কত সালে ভারতে আসেন ?
২০। ফ্রাঙ্ক রাজাদের মধ্যে শ্রেষ্ঠ কাকে বলা হয় ?

২১। শার্লামেনকে রোমের সম্রাট বলে কে অভিষিক্ত করেন ?
২২। 'নূতন রোম' কাকে বলা হয় ? এর প্রতিষ্ঠা কে করেন ?
২৩। আয়লা-শ্যাপল গির্জার পরিকল্পনা কে করেন ?
২৪। মণ্টক্যাসিনো মঠটি কোথায় ? এর প্রতিষ্ঠা কে করেন ?
২৫। কোন্ নগরে ক্লুনি মঠের প্রতিষ্ঠা হয় ?
২৬। ওয়ার্মস-এর শান্তিচুক্তি কাদের মধ্যে সম্পাদিত হয় ?
২৭। ইওরোপের সর্বাধিক প্রাচীন বিশ্ববিদ্যালয়ের নাম কি ?
২৮। 'ডিভাইন-কমেডি'র রচয়িতা কে ?
২৯। 'ত্রুবাদুর' কাদের বলা হয় ?
৩০। ইংল্যান্ডের কৃষক বিদ্রোহের নেতা কে ছিলেন ?
৩১। ধর্মযুদ্ধ কাদের মধ্যে হয়েছিল ?
৩২। প্রথম ধর্মযুদ্ধ কত সালে শুরু হয় ?
৩৩। 'বুর্জোয়া' কাদের বলা হত ?
৩৪। কুবলাই খাঁ কে ছিলেন ?
৩৫। মার্কোপোলো কোন্ দেশের লোক ছিলেন ?
৩৬। 'মিকাডো' কাকে বলা হত ?
৩৭। মিহিরকুলের রাজধানী কোথায় ছিল ?
৩৮। কোন্ রাজার কাছে মিহিরকুল পরাজিত ও বন্দী হন ?
৩৯। ভারতের কোন্ রাজার উপাধি ছিল 'শিলাদিত্য' ?
৪০। শশাঙ্ক কোন্ রাজ্যের রাজা ছিলেন ?
৪১। 'চিকিৎসা-সংগ্রহ' গ্রন্থ কে রচনা করেন ?
৪২। গীত-গোবিন্দের রচনা কে করেন ?
৪৩। 'কিরাতাজুর্নীয়' কাব্যের রচনা কে করেন ?
৪৪। ভারতের কোন্ রাজা মালদ্বীপ ও লাক্ষাদ্বীপ জয় করেন ?
৪৫। কম্বোজ রাজ্যের প্রতিষ্ঠা কে করেন ?
৪৬। স্রোং-সান-গাম-পো কোন্ দেশের রাজা ছিলেন ?
৪৭। দীপঙ্কর শ্রীজ্ঞান কে ছিলেন ?
৪৮। আঙ্কোর ভাট বিষ্ণুমন্দিরটি কোথায় তৈরী হয়েছিল এবং এই মন্দির কে নির্মাণ করেন ?
৪৯। ভারতে প্রথম তুর্কী অভিযানের নায়ক কে ছিলেন ?
৫০। বাংলায় কৌলিন্য প্রথার প্রবর্তন কে করেন ?
৫১। শিখ ধর্মের প্রবর্তক কে ছিলেন ?
৫২। রেনেসাঁস-এর অর্থ কি ?
৫৩। কত সালে কনস্টান্টিনোপলের পতন ঘটে ?
৫৪। কপারনিকাস কে ছিলেন ?

মুদ্রক :
শ্রীপ্রাণ কুমার মুখার্জী
এস্, আন্টুল এণ্ড কোং প্রাঃ লিঃ
৯১, আচার্য্য প্রফুল্ল চন্দ্র রোড
কলিকাতা-৭০০০০৯